# ECO : 04

## M : 19-23

# প্রাক্‌কথন

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্নাতক শ্রেণীর জন্য যে পাঠ্যক্রম প্রবর্তিত হয়েছে, তার লক্ষণীয় বৈশিষ্ট্য হ'ল প্রতিটি শিক্ষার্থীকে তাঁর পছন্দমতো কোন বিষয়ে সাম্মানিক (Honours) স্তরে শিক্ষাগ্রহণের সুযোগ করে দেওয়া। এ-ক্ষেত্রে ব্যক্তিগতভাবে তাঁদের গ্রহণক্ষমতা আগে থেকেই অনুমান করে না নিয়ে নিয়ত মূল্যায়নের মধ্য দিয়ে সেটা স্থির করাই যুক্তিযুক্ত। সেই অনুযায়ী একাধিক বিষয়ে সাম্মানিক মানের পাঠ-উপকরণ রচিত হয়েছে ও হচ্ছে— যার মূল কাঠামো স্থিরীকৃত হয়েছে একটি সুচিন্তিত পাঠক্রমের ভিত্তিতে। কেন্দ্র ও রাজ্যের অগ্রগণ্য বিশ্ববিদ্যালয় সমূহের পাঠক্রম অনুসরণ করে তার আদর্শ উপকরণগুলির সমন্বয়ে রচিত হয়েছে এই পাঠক্রম। সেইসঙ্গে যুক্ত হয়েছে অধীতব্য বিষয়ে নতুন তথ্য, মনন ও বিশ্লেষণের সমাবেশ।

দূরসঞ্চারী শিক্ষাদানের স্বীকৃত পদ্ধতি অনুসরণ করেই এইসব পাঠ-উপকরণ লেখার কাজ চলছে। বিভিন্ন বিষয়ের অভিজ্ঞ পণ্ডিতমণ্ডলীর সাহায্য এ কাজে অপরিহার্য এবং যাঁদের নিরলস পরিশ্রমে লেখা, সম্পাদনা তথা বিন্যাসকর্ম সুসম্পন্ন হচ্ছে তাঁরা সকলেই ধন্যবাদের পাত্র। আসলে, এঁরা সকলেই অলক্ষ্যে থেকে দূরসঞ্চারী শিক্ষাদানের কার্যক্রমে অংশ নিচ্ছেন ; যখনই কোন শিক্ষার্থীও এই পাঠ্যবস্তুনিচয়ের সাহায্য নেবেন, তখনই তিনি কার্যত একাধিক শিক্ষকমণ্ডলীর পরোক্ষ অধ্যাপনার তাবৎ সুবিধা পেয়ে যাচ্ছেন।

এইসব পাঠ-উপকরণের চর্চা ও অনুশীলনে যতটা মনোনিবেশ করবেন কোনও শিক্ষার্থী, বিষয়ের গভীরে যাওয়া তাঁর পক্ষে ততই সহজ হবে। বিষয়বস্তু যাতে নিজের চেষ্টায় অধিগত হয়, পাঠ-উপকরণের ভাষা ও উপস্থাপনা তার উপযোগী করার দিকে সর্বস্তরে নজর রাখা হয়েছে। এরপর যেখানে যতটুকু অস্পষ্টতা দেখা দেবে, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পাঠকেন্দ্রে নিযুক্ত শিক্ষা-সহায়কগণের পরামর্শে তার নিরসন অবশ্যই হ'তে পারবে। তার ওপর প্রতি পর্যায়ের শেষে প্রদত্ত অনুশীলনী ও অতিরিক্ত জ্ঞান অর্জনের জন্য গ্রন্থ-নির্দেশ শিক্ষার্থীর গ্রহণ-ক্ষমতা ও চিন্তাশীলতা বৃদ্ধির সহায়ক হবে।

এই অভিনব আয়োজনের বেশকিছু প্রয়াসই এখনও পরীক্ষামূলক—অনেক ক্ষেত্রে একেবারে প্রথম পদক্ষেপ। স্বভাবতই ত্রুটি-বিচ্যুতি কিছু কিছু থাকতে পারে, যা অবশ্যই সংশোধন ও পরিমার্জনার অপেক্ষা রাখে। সাধারণভাবে আশা করা যায়, ব্যাপকতর ব্যবহারের মধ্য দিয়ে পাঠ-উপকরণগুলি সর্বত্র সমাদৃত হবে।

**অধ্যাপক (ড.) শুভ শঙ্কর সরকার**

উপাচার্য

**ষষ্ঠ পুনর্মুদ্রণ : অক্টোবর, 2019**

ভারত সরকারের দূরশিক্ষা পর্ষদের বিধি অনুযায়ী এবং অর্থানুকূল্যে মুদ্রিত।

Printed in accordance with the regulations and financial assistance of the Distance Education Council, Government of India

# পরিচিতি

**বিষয় :ঐচ্ছিক বাণিজ্য** **সাম্মানিক স্তর**

## পাঠক্রম : পর্যায় : ECO : 04 : 19

| রচনা | সম্পাদনা |
|---|---|
| একক 88 ড. সুজিত রায় | অধ্যাপক নিখিল রঞ্জন বর্দ্ধন |
| একক 89 - ঐ - | - ঐ - |
| একক 90 - ঐ - | - ঐ - |

## পাঠক্রম : পর্যায় : ECO : 04 : 20

| রচনা | সম্পাদনা |
|---|---|
| একক 91 ড. সুজিত রায় | ড. দেবাশিষ ব্যানার্জি |
| একক 92 - ঐ - | - ঐ - |
| একক 93 - ঐ - | - ঐ - |

## পাঠক্রম : পর্যায় : ECO : 04 : 21

| রচনা | সম্পাদনা |
|---|---|
| একক 94 ড. সুজিত রায় | ড. দেবাশিষ ব্যানার্জি |
| একক 95 - ঐ - | - ঐ - |
| একক 96 - ঐ - | - ঐ - |
| একক 97 - ঐ - | - ঐ - |

## পাঠক্রম : পর্যায় : ECO : 04 : 22

| রচনা | সম্পাদনা |
|---|---|
| একক 98 ড. সুজিত রায় | ড. দেবাশিষ ব্যানার্জি |
| একক 99 - ঐ - | - ঐ - |
| একক 100 - ঐ - | - ঐ - |

## পাঠক্রম : পর্যায় : ECO : 04 : 23

| রচনা | সম্পাদনা |
|---|---|
| একক 101 অধ্যাপক অশোক কুমার দত্ত | অধ্যাপক ধ্রুবরঞ্জন দণ্ডপট |
| একক 102 - ঐ - | - ঐ - |
| একক 103 - ঐ - | - ঐ - |
| একক 104 - ঐ - | - ঐ - |
| একক 105 - ঐ - | - ঐ - |


### ঘোষণা

এই পাঠ সঙ্কলনের সমুদয় স্বত্ব নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের দ্বারা সংরক্ষিত। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের লিখিত অনুমতি ছাড়া এর কোনও অংশের পুনর্মুদ্রণ বা কোনওভাবে উদ্ধৃতি সম্পূর্ণ নিষিদ্ধ।

**মোহন কুমার চট্টোপাধ্যায়**

নিবন্ধক

# নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

## ECO - 4

বাণিজ্য বিষয়ের

ঐচ্ছিক পাঠ্যক্রম

**পর্যায়**
**19**


**একক 88** ❑ উপশাখী-জের এবং স্বয়ং-জের খতিয়ান 1–25

**একক 89** ❑ শাখা ও বিভাগ-সংক্রান্ত হিসাব 26–84

**একক 90** ❑ সুনাম ও শেয়ারের মূল্যায়ন 85–122


**পর্যায়**
**20**


**একক 91** ❑ দ্বৈত হিসাব পদ্ধতি ও বিদ্যুৎ সরবরাহকার প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ 125–147

**একক 92** ❑ স্বত্বভাড়া সংক্রান্ত হিসাবরক্ষণ 148-170

**একক 93** ❑ ভাড়াক্রয় ও কিস্তিবন্দী পদ্ধতি 171–214

## পর্যায়
## 21


**একক 94** ❑ লগ্নির হিসাব 217-231

**একক 95** ❑ পণ্যাধার সংক্রান্ত হিসাবরক্ষা 232-248

**একক 96** ❑ বিক্রয় বা ফেরতভিত্তিক পণ্যের হিসাবরক্ষণ 249-261

**একক 97** ❑ মজুত পণ্যের ক্ষতির জন্য বীমা দাবি 262-274


## পর্যায়
## 22


**একক 98** ❑ হিসাবরক্ষণ মান 277-292

**একক 99** ❑ সামাজিক হিসাবরক্ষণ 293-300

**একক 100** ❑ কম্পিউটার নিয়ন্ত্রিত পরিবেশে হিসাবরক্ষণ ব্যবস্থা 301-310


## পর্যায়
## 23


**একক 101** ❑ নতুন অংশীদার গ্রহণ এবং অংশীদারদের অবসরগ্রহণ 313-317

**একক 102** ❑ অংশীদারী সংস্থার বিলোপ 318-334

**একক 103** ❑ ক্রম আদায় এবং ক্রম বন্টন 335-344

**একক 104** ❑ অংশীদারী কারবারের একত্রীকরণ 345-350

**একক 105** ❑ অংশীদারী কারবারের কোম্পানিতে রূপান্তরকরণ 351-378

# একক ৮৮ ❑ উপশাখী-জের এবং স্বয়ং-জের খতিয়ান [Sectional-Balancing and Self-Balancing Ledgers]


গঠন

৮৮.০ উদ্দেশ্য

৮৮.১ প্রস্তাবনা

৮৮.২ উপশাখী-জের খতিয়ান

৮৮.৩ স্বয়ং-জের খতিয়ান

৮৮.৪ স্বয়ং-জের খতিয়ানের সুবিধা

৮৮.৫ উপশাখী-জের খতিয়ান ও স্বয়ং-জের খতিয়ানের পার্থক্য

৮৮.৬ অনুশীলনী

৮৮.৭ গ্রন্থপঞ্জী


## ৮৮.০ উদ্দেশ্য

বৃহদায়তন কারবারী প্রতিষ্ঠানে লেনদেনের পরিমাণ বেশি বলে হিসাব নিকাশ কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে খতিয়ানের উপবিভাগ করা হয়। এই পরিচ্ছদে দেনাদার ও পাওনাদার সংক্রান্ত লেনদেনগুলির সাধারণ খতিয়ান এবং বিভক্ত খতিয়ানগুলিতে লিপিবদ্ধ করবার পদ্ধতি আলোচিত হল।

## ৮৮.১ প্রস্তাবনা

ক্ষুদ্র প্রতিষ্ঠানে লেনদেনের সংখ্যা অল্প এবং অধিকাংশ লেনদেন নগদে সংগঠিত হয়ে থাকে। এই ক্ষেত্রে হিসাবরক্ষণ সংক্রান্ত কার্যাবলী অপেক্ষাকৃত সরল। একটি নগদান বই-এর মধ্যে সমস্ত নগদ লেনদেন লিপিবদ্ধ করা হয় এবং অন্যান্য লেনদেন একটি মাত্র খতিয়ানে লিপিবদ্ধ করা হয়। বছরের শেষে নগদান বই এবং খতিয়ানের জের থেকে রেওয়া মিল প্রস্তুত করে সহজেই চূড়ান্ত হিসাব প্রস্তুত করা যায়।

কিন্তু বৃহৎ প্রতিষ্ঠানে লেনদেনের পরিমাণ বৃদ্ধির সঙ্গে সঙ্গে ধারে ক্রয়-বিক্রয়ের পরিমাণও বৃদ্ধি পায়। সেইজন্য খতিয়ানে হিসাব খাতের পরিমাণও বৃদ্ধি পায়। এই ক্ষেত্রে হিসাবরক্ষণ সংক্রান্ত নিম্নলিখিত অসুবিধাগুলির সম্মুখীন হতে হয় ঃ

(১) একটিমাত্র খতিয়ান থাকায় খতিয়ান সংক্রান্ত সমস্ত কাজ একজনকেই সম্পন্ন করতে হয়।

(২) একজনের হাতে খতিয়ানের সমস্ত ভার থাকায় সহজেই কারচুপি করা যায়।

(৩) খতিয়ানে কোথাও কোনও ভুল হলে তা সহজে ধরা যায় না।

(৪) যতক্ষণ পর্যন্ত সমস্ত হিসাবখাতের জের প্রস্তুত করা না হয় ততক্ষণ রেওয়া মিল প্রস্তুত করা যায় না। এর ফলে চূড়ান্ত হিসাব প্রস্তুত করণের কাজ বিলম্বিত হয়।

উপশাখী-জের ও স্বয়ং-জের খতিয়ান একটি বিকল্প ব্যবস্থা যার সাহায্যে উপরিউক্ত অসুবিধাগুলি সহজেই দূর করা যায়। এর মূল উদ্দেশ্য হল প্রধান বা সাধারণ খতিয়ান থেকে পাওনাদার ও দেনাদার সংক্রান্ত হিসাবখাতগুলিকে বিযুক্ত করে সাধারণ খতিয়ানের ভার লাঘব করা।

## ৮৮.২ উপশাখী-জের খতিয়ান

সাধারণ খতিয়ানে যে সমস্ত হিসাব লিপিবন্ধ করা হয় সেই হিসাবখাতগুলিকে মূলত দুই ভাগে বিভক্ত করা যায়—**ব্যক্তিক হিসাব** (Personal Accounts) ও **অব্যক্তিক হিসাব** (Impersonal Accounts)। আবার ব্যক্তিক হিসাবগুলিকেও দুই ভাগে ভাগ করা যায়—**দেনাদারদের হিসাব** (Debtors' Accounts) ও **পাওনাদারদের হিসাব** (Creditors' Accounts)। যেহেতু বৃহদায়তন প্রতিষ্ঠানে লেনদেনের পরিমাণ বেশি সেই কারণে দেনাদার ও পাওনাদারদের হিসাবের পরিমাণও বেশি হয়ে থাকে। উপশাখী-জের খতিয়ান পদ্ধতিতে সেই কারণে সমস্ত দেনাদার ও পাওনাদারদের হিসাবগুলিকে সাধারণ খতিয়ান থেকে আলাদা করা হয়। সেইক্ষেত্রে সাধারণ খতিয়ানে প্রত্যেক দেনাদার ও পাওনাদারদের হিসাব থাকে না। এর পরিবর্তে সাধারণ খতিয়ানে যথাক্রমে সমস্ত দেনাদার ও সমস্ত পাওনাদারদের মোট বা সমষ্টিগত হিসাব (Total Debtors Account ও Total Creditors Account) রাখা হয়। দেনাদারদের ও পাওনাদারদের প্রত্যেকের পৃথক হিসাব (Individual Debtors ও Individual Creditors) যথাক্রমে দেনাদারদের খতিয়ান (Debtors Ledger) ও পাওনাদারদের খতিয়ানে (Creditors Ledger) লিপিবন্ধ করা হয়।

উপশাখী-জের খতিয়ান পদ্ধতিতে তাই নিম্নলিখিত তিনটি খতিয়ান রাখার প্রয়োজন হয়—

**(১) সাধারণ খতিয়ান** (General Ledger) ঃ এই খতিয়ানে সমস্ত অব্যক্তিক হিসাবের জেরের সঙ্গে মোট দেনাদার (Total Debtors) ও মোট পাওনাদারদের (Total Creditors) হিসাবের জের পাওয়া যায়। এই খতিয়ানটি Nominal Ledger নামেও অভিহিত হয়।

**(২) দেনাদারদের খতিয়ান** (Debtors' Ledger) ঃ এই খতিয়ানে প্রত্যেক দেনাদারদের হিসাবের জের আলাদা ভাবে পাওয়া যায়। এই খতিয়ানটি Sales Ledger অথবা Customers' Ledger নামেও অভিহিত হয়।

**(৩) পাওনাদারদের খতিয়ান** (Creditors' Ledger) ঃ এই খতিয়ানে প্রত্যেক পাওনাদারদের হিসাবের জের আলাদাভাবে পাওয়া যায়। এই খতিয়ানটি Purchase Ledger, Bought Ledger, Suppliers' Ledger প্রভৃতি নামেও অভিহিত হয়।

কার্যত দেনাদারদের খতিয়ান ও পাওনাদারদের খতিয়ান সাধারণ খতিয়ানেরই উপবিভাগ। সেই কারণে, যদি অন্য কোনো ভুল হয়ে থাকে, দেনাদারদের খতিয়ানে প্রত্যেক দেনাদারের হিসাবের জেরের যোগফল সাধারণ খতিয়ানের মোট দেনাদারদের হিসাবের জেরের সমান হবে। অনুরূপভাবে, পাওনাদারদের খতিয়ানে প্রত্যেক পাওনাদারের হিসাবের জেরের যোগফল সাধারণ খতিয়ানের মোট পাওনাদারের হিসাবের জেরের সমান হবে। অন্যথা হলে বুঝতে হবে যে এই তিনটি খতিয়ানের মধ্যে কোথাও কোনো ভুল আছে। তখন পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধানের দ্বারা ভুলগুলি বের করতে হবে।

**উদাহরণ ১ : A. Ltd.**-এর জানুয়ারি ১৯৯৯ তারিখে সংগঠিত লেনদেনগুলি দেওয়া হল **:**

| **Date** | **Parties** | **Balance on January 1** | **Credit sales** | **Credit purchases** | **Cash received** | **Cash paid** | **Discout allowed** | **Discount received** |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | Rs. | Rs. | Rs. | Rs. | Rs. | Rs. | Rs. |
| Jan 1999 | A | 1,000 (Dr.) | 10,000 | — | 7,000 | — | 100 | — |
| | B | 1,500 ((Dr.) | 12,000 | — | 10,000 | | 500 | — |
| | C | 500 (Cr.) | — | 8,000 | — | 6,500 | — | 300 |
| | D | 600 (Cr.) | — | 9,000 | — | 7,500 | — | 100 |
| | E | 2,000 (Dr.) | 16,000 | — | 13,000 | — | 600 | — |
| | F | 1,000 (Dr.) | 10,000 | — | 8,000 | — | 300 | — |
| | Total | | 48,000 | 17,000 | 38,000 | 14,000 | 1,500 | 400 |

উপরিউক্ত লেনদেনগুলি উপশাখী-জের খতিয়ান পদ্ধতিতে লিপিবদ্ধ কর।

**সমাধান :** **In the Books of A Ltd.**

**In the General Ledger**

**Total Debtors A/c**

Dr. Cr.

| **Date** | **Particulars** | **J.F.** | **Amount** | **Date** | **Particulars** | **J.F.** | **Amount** |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 Jan.1 | To Balance b/d | | 5,500 | 1999 Jan | | | |
| | | | | | By Cash a/c | | 38,000 |
| | To Sales a/c | | 48,000 | | By Discount a/c | | 1,500 |
| | | | | Jan. 31 | By Balance c/d | | 14,000 |
| | | | 53,500 | | | | 53,000 |
| 1999 Feb. 1 | To Balance b/d | | 14,000 | | | | |

**Total Creditors A/c**

Dr. Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| 1999 | | | | 1999 | | | |
| Jan. | To Cash a/c | | 14,000 | Jan 1 | By Balance b/d | | 1,100 |
| | To Discount a/c | | 400 | Jan. | By Purchases a/c | | 17,000 |
| Jan.31 | To Balance c/d | | 3,700 | | | | |
| | | | 18,100 | | | | 18,100 |
| | | | | 1999 Feb. 1 | By Balance b/d | | 3,700 |

**In the Debtors Ledger**

Dr **A A/c** Cr

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| 1999 | | | | 1999 | | | |
| Jan. | To Balance b/d | | 1,000 | Jan. | By Cash a/c | | 7,000 |
| Jan. | To Sales a/c | | 10,000 | Jan. | By Discount a/c | | 100 |
| | | | | Jan. 31 | By Balance c/d | | 3,900 |
| | | | 11,000 | | | | 11,000 |
| 1999 | | | | | | | |
| Feb. 1 | To Balance b/d | | 3,900 | | | | |

Dr **B A/c** Cr

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| 1999 | | | | 1999 | | | |
| Jan.1 | To Balance b/d | | 1,500 | Jan. | By Cash a/c | | 10,000 |
| Jan. | To Sales a/c | | 12,000 | Jan. | By Discount a/c | | 500 |
| | | | | Jan. 31 | By Balance c/d | | 3000 |
| | | | 13,500 | | | | 13,500 |
| 1999 | | | | | | | |
| Feb. 1. | To Balance b/d | | 3,000 | | | | |

Dr **E A/c** Cr

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| 1999 | | | | 1999 | | | |
| Jan. 1 | To Balance bd/ | | 2,000 | Jan. | By Cash a/c | | 13,000 |
| Jan. | To Sales a/c | | 16,000 | Jan. | By Discount a/c | | 600 |
| | | | | Jan. 31 | By Balance c/d | | 4,400 |
| | | | 18,000 | | | | 18,000 |
| 1999 | | | | | | | |
| Feb.1 | To Balance b/d | | 4,400 | | | | |

Dr **F A/c** Cr

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| 1999 | | | | 1999 | | | |
| Jan.1 | To Balance b/d | | 1,000 | Jan. | By Cash a/c | | 8,000 |
| Jan. | To Sales a/c | | 10,000 | Jan. | By Discount a/c | | 300 |
| | | | | Jan. 31 | By Balance c/d | | 2,700 |
| | | | 11,000 | | | | 11,000 |
| 1999 | | | | | | | |
| Feb. 1 | To Balance b/d | | 2,700 | | | | |

**In the Creditors Ledger**

Dr **C A/c** Cr

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| 1999 | | | | 1999 | | | |
| Jan. | To Cash a/c | | 6,500 | Jan. 1 | By Balancd b/d | | 500 |
| Jan. | To Discount a/c | | 300 | Jan. | By Purchases | | 8,000 |
| Jan. 31 | To Balance c/d | | 1,700 | | | | |
| | | | 8,500 | | | | 8,500 |
| | | | | 1999 | | | |
| | | | | Feb. 1 | By Balance b/d | | 1,700 |

Dr **D A/c** Cr

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| 1999 | | | | 1999 | | | |
| Jan.1 | To Cash a/c | | 7,500 | Jan. 1 | By Balance b/d | | 600 |
| Jan | To Discount a/c | | 100 | Jan. | By Purchases | | 9,000 |
| Jan. 31 | To Balance c/d | | 2,000 | | | | |
| | | | 9,600 | | | | 9,600 |
| | | | | 1999 | | | |
| | | | | Feb. 1 | By Balance b/d | | 2,000 |

দেনাদারদের খতিয়ান ও পাওনাদারদের খতিয়ানের জেরগুলির শুদ্ধতা যাচাই করার জন্য এমন সাধারণ খতিয়ানের মোট দেনাদার ও মোট পাওনাদারদের হিসাবের জের নিম্নলিখিতভাবে মিলকরণ করে দেখাতে হবে।

(১)

| | **Balance as per General Ledger** | **Balance as per Debtorss' Ledger** |
|---|---|---|
| | **Rs,.** | **Rs.** |
| Total Debtors A/c | 14,000 (Dr.) | |
| A A/c | — | 3,900 (Dr) |
| B A/c | — | 3,000 |
| E A/c | — | 4,400 |
| F A/c | — | 2,700 |
| Total | 14,000 | 14,000 |

(২)

| | **Balance as per General Ledger** | **Balance as per Debtors's Ledger** |
|---|---|---|
| | **Rs,.** | **Rs.** |
| Total Creditors A/c | 3,700 (Cr.) | |
| C A/c | — | 1,700 (Cr.) |
| D A/c | — | 2,000 (Cr.) |
| Total | 3,700 | 3,700 |

**উদাহরণ ২ ঃ** নিম্নলিখিত বিবরণগুলি থেকে কোনো প্রতিষ্ঠানের মোট দেনাদারদের হিসাব সাধারণ খতিয়ানে যে ভাবে রাখতে হবে তা প্রস্তুত কর :

| | | Rs. |
|---|---|---|
| Total of the Debtors as at 1st January, 1999 | | 12,654 |
| ,, | Credit sales during the year | 56,512 |
| ,, | of the Returns Inwards Day Book | 619 |
| ,, | of cash received during the year | 38,216 |
| ,, | amount of B/R received during the year | 12,927 |
| ,, | amount of discount allowed during the year | 822 |
| ,, | amount of bad debts written off during the year | 1,118 |
| ,, | amount of B/R dishonoured during the year | 200 |
| ,, | of the set-offs in the Creditors Ledger | 654 |

**সমাধান :**

**In the General Ledger**

**Total Debtors A/c**

Dr **D A/c** Cr

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | | | | 1999 | | | |
| Jan. 1 | To Balance b/d | | 12,654 | | By Returns inwards a/c | | 619 |
| | To Sales a/c | | 56,512 | | By Cash a/c | | 38,216 |
| | To B/R (Dishonour) | | 200 | | By B/R a/c | | 12,927 |
| | | | | | By Discount a/c | | 822 |
| | | | | | By Bad debts a/c | | 1,118 |
| | | | | | By Transfer to crreditors Ledger | | 654 |
| | | | | Dec. 31 | By Balance c/d | | 15,010 |
| | | | 69,366 | | | | 69,366 |
| 2000 | | | | | | | |
| Jan. 1 | To Balance b/d | | 15,010 | | | | |

## ৮৮.৩ স্বয়ং-জের খতিয়ান

লক্ষ করবার বিষয় এই যে উপশাখী-জের খতিয়ান পদ্ধতিতে দেনাদার ও পাওনাদারদের হিসাবগুলি সাধারণ খতিয়ান থেকে আলাদা করে তা দেনাদারদের খতিয়ান ও পাওনাদারদের খতিয়ানে লিপিবদ্ধ করা হয়। এই খতিয়ানগুলিতে শুধুমাত্র যথাক্রমে দেনাদারদের হিসাব ও পাওনাদারদের হিসাব লিপিবদ্ধ করার ফলে তকরারি দাখিলা (Double Entry) সম্পূর্ণ হয় না। সেই জন্য সাধারণ খতিয়ানের সাহায্য ছাড়া দেনাদারদের খতিয়ান ও পাওনাদারদের খতিয়ানের জেরের শুদ্ধতা আলাদা ভাবে যাচাই করা সম্ভব হয় না। স্বয়ং জের খতিয়ান হইল এমন একটি পদ্ধতি যা সাধারণ খতিয়ানের সাহায্য ছাড়াই দোনাদারদের খতিয়ান ও পাওনাদারদের খতিয়ানের রেওয়া মিল প্রস্তুত করে জেরগুলির শুদ্ধতা যাচাই করতে পারে।

**পদ্ধতি** ঃ উপশাখী-জের খতিয়ানের মত এই পদ্ধতিতেও তিনটি খতিয়ান প্রয়োজন হয় ঃ

**(১) সাধারণ খতিয়ান (General Ledger)** ঃ এই খতিয়ানে মোট দেনাদার ও মোট পাওনাদারদের হিসাবের পরিবর্তে দেনাদারদের খতিয়ানের মিলকরণ হিসাব (Debtors Ledger Adjustment Account) ও পাওনাদারদের খতিয়ানের মিলকরণ হিসাব (Creditors Ledger Adjustment Account) প্রস্তুত করতে হবে। এই হিসাবগুলিতে দাখিলা পদ্ধতি মোট দেনাদার ও মোট পাওনাদারদের হিসাবে দাখিলার অনুরূপ।

**(২) দেনাদারদের খতিয়ান** ঃ এই খতিয়ানে দেনাদারদের হিসাব ছাড়াও একটি সাধারণ খতিয়ান মিলকরণ হিসাব (General Ledger Adjustment Account) রাখতে হবে। এই হিসাবটিতে দাখিলা পদ্ধতি সাধারণ খতিয়ানে মোট দেনাদারদের হিসাবে দাখিলার বিপরীত।

**(৩) পাওনাদারদের খতিয়ান** ঃ উপরি উল্লিখিত পদ্ধতির মত এই খতিয়ানে পাওনাদারদের হিসাব ছাড়াও একটি সাধারণ খতিয়ান মিলকরণ হিসাব (General Ledger Adjustment Account) রাখতে হবে। এই হিসাবে দাখিলা পদ্ধতি সাধারণ খতিয়ানে মোট পাওনাদারদের হিসাবে দাখিলা পদ্ধতির বিপরীত।

- **দেনাদারদের খতিয়ানকে স্বয়ং-জের খতিয়ানে পরিণত করার জন্য জাবেদা দাখিলা (Journal Entries for Self-balancing the Debtors Ledger) ঃ**

(ক) মোট প্রারম্ভিক জেরের জন্য : Debtors Ledger Adjustment A/c Dr.
(in General Ledger)
To General Ledger Adjustment A/c
(in Debtors Ledger)

(খ) মোট ধারের বিক্রয়ের জন্য : Debtors Ledger Adjustment A/c Dr.
(in General Ledger)
To General Ledger Adjustment A/c
(in Debtors Ledger)

(গ) দেনাদারদের কাছ থেকে প্রাপ্ত : General Ledger Adjustment A/c Dr.

মোট অর্থের জন্য (in Debtors Ledger)

To Debtors Ledger Adjustment A/c

(in General Ledger)

(ঘ) প্রাপ্ত হুন্ডির জন্য : General Ledger Adjustment A/c Dr.

(in Debtors Ledger)

To Debtors Ledger Adjustment A/c

(in General Ledger)

(ঙ) প্রত্যাখ্যাত হুন্ডির জন্য : Debtors Ledger Adjustment A/c Dr.

(in General Ledger)

To General Ledger Adjustment A/c

(in Debtors Ledger)

(চ) মোট বিক্রয় ফেরতের জন্য : General Ledger Adjustment A/c Dr.

(in Debtors Ledger)

To Debtors Ledger Adjustment A/c

(in General Ledger)

(ছ) কু-ঋণের জন্য : General Ledger Adjustment A/c Dr.

(in Debtors Ledger)

To Debtors Ledger Adjustment A/c

(in General Ledger)

(জ) প্রদত্ত ছাড় ও বাট্টার জন্য : General Ledger Adjustment A/c Dr.

(in Debtors Ledger)

To Debtors Ledger Adjustment A/c

(in General Ledger)

**উদাহরণ ৩ :** স্বয়ং-জের খতিয়ান পদ্ধতিতে নিম্নলিখিত লেনদেনগুলির জাবেদা দাখিলা দেখাও :

| | Rs. |
|---|---|
| Total Credit sales during the year | 26,000 |
| Bills Receivables collected during the year | 6,000 |
| Cash received during the year | 11,000 |
| Bad debts during the year | 2,000 |
| Discount and Allowances during the year | 1,000 |

সমাধান ঃ

**Journal** Dr. Cr.

| Date | Particulars | L.F | Amount | Amount |
|---|---|---|---|---|
| | Debtors Ledger Adjustment Ac/ Dr. (in General Ledger) | | 26,000 | |
| | To General Ledger Adjustment A/c (in Debtors Ledger) | | | 26,000 |
| | [Being credit Sales for the year] | | | |
| | .................................................. | | | |
| | General Ledger Adjustment A/c. Dr. (in Debtors Ledger) | | 6,000 | |
| | To Debtors Ledger Adjustment A/c (in General Ledger) | | | 6,000 |
| | [Being B/R collected during the year] | | | |
| | .................................................. | | | |
| | General Ledger Adjustment A/c. Dr. (in Debtors Ledger) | | 11,000 | |
| | To Debtors Ledger Adjustment A/c (in General Ledger) | | | 11,000 |
| | [Being cash received during the year] | | | |
| | .................................................. | | | |
| | General Ledger Adjustment A/c. Dr. (in Debtors Ledger) | | 2,000 | |
| | To Debtors Ledger Adjustment A/c (in General Ledger) | | | 2,000 |
| | [Being bad debts written off] | | | |
| | .................................................. | | | |
| | General Ledger Adjustment A/c. Dr. (in Debtors Ledger) | | 1,000 | |
| | To Debtors Ledger Adjustment A/c (in General Ledger) | | | 1,000 |
| | [Being discounts allowances during the year] | | | |

● **পাওনাদারদের খতিয়ানকে স্বয়ং-জের খতিয়ানে পরিণত করার জাবেদা দাখিলা (Journal Entries for Self-balancing the Debtors Ledger) ঃ**

(ক) প্রারম্ভিক জেরের জন্য : General Ledger Adjustment A/c Dr.
(in Creditors Ledger)
To Creditors Ledger Adjustment A/c
(in General Ledger)

(খ) মোট ধারে ক্রয়ের জন্য : General Ledger Adjustment A/c Dr.
(in Creditors Ledger)
To Creditors Ledger Adjustment A/c
(in General Ledger)

(গ) মোট প্রদত্ত নগদ অর্থের জন্য : Creditors Ledger Adjustment A/c Dr.
(in General Ledger)
To General Ledger Adjustment A/c
(in Creditors Ledger)

(ঘ) মোট ক্রয়-ফেরতের জন্য : Creditors Ledger Adjustment A/c Dr.
(in General Ledger)
To General Ledger Adjustment A/c
(in Creditors Ledger)

(ঙ) মোট স্বীকৃত হুণ্ডির (Bills payable) জন্য : Creditors Ledger Adjustment A/c Dr.
(in General Ledger)
To General Ledger Adjustment A/c
(in Creditors Ledger)

(চ) প্রত্যাখ্যাত হুণ্ডির জন্য (Dishonour of bills payable) : General Ledger Adjustment A/c Dr.
(in Creditors Ledger)
To Creditors Ledger Adjustment A/c
(in General Ledger)

(ছ) প্রাপ্ত বাট্টা ও ছাড়ের জন্য : Creditors Ledger Adjustment A/c Dr.
(in General Ledger)
To General Ledger Adjustment A/c
(in Creditors Ledger)

**উদাহরণ ৮ ঃ** Bangur Ltd. এর নিম্নলিখিত লেনদেনগুলির জন্য স্বয়ং-জের খতিয়ান পদ্ধতিতে জাবেদা দাখিলা দেখাও ঃ

| | Rs. |
|---|---|
| Balance of Sundry creitors as on 1st January 1999 | 10,000 |
| Transactions for the month of Jaunary 1999 : | |
| Total credit purchases | 25,000 |
| Return outwards | 2,000 |
| Cash paid | 16,000 |
| Bills accepted | 6,000 |
| Discounts and Aowances | 4,000 |

**সমাধান ঃ**

**Journal** Dr. Cr.

| **Date** | **Particulars** | **L.F** | **Amount Rs.** | **Amount Rs.** |
|---|---|---|---|---|
| 1999 | | | | |
| Jan.1 | General Ledger Adjustment A/c Dr. | | 10,000 | |
| | (in Creditors Ledger) | | | |
| | To Creditors Ledger Adjustment A/c | | | 10,000 |
| | (in General Ledger) | | | |
| | [Being opening entry for Creditors balances] | | | |
| ,, 31 | General Ledger Adjustment A/c Dr. | | 25,000 | |
| | (in C. L) | | | |
| | To Creditors Ledger Adjustment A/c | | | 25,000 |
| | (in G. L.) | | | |
| | [Being total credit purchases for the month] | | | |
| ,, 31 | Creditors Ledger Adjustment A/c Dr. | | 2,000 | |
| | (in G. L.) | | | |
| | To General Ledger Adjustment A/c | | | 2,000 |
| | (in C. L.) | | | |
| | [Being the Return out-wards for the month] | | | |

| Date | Particulars | L.F | Amount | Amount |
|---|---|---|---|---|
| | | | Rs. | Rs. |
| Jan.31 | Creditors Ledger Adjustment A/c Dr. (in G. L.) | | 16,000 | |
| | To General Ledger Adjustment A/c (in C. L) | | | 16,000 |
| | [ Being total cash payment to the creditors for the month] | | | |
| ,, 31 | Creditors Ledger Adjustment A/c Dr. (in G. L.) | | 6,000 | |
| | To General Ledger Adjustment A/c (in C. L.) | | | 6,000 |
| | [Being total bills accepted for the month] | | | |
| Jan 31 | Creditors Ledger Adjustment A/c Dr. (in G. L.) | | 4,000 | |
| | To General Ledger Adjustment A/c (in C. L.) | | | 4,000 |
| | [Being total cash discounts and Allowances for the month] | | | |

**উদাহরণ ৫ :** বিষয় বস্তুর জন্য ১নং উদাহরণ দেখ।

**সমাধান :**

**In the General Ledger**

**Debtors Ledger Adjustments A/c**

Dr. Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | | | | 1999 | | | |
| Jan. 1 | To Balance b/d | | 5,500 | Jan. | By General Ledger Adjustment A/c : | | |
| Jan. | To General Ledger Adjustment A/c : | | | | Cash | | 38,000 |
| | | | | Jan. | Discount | | 1,500 |
| | Sales | | 48,000 | 31 | By Balance c/d | | 14,000 |
| | | | 53,500 | | | | 53,500 |
| Feb. 1 | To Balance b/d | | 14,000 | | | | |

Dr. **Creditors Ledger Adjustments A/c** Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | | | | 1999 | | | |
| Jan. | To General Ledger | | | Jan.1 | By Balance b/d | | 1,100 |
| | Adjustment A/c | | | | | | |
| | Cash | | 14,000 | | By General Ledger | | |
| | Discount | | 400 | | Adjustment A/c | | |
| Jan.31 | To Balance c/d | | 3,700 | | Purchases | | 17,000 |
| | | | 18,100 | | | | 18,100 |
| | | | | Feb.1 | By Balance b/d | | 3,700 |

**In the Debtors Ledger**

Dr. **A A/c** Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | | | | 1999 | | | |
| Jan.1 | To Balance b/d | | 1,000 | Jan.1 | By Cash a/c | | 7,000 |
| | ,, Sales a/c | | 10,000 | | ,, Discount | | 100 |
| | | | | | ,, Balance c/d | | 3,900 |
| | | | 11,000 | | | | 11,000 |
| Feb.1 | To Balance b/d | | 3,900 | | | | |

Dr. **B A/c** Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | | | | 1999 | | | |
| Jan.1 | To Balance b/d | | 1,500 | Jan.1 | By Cash a/c | | 10,000 |
| | To Sales | | 12,000 | | By Discount a/c | | 500 |
| | | | | Jan.31 | By Balance c/d | | 3,000 |
| | | | 13,500 | | | | 13,500 |
| Feb.1 | To Balance b/d | | 3,000 | | | | |

Dr. **E A/c** Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| 1999 | | | | 1999 | | | |
| Jan.1 | To Balance b/d | | 2,000 | Jan.1 | By Cash a/c | | 13,000 |
| | To Sales | | 16,000 | | By Discount | | 600 |
| | | | | Jan.31 | By Balance c/d | | 4,400 |
| | | | 18,000 | | | | 18,000 |
| Feb.1 | To Balance b/d | | 4,400 | | | | |

Dr. **F A/c** Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| 1999 | | | | 1999 | | | |
| Jan. | To Balance b/d | | 1,000 | Jan.1 | By Cash a/c | | 8,000 |
| | To Sales | | 10,000 | | By Discount | | 300 |
| | | | | Jan.31 | By Balance c/d | | 2,700 |
| | | | 11,000 | | | | 11,000 |
| Feb.1 | To Balance b/d | | 2,700 | | | | |

Dr. **General Ledger Adjustment A/c** Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| 1999 | | | | 1999 | | | |
| Jan. | To Debtors Ledger | | | Jan.1 | By Balance b/d | | 5,500 |
| | Adjustment a/c : | | | Jan | By Debtors Ledger : | | |
| | Cash | | 38,000 | | Adjustment a/c : | | 48,000 |
| | Discount | | 1,500 | | | | |
| Feb.1 | To Balance c/d | | 14,000 | | | | |
| | | | 53.500 | | | | 53.500 |
| | | | | Feb.1 | By Balance b/d | | 14,000 |

**Trial Balance (in Debtors Ledger)**

| Particulars | L.F. | Dr. Amount | Cr. Amount |
|---|---|---|---|
| | | Rs. | Rs. |
| A A/c | | 3,900 | |
| B A/c | | 3,000 | |
| E. A/c | | 4,400 | |
| F A/c | | 2,700 | |
| General Ledger Adjustment A/c | | | 14,000 |
| | | 14,000 | 14,000 |

**In the Creditors Ledger**

Dr. **C A/c** Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | | | | 1999 | | | |
| Jan. | To Cash a/c | | 6,500 | Jan.1 | By Balance b/d | | 500 |
| Jan. | To Discount a/c | | 300 | Jan. | By Purchases a/c | | 8,000 |
| Feb. 1 | To Balance c/d | | 1,700 | | | | |
| | | | 8,500 | | | | 8,500 |
| | | | | Feb.1 | By Balance b/d | | 1,700 |

Dr. **D A/c** Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | | | | 1999 | | | |
| Jan. | To Cash a/c | | 7,500 | Jan.1 | By Balance b/d | | 600 |
| Jan. | To Discount a/c | | 100 | Jan. | By Purchases a/c | | 9,000 |
| Jan.31 | To Balance c/d | | 2,000 | | | | |
| | | | 9,600 | | | | 9,600 |
| | | | | Feb.1 | By Balance b/d | | 2,000 |

**General Ledger Adjustment A/c**

Dr. **C A/c** Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| 1999 | | | | 1999 | | | |
| Jan.1 | To Balance b/d | | 1,100 | | | | |
| Jan. | To Creditors Ledger | | | Jan. | By Creditors Ledger | | |
| | Adjustment a/c : | | | | Adjustment a/c | | |
| | Purchases | | 17,000 | | Cash | | 14,000 |
| | | | | | Discount | | 400 |
| | | | | Jan.31 | By Balance c/d | | 3,700 |
| | | | 18.100 | | | | 18.100 |
| Feb.1 | To Balance c/d | | 3,700 | | | | |

**Trial Balance (in Creditors Ledger)**

| Particulars | L.F. | Dr. Amount | Cr. Amount |
|---|---|---|---|
| | | **Rs.** | **Rs.** |
| C A/c | | | 1,700 |
| D A/c | | | 2,000 |
| General Ledger Adjustment A/c | | 3,700 | |
| | | 3,700 | 3,700 |

● **মন্তব্য ঃ** সাধারণ খতিয়ানের অন্যান্য জেরগুলি না থাকায় ঐ খতিয়ানে রেওয়া মিল প্রস্তুত করা যায় নি।

**উদাহরণ ৬ :** নিম্নলিখিত বিবরণ থেকে সাধারণ খতিয়ানে দেনাদারদের মিলকরণ হিসাব ও পাওনাদারদের মিলকরণ হিসাব প্রস্তুত কর :

| | | Rs. |
|---|---|---|
| 1.1.99. | Debtors Ledger balance (Dr.) | 2,924 |
| | Do (Cr.) | 48 |
| | Creditors Ledger Balance (Dr.) | 174 |
| | Do (Cr.) | 2,388 |
| 31.12.99 | Purchases | 13,036 |
| | Purchases Returns | 512 |
| | Cash paid to creditors | 11,686 |
| | Discount received from creditors | 336 |
| | Sales | 17,442 |
| | Sales Returns | 234 |
| | Cash received from Debtors | 15,248 |
| | Discount allowd to Debtors | 564 |
| | Discount allowed to Debtors but later withdrawn | 36 |
| | Bills payable | 450 |
| | Bills Receivable | 824 |
| | Cash paid to Debtors | 20 |
| | Transfer from purchase to Sales Ledger | 152 |
| | Debtors Ledger balance (Cr.) | 84 |
| | Creditors Ledger balance (Dr.) | 154 |

সমাধান :

**In the General Ledger**

Dr. **Debtors Ledger Adjustment A/c** Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | | | | 1999 | | | |
| Jan.1 | To Balance b/d | | 2,924 | Jan.1 | By Balance b/d | | 48 |
| | | | | Dec. 31. | By General Ledger Adjustment A/c : | | |
| Dec.31 | To General Ledger Adjustment A/c : | | | | | | |
| | Sales | | 17,442 | | Cash | | 15,248 |
| | Cash | | 20 | | Discount | | 564 |
| | Discount (Disallowed) | | 36 | | Returns | | 234 |
| | | | | | Bills Receivable | | 824 |
| Dec. 31 | To Balance c/d | | 84 | | Transfer from Purchase Ledger | | 152 |
| | | | | | By Balance c/d | | 3,436 |
| | | | 20,506 | | | | 20,506 |
| 2000 | | | | 2000 | | | |
| Jan.1 | To Balance b/d | | 3,436 | Jan.1 | By Balance b/d | | 84 |

Dr. **Creditors Ledger Adjustment A/c** Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | | | | 1999 | | | |
| Jan.1 | To Balance b/d | | 174 | Jan.1 | By Balance bd/ | | 2,388 |
| Dec. 31 | To General Ledger Adjustment A/c : | | | Dec. 31. | By General Ledger Adjustments A/c : | | |
| | Cash | | 11,686 | | Purchases | | 13,036 |
| | Returns | | 512 | | | | |
| | Discount | | 336 | | | | |
| | Bills payable | | 450 | | | | |
| | Transfer to Sales Ledger | | 152 | Dec. 31 | By Balance c/d | | 154 |
| Dec 31. | To Balance c/d | | 2,268 | | | | |
| | | | 15,578 | | | | 15,578 |
| 2000 | | | | 2000 | | | |
| Jan.31 | To Balance b/d | | 154 | Jan.1 | By Balance b/d | | 2,268 |

**উদাহরণ ৭ :** City Bank Ltd. এর নিম্নলিখিত বিবরণ থেকে সঞ্চয়ী আমানত মিলকরণ হিসাব (Savings Bank Control Account) প্রস্তুত কর :

| | **Rs.** |
|---|---|
| Balance (opening) | 2,51,304 |
| Cash deposited by clients | 19,670 |
| Cheques deposited by clients | 43,735 |
| Cash withdrawn | 13,750 |
| Cheques presented through the Clearing House | 15,385 |
| Charges in respect of outstation Cheque | 120 |
| Other Charges debited | 235 |
| Interest Credited | 570 |
| Cheques deposited by customers returned unpaid | 680 |

**সমাধান :**

**Books of City Bank Ltd.**
**Savings Ledger Control A/c**

Dr. Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| | To Cash | | 13,750 | | By Balance b/d | | 2,51,304 |
| | | | | | ,, Cash deposited | | |
| | To Charges | | 120 | | by clients | | 19,670 |
| | To other charges | | 235 | | By Cheque deposited | | |
| | To Cheques | | | | by clients | | 43,735 |
| | dishonoured | | 680 | | | | |
| | To Cheques presented | | | | | | |
| | through clearing | | | | By Interest | | 570 |
| | House | | 15,385 | | | | |
| | To Balance c/d | | 2,85,109 | | | | |
| | | | 3,15,279 | | | | 3,15,279 |
| | | | | | By Balance b/d | | 2,85,109 |

## ৮৮.৪ স্বয়ং-জের খতিয়ানের সুবিধা

**স্বয়ং-জের খতিয়ানের প্রধান সুবিধাগুলি নিম্নরূপ :**

(১) এই পদ্ধতিতে সাধারণ খতিয়ান, দেনাদারদের খতিয়ান এবং পাওনাদারদের খতিয়ানে আলাদাভাবে রেওয়ামিল প্রস্তুত করে হিসাবের জেরগুলির শুদ্ধতা যাচাই করা যায়।

(২) প্রত্যেকটি বিভক্ত খতিয়ানে রেওমা মিল প্রস্তুত করার জন্য কোনো ভুল থাকলে তার অবস্থান সহজ্জেই নির্ণয় করা সম্ভব হয়। এর দরুন সময় ও শ্রমের লাঘব হয়।

(৩) কালান্তিক হিসাব প্রস্তুতকরণের জন্য দেনাদার ও পাওনাদারদের খতিয়ানের জের প্রস্তুত করার প্রয়োজন হয় না। এর ফলে দ্রুত কালান্তিক হিসাব প্রস্তুত করা যায়।

(৪) সাধারণ খতিয়ানের উপবিভাগের জন্য শ্রম বিভাগের সুবিধাগুলি লাভ করা যায়। একই কারণের জন্য এটি আভ্যন্তরীণ-নিবারক ব্যবস্থার কাজ করে।

## ৮৮.৫ উপশাখী-জের খতিয়ান ও স্বয়ং-জের খতিয়ানের পার্থক্য

উপশাখী-জের খতিয়ান ও স্বয়ং-জের খতিয়ানের মধ্যে নিম্নলিখিত পার্থক্যগুলি লক্ষ্য করা যায় ঃ

| উপশাখী-জের খতিয়ান | স্বয়ং-জের খতিয়ান |
|---|---|
| ১। এই ব্যবস্থায় সাধারণ খতিয়ান, দেনাদারদের খতিয়ান ও পাওনাদারদের খতিয়ান—এই তিনটি খতিয়ান থাকে, কিন্তু তকরারি দাখিলা শুধুমাত্র সাধারণ খতিয়ানে সম্পন্ন করা হয়। | ১। এই পদ্ধতিতেও তিনটি খতিয়ান থাকে, কিন্তু তকরারি দাখিলা প্রত্যেকটি খতিয়ানে সম্পন্ন করা হয়। |
| ২। শুধুমাত্র সাধারণ খতিয়ানেই রেওয়ামিল প্রস্তুত করা যায়। | ২। প্রতিটি খতিয়ানেই রেওয়ামিল প্রস্তুত করা যায়। |
| ৩। জেরগুলির শুদ্ধতা যাচাই করার জন্য দেনাদার ও পাওনাদারদের খতিয়ানের জেরগুলির তালিকা প্রস্তুত করিয়া আলাদাভাবে সাধারণ খতিয়ানের মোট দেনাদার ও পাওনাদারদের হিসাবের জেরের সঙ্গে সমন্বয় করতে হয়। | ৩। যেহেতু প্রতিটি খতিয়ানেই রেওয়ামিল প্রস্তুত করা যায়, জেরগুলির জন্য আলাদা মিলকরণ প্রয়োজন হয় না। |

## ৮৮.৬ অনুশীলনী

**(ক) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর :**

১. উপশাখী-জের খতিয়ান বলতে কী বোঝ?

২. স্বয়ং-জের খতিয়ান বলতে কী বোঝ।

৩. স্বয়ং-জের খতিয়ান পদ্ধতিতে প্রয়োজনীয় খতিয়ানগুলি কী কী?

**(খ) দীর্ঘ প্রশ্নোত্তর :**

১. স্বয়ং-জের খতিয়ান বলতে কী বোঝ? এর সুবিধাগুলি কী?

২. সাধারণ খতিয়ানকে স্বয়ং-জের খতিয়ানে পরিণত করার পদ্ধতিগুলি আলোচনা কর।

৩. কাল্পনিক উদাহরণের সাহায্যে স্বয়ং-জের খতিয়ানের জাবেদা দাখিলাগুলি দেখাও।

৪. উপশাখী-জের খতিয়ান ও স্বয়ং-জের খতিয়ানের পার্থক্য দেখাও।

**(গ) ব্যবহারিক প্রশ্নাবলী : (Practical Questions)**

১. নিম্নলিখিত বিবরণ থেকে সাধারণ খতিয়ানের মোট দেনাদার ও মোট পাওনাদারদের হিসাব প্রস্তুত কর ঃ

| | Rs. | | |
|---|---|---|---|
| Debtors on 1.1.99 | 5,575 | Allowances from Creditors | 28 |
| Creditors on 1.1.99 | 5,490 | Bills received from Debtors | 850 |
| Transctions for the year : | | | |
| Credit Purchases | 2,050 | Bills accepted | 1,200 |
| Credit Sales | 2,270 | B/R dishonoured | 120 |
| Returns Inwards | 40 | B/P dishonoured | 300 |
| Returns Outwards | 60 | | |
| Cash received from | | Bad debts | 250 |
| customers | 2,550 | Sundry charges debited to debtors | 35 |
| Discount allowed | 45 | | |
| Cash paid to suppliers | 3,070 | | |
| Discount received | 67 | | |

[Ans. Balance of Total Debtors A/c Rs. 3,265 (Dr.), Balance ot Total Creditors A/c Rs. 3,415 (Cr.)]

২. Sanchiti Bros. এর 31.12.99 তারিখে প্রদত্ত বিবরণগুলি থেকে স্বয়ং-জের পদ্ধতিতে প্রয়োজনীয় মিলকরণ হিসাব প্রস্তুত কর :

| | | Rs. |
|---|---|---|
| January 1 | Sales Ledger balances | 12,400 |
| | Provision for doubtful debts | 1,000 |
| December 31 | Sales (including cash sales Rs. 4,000) | 23,000 |
| | Cash received from customers | 18,500 |
| | Bills Receivables received | 3,000 |
| | Returns from customers | 380 |
| | Bills endorsed | 480 |
| | Bills dishonoured | 300 |
| | Bils receivables as endorsed, dishonoured | 120 |
| | Cheques dishonoured | 100 |
| | Bills discounted | 500 |
| | Bad debts written off | 50 |
| | Interest charged to customers | 10 |
| | Bad debts recovered | 60 |
| | Transfer from Creditors Ledger | 150 |
| | Sundry Charges debited to customers | 20 |

[Ans. Balance of D. L. Adjustments A/c Rs. 9,870 (Dr.), Bad debts recovered, provision for doubtful debts, Cash sales, Bills endorsed, Bills discounted এই হিসাবে দেখানোর প্রয়োজন নাই ]

৩. নিম্নলিখিত বিবরণ থেকে সাধারণ খতিয়ানে দেনাদারদের খতিয়ান মিলকরণ হিসাব ও পাওনাদারদের খতিয়ান মিলকরণ হিসাব প্রস্তুত কর :

| | | |
|---|---|---|
| 1.4.98 : | Balances on Creditors Ledger | 10,000 (Dr.) |
| ,, | Do | 96,000 (Cr.) |
| ,, | Balances on Debtors Ledger | 1,41,880 (Dr.) |
| ,, | Do | 2,240 (Cr.) |
| 31.3.99 : | Purchases | 5,40,000 |
| | Total Sales | 7,68,000 |

| | |
|---|---|
| Discount allowed | 10,000 |
| Transfer from Debtors Ledger | |
| to Creditors Ledger | 20,800 |
| Cash paid to customers | 1,840 |
| Bills Receivable received | 40,000 |
| Bills Receivable dishonoured | 6,000 |
| Debtors Ledger balance (Dr.) | 1,83,200 |
| Purchases Returns | 20,000 |
| Cash sales | 40,000 |
| Cash received from Customers | 6,24,000 |
| Cash paid to suppliers | 4,80,000 |
| Reserve for doubtful debts | 9,160 |
| Discount received | 7,200 |
| Bills payable accepted | 22,400 |
| Creditors Ledger balances (Dr.) | 10,400 |

[Ans. : Balance of D. L. Adjustment A/c Rs. 2,520 (Cr.) ; C. L. Adjustment A/c Rs. 86,000 (Cr.)]

৪. Surabhi Enterprise-এর নিম্নলিখিত বিবরণ থেকে স্বয়ং-জের পদ্ধতিতে দেনাদারদের খতিয়ানে রেওয়া মিল প্রস্তুত কর :

| | Opening balance | Sales during the year | Returns | Cash received | Discount allowed | B/R received |
|---|---|---|---|---|---|---|
| | **Rs.** | **Rs.** | **Rs.** | **Rs.** | **Rs.** | **Rs.** |
| A | 1,200 | 2,763 | — | 1,500 | — | 1,000 |
| B | 800 | 6,514 | 23 | 3,200 | 130 | 3,500 |
| C | 600 | 3,987 | 15 | 2,000 | 40 | 2,200 |
| D | 400 | 5,762 | — | 4,100 | — | — |
| E | 1,000 | 9,385 | 117 | 6,300 | 93 | 3,500 |
| F | 500 | 8,426 | — | 5,000 | — | 2,300 |
| G | 485 | 4,931 | 82 | 2,200 | 49 | 3,800 |

B প্রদত্ত 700 টাকার একটি হুন্ডি প্রত্যাখ্যাত হয় এবং Noting charge বাবদ 5 টাকা খরচ হয়।

[Ans. Total of Trial Balance Rs. 6,309.]

৫. নিম্নলিখিত বিবরণ থেকে স্বয়ং-জের পদ্ধতিতে জাবেদা দাখিলা দেখাও এবং সাধারণ খতিয়ান ও দেনাদারদের খতিয়ানে প্রয়োজনীয় মিলকরণ হিসাব প্রস্তুত কর :

| | Rs. | | |
|---|---|---|---|
| Opening balance Debtors | 30,000 | Bills dishonoured | 1,500 |
| Total Credit Sales for the mnth | 90,000 | Discount allowed | 400 |
| Cash received from Debtors | 40,000 | Bad debts | 350 |
| Bills Receivable received | 15,000 | Transfer from Creditors Ledger | 750 |

[Ans. Balance of Debtors Ledger Adj. A/c 65,000. (Dr.)]

## ৮৮.৭ গ্রন্থপঞ্জী


১। M. C. Shukla, T.S. Grewal and S. C. Gupta 1999, *Advanced Accounts. (Vol. 1)* Chapter. 5, S. Chand & Co. New Delhi.

২। A. Mukherjee, M. Hanif 2000. *Modern Accountancy. (Vol. 1. Chapter 22)* Tata McGraw Hill, New Delhi.

৩। S. P. Basu, M. Das 1999, *Practice in Accountancy (Vol. 1. Chapter 1)* Rabindra Library, Calcutta.

# একক ৮৯ ❑ শাখা ও বিভাগ-সংক্রান্ত হিসাব [Branch and Departmental Accounting]

গঠন

৮৯.০ উদ্দেশ্য
৮৯.১ প্রস্তাবনা
৮৯.২ শাখা ও বিভাগের পার্থক্য
৮৯.৩ বিবিধ প্রকারের শাখা
৮৯.৪ নির্ভরশীল শাখার হিসারক্ষণ পদ্ধতি
৮৯.৫ স্বনির্ভর শাখার হিসাবরক্ষণ
৮৯.৬ বৈদেশিক শাখার হিসাবরক্ষণ
৮৯.৭ বিভাগ সংক্রান্ত হিসাবরক্ষণ
৮৯.৮ অনুশীলনী
৮৯.৯ গ্রন্থপঞ্জী

## ৮৯.০ উদ্দেশ্য

শাখা ও বিভাগ হল বৃহদায়তন কারবারের একপ্রকার বিকেন্দ্রীকরণ। এই পরিচ্ছেদে শাখা ও বিভাগ সংক্রান্ত লেনদেন এবং লাভ-লোকসান নির্ধারণ করবার পদ্ধতি আলোচিত হল।

## ৮৯.১ প্রস্তাবনা

হিসাররক্ষণ পদ্ধতি অনুযায়ী শাখাকে নির্ভরশীল শাখা, স্বনির্ভর শাখা এবং বৈদেশিক শাখা, এই ভাগে বিভক্ত করা যায়। এই তিন প্রকার শাখার ক্ষেত্রে লাভ-লোকসান নির্ধারণ করবার পদ্ধতি বিশদভাবে এই অনুচ্ছেদে বর্ণনা করা হল।

## ৮৯.২ শাখা ও বিভাগের পার্থক্য

কার্যকারিতার দিক থেকে কোনো বৃহদায়তন কারবারী প্রতিষ্ঠানকে অনেকগুলি ক্ষুদ্র অংশে বা বিভাগে বিভক্ত করা যায়। এই বিবিধ অংশগুলি যখন একই ছাদের নীচে অবস্থিত হয় তখন তাকে বিভাগ বলা হয়। যখন এই অংশগুলি বিভিন্ন স্থানে অবস্থিত হয় তখন তাকে শাখা বলা হয়।

কারবারের আকৃতি কিংবা প্রকৃতি অনুযায়ী এই ধরনের বিভাগ ও শাখার আয়তন ছোট বা বড় হতে পারে, কিন্তু কারবার পরিচালনার দক্ষতার পরিমাপ-স্বরূপ এই ধরনের বিভাগ ও শাখার জন্য আলাদাভাবে লাভ-লোকসান বের করা প্রয়োজন। এই পরিচ্ছেদে বিভাগ ও শাখা-সংক্রান্ত হিসাবরক্ষণ পদ্ধতি আলাদাভাবে আলোচনা করা হল।

## ৮৯.৩ বিবিধ প্রকারের শাখা

অবস্থান, আয়তন, হিসাবরক্ষণের পদ্ধতি বা পরিচালন পদ্ধতি ইত্যাদির ভিত্তিতে শাখাকে বিভিন্নভাবে ভাগ করা যেতে পারে। উদাহরণস্বরূপ, অবস্থানের ভিত্তিতে কোনো শাখাকে অন্তর্দেশীয় শাখা (Inland Branch) ও বৈদেশিক শাখা (Foreign Branch), এই দুইভাবে বিভক্ত করা যায়। আবার, পরিচালনার স্বাধীনতার ভিত্তি থেকে শাখাকে নির্ভরশীল শাখা (Dependent Branch) ও স্বনির্ভরশীল শাখা (Independent Branch), এই দুই শ্রেণীতে বিভক্ত করা যায়। অনুসৃত হিসাবরক্ষণ প্রণালী অনুযায়ীও শাখাকে দুইভাবে ভাগ করা যায়—যে সমস্ত শাখা ও তকরারি দাখিলা পদ্ধতিতে হিসাবরক্ষণ করে না (Branch not maintaining books under double entry system) ও যে সমস্ত শাখা সম্পূর্ণ তকরারি পদ্ধতিতে হিসাবরক্ষণ করে (Branch maintaining books under double entry system)। আবার হেড-অফিস থেকে পণ্য প্রাপ্তির ভিত্তিতেও শাখাকে ভাগ করা যায়—ক্রয়মূল্যে পণ্য প্রাপ্ত শাখা (Goods received at cost price) ও বিক্রয়মূল্যে বা জায়মূল্যে পণ্য প্রাপ্ত শাখা (Goods received at selling price or invoice price)।

## ৮৯.৪ নির্ভরশীল শাখার হিসাবরক্ষণ পদ্ধতি [Accounting Procedure of Dependent Branch]

এই ধরনের শাখা প্রধানত হেড অফিসের বিক্রয় কেন্দ্র হিসাবে কাজ করে। হেড অফিস থেকে প্রাপ্ত পণ্য নগদ মূল্যে বিক্রয় করাই শাখার প্রধান কাজ। অবশ্য প্রয়োজনে শাখা ধারেও পণ্য বিক্রয় করতে পারে। এই ক্ষেত্রে শাখা নগদে বিক্রয়ের অর্থ ও দেনাদারদের নিকট থেকে প্রাপ্ত অর্থ সরাসরি হেড অফিসকে প্রেরণ করিবে। শাখার প্রয়োজনীয় খরচের জন্য অর্থ হেড অফিস সরাসরি প্রেরণ করবে। যেহেতু হেড-অফিস এই ধরনের শাখার উপর প্রত্যক্ষভাবে নিয়ন্ত্রণ রক্ষা করে, শাখা-অফিসে হিসাবরক্ষণের জন্য বিস্তৃত তকরারি পদ্ধতিতে হিসাবরক্ষণ অত্যাবশ্যক নহে। এই ক্ষেত্রে শাখা অফিস পণ্যপ্রাপ্তি, নগদ প্রাপ্তি ও প্রদান, পণ্য বিক্রয়, দেনাদারদের হিসাব ইত্যাদির জন্য স্মারক পুস্তিকা (Memorandum Books) রাখবে। শুধুমাত্র হেড-অফিস এই ক্ষেত্রে তকরারি পদ্ধতিতে শাখা-সংক্রান্ত হিসাবগুলি রাখবে।

পূর্বে উল্লিখিত পণ্যপ্রাপ্তির ভিত্তি অনুযায়ী, হেড অফিস এই ধরনের শাখাকে ক্রয়মূল্যে বা পূর্ব নির্ধারিত বিক্রয়-মূল্যে পণ্য প্রেরণ করতে পারে। যদি এই ধরনের বিক্রয়মূল্য আগে থেকে নির্ধারণ করা সম্ভবপর না হয়, তা হলে হেড অফিস ক্রয়মূল্যের সঙ্গে নির্দিষ্ট হারে ভারযুক্ত করে পণ্য প্রেরণ করতে পারে। একে ভারযুক্ত মূল্যে বা জায় মূল্যে (Loaded price or Invoice Price) পণ্য প্রেরণ বলা হয়।

● **হিসাবরক্ষণ পদ্ধতি ঃ** হেড অফিস কর্তৃক শাখা-সংক্রান্ত হিসাবরক্ষণ পদ্ধতিকে নিম্নলিখিত দুই ভাগে বিভক্ত করা যেতে পারে :

**(ক) মিশ্র পদ্ধতি [Synthetic Method]**

**(খ) বিশ্লেষণাত্মক পদ্ধতি [Analytical Method]**

এই দুই প্রকার হিসাবরক্ষণ পদ্ধতি বিস্তৃতভাবে আলোচনা করা হল :

**(ক) মিশ্র পদ্ধতি [Synthetic Method] :** এই পদ্ধতিতে শাখার লাভ-লোকসান নির্ণয় করাই প্রধান উদ্দেশ্য। সেইজন্য হেড-অফিসের খতিয়ানে একটি শাখা-হিসাব বা Branch Account রাখা হয়। **Branch Account-**এ দাখিলা পদ্ধতি অনেকটা একহারা পদ্ধতিতে (Single Entry System) লাভ-লোকসান নির্ণয় করার পদ্ধতির মত—অর্থাৎ প্রারম্ভিক মজুদ পণ্য, খুচরা নগদ ও দেনাদারদের জেরের (Opening balance of goods, Petty cash and Debtors) সঙ্গে এদের অন্তিম জেরের তুলনা করা হয়। কিন্তু একই সঙ্গে তকরারি পদ্ধতিতে লাভ-লোকসানের হিসাবে (Profit and Loss Account) মত প্রেরিত পণ্যের দাম ও অন্যান্য নগদ খরচ এবং বিক্রয় লব্ধ অর্থ দেখানো হয়। অর্থাৎ, এই পদ্ধতিতে Branch Account-এ দাখিলার নীতিটি এক তরফা পদ্ধতি ও তকরারি দাখিলা পদ্ধতির সংক্ষেপণ (Condensation)। সেইজন্য এই পদ্ধতিকে মিশ্র পদ্ধতি বলা হয়।

Branch Account-কে নিম্নলিখিত বিষয়গুলির জন্য Debit করতে হবে :

(১) মজুদ পণ্য, খুচরা নগদান বই ও দেনাদারদের প্রারম্ভিক জের (Opening balance of stock, Debtors and petty cash)

(২) প্রেরিত পণ্যের দাম (Goods sent to branch)

(৩) শাখার খুচরা খরচের জন্য প্রেরিত খুচরা অর্থ (Petty cash paid to branch)

(৪) শাখার বিভিন্ন খরচের (যথা—বেতন, ভাড়া ইত্যাদি) জন্য প্রেরিত অর্থ (Cash sent to Branch for expenses)

নিম্নলিখিত বিষয়গুলির জন্য Branch Account-কে Credit করতে হবে :

(১) নগদ বিক্রয়ের অর্থ (Cash sales)

(২) দেনাদারদের নিকট থেকে প্রাপ্ত অর্থ (Collection from debtors)

(৩) ফেরত পণ্যের মূল্য (Return)

(৪) মজুদ পণ্য, খুচরা নগদান ও দেনাদারদের অন্তিম জের (Closing balance of goods, petty cash and debtors)

উপরি উল্লেখিত বিষয়গুলি Branch Account-এ Debit ও Credit করবার পর এই হিসাবের যে জের থাকবে তা লাভ বা লোকসান বলে বিবেচিত হবে।

পুনরায় উল্লেখ করাযেতে পারে যে, Branch Account-এ দেনাদারদের হিসাবের প্রারম্ভিক ও অন্তিম জের এবং প্রাপ্ত নগদ অর্থ শুধুমাত্র দেখানো হবে। দেনাদারদের হিসাব-সংক্রান্ত অন্যান্য দাখিলা (যথা ঃ Credit Sales Returns, Bad debts, Discount ইত্যাদি) Branch Account-এ দেখানোর প্রয়োজন নেই।

**উদাহরণ** : ১ নিম্নলিখিত বিবরণ থেকে Dasgupta Brothers-এর পাটনা শাখার হিসাব প্রস্তুত কর :

| | | |
|---|---|---|
| Goods sent to Branch *at cost* | | 1,42,000 |
| Goods returned by Branch | | 4,000 |
| Cash sales | | 79,000 |
| Credit sales | | 2,02,000 |
| Cash received from Debtors | | 1,89,500 |
| Branch expenses paid by Head office : | | |
| | Rent Rs. 10,000 | |
| | Salaries Rs. 30,000 | 40,000 |
| Cash sent to Branch for petty cash | | 5,000 |

Other balance :

| | 1st Jan. 1998 Rs. | 1st Jan. 1999 Rs. |
|---|---|---|
| Petty cash at Branch | 100 | 150 |
| Branch Debtors | 23,500 | — |
| Branch Stock | 44,500 | 27,000 |

**Books of Dasgupta Brothers**

**Patna Branch A/c.**

Dr | | | | | | | Cr.

| Date | Particulars | J.F. | Amount Rs. | Date | Particulars | J.F. | Amount Rs. |
|---|---|---|---|---|---|---|---|
| 1998 Jan.1 | To Balance b/d : Stock 44,500; Debtors 23,500; Petty Cash 100 | | 68,100 | 1998 | By Goods sent to Branch A/c | | 4,000 |
| | To Goods Sent to Branch a/c | | 1,42,000 | | By Bank remittance —Cash Sale 79,000 —Collection from Debtors 1,89,500 | | 2,68,500 |
| | To Bank : Remittance for Salaries 30,000; Rent 10,000; Petty Cash 5,000 | | 45,000 | | By Balance c/d Stock 27,000; Debtors 36,000; Petty Cash 150 | | 63,150 |
| | To Profit & Loss A/c Branch Profit transferred | | 80,550 | | | | |
| | | | 3,35,650 | | | | 3,35,650 |

**Goods sent to Branch A/c.**

Dr. **Cr.**

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1998 | | | | 1998 | | | |
| | To Patna Branch a/c | | 4,000 | | By Patna Branch a/c | | 1,42,000 |
| | To Trading a/c :<br>—Transfer | | 1,38,000 | | | | |
| | | | 1,42,000 | | | | 1,42,000 |

**Working :** **Memorandum Debtors A/c**

Dr. **Cr.**

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1.1.98 | To Balance b/d | | 23,500 | | By Cash a/c | | 1,89,500 |
| | To Sales | | 2,02,000 | | | | |
| | | | | | By Balance c/d | | 36,000 |
| | | | 2,25,500 | | (Balancing figure) | | 2,25,500 |

● বিক্রয়মূল্যে বা জায়মূল্যে পণ্য প্রেরণ [Goods invoiced at selling price or invoice price] : উপরি উল্লেখিত উদাহরণে হেড অফিস শাখাকে ক্রয়মূল্যে পণ্য প্রেরণ করেছে। কিন্তু হেড অফিস বিক্রয়মূল্যে বা জায়মূল্যে পণ্য প্রেরণ করলে হিসাবরক্ষণ পদ্ধতির বিশেষ কোনো পরিবর্তন হবে না, কিন্তু Branch Account-এ Opening Stock, Goods Sent to Branch, Returns ও Closing Stock বিক্রয়মূল্যে বা জায়মূল্যে দাখিলা করতে হবে। এরূপ ক্ষেত্রে প্রকৃত লাভ-লোকসান নির্ণয় করতে হলে বিক্রয়মূল্য বা জায়মূল্য ও ক্রয়মূল্যের পার্থক্যের জন্য নিম্নলিখিত মিলকরণ দাখিলার প্রয়োজন হবে ঃ

(১) প্রারম্ভিক সম্ভারের জন্য (for opening stock) : Stock Reserve a/c Dr.
To Branch a/c

(২) প্রেরিত পণ্যের জন্য (for goods sent) : Goods sent to Branch a/c Dr.
To Branch a/c

(৩) ফেরতের জন্য (for returns) : Branch a/c Dr.
To Goods sent to Branch a/c

(৪) অন্তিম সম্ভারের জন্য (for closing stock) : Branch a/c Dr.
To Stock Reserve a/c

**উদাহরণ ২** : কলকাতার Suman Musicals তার ঝাড়গ্রাম শাখাকে ক্রয়মূল্যের উপর 25% ভারযুক্ত করে পণ্য প্রেরণ করে। ১৯৯৯ সালে উক্ত শাখার সঙ্গে নিম্নলিখিত লেনদেনগুলি সংঘটিত হল :

| | Rs. | | | Rs. |
|---|---|---|---|---|
| Stock at invoice price (1.1.1999) | 11,000 | Allowances to customers | | 250 |
| Debtors (1.1.1999) | 1,700 | Cheques sent to Branch : | | |
| Petty cash (1.1.1999) | 100 | Rent | 600 | |
| Cash sales | 2,650 | Wages | 200 | |
| Goods sent to Branch | 20,000 | Salaries | 900 | 1,700 |
| Collection on ledger accounts | 21,000 | Stock (31.12.1999) | | 13,000 |
| Goods returned to Head Office | 400 | Debtors (31.12.1999) | | 2,000 |
| Bad debts | 300 | Petty cash (31.12.1999) | | 100 |

প্রস্তুত করতে হবে : (১) Jhargram Branch A/c (২) Jhargram Branch Trading A/c.

সমাধান :

**Books of Suman Musicals**
**Jhargram Branch A/c**

**Dr.** **Cr.**

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | To Balance b/d | | | Jan | By Stock Reserve a/c : | | |
| Jan.1 | Stock | | 11,000 | | loan on opening stock | | |
| | Debtors | | 1,700 | | $\left(11{,}000 \times \frac{1}{5}\right)$ | | 2,200 |
| | Petty cash | | 100 | | By Goods sent to Branch | | |
| | To Goods sent to | | | | A/c : Loan on goods sent | | |
| | Branch a/c | | 20,000 | | $\left(20{,}000 \times \frac{1}{5}\right)$ | | 4,000 |
| | To goods sent to | | | | By Goods sent to Branch | | |
| | Branch a/c : Load | | | | A/c : Returns | | 400 |
| | or Returns $\left(400 \times \frac{1}{5}\right)$ | | 80 | | ByBank : Remittance for : | | |
| | | | | | Cash sale 2,650 | | |
| | | | | | Collection | | |
| | | | | | from Debtors 21,000 | | |
| | | | | | | | 23,650 |
| | To Bank : | | | | | | |
| | Rent 600 | | | | | | |
| | Wages 200 | | | | | | |
| | Salaries 900 | | 1,700 | Jan 31 | By Banahce c/d : | | |
| | To Stock Reserve | | | | Stock | | 13,000 |
| | a/c : load on | | | | Debtors | | 2,000 |
| | closing stock $\left(1300 \times \frac{1}{5}\right)$ | | 2,600 | | Petty cash | | 100 |
| | To Profit & Loss A/c : | | | | | | |
| | Branch Profit | | 8,170 | | | | |
| | | | 45,350 | | | | 45,350 |

* ক্রয়মূল্যের উপর 25% = জায়মূল্যের উপর $\frac{25}{125} = \frac{1}{5}$

**Jhargram Branch Trading A/c**
**for the year ended 31.12.1999**

**Dr.** **Cr.**

| **Particulars** | **J.F.** | **Amount** | **Particulars** | **J.F.** | **Amount** |
|---|---|---|---|---|---|
| | | **Rs.** | | | **Rs.** |
| To Opening Stock (cost) | | 8,800 | By Salses : Cash sales 2,650 Credit sales 21,850 | | 24,500 |
| To Goods sent to Branch (Cost) 16,000 Less Returns 320 | | 15,680 | By Closing stock (Cost) | | 10,400 |
| To Gross Profit c/d | | 10,420 | | | |
| | | 34,900 | | | 34,900 |
| To Rent | | 600 | By Gross Profit b/d | | 10,420 |
| To Wages | | 200 | | | |
| To Salaries | | 900 | | | |
| To Bad debts | | 300 | | | |
| To Allowances | | 250 | | | |
| To Net Profit | | 8,170 | | | |
| | | 10,420 | | | 10,420 |

**Workings :**

**Memorandum Debtors A/c**

| **Date** | **Particulars** | **J.F.** | **Amount** | **Date** | **Particulars** | **J.F.** | **Amount** |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| Jan.1 | To Balance b/d | | 1,700 | Jan 1 | By Cash | | 21,000 |
| | | | | | By Bad debts | | 300 |
| | To Credit sales | | | | By Allowances | | 250 |
| | (balancing figure) | | 21,850 | Dec.31 | By Balance c/d | | 2000 |
| | | | 23,550 | | | | 23,550 |

**(গ) বিশ্লেষণাত্মক পদ্ধতি [Analytical Method] :** বৃহদায়তন শাখার ক্ষেত্রে যেখানে পণ্যের লেনদেন অনেক বেশি এরূপ ক্ষেত্রে বিশ্লেষণাত্মক পদ্ধতির ব্যবহার লক্ষ্য করা যায়। এই পদ্ধতিটি পণ্য ও দেনাদার পদ্ধতি (Stock and Debtors System) নামেও পরিচিত। এই পদ্ধতিতে শুধুমাত্র শাখা-সংক্রান্ত হিসাব (Branch Account) না খুলে নিম্নলিখিত হিসাবগুলি খোলা হয় ঃ

(ক) শাখা-সংক্রান্ত পণ্যের হিসাব (Branch Stock Account)।

(খ) শাখা-সংক্রান্ত দেনাদারদের হিসাব (Branch Debtors Account)।

(গ) শাখায় প্রেরিত পণ্যের হিসাব (Goods sent to Branch Account)।

(ঘ) শাখার নগদ টাকার হিসাব (Branch Cash Account)।

(ঙ) শাখার খরচ-সংক্রান্ত হিসাব (Branch Dxpenses Account)।

(চ) শাখার লাভ-লোকসানের হিসাব (Branch Profit and Loss Account)।

● **জাবেদা দাখিলা (Journal Entries) :** উপরি উল্লিখিত হিসাবগুলিতে লেনদেন লিপিবন্ধ করবার জন্য নিম্নলিখিত দাখিলা করতে হবে :

| | | |
|---|---|---|
| (১) শাখায় পণ্য প্রেরণ করবার জন্য | : | Branch Stock A/c Dr.<br>To Goods Sent to Branch A/c |
| (২) শাখার খরচের জন্য | : | Branch Expenses A/c Dr.<br>To Branch Cash A/c |
| (৩) শাখা সরাসরি পণ্য ক্রয় করলে | : | Branch Stock A/c Dr.<br>To Branch Cash A/c |
| (৪) শাখা কর্তৃক নগদে পণ্য বিক্রয়ের জন্য | : | Branch Cash A/c Dr.<br>To Branch Stock A/c |
| (৫) শাখা কর্তৃক ধারে পণ্য বিক্রয়ের জন্য | : | Branch Debtors A/c Dr.<br>To Branch Stock A/c |
| (৬) দেনাদারদের নিকট থেকে নগদ প্রাপ্তির জন্য | : | Branch Cash A/c Dr.<br>To Branch Debtors A/c |
| (৭) দেনাদারদের ছাড়া বা বাট্টা ও অনাদায়ী বাকির জন্য | : | Branch Expenses A/c Dr.<br>To Branch Debtors A/c<br>Or,<br>Branch Profit & Loss A/c Dr.<br>To Branch Debtors A/c |

● **মোট মুনাফা ও নিট মুনাফা নির্ধারণ (Determination of Gross Profit and Net profit) :** উপরি উল্লিখিত হিসাবগুলিতে দাখিলা সম্পন্ন করবার পর বৎসরান্তে হিসাবগুলির জের প্রস্তুত করতে হবে।

শাখা-সংক্রান্ত পণ্যের হিসাবের (Branch Stock Account) অন্তিম জের টানবার পর এই হিসাবে যদি উদ্বৃত্ত বা credit জের হলে তা মোট মুনাফা (ঘাট্‌তি বা debit জের হলে ক্ষতি) বলে বিবেচিত হবে। এই মোট মুনাফা বা ক্ষতিকে শাখার লাভ-লোকসানের হিসাবে (Branch Profit and Loss) স্থানান্তরিত করতে হবে।

এর পরে শাখার খরচ-সংক্রান্ত হিসাবের (Branch Expenses Account) জেরকে শাখার লাভ-লোকসানের হিসাবে স্থানান্তর করতে হবে। এই প্রক্রিয়ার পরে শাখার লাভ-লোকসানের হিসাবের যে জের থাকবে তা নীট লাভ (Net Profit) বা নীট ক্ষতি (Net Loss) বলে বিবেচিত হবে এবং তাকে সাধারণ লাভ-লোকসানের হিসাবে (General Profit and Loss Account) স্থানান্তরিত করতে হবে।

**উদাহরণ—৩** A Ltd.-এর Subarnarekha Branch সংক্রান্ত নিম্নলিখিত লেনদেনগুলি থেকে Branch Stock Account. Branch Debtors Account, Branch Expenses Account এবং Branch Profit and Loss Account প্রস্তুত করো :

| | **Rs.** |
|---|---|
| Goods sent to Branch | 25,400 |
| Goods returned by Branch | 350 |
| Cash sales | 16,500 |
| Credit sales | 30,000 |
| Allowances to customers | 150 |
| General Trade Charges | 650 |
| Returns from customers | 300 |
| Bad debts | 300 |
| Discount allowed to customers | 1,200 |
| Cash received on Ledger Accounts | 24,600 |
| Rent and Rates | 900 |
| Wages and Salaries | 3,000 |
| Debtors —Opening | 13,100 |
| Closing | 16,550 |
| Stock — Opening | 7,500 |
| Closing | 6,950 |

সমাধান :

**Books of A Ltd.**

**Subarnarekha Branch Stock A/c**

Dr. **Cr.**

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1.1.? | To Balance b/d | | 7,500 | | By Goods sent to Branch a/c | | 350 |
| | To Goods sent to Branch a/c | | 25,400 | | By Branch Cash a/c (Cash Sales) | | 16,500 |
| | To Branch Debtors a/c (Return from customers) | | 300 | | By Branch Debtors a/c (Credit Sales) | | 30,000 |
| | To Branch Gross Profit transferred to Branch P.L. a/c | | 20,600 | 31.12.? | By Balance c/d | | 6,950 |
| | | | 53,800 | | | | 53,800 |

**Subarnarekha Branch Debtors A/c**

Dr. **Cr.**

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1.1.? | To Balance b/d | | 13,100 | | By Branch Stock a/c | | 300 |
| | To Branch Stock a/c | | 30,000 | | By Branch cash a/c | | 24,600 |
| | | | | | By Branch Profit and Loss a/c :<br>Allowances 150<br>Bad debts 300<br>Discount 1,200 | | 1,650 |
| | | | | 31.12 | By Balance c/d | | 16,550 |
| | | | 43,100 | | | | 43,100 |

**Subarnarekha Branch Expenses A/c**

Dr. **Cr.**

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1.1.? | To Branch cash a/c<br>General Trade Charges 650<br>Rent and Rates 900<br>Wages & Salaries 3,000 | | 4,550 | | By Branch Profit and Loss a/c | | 4,550 |
| | | | 4,550 | | | | 4,550 |

**Subarnarekha Branch Profit and Loss A/c**

Dr. **Cr.**

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1.1.? | To Branch Debtors a/c | | 1,650 | | By Branch Stock a/c : Gross Profit | | 20,600 |
| | To Branch Expenses a/c | | 4,550 | | | | |
| | To General Profit and Loss a/c : Branch Net Profit | | 14,400 | | | | |
| | | | 20,600 | | | | 20,600 |

● **বিক্রয়মূল্যে বা জায়মূল্যে পণ্য প্রেরণ [Goods invoiced at selling price or loaded price] :** হেড অফিস শাখাকে ভারযুক্ত মূল্যে বা জায়মূল্যে পণ্য প্রেরণ করলে পূর্বে উল্লিখিত হিসাবগুলির সঙ্গে শাখা সংক্রান্ত পণ্যের মিলকরণ হিসাব (Branch Stock Adjustment Account) নামে একটি নুতন হিসাব খুলতে হবে। এই হিসাবটির উদ্দেশ্য হল শাখার প্রারম্ভিক পণ্য, অন্তিম পণ্য ও শাখায় প্রেরিত পণ্যের ক্রয়মূল্য ও জায়মূল্যের পার্থক্যকে মিলকরণ করে সঠিক মোট মুনাফা নির্দ্ধারণ করা। এর জন্য নিম্নলিখিত দাখিলাগুলির প্রয়োজন :

(১) প্রারম্ভিক পণ্যের ক্রয়মূল্য ও জায়মূল্যের পার্থক্যের মিলকরণের জন্য : Branch Stock Reserve a/c Dr.
To Branch Stock Adjustment a/c

(২) প্রেরিত পণ্যের ক্রয়মূল্য ও জায়মূল্যের পার্থক্যের মিলকরণের জন্য : Goods sent to Branch A/c Dr.
To Branch Stock Adjustment A/c

(৩) শাখা কর্তৃক ফেরত পণ্যের ক্রয়মূল্য ও জায়মূল্যের পার্থক্যের মিলকরণের জন্য : Branch Stock Adjustment A/c Dr.
To Goods Sent to Branch A/c

(৪) অন্তিম পণ্যের ক্রয়মূল্য ও জায়মূল্যের পার্থক্যের মিলকরণের জন্য : Branch Stock Adjustment A/c Dr.
To Branch Stock Reserve A/c

(৫) শাখায় প্রেরিত পণ্যের কোনো ক্ষতি হলে এই ক্ষতির মূল্যের জন্য : Branch Stock Adjustment A/c Dr.
To Branch Stock A/c

এই মিলকরণগুলি করবার পর শাখা সংক্রান্ত পণ্যের মিলকরণ হিসাবের জের মোট লাভ বা লোকসান বলে বিবেচিত হবে এবং একে লাভ-লোকসান হিসাবে স্থানান্তর করতে হবে।

উল্লেখ করা যেতে পারে যে, ক্রয়মূল্য এবং জায়মূল্যের পার্থক্যের মিলকরণের ফলে শাখাসংক্রান্ত পণ্যের হিসাবের দুই দিক মিলে যাবে। কোনো কারণে অমিল হলে একে আপাত মুনাফা বা লোকসান (Apparent Profit or Loss) হিসাবে বিবেচনা করা হবে এবং একে শাখা সংক্রান্ত পণ্যের মিলকরণ হিসাবে স্থানান্তর করা হবে।

শাখাকে বিক্রয়মূল্যে পণ্য প্রেরণ করলে শাখা সংক্রান্ত পণ্যের হিসাবের অন্তিম জেরের পরে দুই দিক অবশ্যই মিলতে হবে। যদি কোনো কারণে দুই দিকের অমিল হয় তা হলে একটি শাখা সংক্রান্ত পণ্যের গরমিল হিসাব (Stock Deficiency Account) খুলতে হবে এবং একে নিম্নলিখিত জাবেদার সাহায্যে মিলকরণ করতে হবে।

(১) শাখা সংক্রান্ত পণ্যের হিসাবে উদ্বৃত্তের জন্য : Branch Stock A/c Dr.
To Stock Discrepancy a/c

(২) শাখা সংক্রান্ত পণ্যের হিসাবে ঘাটতির জন্য : Stock Discrepancy A/c Dr.
To Branch Stock a/c

(৩) উদ্বৃত্ত পণ্যের ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের পার্থক্যের জন্য : Stock Discrepancy A/c Dr.
To Branch Stock Adjustment A/c

(৪) ঘাটতি পণ্যের ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের পার্থক্যের জন্য : Branch Stock Adjustment A/c Dr.
To Stock Discrepancy A/c

এই মিলকরণের পর শাখা সংক্রান্ত পণ্যের গরমিল হিসাবের জেরকে শাখা সংক্রান্ত লাভ-লোকসানের হিসাবে স্থানান্তর করতে হবে।

**উদাহরণ : 8**—দিল্লীর Ajanta Corporation-এর কলকাতা শাখাকে ক্রয়মূল্যের উপর 25% ভারযুক্ত করে পণ্য প্রেরণ করে। ১৯৯৯ সালের শাখার লেনদেনগুলি নিম্নরূপ :

| | **Rs.** |
|---|---|
| Branch Stock at Invoice price (1.1.99) | 25,000 |
| Branch Debtors (1.1.99) | 15,000 |
| Goods sent to Branch at Invoice Price | 1,50,000 |
| Cash sales at Branch | 1,25,000 |
| Credit sales at Branch | 35,000 |
| Goods returned by Branch | 2,500 |
| Goods returned to Customers | 750 |
| Discount allowed by Customers | 1,500 |
| Bad debts written-off | 1,000 |
| Expenses at Branch | 16,000 |
| Collection from Customers | 40,000 |
| Branch Stock at Invoice Price (31.12.99) | 15,000 |

পণ্য ও দেনাদার পদ্ধতিতে (Stock and Debtors System) প্রয়োজনীয় হিসাবগুলি প্রস্তুত করে দেখাও।

**Books of Ajanta Corporation**
**Calcutta Branch Stock A/c**

Dr. **Cr.**

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| 1999 | | | | 1999 | | | |
| Jan. 1 | To Balanced b/d | | 25,000 | Jan. | By Goods sent to Branch a/c (Returns) | | 2,500 |
| | To Good sent to Branch a/c | | 1,50,000 | ” | By Calcutta Branch cash a/c (cash sales) | | 1,25,000 |
| | To Branch Debtors a/c (Returns) | | 750 | | By Branch Debtors a/c (Credit sales) | | 35,000 |
| | To Branch Stock Adjustment a/c (apparent profit transferred) | | 1,750 | Dec.31 | By Balance c/d | | 15,000 |
| | | | 1,77,500 | | | | 1,77,500 |
| 2000 | | | | | | | |
| Jan.1 | To Balance b/d | | 15,000 | | | | |

### Calcutta Branch Debtors A/c

Dr. **Cr.**

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| 1999 | | | | 1999 | | | |
| Jan 1 | To Balanced b/d | | 15,000 | Jan. | By Calcutta Branch Stock a/c (Returns) | | 750 |
| | To Calcutta Branch Stock a/c (Credit sales) | | 35,000 | | By Calcutta Branch Cash a/c (Collections) | | 40,000 |
| | | | | | By Calcutta Branch Expenses a/c : Discount 1,500 Bad debts 1,000 | | 2,500 |
| | | | | Dec.31 | By Balance c/d | | 6,750 |
| | | | 50,000 | | | | 50,000 |
| 2000 | | | | | | | |
| Jan 1 | To Balance b/d | | 6,750 | | | | |

### Calcutta Branch Expenses A/c

Dr. **Cr.**

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| 1999 | | | | 1999 | | | |
| Jan.1 | To Calcutta Branch Debtors a/c : Discount 1,500 Bad Debts 1,000 | | 2,500 | Dec.31 | By Calcutta Branch Profit & Loss a/c (transfer) | | 18,500 |
| | To Calcutta Branch Cash a/c | | 16,000 | | | | |
| | | | 18,500 | | | | 18,500 |

### Calcutta Branch Stock Adyustment A/c

Dr. Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | | | | 1999 | | | |
| Jan31 | To Calcutta Branch Stock Reserve a/c (Load on closing stock) | | 3,000 | Jan.1 | By Calcutta Branch Stock Reserve a/c (Load on opening stock) | | 5,000 |
| Dec.31 | To Goods sent to Calcutta Branch a/c (Load on Returns) | | 500 | Dec.31 | Goods Sent to Calcutta Branch a/c (Load on goods sent) | | 30,000 |
| | | | | Dec.31 | By Calcutta Branch Stock a/c (apparent profit) | | 1,750 |
| Dec.31 | To Calcutta Branch Profit & Loss a/c (Gross profit transferred) | | 33,250 | | | | |
| | | | 36,750 | | | | 36,750 |

### Calcutta Branch Stock Reserve A/c

Dr. Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | | | | 1999 | | | |
| Jan.1 | To Calcutta Branch Stock Adjustmenta/c (Load on opening stock transferred) | | 5,000 | Jan1 | By Balance b/d | | 5,000 |
| | | | | Dec.1 | By Calcutta Branch Stock Adjustment a/c (Load on Closing Stock transferred) | | 3,000 |
| Dec.31 | To Balance c/d | | 3,000 | | | | |
| | | | 8,000 | | | | 8,000 |
| | | | | 2000 | | | |
| | | | | Jan.1 | By Balance b/d | | 3,000 |

## Calcutta Branch Goods Sent to A/c

Dr. Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | | | | 1999 | | | |
| ? | To Calcutta Branch Stock a/c (Returns) | | 2,500 | Dec. 31 | By Calcutta Branch Stock a/c (goods sent) | | 1,50,000 |
| Dec 31 | To Calcutta Branch Stock Adjustment a/c (load on goods sent) | | 30,000 | ” | By Calcutta Branch Stock Adjustment a/c (Load on Returns) | | 500 |
| Dec.31 | To General Trading a/c (Balance Transferred) | | 1,18,000 | | | | |
| | | | 1,50,500 | | | | 1,50,500 |

## Calcutta Branch Profit and Loss A/c

Dr. Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | | | | 1999 | | | |
| Dec.31 | To Calcutta Branch Expenses a/c | | 18,500 | Dec.31 | By Calcutta Branch Stock Adjustment a/c (Gross Profit transferred) | | 33,250 |
| Dec.31 | To General Profit and Loss a/c (Balance transferred) | | 14,750 | | | | |
| | | | 33,250 | | | | 33,250 |

**Branch Cash A/c**

Dr. Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | | | | 1999 | | | |
| | To Calcutta Branch Stock a/c (Cash Sales) | | 1,25,000 | | By Calcutta Branch Expenses a/c | | 16,000 |
| | To Calcutta Branch Debtors a/c (Collection from Debtors) | | 40,000 | Dec.31 | By Balance c/d | | 1,49,000 |
| | | | 1,65,000 | | | | 1,65,000 |
| 2000 | | | | | | | |
| Jan.1 | To Balance b/d | | 1,49,000 | | | | |

**উদাহরণ :** ৫ কলকাতার Samata Enterprise-এর গড়িয়াহাট শাখাকে পূর্ব নির্ধারিত বিক্রয়মূল্যে পণ্য প্রেরণ করে। এই উদ্দেশ্যে ক্রয়মূল্যের উপর 50% ভারযুক্ত করে সমস্ত পণ্য প্রেরণ করা হয়। 1998 বৎসরান্তে নিম্নলিখিত লেনদেনগুলি সংঘটিত হয় :

| | | | |
|---|---|---|---|
| | | | **Rs.** |
| 1.1.1998 | : | Stock of goods at Branch at selling price | 4,020 |
| | | Debtors | 1,652 |
| 31.12.98 | : | Stock of goods at Branch at selling price | 5,250 |

**Transactions during the year :**

| | |
|---|---|
| Cash sales | 25,200 |
| Credit sales | 18,000 |
| discount allowed to Debtors | 452 |
| Bad debts written off | 149 |
| Cash received from Debtors | 17,156 |
| Goods received by Branch at selling price | 45,000 |
| Goods returned to Head Office at selling price | 420 |

শাখা সংক্রান্ত এই লেনদেনগুলির জন্য হেড অফিসের খতিয়ানে প্রয়োজনীয় হিসাব প্রস্তুত কর।

**Books of Samata Enterprise**

Gasianat Brauch Stock A/c

Dr. **Cr.**

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1998 | | | | 1998 | | | |
| Jan1 | To Balance b/d | | 4,020 | Jan. | By Goods sent to Branch (Returns) a/c | | 420 |
| | To Goods sent to Branch a/c | | 45,000 | ” | By Branch cash a/c (Cash sales) | | 25,200 |
| | | | | ” | By Gariahat Branch Debtors a/c | | 18,000 |
| | | | | Dec.31 | By Stock Discrepancy a/c (Balancing figure) | | 150 |
| | | | | Dec.31 | By Balance c/d | | 5,250 |
| | | | 49,020 | | | | 49,020 |
| 1999 | | | | | | | |
| Jan.1 | To Balance b/d | | 5,250 | | | | |

**Gariahat Branch Debtors A/c**

Dr. **Cr.**

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1998 | | | | 1999 | | | |
| Jan.1 | To Balance b/d | | 1,652 | Jan. | By Branch cash a/c (Collection from Debtors) | | 17,156 |
| | To Gariahat Branch Stock a/c | | 18,000 | | By Branch Expenses A/c<br>Discount 452<br>Bad debts 149 | | 601 |
| | | | | Dec.31 | By Balance c/d | | 1,895 |
| | | | 19,652 | | | | 19,652 |
| 1999 | | | | | | | |
| Jan.1 | To Balance b/d | | 1,895 | | | | |

### Gariahat Branch Adjustment A/c

Dr. **Cr.**

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| 1998 | | | | 1998 | | | |
| Dec.31 | To Stock Reserve a/c (load on closing stock) | | 1,750 | Jan.1 | By Stock Reserve a/c (load on opening stock) | | 1,340 |
| Dec.31 | To Goods sent to Branch a/c (Load on Returns) | | 140 | Dec.31 | By Goods & Sent to Branch a/c (Load on goods sent) | | 15,000 |
| Dec.31 | To Stock Discrepancy a/c | | 50 | | | | |
| Dec.31 | To Gariahat Branch Profit & Loss a/c (Gross profit transferred) | | 14,400 | | | | |
| | | | 16,340 | | | | 16,340 |

### Goods Sent to Branch A/c

Dr. **Cr.**

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **Rs.** | | | | **Rs.** |
| 1998 | | | | 1999 | | | |
| | To Gariahat Branch Stock a/c (Returns) | | 420 | Jan.1 | By Gariahat Branch Stock a/c (Goods sent) | | 45,000 |
| Dec.31 | To Gariahat Branch Adjustment a/c (Load on goods sent) | | 15,000 | Dec.31 | By Gariahat Branch Adjustment a/c (Load on Returns) | | 140 |
| Dec.31 | To General Trading a/c (balance transferred) | | 29,720 | | | | |
| | | | 45,140 | | | | 45,140 |

**Stock Reserve A/c**

Dr. Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1998 | | | | 1998 | | | |
| Jan.1 | To Gariahat Branch Adjustment a/c (Transfer) | | 1,340 | Jan.1 | By Balance b/d | | 1,340 |
| Dec.31 | To Balance c/d | | 1,750 | Dec.31 | By Gariahat Branch Adjustment a/c (Transfer) | | 1,750 |
| | | | 3,090 | | | | 3,090 |
| | | | | 1999 Jan 1 | By Balance b/d | | 1,750 |

**Branch Expenses A/c**

Dr. Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1998 | | | | 1998 | | | |
| Dec.31 | To Gariahat Branch Debtors a/c : Discount 452 Bad Debts 149 | | 601 | Dec.31 | By Gariahat Branch Profit and Loss a/c —(transfer) | | 601 |
| | | | 601 | | | | 601 |

**Gariahat Branch Profit and Loss A/c**

Dr. Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1998 | | | | 1998 | | | |
| Dec.31 | To Branch Expenses a/c Discount 452 Bad debts 149 | | 601 | Dec.31. | By Gariahat Branch Adjustment a/c : (Gross profit transferred) | | 14,400 |
| Dec.31 | To Stock Discrepancy a/c | | 100 | | | | |
| Dec.31 | To General Profit and Loss a/c (Balance transferred) | | 13,699 | | | | |
| | | | 14,400 | | | | 14,400 |

**Stock Discrepency A/c**

Dr. **Cr.**

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1998 | | | | 1998 | | | |
| Dec.31 | To Gariahat Branch Stock a/c | | 150 | Dec.31 | By Gariahat Branch Adjustment a/c (Load) | | 50 |
| | | | | Dec.31 | By Gariahat Branch Profit & Loss a/c (Balance transferred) | | 100 |
| | | | 150 | | | | 150 |

## ৮৯.৫ স্বনির্ভর শাখার হিসাবরক্ষণ [Accounting Procedure for Independent Branch]

এই ক্ষেত্রে শাখাকে অন্যান্য স্বতন্ত্র কারবারের মতই গণ্য করা হয়। অর্থাৎ শাখা হেড অফিস থেকে পণ্য প্রাপ্তি ছাড়াও আলাদাভাবে পণ্য ক্রয় করতে পারে। শাখার দৈনন্দিন খরচের জন্য হেড অফিস থেকে অর্থ প্রেরণ করবার প্রয়োজন হয় না। শাখা প্রয়োজনীয় খরচপত্র তার নিজস্ব তহবিল থেকে খরচ করতে পারে। হেড অফিসের প্রয়োজন থাকলে বা শাখার উদ্বৃত্ত অর্থ থাকলে তা হেড অফিসকে প্রেরণ করা হয়। একইভাবে, শাখার নগদ অর্থের ঘাটতি থাকলে হেড অফিস শাখাকে নগদ অর্থ প্রেরণ করবে।

পূর্বে আলোচিত শাখা সংক্রান্ত হিসাবরক্ষণের তুলনায় এই ধরনের শাখার হিসাবরক্ষণের বৈশিষ্ট্য এই যে, শাখা হেড অফিসের মতই সম্পূর্ণ তকরারি পদ্ধতিতে হিসাবরক্ষণ করে। এর ফলে বৎসরান্তে শাখা রেওয়ামিল প্রস্তুত করে তার নিজস্ব ট্রেডিং ও লাভ-লোকসানের হিসাব প্রস্তুত করতে পারে। শাখা সাধারণত উদ্বর্তপত্র প্রস্তুত করে না। তার পরিবর্তে হেড অফিস তার নিজস্ব হিসাব ও শাখা সংক্রান্ত হিসাবের জন্য একটি সংবদ্ধ উদ্বর্তপত্র (Consolidated Balance Sheet) প্রস্তুত করে।

এই ক্ষেত্রে হেড অফিসের হিসাবের সঙ্গে শাখার হিসাবের সংযোগ রক্ষার উদ্দেশ্যে হেড অফিসের খতিয়ানে একটি শাখা সংক্রান্ত হিসাব (Branch Account) এবং শাখার খতিয়ান একটি হেড অফিস সংক্রান্ত হিসাব (Head Office Account) রক্ষা করা হয়। এই হিসাবগুলিতে দাখিলা পদ্ধতি অন্য একটি স্বতন্ত্র কারবারের সঙ্গে লেনদেনের মতই। অর্থাৎ প্রেরিত পণ্যের জন্য হেড অফিস শাখা সংক্রান্ত হিসাবকে Debit করবে এবং পণ্য ফেরত, নগদ অর্থ প্রাপ্তি ইত্যাদির জন্য শাখা সংক্রান্ত হিসাবকে Credit করবে। একইভাবে শাখা এই লেনদেনগুলির জন্য হেড অফিস সংক্রান্ত হিসাবে বিপরীত দাখিলা করবে। এর ফলে কোনো একটি নির্দিষ্ট সময়ে হেড অফিসের খতিয়ানে শাখা সংক্রান্ত হিসাবের যে জের থাকবে, শাখার খতিয়ানে হেড অফিস সংক্রান্ত হিসাবের ঠিক একই বিপরীত জের থাকবে।

● **হেড অফিসের হিসাবের সঙ্গো শাখার হিসাবের মিলকরণ (Reconciliation of Head Office Account with the Branch Account) :** অনেক ক্ষেত্রে অবশ্য হেড অফিস সংক্রান্ত হিসাবের জেরের সঙ্গো শাখা সংক্রান্ত হিসাবের জেরের গড় মিল লক্ষ্য করা যায়। এই গড়মিল নিম্নলিখিত কারণে হতে পারে :

**(১) পরিবহণকালীন পণ্য (Goods-in-Transit) :** হেড অফিস শাখাকে পণ্য প্রেরণ করবার সঙ্গো সঙ্গোই শাখা সংক্রান্ত হিসাবকে Debit করে, কিন্তু হিসাবকালের মধ্যে এই পণ্য শাখায় না পাওয়া গেলে শাখা হেড অফিস সংক্রান্ত হিসাবকে Credit করে না। এর ফলে এই দুইটি হিসাবের গরমিল হবে।

**(২) পরিবহণকালীন নগদ (Cash-in-Transit) :** একই রকমভাবে শাখা হেড অফিসে নগদ অর্থ প্রেরণ করবার সঙ্গো সঙ্গোই হেড অফিস সংক্রান্ত হিসাবকে Debit করে, কিন্তু হিসাবকালের মধ্যে এই অর্থ হেড অফিসে না পৌঁছিলে হেড অফিস শাখা সংক্রান্ত হিসাবকে Credit করে না। এর ফলে এই দুইটি হিসাবের গরমিল হবে।

এই গরমিলের মিলকরণ করতে হলে হেড অফিস বা শাখা—যে কোনো একটি পক্ষ, এর জন্য নিম্নরূপ মিলকরণ দাখিলা করবে ঃ

(১)যদি হেড অফিস মিলকরণ দাখিলা করে, তার জন্য জাবেদা :

Cash-in-Transit ............. Dr.
Goods-in Transit ........... Dr.
To Branch A/c

(২)যদি শাখা মিলকরণ দাখিলা করে, তার জন্য জাবেদা :

Cash-in-Transit ............... Dr.
Goods-in-Transit ............. Dr.
To Head Office A/c

● **শাখার স্থায়ী সম্পত্তির হিসাবরক্ষণ ও কতিপয় অন্যান্য বিষয় :**

[ Accounting to Branch-fixed assets and some other related matters]

(১) **স্থায়ী সম্পত্তির হিসাবরক্ষণ ঃ** যদিও শাখা তকরারি পদ্ধতিতে সম্পূর্ণ হিসাবরক্ষণ করে, অনেক ক্ষেত্রে শাখার স্থায়ী সম্পত্তির হিসাব হেড অফিস রক্ষা করে। এই সংক্রান্ত লেনদেনের জন্য হেড অফিস ও শাখা নিম্নলিখিত জাবেদা দাখিলা করবে :

(ক) শাখার স্থায়ী সম্পত্তি ক্রয়ের জন্য শাখা যদি অর্থ প্রদান করে :

| | | |
|---|---|---|
| (i) এর জন্য হেড অফিসের জাবেদা | : | Branch Fixed Assets A/c Dr.<br>To Branch A/c |
| (ii) এর জন্য শাখার জাবেদা | : | Head Office A/c Dr.<br>To Cash/Bank A/c |

(খ) স্থায়ী সম্পত্তির অবচয়ের জন্য :

| | | |
|---|---|---|
| (i) হেড অফিসের জাবেদা | : | Branch A/c Dr.<br>To Branch Fixed Asset A/c |
| (ii) শাখার জাবেদা | : | Depreciation A/c .... Dr.<br>To Head Office A/c |

(২) **আন্তঃশাখা লেনদেন [Inter-Branch Transactions] :** যে সমস্ত প্রতিষ্ঠানের একাধিক শাখা থাকে, অনেকক্ষেত্রে এই শাখাগুলি সরাসরি লেনদেন করে। উদাহরণস্বরূপ ধরা যাক, কলকাতার একটি প্রতিষ্ঠানের দুইটি শাখা আছে—দুর্গাপুর শাখা ও চন্দননগর শাখা।

চন্দননগর শাখা দুর্গাপুর শাখাকে সরাসরি কিছু পণ্য সরবরাহ করে। এর জন্য হেড অফিস, চন্দননগর শাখা ও দুর্গাপুর শাখা নিম্নরূপ জাবেদা দাখিলা করবে :

| | | |
|---|---|---|
| (ক) হেড অফিসের জাবেদা | : | Durgapur Branch A/c Dr.<br>To Chandan Nagar Branch A/c |
| (খ) চন্দননগর শাখার জাবেদা | : | Head office A/c Dr.<br>To Goods Supplied to Branch A/c |
| (গ) দুর্গাপুর শাখার জাবেদা | : | Goods from Head Office A/c Dr.<br>To Head Office A/c |

(৩) **হেড অফিস ও শাখার মধ্যে খরচের বণ্টন (Allocation of Expenses between Head Office and Branch) :** অনেক ক্ষেত্রে পরিচালন সংক্রান্ত ও অন্যান্য খরচ হেড অফিস ও শাখার মধ্যে বণ্টনের প্রয়োজন হয়। এই খরচগুলি হেড অফিস প্রদান করে, কিন্তু পরবর্তী সময়ে প্রযোজ্য অংশ শাখাকে ধার্য করে। এর জন্য নিম্নলিখিত জাবেদার প্রয়োজন :

| | | |
|---|---|---|
| (i) হেড অফিসের জাবেদা | : | Branch A/c ...... Dr.<br>To Relevant Expenses A/c |
| (ii) শাখার জাবেদা | : | Relevant Expenses A/c ..... Dr.<br>To Head Office A/c |

● **হেড-অফিসের বইতে শাখার রেওয়ামিলের সংযুক্তিকরণ (Incorporation of Branch Trial balance in the Books of Head Office) :**

যদিও স্বনির্ভর শাখা সম্পূর্ণ তকরারি পদ্ধতিতে হিসাবরক্ষণ করার ফলে রেওয়ামিল প্রস্তুত করতে পারে এবং চূড়ান্ত হিসাব প্রস্তুত করতে পারে, কারবারের শেয়ারহোল্ডার ও পাওনাদারদের সুবিধার্থে হেড অফিসকে একটি সংবদ্ধ উদ্বর্তপত্র প্রস্তুত করতে হয়। এর প্রাথমিক পদক্ষেপ হিসাবে হেড অফিসের বইতে শাখার রেওয়া মিলের সংযুক্তিকরণ করতে হয়। এই সংযুক্তিকরণের দুইটি পদ্ধতি আছে।

**(ক) প্রথম পদ্ধতি :** এই পদ্ধতি অনুযায়ী প্রথমে লাভ-লোকসানজনিত হিসাবগুলির সংযুক্তিকরণ (Incorporation of Revenue Accounts) করা হয়। ইহার জন্য নিম্নলিখিত জাবেদাগুলি করতে হবে ঃ

| | | |
|---|---|---|
| (১) ট্রেডিং হিসাব সম্পর্কিত খরচগুলির জন্য<br>(Op. stock, purchases, wages etc.) | : | Branch Trading A/c .... Dr.<br>To Branch A/c |
| (২) ট্রেডিং হিসাব সম্পর্কিত আয়গুলির জন্য<br>(Cl. stock, sales etc.) | : | Branch A/c ..... Dr.<br>To Branch Trading A/c |
| (৩) মোট মুনাফার (Gross Profit) জন্য<br>[মোট লোকসান হলে বিপরীত দাখিলা হবে] | : | Branch Trading A/c ..... Dr.<br>To Branch Profit & Loss A/c. |
| (৪) লাভ-লোকসান সম্পর্কিত খরচগুলির জন্য<br>(Rent, Salaries, depreciation etc.) | : | Branch Profit & Loss A/c .... Dr.<br>To Branch A/c |
| (৫) লাভ-লোকসান সম্পর্কিত আয়গুলির জন্য<br>(Miscellaneous Incomes, discount received) | : | Branch A/c ...... Dr.<br>To Branch Profit & Loss A/c |
| (৬) নীট লাভের জন্য<br>(নীট লোকসান হলে বিপরীত দাখিলা হবে) | : | Branch Profit and Loss A/c ... Dr.<br>To General Profit & Loss A/c. |

উপরিউল্লিখিত জাবেদাগুলির সাহায্যে ট্রেডিং ও লাভ লোকসান সম্পর্কিত হিসাবগুলির সংযুক্তিকরণ করা হলে হেড অফিস সহজেই সংবন্ধ ট্রেডিং ও লাভ-লোকসান হিসাব প্রস্তুত করতে পারবে। এর পরে শাখার খতিয়ান সম্পূর্ণভাবে বন্ধ করতে হলে সম্পত্তি ও দায় সংক্রান্ত হিসাবগুলিকে হেড অফিসের বইতে সংযুক্তিকরণ করতে হবে। এর জন্য নিম্নলিখিত জাবেদা দাখিলার প্রয়োজন :

| | | |
|---|---|---|
| (৭) সম্পত্তিগুলির সংযুক্তিকরণের জন্য | : | Sundry Branch Assets A/c ... Dr.<br>To Branch A/c |
| (৮) দায়গুলির সংযুক্তিকরণের জন্য | : | Branch A/c ... Dr.<br>To Sundry Liabilities A/c |

এই সংযুক্তিকরণ দাখিলাগুলি করবার ফলে হেড অফিসের বইতে শাখা সংক্রান্ত হিসাবের কোনো জের থাকবে না।

অনেকক্ষেত্রে হেড অফিস শাখার সম্পত্তি ও দায়ের সংযুক্তিকরণের দাখিলা নাও করতে পারে। সেইক্ষেত্রে হেড অফিসের বইতে শাখা সংক্রান্ত হিসাবের যে জের থাকবে তা শাখার মোট সম্পত্তি ও মোট দায়ের পার্থক্যের সমান হবে এবং এই জেরকে সংবন্ধ উর্দ্বতপত্রে প্রদর্শন করতে হবে।

**(খ) দ্বিতীয় পদ্ধতি :** এই পদ্ধতিতে ট্রেডিং ও লাভ-লোকসান হিসাবের প্রত্যেকটি খরচ ও আয়কে আলাদাভাবে সংযুক্তিকরণ করা হয় না। এর পরিবর্তে একটি স্মারক শাখাসংক্রান্ত ট্রেডিং ও লাভ-লোকসান হিসাব (Memorandum Branch Trading and Profit and Loss Account) প্রস্তুত করা হয় এবং শুধুমাত্র এই হিসাবের জেরকে সংযুক্তিকরণ করা হয়। তার জন্য নিম্নলিখিত জাবেদা দাখিলা করতে হবে ঃ

| | | |
|---|---|---|
| (১) স্মারক শাখা সংক্রান্ত ট্রেডিং ও লাভ-লোকসান হিসাবের জের নীট লাভ প্রদর্শন করলে | : | Branch A/c ... Dr.<br>To General Profit & Loss A/c |
| (২) এই হিসাবের জের নীট লোকসান প্রদর্শন করলে | : | General Profit and Loss A/c ... Dr.<br>To Branch A/c. |

ট্রেডিং ও লাভ-লোকসান সংক্রান্ত হিসাবগুলিকে এইভাবে সংযুক্তিকরণ করবার পরে সম্পত্তি ও দায় সংক্রান্ত হিসাবগুলিকে প্রথম পদ্ধতির মতই সংযুক্তিকরণ করতে হবে।

● **শাখার বইতে সমাপ্তি দাখিলা (Closing Entries in the Books of Branch) :** হেড অফিসের বইতে সংযুক্তিকরণ দাখিলা করবার সঙ্গে সঙ্গে শাখার হিসাবগুলিকে বন্ধ করতে হবে এবং এর জন্য সমাপ্তিকরণ দাখিলা করতে হবে। এর জন্য নিম্নলিখিত যে কোনো একটি পদ্ধতি অনুসরণ করা যেতে পারে।

**প্রথম পদ্ধতি ঃ** এই পদ্ধতিতে সমস্ত খরচ, আয়, সম্পত্তি ও দায়গুলির জন্য পৃথকভাবে দাখিলা করতে হবে :

| | | |
|---|---|---|
| (১) ট্রেডিং ও লাভ-লোকসান হিসাব সংক্রান্ত খরচগুলির জন্য<br>(Op. Stock, purchases, goods from H.O. and other expenses) | : | Head Office A/c ..... Dr.<br>To Relevent Expenses |
| (২) ট্রেডিং ও লাভ-লোকসান হিসাব সংক্রান্ত আয়গুলির জন্য<br>(Sales, Closing stock, discount earned and other incomes) | : | Relevant Incomes A/c .... Dr.<br>To Head Office A/c |
| (৩) সম্পত্তিগুলির জন্য | : | Head Office A/c .... Dr.<br>To Sundry Assets A/c |

(৪)দায়গুলির জন্য : Sundry Liabilities A/c .... Dr.
To Head Office A/c

**দ্বিতীয় পদ্ধতি :** এই পদ্ধতিতে খরচ ও আয়গুলির জন্য পৃথকভাবে দাখিলা না করে একটি স্মারক শাখা সংক্রান্ত ট্রেডিং ও লাভ-লোকসান হিসাব প্রস্তুত করা হবে এবং এই হিসাবের জেরের জন্য নিম্নলিখিত দাখিলা করা হবে :

(১)এই জেরটি লাভ প্রদর্শন করলে : Profit and Loss A/c ... Dr.
To Head Office A/c

(২)এই জের লোকসান প্রদর্শ করলে : Head Office A/c ... Dr.
To Profit and Loss A/c

সম্পত্তি ও দায়গুলির জন্য প্রথম পদ্ধতির মতই দাখিলা করতে হবে। উল্লেখ করা যেতে পারে যে, শাখা যদি সম্পত্তি ও দায় সংক্রান্ত হিসাবগুলির জন্য সমাপ্তি দাখিলা করে তাহলে হেড অফিস সংক্রান্ত হিসাবের কোনো জের থাকবে না। কিন্তু সম্পত্তি ও দায় সংক্রান্ত হিসাবগুলির জন্য সমাপ্তি দাখিলা না করলে হেড অফিস সংক্রান্ত হিসাবের জের থাকবে এবং এই জেরটি শাখার মোট সম্পত্তি ও দায়ের পার্থক্যের সমান হবে।

**উদাহরণ ৬ :** কলকাতার একটি হস্তশিল্প প্রস্তুতকারক সংস্থার দিল্লী ও আন্দামান শাখার ৩১ ডিসেম্বর ১৯৯৯ বৎসরান্তের নিম্নলিখিত লেনদেনগুলির জন্য হেড অফিস ও শাখার বইতে দাখিলা করো।

(ক) দিল্লী শাখা হেড অফিসকে 5,000 টাকা প্রেরণ করে যা হেড অফিস পরবর্তী বৎসরের 9 তারিখ পায়।

(খ) হেড অফিসের নির্দেশে দিল্লী শাখা আন্দামান শাখাকে 6,000 টাকার পণ্যও প্রেরণ করে।

(গ) দিল্লী শাখা হেড অফিসের ক্রয়ের জন্য দোকানদারগণের নিকট থেকে 2,000 টাকা সংগ্রহ করে।

(ঘ) আন্দামান শাখা হেড অফিসের ক্রয়ের জন্য 5,000 টাকা প্রদান করে।

(ঙ) শাখা সংক্রান্ত স্থায়ী সম্পত্তির হিসাব হেড অফিস রক্ষা করে এবং অবচিতির জন্য দিল্লী শাখাকে 3,000 টাকা ও আন্দামান শাখাকে 1,500 টাকা ধার্য করে।

(চ) হেড অফিস দিল্লী শাখাকে 6,000 টাকার পণ্য প্রেরণ করে কিন্তু শাখা এই পণ্য পরবর্তী বৎসরের ৩ তারিখ পায়।

সমাধান :

**Books of Head Office**

**Journal** **Dr.** **Cr.**

| Date | Particulars | L.F. | Amount | Amount |
|---|---|---|---|---|
| | | | **Rs.** | **Rs.** |
| 1999 | | | | |
| Dec.31 | Cash-in-Transit A/c Dr. | | 5,000 | |
| | To Delhi Branch A/c* | | | 5,000 |
| | (Cash sent by Branch but still in transct) | | | |
| ” | Andaman Branch A/c Dr. | | 6,000 | |
| | To Delhi Branch A/c | | | 6,000 |
| | (Goods sent by Delhi Branch to Andaman Branch under instruction from Head Office) | | | |
| ” | Delhi Branch A/c Dr. | | 2,000 | |
| | To Debtors A/c | | | 2,000 |
| | (Collection from Debtors by Branch) | | | |
| ” | Purchases A/c Dr. | | 5,000 | |
| | To Andaman Branch A/c | | | 5,000 |
| | (Goods purchased but paid by Andaman Branch) | | | |
| ” | Delhi Branch A/c Dr. | | 3,000 | |
| | Andaman Branch A/c Dr. | | 1,500 | |
| | To Delhi Branch Fixed Asset A/c | | | 3,000 |
| | To Andaman Branch Fixed Asset A/c | | | 1,500 |
| | (Depreciation on Branch Fixed Asset) | | | |
| ” | Goods-in-Transit A/c Dr. | | 6,000 | |
| | To Delhi Branch A/c* | | | 6,000 |
| | (Goods sent to Branch but still in Transit) | | | |

**Books of Andaman Branch**

**Journal** **Dr.** **Cr.**

| Date | Particulars | L.F. | Amount | Amount |
|---|---|---|---|---|
| | | | Rs. | Rs. |
| 1999<br>Dec.31 | Goods from Head Office A/c Dr.<br>To Head Office A/c<br>(Goods received from Delhi Branch) | | 6,000 | 6,000 |
| ” | Head Office A/c Dr.<br>To Cash A/c<br>(Cash paid for head office purchases) | | 5,000 | 5,000 |
| ” | Depreciation A/c Dr.<br>To Head Office A/c<br>(Depreciation of fixed assets maintained in Head Office books) | | 1,500 | 1,500 |

**Books of Andaman Branch**

**Journal** **Dr.** **Cr.**

| Date | Particulars | L.F. | Amount | Amount |
|---|---|---|---|---|
| | | | Rs. | Rs. |
| 1999<br>Dec.31 | Head Office A/c Dr.<br>To Goods supplied to Branch A/c<br>(Goods sent to Andaman Branch as per instruction from Head Office) | | 6,000 | 6,000 |
| ” | Cash A/c Dr.<br>To Head Office A/c<br>(Cash received from Head Office Debtors) | | 2,000 | 2,000 |
| ” | Depreciation A/c Dr.<br>To Head Office A/c<br>(Depreciation of fixed assets maintained in Head Office books) | | 3,000 | 3,000 |

* মন্তব্য : পরিবহণকালীন অর্থ ও পণ্যের জন্য হেড অফিসের বইতে দাখিলা করার জন্য শাখার বইতে দাখিলার প্রয়োজন নাই।

**উদাহরণ ৭** : 31শে ডিসেম্বর 1999 বৎসরান্তে কানপুর শাখার রেওয়ামিলটি নিম্নে প্রদত্ত হল :

| | Dr. Rs. | Cr. Rs. |
|---|---|---|
| Furniture | 1,400 | |
| Cash at Bank and in hand | 1,780 | |
| Office Expenses | 470 | |
| Rent | 960 | |
| Debtors and creditors | 3700 | 1850 |
| Salaries | 1500 | |
| Goods Supplied to H.O | — | 6,000 |
| Sales | | 38,000 |
| Goods received from H.O | 8,000 | |
| Purchases | 18,800 | |
| Stock (1st January) | 6,000 | |
| H.O. Account | 3,240 | |
| | 45,850 | 45,850 |

**অন্যান্য বিবরণ :**

(১) অন্তিম পণ্যের মূল্য 2700 টাকা ;

(২) হেড অফিসের বইতে শাখা সংক্রান্ত হিসাবের জের (৩১.১২.৯৯) টাকা 460 (Dr.)

(৩) পরিবহণকালীন পণ্য : হেড অফিস কর্তৃক শাখাকে প্রেরিত পণ্য 2,500 টাকা ;

(৪) পরিবহণকালীন নগদ অর্থ : শাখা কর্তৃক হেড অফিসে প্রেরিত অর্থ 1200 টাকা ;

(৫) অনাদায়ী বকেয়ার জন্য 2% ও অবচিতির জন্য 10% সংস্থান করতে হবে।

উপরিউক্ত বিবরণগুলি থেকে হেড অফিসের বইতে শাখার রেওয়ামিলের সংযুক্তিকরণ কর এবং শাখা সংক্রান্ত হিসাব প্রস্তুত কর।

সমাধান :

**Books of Head Office**

**Journal** Dr. Cr.

| Date | Particulars | L.F. | Amount | Amount |
|---|---|---|---|---|
| | | | **Rs.** | **Rs.** |
| 1999<br>Dec.31 | Goods-in-Transit A/c Dr.<br>To Kanpur Branch A/c<br>(Goods sent to Kanpur Branch, but still in transit) | | 2,500 | <br>2,500 |
| ,, | Cash-in-Transit A/c Dr.<br>To Kanpur Branch A/c<br>(Cash sent by Kanpur Branch, but still in transit) | | 1,200 | <br>1,200 |
| ,, | Kanpur Branch Trading A/c Dr.<br>To Kanpur Branch A/c<br>(Incorporation of the following items :<br>Opening stock 6,000<br>Purchases 18,800<br>Goods from H.O 8,000<br>———<br>32,800) | | 32,800 | <br>32,800 |
| ,, | Kanpur Branch A/c Dr.<br>To Kanpur Branch Trading A/c<br>(Incorporation of the following items :<br>Sales 38,000<br>Goods supplied to H.O. 6,000<br>Closing stock 27,000<br>———<br>46,700) | | 46,700 | <br>46,700 |
| ,, | Kanpur Branch Trading A/c Dr.<br>To Kanpur Branch Profit and Loss A/c<br>[Branch gross profit transferred] | | 13,900 | <br>13,900 |

| | | | Dr. | Cr. |
|---|---|---|---|---|
| **Date** | **Particulars** | **L.F.** | **Amount** | **Amount** |
| | | | **Rs.** | **Rs.** |
| 1999 | | | | |
| ,, | Kanpur Branch Profit and Loss A/c Dr. | | 3,144 | |
| | To Kanpur Branch A/c | | | 3,144 |
| | (Incorporation of following items : | | | |
| | Office Expenses 470 | | | |
| | Rent 960 | | | |
| | Salaries 1,500 | | | |
| | Provision for doubtful debts 74 | | | |
| | Depreciation 140 | | | |
| | ——— | | | |
| | 3,144) | | | |
| ,, | Kanpur Branch Profit and Loss A/c | | 10,756 | |
| | To General Profit and Loss A/c | | | 10,756 |
| | (Branch Net Profit transferred to general P.L. A/c) | | | |
| ,, | Branch Furnitures A/c Dr. (1400-140) | | 1,260 | |
| | Branch Cash A/c Dr. | | 1,780 | |
| | Branch Debtors A/c Dr. | | 3,700 | |
| | Branch Stock A/c Dr. | | 2,700 | |
| | To Kanpur Branch A/c | | | 9,440 |
| | (Incorporation of Sundry Branch Assets) | | | |
| ,, | Kanpur Branch A/c Dr. | | 1924 | |
| | To Branch Creditors | | | 1850 |
| | To Provision for doubtful debts | | | 74 |
| | [Incorporation of Sundry Branch Liabilities] | | | |

**Kanpur Branch Trading and Profit and Loss A/c**
**for the year ended 31st Dec. 1999**

Dr | Cr.

| Particulars | | Amount | Particulars | | Amount |
|---|---|---|---|---|---|
| | | Rs. | | | Rs. |
| To Kanpur Branch : | | | By Kanpur Branch A/c : | | |
| Opening Stock | 6,000 | | Sales | 38,000 | |
| Purchases | 18,800 | | Goods supplied to H.O. | 6,000 | |
| Goods from H.O. | 8,000 | | Closing Stock | 2,700 | |
| | | 32,800 | | | 46,700 |
| To Gross Profit c/d | | 13,900 | | | |
| | | 46,700 | | | 46,700 |
| To Kanpur Branch A/c | | | By Gross Profit b/d | | 13,900 |
| Office Exps. | 470 | | | | |
| Rent | 960 | | | | |
| Salaries | 1,500 | | | | |
| Prov, for doubtful debts | 74 | | | | |
| Depreciation | 140 | | | | |
| | | 3,144 | | | |
| To Net profit transferred to General P & L A/c | | 10,756 | | | |
| | | 13,900 | | | 13,900 |

**Kanpur Branch A/c.**

Dr Cr.

| Date | Particulars | Amount | Date | Particulars | Amount |
|---|---|---|---|---|---|
| | | Rs. | | | Rs. |
| **1999** | | | **1999** | | |
| **Dec.31** | To Balance b/d | 460 | Dec.31 | By Goods-in-Transit | 2,500 |
| | To Kanpur Branch Trading A/c | 46,700 | | By Cash-in-Transit | 1,200 |
| | To Branch creditors A/c | 1,850 | | By Kanpur Branch Trading A/c | 32,800 |
| | To Provition for doubtful debts | 74 | | By Kanpur Branch Profit & Loss A/c | 3,144 |
| | | | | By Branch Assets A/c | 9,440 |
| | | 49,084 | | | 49,084 |

**বিকল্প পদ্ধতি :** এই পদ্ধতিতে যেহেতু শাখা সংক্রান্ত ট্রেডিং ও লাভ ক্ষতির হিসাবের প্রতিটি বিষয়কে আলাদা ভাবে সংযুক্তিকরণ করা হয় না, সই জন্য উপরিউল্লেখিত Branch Trading and Profit and Loss A/c-এর পরিবর্তে একটি Memorandum Branch Trading and Profit and Loss A/c প্রস্তুত করা হবে এবং শাখার নীট লাভের জন্য নিম্নলিখিত জাবেদা করতে হবে :

Kanpur Branch A/c. Dr. 10,756

এইক্ষেত্রে কানপুর শাখা সংক্রান্ত হিসাবটি নিম্নরূপ হবে :

**Kanpur Branch A/c**

Dr Cr.

| Date | Particulars | Amount | Date | Particulars | Amount |
|---|---|---|---|---|---|
| | | Rs. | | | Rs. |
| **1999** | | | **1999** | | |
| **Dec.31** | To Balance b/d | 460 | Dec.31 | By Goods-in-Transit | 2,500 |
| ,, | To General P&L A/c | 10,756 | | By Cash-in-Transit | 1,200 |
| | To Branch creditors A/c | 1,850 | | By Sundry Branch Assets A/c | 9,440 |
| | To Provision for bad and doubtful debt A/c | 74 | | | |
| | | 13,140 | | | 13,140 |

যদি শাখার সম্পত্তি ও দায়ের সংযুক্তিকরণ না করা হয়, তাহলে এই দাখিলাগুলির প্রয়োজন হবে না। সেই ক্ষেত্রে শাখা সংক্রান্ত হিসাবটি নিম্নরূপভাবে প্রস্তুত করা হবে এবং এই হিসাবের যে জের থাকবে তা শাখার মোট সম্পত্তি ও দায়ের পার্থক্যের সমান হবে।

**Kanpur Branch A/c**

Dr **Cr.**

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | | | | 1999 | | | |
| Dec.31 | To Balance b/d | | 460 | Dec.31 | By Goods-in-Transit | | 2,500 |
| „ | To General Profit & Loss A/c | | 10,756 | „ | By Cash-in-Transit | | 1,200 |
| | | | | „ | By Balance c/d | | 7,516 |
| | | | 11,216 | | | | 11,216 |

**মন্তব্য :** শাখার জেরের মিলকরণ :

| | | Rs. |
|---|---|---|
| Furniture (1400–140) | | 1,260 |
| Cash | | 1,780 |
| Debtors | | 3,700 |
| Stock | | 2,700 |
| Total Assets | | 9,440 |
| Less : | | |
| Creditors | 1,850 | |
| Provision | 74 | |
| | | 1,924 |
| Net Assets | | 7,516 |

**উদাহরণ ৮**·. কলকাতার একটি প্রতিষ্ঠানের শিলং শাখার রেওয়ামিলটি নিম্নে প্রদত্ত হল :

**Trial Balance of Shillong Branch**
**as at 31st Dec. 1999**

**Dr** **Cr.**

| Particulars | Amount | Particulars | Amount |
|---|---|---|---|
| | Rs. | | Rs. |
| Stock on 1st January | 8,200 | Creditors | 2,700 |
| Purchases | 12,800 | Sales | 34,500 |
| Wages | 6,500 | Head office | 14,000 |
| Manufacturing expenses | 3,000 | Discount | 150 |
| Rent | 1,700 | Purchase Returns | 300 |
| Salaries | 5,500 | | |
| Debtors | 4,000 | | |
| General Expenses | 2,000 | | |
| Gods received from Head office | 7,200 | | |
| Cash at Bank | 750 | | |
| | 51,650 | | 51,650 |

**অন্যান্য বিবরণ :**

(ক) শাখার অন্তিম পণ্য : 14,350 টাকা ;

(খ) হেড অফিস কর্তৃক রক্ষিত শাখার স্থায়ী সম্পত্তি : যন্ত্রপাতি 25,000 টাকা, আসবাবপত্র 1,000 টাকা ; সমস্ত স্থায়ী সম্পত্তির জন্য 10% অবচিতি ধার্য করতে হবে ;

(গ) বকেয়া খাজনা 150 টাকা ;

(ঘ) শাখা হেড অফিসকে 4000 টাকা প্রেরণ করে, কিন্তু হিসাবকালের মধ্যে তা পাওয়া যায় নাই।

এই বিবরণগুলি থেকে শাখার বইতে সমাপ্তি দাখিলা দেখাও এবং শিলং শাখা সংক্রান্ত হিসাব প্রস্তুত করো।

**Books of Shillong Branch**

**Journal** **Dr.** **Cr.**

| Date | Particulars | L.F. | Amount | Amount |
|---|---|---|---|---|
| | | | **Rs.** | **Rs.** |
| 1999 | | | | |
| Dec.31 | Depreciation A/c Dr. | | 2,600 | |
| | To Head Office A/c | | | 2,600 |
| | (Depreciation on Fixed Assets maintained at Head Office) | | | |
| ,, | Cash-in-Transit A/c. Dr. | | 4,000 | |
| | To Head Office A/c | | | 4,000 |
| | (Cash sent to Head Office, but still in transit) | | | |
| ,, | Rent A/c Dr. | | 150 | |
| | To Outstanding Rent A/c | | | 150 |
| | (Rent due) | | | |
| ,, | Head Office A/c Dr. | | 49,650 | |
| | To Opening Stock A/c | | | 8,200 |
| | To Purchases A/c | | | 12,800 |
| | To Wages A/c | | | 6,500 |
| | To Manufacturing Expenses A/c | | | 3,000 |
| | To Rent A/c | | | 1,850 |
| | To Salaries A/c | | | 5,500 |
| | To General Expenses A/c | | | 2,000 |
| | To Goods received from Head Office A/c | | | 7,200 |
| | To Depreciation A/c | | | 2,600 |
| | [Transfer of Sundry Expenses items] | | | |

*(Cont............)*

| Date | Particulars | | L.F. | Dr. Amount | Cr. Amount |
|---|---|---|---|---|---|
| | | | | Rs. | Rs. |
| 1999 | | | | | |
| ,, | Sales A/c | Dr. | | 34,500 | |
| | Purchase Returns A/c | Dr. | | 300 | |
| | Closing Stock A/c | Dr. | | 14,350 | |
| | Discount A/c | Dr. | | 150 | |
| | To Head Office A/c | | | | 49,300 |
| | [Trnsfer of Sundry revenue items] | | | | |
| | Head Office A/c | Dr. | | 23,100 | |
| | To Debtors A/c | | | | 4,000 |
| | To Cash at Bank A/c | | | | 750 |
| | To Cash-in-Transit | | | | 4,000 |
| | To Closing Stock | | | | 14,350 |
| | [Transfer of Sundry Assets] | | | | |
| ,, | Creditors A/c | Dr. | | 2,700 | |
| | Outstanding Rent A/c | Dr. | | 150 | |
| | To Head Office A/c | | | | 2,850 |
| | (Transfer of Sundry Liabilities) | | | | |

**Head Office A/c.**

Dr. Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| 1999 | | | | 1999 | | | |
| Dec.31 | To Sundry Expenses A/c | | 49,650 | Dec.31 | By Balance b/d | | 14,000 |
| „ | To Sundry Aaaest A/c | | 23,100 | „ | By Cash-in-Transit A/c | | 4,000 |
| | | | | „ | By Sundry Revernues A/c | | 49,300 |
| | | | | | By Depreciation A/c | | 2,600 |
| | | | | | By Sundry Liabilities | | 2,850 |
| | | | 72,750 | | | | 72,750 |

## ৮৯.৬ বৈদেশিক শাখার হিসাবরক্ষণ [Accounting Procedure of Foreign Branch]

অন্তর্দেশীয় স্বনির্ভর শাখার মতো এই ধরনের শাখা সাধারণত তকরারি পদ্ধতিতে নিজস্ব হিসাব রক্ষা করে থাকে। সেইজন্য এর হিসাবরক্ষণ প্রণালী স্বনির্ভর শাখার মতই। অর্থাৎ, শাখা স্থানীয় মুদ্রায় হিসাব রক্ষণ করবে এবং রেওয়া মিল প্রস্তুত করবে। কিন্তু, যেহেতু হেড অফিসের হিসাব ও শাখার হিসাব ভিন্ন মুদ্রায় রাখা হয়, সেই জন্য শাখার রেওয়া মিল হেড অফিসের বইতে সংযুক্তিকরণ করতে হলে প্রথমে দেশীয় মুদ্রায় রূপান্তর করতে হবে। এই মুদ্রা রূপান্তরের জন্য নিম্নলিখিত নীতিগুলি অনুসরণ করা হয় :

(১) স্থায়ী সম্পত্তির পরিমাণকে দেশীয় মুদ্রায় রূপান্তর করতে হলে নিম্নলিখিত যে কোনো একটি দিনের মুদ্রা বিনিময় হারকে (Exchange Rate) ধরা হবে ঃ (ক) সম্পত্তি ক্রয়ের চুক্তির দিন ; (২) সম্পত্তির দখল যে দিন পাওয়া যায়, অথবা (গ) যে দিন মূল্য পরিশোধ করা হয়।

(২) স্থায়ী দায়কে দেশীয় মুদ্রায় রূপান্তরের জন্য দায় গ্রহণের চুক্তির দিন অথবা পরিশোধের দিনে প্রযোজ্য বিনিময় হারকে ধরা হবে।

(৩) চলতি সম্পত্তি ও দায়কে দেশীয় মুদ্রায় রূপান্তর করবার জন্য উদ্বর্তপত্র প্রস্তুতকরণের দিনে প্রযোজ্য বিনিময় হারকে ধরা হবে।

(৪) আয়-ব্যয় সংক্রান্ত হিসাবগুলির জন্য বৎসরের প্রারম্ভিক ও অন্তিম দিনের গড় বিনিময় হারকে ধরা হবে।

(৫) হেড অফিসের বইতে শাখা সংক্রান্ত হিসাবের যে জের থাকবে তা হেড অফিসের বইতে সংযুক্তি করণের জন্য উক্ত অঙ্কেই প্রদর্শন করতে হবে।

(৬) হেড অফিস কর্তৃক শাখায় প্রেরিত পণ্যকে হেড অফিসের ক্রয়মূল্যে বা জায়মূল্যে প্রদর্শন করতে হবে।

(৭) প্রারম্ভিক ও অন্তিম পণ্যকে যথাক্রমে প্রারম্ভিক ও অন্তিম দিনের প্রযোজ্য বিনিময় হারে রূপান্তর করা হবে।

(৮) শাখা কর্তৃক প্রেরিত অর্থকে প্রকৃত বিনিময় মূল্যে প্রদর্শন করতে হবে।

(৯) অবচিতিকে স্থায়ী সম্পত্তির উপর প্রযোজ্য বিনিময় হারে প্রদর্শন করতে হবে।

(১০) উপরিউক্ত নীতি অনুযায়ী শাখার রেওয়ামিলকে দেশীয় মুদ্রায় রূপান্তর করবার পরে রেওয়ামিলে কোনো পার্থক্য থাকলে তাকে "বিনিময় হার সংক্রান্ত পার্থক্য" (Difference in Exchanges) বলে ধরা হবে এবং এই অঙ্ককে লাভ-লোকসান হিসাবে স্থানান্তরিত করতে হবে, অথবা Exchange Provision Account-এ স্থানান্তরিত করতে হবে।

**উদাহরণ ৯** : কলকাতার একটি প্রতিষ্ঠানের বাংলাদেশ শাখার রেওয়া মিলটি নিম্নে প্রদত্ত হল :

Trial Balance of Bangladesh Branch
as at 31.12.99

| Particulars | Dr. Amount | Cr. Amount |
|---|---|---|
| | **Taka** | **Taka** |
| Furniture and Fixture | 10,000 | |
| Plant and Machinery | 12,000 | |
| Opening Stock | 2,000 | |
| Goods Purchased | 18,000 | |
| Goods from H.O. | 5,000 | |
| Wages | 1,900 | |
| Salaries | 2,400 | |
| Printing and Stationery | 300 | |
| Rent | 1,000 | |
| Sales | | 28,000 |
| Head Office A/c | | 26,000 |
| Sundry Creditors | | 900 |
| Sundry Debtors | 1,500 | |
| Cash in hand | 800 | |
| Total | 54,900 | 54,900 |

**অন্যান্য বিবরণ :** (১) শাখায় অন্তিম পণ্যের মূল্য Take 17,000

(২) হেড অফিসের বইতে শাখা সংক্রান্ত হিসাবের জের Rs. 20,000

(৩) বিভিন্ন তারিখে প্রযোজ্য বিনিময় হার নিম্নরূপ :

| | |
|---|---|
| স্থায়ী সম্পত্তির জন্য : | Re. 1 = Taka 1.50 |
| জানুয়ারী ১ তারিখে বিনিময় হার | Re. 1 = Taka .92 |
| ডিসেম্বর ৩১ তারিখে বিনিময় হার | Re. 1 = Taka .90 |
| গড় বিনিময় হার | Re. 1 = Taka 1.10 |

(৪) স্থায়ী সম্পত্তির উপর 10% অবচিতি ধার্য করতে হবে।

উপরিউল্লিখিত বিবরণগুলি থেকে হেড অফিসের বইতে বাংলাদেশ শাখা সংক্রান্ত, হিসাব প্রস্তুত করো।

সমাধান :

**Books of Head Office**
**Bangladesh Trial Balance**

| Particulars | Dr. | Cr. | Rate | Dr. | Cr. |
|---|---|---|---|---|---|
| | Taka | Taka | Taka | Rs. | Rs. |
| Furniture and Fixtures | 10,000 | | 1·50 | 6,667 | |
| Plant and Machinery | 12,000 | | 1·50 | 8,000 | |
| Opening Stock | 2,000 | | ·92 | 2,174 | |
| Purchases | 18,000 | | 1·10 | 16,364 | |
| Goods from H.O. | 5,000 | | *1·10 | 4,545 | |
| Wages | 1,900 | | 1·10 | 1,727 | |
| Salaries | 2,400 | | 1·10 | 2,182 | |
| Printing and Stationery | 300 | | 1·10 | 273 | |
| Rent | 1,000 | | 1·10 | 909 | |
| Sales | | 28,000 | 1·10 | | 25,455 |
| Het Office A/c | | 26,000 | — | | 20,000 |
| Sundry Creditors | | 900 | ·90 | | 1,000 |
| Sundry Debtors | 1,500 | 90 | | 1,667 | |
| Cash in hand | 800 | | ·90 | 889 | |
| Difference in Exchange (Balancing figure) | | | | 1,058 | |
| | 54,900 | 54,900 | | 46,455 | 46,455 |

**Bangladesh Branch Trading and Profit and Loss A/c as at 31.12.1999**

Dr | Cr.

| Particulars | | Amount | Particulars | Amount |
|---|---|---|---|---|
| | | Rs. | | Rs. |
| To Opening Stock | | 2,174 | By Sales | 25,455 |
| To Purchases | | 16,364 | By Closing Stock | 18,889 |
| To Goods from H.O | | 4,545 | (17000 @ .90) | |
| To Wages | | 1,727 | | |
| To Gross Profit c/d | | 19,534 | | |
| | | 44,344 | | 44,344 |
| To Salaries | | 2,182 | By Gross Profit b/d | 19,534 |
| To Rent | | 909 | | |
| To Stationaries | | 273 | | |
| To Depreciation : | | | | |
| Plant and Machinery | @10% = 800 | | | |
| Furniture & Fixture | @10% = 667 | 1,467 | | |
| To Difference in Exchange | | 1,058 | | |
| To Bangladesh Branch A/c Net Profit | | 13,645 | | |
| | | 19,534 | | 19,534 |

**Bangladesh Branch A/c**

Dr. Cr.

| Date | Particulars | J.F. | Amount | Date | Particulars | J.F. | Amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Rs. | | | | Rs. |
| | | | | 1999 | | | |
| 1999 | To Balance b/d | | 20,000 | Dec.31 | By Balance c/d | | 33,645 |
| Dec.31 | To Bangladesh Branch | | | | | | |
| | Trading & P & L. A/c | | 13,645 | | | | |
| | | | 33,645 | | | | 33,645 |

## ৮৯.৭ বিভাগ সংক্রান্ত হিসাবরক্ষণ [Departmental Accounting]

পরিচালন সংক্রান্ত সুবিধার জন্য যখন কোনো বৃহদায়তন ব্যবসায়ের সামগ্রিক কার্যাবলীকে কয়েকটি অংশে বিভক্ত করা হয় এবং যখন এই অংশগুলি একই ছাদের নীচে অবস্থিত হয়, তখন এই অংশগুলিকে বিভাগ বলা হয়।

এই ধরনের বিভাগ সামগ্রিক কারবারের অংশ হলেও হিসাবরক্ষণের জন্য প্রতিটি বিভাগকে একটি স্বতন্ত্র মুনাফা অর্জনকারী কেন্দ্র (Separate profit centre) হিসাবে গণ্য করা হয়। সেই জন্য কারবারের সামগ্রিক মুনাফা নির্ধারণ করবার পরিবর্তে প্রতিটি বিভাগের জন্য আলাদাভাবে মুনাফা নির্ণয় করা হয়। এর ফলে যে বিশেষ সুবিধাগুলি পাওয়া যায় তা নিম্নে আলোচনা করা হল ঃ

(১) অর্জিত মুনাফার ভিত্তিতে প্রতিটি বিভাগের পরিচালন সংক্রান্ত দক্ষতার পরিমাপ করা যায়।

(২) কারবারের গতি-প্রকৃতি সহজেই অনুধাবন করা যায়।

(৩) প্রতিটি বিভাগের বিশ্লেষণাত্মক তথ্য প্রাপ্তির ফলে পরিকল্পনার সুবিধা হয় এবং অধিক নিয়ন্ত্রণ আরোপ করা যায়।

(৪) মুনাফার ভিত্তিতে কোনো বিভাগের সম্প্রসারণ বা বন্ধ করার সিদ্ধান্ত গ্রহণ করা যায়।

(৫) কর্মকর্তাগণকে বিভাগীয় ফলের ভিত্তিতে পুরস্কৃত করা যায়।

● **হিসাবরক্ষণের পদ্ধতি (Accounting procedure) :** একটি সাধারণ কারবারের ক্ষেত্রে যে নীতি অনুযায়ী ট্রেডিং ও লাভ-ক্ষতির হিসাব প্রস্তুত করা হয়, বিভাগ সংক্রান্ত ট্রেডিং ও লাভ-ক্ষতির হিসাবের জন্যও একই নীতি অনুসরণ করা হয়। এর জন্য সহায়ক বইতে (Subsidiary books) প্রতিটি বিভাগের ক্রয়, বিক্রয়, পণ্যফেরত ইত্যাদির জন্য আলাদা ঘর (column) রাখা হয়। অনুরূপভাবে নগদান বইতেও প্রতিটি বিভাগের লেনদেনের জন্য আলাদা ঘর রাখা হয়।

● **খরচের বণ্টন (Allocation of Expenses) :** বিভাগীয় মুনাফা নির্ধারণের ক্ষেত্রে প্রধান সমস্যা হল একত্রিতভাবে রক্ষিত বিভিন্ন খরচের অঙ্ক বিভিন্ন বিভাগের মধ্যে যুক্তিসম্মতভাবে বণ্টন। নিম্নে খরচ বণ্টনের পদ্ধতি বিশদভালে আলোচনা করা হল ঃ

(১) যে সমস্ত খরচ নির্দিষ্ট বিভাগের জন্য সরাসরি ব্যয় করা হয়, সেই খরচগুলি এই নির্দিষ্ট বিভাগের হিসাবে ধার্য করতে হবে। বিভাগীয় কর্মীদের বেতন, কু-ঋণ, ইত্যাদি এই প্রকার খরচের উদাহরণ।

(২) যে সমস্ত খরচ সরাসরি বণ্টন করা যায় না, সেই খরচ অন্য কোনো যুক্তিসম্মত ভিত্তিতে বণ্টন করতে হবে। এই ধরনের খরচ ও এদের বণ্টনের ভিত্তি নিম্নে প্রদত্ত হল ঃ

| **খরচের নাম** | **বণ্টনের ভিত্তি** |
|---|---|
| ১। বিক্রয় কর্মীর কমিশন, প্রদত্ত বাট্টা কু-ঋণ, পণ্য পরিবহনের খরচ, বিজ্ঞাপন খরচ, মোড়কের খরচ ইত্যাদি। | ১। বিভাগগুলির বিক্রয়ের অনুপাতে। |
| ২। বাড়ি ভাড়া, পৌরকর, মেরামত খরচ ইত্যাদি। | ২। বিভাগ কর্তৃক অধিকৃত স্থানের ভিত্তিতে। |
| ৩। স্থায়ী সম্পত্তির অবচিতি, অগ্নিবীমার মাশুল। | ৩। সম্পত্তির মূল্যের ভিত্তিতে। |
| ৪। কর্মী সংক্রান্ত বীমা মাশুল। | ৪। বিভাগীয় মজুরীর অনুপাতে। |
| ৫। ক্যান্টিন খরচ, চিকিৎসার খরচ, কর্মচারীর কল্যাণ খরচ। | ৫। প্রতিটি বিভাগের কর্মীর অনুপাতে। |
| ৬। বিজলীবাতি সংক্রান্ত খরচ। | ৬। পৃথক মিটার থাকলে সেই অনুপাতে, অথবা বিভাগ কর্তৃক ব্যবহৃত বাতির সংখ্যা, পাখা ইত্যাদির অনুপাতে। |

(৩) যে সমস্ত খরচ উপরিউল্লিখিত ভিত্তিতে বণ্টন করা সম্ভব হয় না, সেই খরচগুলি অবণ্টিত অবস্থায় সাধারণ লাভ-লোকসান হিসাবে ধার্য করা হবে। ডাকটিকিট, ছাপা ও কাগজ সংক্রান্ত খরচ, ডিবেঞ্চার বা ঋণের উপর সুদ, মূলধনের উপর সুদ, আইনসংক্রান্ত খরচ, ব্যাংক সংক্রান্ত খরচ, সাধারণ কর্মাধক্ষের খরচ ইত্যাদি এই প্রকার খরচের উদাহরণ।

● **আন্তর্বিভাগীয় লেনদেন (Inter departmental Transfer) :** অনেকক্ষেত্রে একটি বিভাগ অন্য কোনো বিভাগকে পণ্য সরবরাহ করতে পারে। ট্রেডিং ও লাভ-ক্ষতির হিসাব প্রস্তুত করবার জন্য এই ধরনের লেনদেনকে সাধারণ ক্রয়-বিক্রয়ের মতই দাখিলা করতে হবে। কিন্তু এই ধরনের লেনদেন পণ্য প্রেরক বিভাগের বিক্রয়মূল্যে হলে পণ্য প্রাপক বিভাগের অন্তিম সম্ভারের মধ্যে এই পণ্যের যে অবিক্রিত অংশ থাকবে তার উপর অনাদায়ী মুনাফার জন্য প্রয়োজনীয় সঞ্চিতি রেখে সাধারণ লাভ-লোকসান হিসাবের মিলকরণ করতে হবে।

**উদাহরণ ১০ :** Sarala Udyog-এর ৩১.১২.১৯৯৬ তারিখের রেওয়ামিলটি নিম্নে প্রদত্ত হইল :

**Dr** **Cr.**

| Particulars | Rs. | Particulars | Rs. |
|---|---|---|---|
| Stock (1.1.99) | | Sales : | |
| Dept. A | 5,400 | Dept. A | 16,900 |
| Dept. B | 4,900 | Dept. B | 13,520 |
| Purchases : | | Discount received | 133 |
| Dept. A | 9,800 | Sundry | 3,737 |
| Dept. B | 7,350 | Capital | 9,530 |
| Wages : | | | |
| Dept. A | 1,340 | | |
| Dept. B | 240 | | |
| Rent | 1,870 | | |
| Salaries | 1,320 | | |
| Lighting and heating | 420 | | |
| Discount allowed | 441 | | |
| Advertising | 738 | | |
| Carriage inwards | 469 | | |
| Furniture and Fittings | 600 | | |
| Plant and Machinery | 4,200 | | |
| Sundry Debtors | 1,820 | | |
| Drawing | 900 | | |
| Cash in hand | 32 | | |
| Cash at bank | 1,980 | | |
| | 43,820 | | 43,820 |

**অন্যান্য বিবরণ :**

(১) বাড়ি ভাড়া, বিদ্যুৎ খরচ, বেতন ও অবচিতি বিভাগগুলির মধ্যে 2 : 1 অনুপাতে বণ্টন করতে হবে।

(২) অন্যান্য খরচ ও আয় বিভাগগুলির মধ্যে যুক্তিসম্মতভাবে বণ্টন করতে হবে।

(৩) অগ্রপ্রদত্ত বাড়িভাড়া 370 টাকা ; বকেয়া বিদ্যুৎ খরচ 180 টাকা ; স্থায়ী সম্পত্তির উপর অবচিতির হার 10%.

(৪) অন্তিম সম্ভার : Dept. A—2,748 টাকা, Dept B—2,401 টাকা।

এই বিবরণগুলি থেকে বিভাগ সংক্রান্ত ট্রেডিং ও লাভ-ক্ষতির হিসাব এবং উদ্বর্তপত্র প্রস্তুত করো।

## BOOKS OF SARALA UDYOG
## DEPARTMENTAL TRADING AND PROFIT AND LOSS A/C
## AS AT 31.12.1999

**Dr** **Cr.**

| Particulars | Note | Dept.A | Dept.B | Particulars | Note | Dept.A | Dept.B |
|---|---|---|---|---|---|---|---|
| | | Rs. | Rs. | | | Rs. | Rs. |
| To Opening Stock | | 5,400 | 4,900 | By Sales | | 16,900 | 13,520 |
| To Purchases | | 9,800 | 7,350 | By Closing Stock | | 2,748 | 2,401 |
| To Carriage Inwards | 1 | 268 | 201 | | | | |
| To Wages | | 1,340 | 240 | | | | |
| To Gross profit c/d | | 2,840 | 3,230 | | | | |
| | | 19,648 | 15,921 | | | 19,648 | 15,921 |
| To Rent | 5 | 1,000 | 500 | By Gross profit b/d | | 2,840 | 3,230 |
| To Salaries | 7 | 880 | 440 | | | | |
| To Lighting and heating | 6 | 400 | 200 | By Discount Received | 2 | 76 | 57 |
| To Discount allowed | 3 | 245 | 196 | By Net Loss transferred to capital A/c | | 339 | — |
| To Advertisement | 4 | 410 | 328 | | | | |
| To Depreciation | 8 | 320 | 160 | | | | |
| To New profit transferred to capital A/c | | — | 1,463 | | | | |
| | | 3,255 | 3,287 | | | 3,255 | 3,287 |

**Balance Sheet as at 31.12.1999**

| Liabilities | | Amount | Assets | | Amount |
|---|---|---|---|---|---|
| | | Rs. | | | Rs. |
| Capital (1.1.99) | 9,530 | | Plant and Machinery | 4,200 | |
| Add. Profit from Dept. B | 1,463 | | Less Depreciation | 420 | |
| | 10,993 | | | | 3,780 |
| Less Loss from Dept. B | 339 | | Furniture and Fittings | 600 | |
| | | | Less Depreciation | 60 | |
| | 10,654 | | | | 540 |
| Less Drawings | 900 | | Sundry Debtors | | 1,820 |
| | | 9,754 | Stock (2748 + 2401) | | 5,149 |
| Outstanding Liability for Lighting and Heating | | 180 | Cash in hand | | 32 |
| | | | Cash at Bank | | 1,980 |
| Sundry Creditors | | 3,737 | Prepaid Rent | | 370 |
| | | 13,671 | | | 13,671 |

**Notes :**

| Sl. | Expense | Basis of Allocation | Dept. A | Dept. A |
|---|---|---|---|---|
| | | | Rs. | Rs. |
| 1. | Carriage Inward | Ratio of purchase | $\frac{469}{17,150} \times 9,800 = 268$ | $\frac{469}{17,150} \times 7,350 = 201$ |
| 2. | Discount Received | Do | $\frac{133}{17,150} \times 9,800 = 76$ | $\frac{133}{17,150} \times 7,350 = 57$ |
| 3. | Discount Allowed | Ratio of sales | $\frac{441}{30,420} \times 16,900 = 245$ | $\frac{441}{3,240} \times 13,520 = 196$ |
| 4. | Advertisement | Do | $\frac{738}{30,240} \times 16,900 = 410$ | $\frac{738}{30,402} \times 13,520 = 328$ |

| Sl. | Expense | Basis of Allocation | Dept. A | Dept. B |
|---|---|---|---|---|
| | | | Rs. | Rs. |
| 5. | Rent (1870-370) | as given | $\frac{1,500}{3} \times 2 = 1,000$ | $\frac{1,500}{3} \times 1 = 500$ |
| 6. | Lighting and heating (420 + 180) | Do | $\frac{600}{3} \times 2 = 400$ | $\frac{600}{3} \times 1 = 200$ |
| 7. | Salaries | Do | $\frac{1,320}{3} \times 2 = 880$ | $\frac{1,320}{3} \times 1 = 440$ |
| 8. | Depreciation | Do | $\frac{480}{3} \times 2 = 320$ | $\frac{480}{3} \times 1 = 160$ |

**উদাহরণ ১০** : Badal Enterprise-এর ৩১.১২.৯৯ তারিখের নিম্নলিখিত বিবরণগুলি থেকে বিভাগ সংক্রান্ত ট্রেডিং হিসাব ও সাধারণ লাভ-ক্ষতির হিসাব প্রস্তুত করো ঃ

| | Dept. A | Dept. B |
|---|---|---|
| | Rs. | Rs. |
| Opening Stock | 50,000 | 40,000 |
| Purchases | 6,50,000 | 9,10,000 |
| Sales | 10,00,000 | 15,00,000 |
| General Expenses for both the deptts. | 1,25,000 | |

**অন্যান্য বিবরণ :**

(ক) বিভাগ A-এর 1,00,000 টাকার অন্তিম পণ্যের মধ্যে বিভাগ B থেকে বিক্রয়মূল্যে প্রাপ্ত 20,000 টাকার পণ্য আছে।

(খ) বিভাগ B-এর 1,00,000 টাকার অন্তিম পণ্যের মধ্যে বিভাগ A থেকে বিক্রয়মূল্যে প্রাপ্ত 30,000 টাকার পণ্য আছে।

(গ) বিভাগ A এবং B-এর প্রারম্ভিক পণ্যের মধ্যে যথাক্রমে বিভাগ B এবং A থেকে বিক্রয়মূল্যে প্রাপ্ত 10,000 টাকার পণ্য আছে।

(ঘ) বিভাগ A এবং B-এর বাৎসরিক গ্রস মুনাফার হার অপরিবর্তিত থাকে।

সমাধান :

**Books of Badal Enterprise**
**Departmental Trading A/c**
**for the year ended 31.12.99**

**Dr** **Cr.**

| Particulars | Amount | Amount | Particulars | Amount | Amount |
|---|---|---|---|---|---|
| | **Rs.** | **Rs.** | | **Rs.** | **Rs.** |
| To Opening Stock | 50,000 | 40,000 | By Sales | 10,00,000 | 15,00,000 |
| To Purchases | 6,50,000 | 9,10,000 | By Closing Stock | 1,00,000 | 2,00,000 |
| To Gross Profit | 4,00,000 | 7,50,000 | | | |
| | 11,00,000 | 17,00,000 | | 11,00,000 | 17,00,000 |

**General Profit and Loss A/c**
**for the year ended 31.12.99**

**Dr** **Cr.**

| Particulars | Amount | Particulars | Amount |
|---|---|---|---|
| | **Rs.** | | **Rs.** |
| To General Expenses | 1,25,000 | By Gross profit : | |
| To Provision for unrealized Profit on Stock : | | Dept. A | 4,00,000 |
| Dept. A 5,000 | | Dept. B | 7,50,000 |
| Dept. B 6,000 | | | |
| | 11,000 | | |
| To Net profit | 10,14,000 | | |
| | 11,50,000 | | 11,50,000 |

Note : (1) Gross Profit Rates :

Dept. A $= \frac{4,00,000}{10,00,000} \times 100 = 40\%$

Dept. B

(2) Provision for unrealized profit on Stock

**Dept. A :** Provision required on closing stock :

$$= \frac{50}{100} \times 20,000 = 10,000$$

*Less :* Provision already existing on opening stock :

$$= \frac{50}{100} \times 10,000 = 5,000$$

5,000

**Dept. B.** Provision required on closing stock $= \frac{40}{100} \times 30,000 = 12,000$

*Less :* Provision already existing on opening stock :

$$= \frac{40}{100} \times 15,000 = 6,000$$

6,000

## ৮৯.৮ অনুশীলনী

**(ক) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর :**

১. শাখা ও বিভাগের মধ্যে পার্থক্য লেখো।

২. হিসাবরক্ষণ পদ্ধতির ভিত্তিতে শাখার শ্রেণিবিভাগ করো।

৩. আপাত মুনাফা (Apparent Profit) বলতে কী বোঝ?

৪. নিম্নলিখিত বিষয়গুলির উপর সংক্ষিপ্ত টীকা লেখো ঃ

(i) জায়মূল্যে পণ্য প্রেরণ ; (ii) বৈদেশিক শাখা ; (iii) স্বনির্ভর শাখা ; (iv) প্রারম্ভিক ও সমাপ্তি দাখিলা ; (v) পরিবহণকালীন পণ্য ও পরিবহনকালীন নগদ অর্থ।

৫. আন্তর্বিভাগীয় লেনদেন বলতে কী বোঝ?

**(খ) দীর্ঘ প্রশ্নোত্তর :**

১. বিশ্লেষণাত্তক পদ্ধতিতে শাখার লাভ-লোকসান নির্ধারণ করবার পদ্ধতিটি আলোচনা করো।

২. হেড অফিসের বইতে স্বনির্ভর শাখার হিসাবের সংযুক্তিকরণ করার পদ্ধতিটি সংক্ষেপে আলোচনা করো।

৩. বৈদেশিক শাখার হিসাবরক্ষণ পদ্ধতিটি সংক্ষেপে আলোচনা করো।

৪. বিভাগীয় হিসাবরক্ষণের সুবিধাগুলি আলোচনা করো।

৫. বিভাগীয় হিসাবরক্ষণের খরচের বণ্টন পদ্ধতি সম্পর্কে আলোচনা করো।

**(গ) ব্যবহারিক প্রশ্নাবলী : (Practical Problems)**

১। কলকাতার কোনো একটি প্রতিষ্ঠানের বেহালা শাখা-সংক্রান্ত নিম্নলিখিত লেনদেনগুলি প্রদত্ত হল ঃ

| | | Rs. |
|---|---|---|
| Goods sent to Branch | | 1,42,000 |
| Goods returned by Branch | | 4,000 |
| Cash Sales | | 79,000 |
| Credit Sales | | 2,02,000 |
| Cash received from Debtors | | 1,89,500 |
| Branch Expenses paid by Head Office : | | |
| | Rent | 10,000 |
| | Salaries | 30,000 |
| Cash sent by Head Office for petty cash | | 5,000 |

| **Other Balances :** | **1st January 1998** | **1st January 1999** |
|---|---|---|
| Petty Cash at Branch | 100 | 150 |
| Branch Debtors | 23,500 | — |
| Branch Stock | 44,500 | 27,000 |

উপরিউল্লিখিত বিবরণ থেকে বেহালা শাখার হিসাব এবং বেহালা শাখা-সংক্রান্ত ট্রেডিং হিসাব প্রস্তুত করো।

(**Ans.** Branch Profit Rs. 80,550, Gross Profit as per Trading A/c Rs. 1,25,500)

২। কলকাতার Novel Traders-এর পাটনা শাখাকে ক্রয়মূল্যের উপর 25% ভারযুক্ত করে পণ্য প্রেরণ করে। 31.12.99 তারিখে পর্যন্ত সংগঠিত নিম্নলিখিত লেনদেনগুলি থেকে Novel Traders-এর বইতে পাটনা শাখা সংক্রান্ত হিসাব ও অন্যান্য প্রয়োজনীয় হিসাব প্রস্তুত করো :

| | | Rs. |
|---|---|---|
| Stock at patna (Opening) | | 5,000 |
| Debtors (Opening) | | 4,000 |
| Petty Cash (Opening) | | 25 |
| Goods sent to Branch | | 55,000 |
| Remittance from Branch : | | |
| | Cash Sales | 25,000 |
| | Collection from Debtors | 20,000 |
| **Cash sent to Branch :** | | |
| | Rent | 150 |
| | Salaries | 2,500 |
| | Postage and Stationery | 150 |
| | Petty cash expenses | 35 |
| Goods returned to H.O | | 450 |
| **Other Balance on 31.12.99 :** | | |
| | Stock | 6,000 |
| | Debtors | 30,000 |
| | Petty Cash | 15 |

**[Ans. Branch Profit Rs. 25,315]**

৩। কলকাতার একটি প্রতিষ্ঠান তার জয়পুর শাখাকে ক্রয়মূল্যের উপর 20% ভারযুক্ত করে পণ্য প্রেরণ করে। শাখার সম্পূর্ণ হিসাব হেড অফিসে রক্ষিত হয়। ৩১.৩.৯৯ তারিখ পর্যন্ত শাখার সঙ্গে হেড অফিসের নিম্নলিখিত লেনদেনগুলি সংগঠিত হয় :

| | **Rs.** |
|---|---|
| Cost of goods sent to Branch | 50,000 |
| Goods received by Branch till 31.3.99 at Invoice Price | 54,000 |
| Credit sales for the years | 58,000 |
| Debtors as on 31.3.99 | 20,800 |
| Bad debts and discounts written off | 200 |
| Cash remitted to Head Office | 43,000 |
| Cash in hand at Branch on 31.3.99 | 2,000 |
| Cash remitted by Head Office during the year | 3,000 |
| Closing stock at Branch at Invoice Price | 6,000 |
| Expenses Incurred at Branch | 12,000 |

উপরিউল্লিখিত বিবরণগুলি থেকে বিশ্লেষণাত্মক পদ্ধতিতে হেড অফিসের বইতে প্রয়োজনীয় হিসাবগুলি প্রস্তুত করো।

(**Ans.** Gross Profit Rs. 35,000. Net Profit Rs. 22,800
Apparent Gross Profit Rs. 27,000,
Cash Sale (from Cash Book) Rs. 17,000)

৪। দিল্লির Satym Stores-এর কানপুরে একটি শাখা আছে। শাখার পণ্যের উপর সম্পূর্ণ নিয়ন্ত্রণ রাখবার উদ্দেশ্যে হেড অফিস বিক্রয়মূল্যের উপর 25% ভারযুক্ত করে শাখাকে পণ্য প্রেরণ করে। শাখা-সংক্রান্ত নিম্নলিখিত বিবরণগুলি থেকে হেড অফিসের বইতে Branch Stock A/c, Branch Debtors A/c, Goods Sent Branch A/c, Branch Adjustment A/c এবং Branch Profit and Loss A/c প্রস্তুত করো :

| | Rs. |
|---|---|
| Stock on January 1, 1999 | 30,000 |
| Debtors on January 1, 1999 | 22,800 |
| Goods Invoiced to Branch at Invoice Price | 1,34,000 |

| | Rs. |
|---|---|
| Sales at the Branch : | |
| Cash | 62,000 |
| Credit | 74,800 |
| Cash received from Debtors | 80,000 |
| Bad debts written off | 500 |
| Discount allowed to customers | 600 |
| Expenses at the Branch | 13,400 |
| Stock on January 31, 1999 | 26,800 |

[**Ans.** Gross Profit 33,900. Net Profit 19,400]

৫। নিম্নলিখিত শাখা-সংক্রান্ত লেনদেনগুলির জন্য হেড অফিসের বইতে দাখিলা করো :

(ক) Goods amounting to Rs. 1,500 transferred from Varanasi Branch to Allahabad Branch under instruction from the Head Office.

(খ) Depreciation amounting to Rs. 1,500 on Branch fixed Assets when the accounts for such assets are maintained in the books of Hed Office.

(গ) A remittance of Rs. 3,000 made by Allahabad Branch to Head Office on December 28, 1998 was received by Hed Office on January 2, 1999.

(ঘ) Goods worth Rs. 10,000 sent by Head Office on December 27, 1998 was received by Allahabad Branch on January 3, 1999.

(ঙ) The Varanasi Branch Collected Rs. 4,000 from the customers of the Head Office.

(চ) The Varanasi Branch paid Rs. 1,500 for machinery purchased by the Head Office.

৬। কলকাতার একটি প্রতিষ্ঠানের ঝাড়গ্রাম শাখার 31.3.99 তারিখের রেওয়া মিলটি নিম্নে প্রদত্ত হল :

| | Dr. | Cr. |
|---|---|---|
| | Rs. | Rs. |
| Calcutta Head Office A/c | 32,400 | — |
| Stock on 1st April 1998 | 60,000 | — |

| | Rs. | Rs. |
|---|---|---|
| Purchases | 1,78,000 | — |
| Goods received from Head Office | 90,000 | |
| Sales | — | 3,80,000 |
| Goods supplied to the Head Office | — | 60,000 |
| Salaries | 15,000 | — |
| Debtors | 37,000 | — |
| Creditors | — | 18,500 |
| Rent | 9,600 | — |
| Office Expenses | 4,700 | — |
| Cash in hand and at Bank | 17,800 | — |
| Furniture | 14,000 | — |
| | 4,58,500 | 4,58,500 |

**অন্যান্য বিবরণ :**

(ক) শাখার অন্তিম পণ্যের মূল্য 27,000 টাকা।

(খ) 31.3.99 তারিখে হেড অফিসের বইতে শাখা সংক্রান্ত হিসাবের জের 4,600 টাকা (Dr.)

(গ) 28.3.99 তারিখে হেড অফিস শাখাকে 25,000 টাকার পণ্য প্রেরণ করে, কিন্তু শাখা এই পণ্য 3.4.99 তারিখে পায়।

(ঘ) উপরিউক্ত লেনদেনগুলি হেড অফিসের বইতে সংযুক্তিকরণ করবার জন্য প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও এবং শাখার ট্রেডিং ও লাভ-লোকসান হিসাব এবং শাখা-সংক্রান্ত হিসাব প্রস্তুত করো।

(**Ans.** Profit at Branch Rs. 1,09,700)

৭। আগ্রা শাখার 31.12.99 তারিখের রেওয়ামিলটি নিম্নে প্রদত্ত হল :

| | **Dr.** | **Cr.** |
|---|---|---|
| | **Rs.** | **Rs.** |
| Stock on 1.1.99 | 1,00,000 | — |
| Furniture | 40,000 | — |
| Debtors | 48,000 | — |
| Goods received from Head Office | 2,60,000 | — |

| | Rs. | Rs. |
|---|---|---|
| Salaries, Rent and Expenses | 24,000 | — |
| Cash in hand | 3,000 | |
| Hand Office Account | | 40,000 |
| Sales | — | 4,15,000 |
| Sundry Creditors | — | 20,000 |
| | 4,75,000 | 4,75,000 |

৩১.১২.৯৯ তারিখে শাখার অন্তিম পণ্যের মূল্য 96,000 টাকা ; শাখা হেড অফিসকে ২৮.১২.৯৯ তারিখে 5,000 টাকা প্রেরণ করে, কিন্তু হেড অফিস এই অর্থ ৩.১.২০০০ তারিখে পায়। উপরিউক্ত লেনদেনগুলির জন্য শাখার বইতে অন্তিম দাখিলা করো এবং শাখার বইতে হেড অফিস সংক্রান্ত হিসাব ও হেড অফিসের বইতে শাখা-সংক্রান্ত হিসাব প্রস্তুত করো।

(**Ans.** Net Profit Rs. 1,27,000)

৮। লন্ডনের একটি প্রতিষ্ঠানের কলিকাতা শাখার 31.12.98 তারিখের রেওয়ামিলটি নিম্নে প্রদত্ত হল :

| | Dr. Rs. | Cr. Rs. |
|---|---|---|
| Stock on 1.1.98 | 12,600 | — |
| Purchases and Sales | 75,000 | 1,12,500 |
| Debtors and Creditors | 39,000 | 26,000 |
| Bills of Exchange | 10,400 | 9,100 |
| Wage and Salaries | 4,800 | — |
| Rent, Rates and Taxes | 3,600 | — |
| Sundry Charges | 1,500 | — |
| Furniture and Fixtures | 4,910 | — |
| Bank balances | 28,990 | — |
| London Office | — | 33,200 |
| | 1,80,800 | 1,80,800 |

কলকাতা শাখার অন্তিম পণ্যের মূল্য 32,500 টাকা ; 31.12.98 তারিখে হেড অফিসের বইতে কলিকাতা শাখার জের 760 ; হেড অফিস থেকে প্রাপ্ত 117 সাহায্যে শাখার আসবাবপত্র ক্রয় করা হয়।

বিভিন্ন তারিখে মুদ্রা বিনিময় হার নিম্নরূপ :

1.1.98 £ 1 = Rs. 42

31.12.98 £ 1 = Rs. 39

সমস্ত বৎসরের গড় £ 1 = Rs. 36

লন্ডন হেড অফিসের বইতে কলকাতা শাখার ট্রেডিং ও লাভ লোকসান হিসাব এবং উদ্বর্তপত্র প্রস্তুত করো।

৯। কোনো একটি প্রতিষ্ঠান টেলিভিশন ও রেডিও বিক্রয় করে। ইহার মেরামত করার একটি কারখানাও আছে। প্রতিষ্ঠানটির ৩১.৩.৯৯ তারিখে সমাপ্ত ছয়মাসের ট্রেডিং ও লাভ-লোকসানের হিসাবটি নিম্নে প্রদত্ত হইল :

**Dr** **Cr.**

| **Particulars** | **Amount** | **Particulars** | **Amount** |
|---|---|---|---|
| | **Rs.** | | **Rs.** |
| Purchases : | | Ssles : | |
| TV. Sets (A) | 14,07,000 | TV. Sets (A) | 15,00,000 |
| Radio Sets (B) | 9,06,000 | Radio Sets (B) | 10,00,000 |
| Spare parts for servicing (C) | 6,44,000 | Receipts from servicing | |
| | | and repair jobs (C) | 2,50,000 |
| Salaries and Wages | 4,80,000 | Stocks on 31.3.99 | |
| Rent | 1,08,000 | TV. Sates (A) | 6,01,000 |
| Sundry Expenses | 1,10,000 | Radio Sets (B) | 2,03,000 |
| Profit | 3,45,000 | Spare parts for servicing (C) | 4,46,000 |
| | 40,00,000 | | 40,00,000 |

নিম্নলিখিত অতিরিক্ত বিবরণগুলির সাহায্যে বিভাগীয় ট্রেডিং ও লাভক্ষতির হিসাব প্রস্তুত করো ঃ

(ক) টেলিভিশন ও রেডিও Show room-এ বিক্রি হয় এবং মেরামতির কাজ কারখানায় করা হয় ;

(খ) বেতন ও মজুরির বিভাজন নিম্নরূপ :

Show room 3/4th

কারখানা 1/4th

Show room-এর বেতন ও মজুরি A ও B বিভাগের মধ্যে 1 : 2 অনুপাতে বণ্টন করা হয় ;

(গ) কারখানার ভাড়া প্রতিমাসে 5,000 টাকা ; Show room-এর ভাড়া A ও B বিভাগের মধ্যে সমান ভাবে ভাগ করতে হবে।

(ঘ) বিবিধ খরচ প্রতিটি বিভাগের বিক্রয়ের অনুপাতে ভাগ করা হবে।

(**Ans.** Dept. A—Profit Rs. 4,75,000,
B—Loss Rs. 22,000, C—Loss 1,08,000)

১০। Saurav Enterprise-এর 31.12.99 তারিখের বিভাগ-সংক্রান্ত লেনদেনগুলি নিম্নরূপ :

| | **Dept. A** | **Dept. B** | **General** |
|---|---|---|---|
| | **Rs.** | **Rs.** | **Rs.** |
| Opening Stock as at 1.1.99 | 25,000 | 20,000 | — |
| Purchases | 2,30,000 | 1,90,000 | — |
| Purchases Returns | 2,000 | 1,000 | — |
| Sales | 6,33,000 | 4,92,000 | — |
| Sales Returns | 3,000 | 2,000 | — |
| Wages | 1,80,000 | 1,60,000 | — |
| Miscellaneous Charges | 35,000 | 32,000 | — |
| Sundry Debtors | | | 1,90,000 |
| Sundry Creditors | | | 1,73,000 |
| Plant and Machinery | | | 2,40,000 |
| Leaseholds | | | 80,000 |
| Buildings | | | 1,20,000 |

| | |
|---|---|
| Furniture and Fittings | 48,000 |
| Office and Selling expenses | 1,28,000 |
| Cash in hand on 31.12.99 | 8,000 |
| Cash at Bank on 31.12.99 | 1,10,000 |
| Capital | 5,00,000 |

**নিম্নলিখিত হারে অবচয় ধার্য করতে হবে :**

যন্ত্রপাতির উপর 10%, দালান 2% এবং আসবাবপত্র 5% ইজারা সম্পত্তি থেকে 8,000 টাকা অবলোপন করতে হবে।

31.12.99 তারিখে অন্তিম পণ্য : Dept. A—26,000 টাকা Dept. B—24,000 টাকা ;

সমস্ত অবণ্টিত খরচ বিভাগগুলির মধ্যে নীট বিক্রয়ের অনুপাতে ভাগ করতে হবে।

উপরিউক্ত বিবরণগুলির সাহায্যে বিভাগীয় ট্রেডিং ও লাভক্ষতির হিসাব এবং সংবন্ধ উদ্বর্ত পত্র প্রস্তুত করো।

(**Ans.** Gross Profit : A Rs. 2,23,000, B. Rs. 1,45,000

Net Profit : A 95,300, B 40,900 B/S Total 8,09,200)

১১। Sibon Shilpi নামে একটি প্রতিষ্ঠানের একটি বস্ত্রবিভাগ ও দর্জিবিভাগ আছে। দর্জি বিভাগ তার সমস্ত কাপড় বস্ত্রবিভাগ হইতে পায়। প্রতিষ্ঠানটির 31.3.99 তারিখে সমাপ্ত নিম্নলিখিত বিবরণ থেকে বিভাগীয় ট্রেডিং লাভ-ক্ষতির হিসাব প্রস্তুত করো ঃ

| | **Cloth Dept.** | **Tailoring Dept.** |
|---|---|---|
| | **Rs.** | **Rs.** |
| Manufacturing Expenses | — | 1,08,000 |
| Selling Expenses | 45,000 | 18,000 |
| Stock on 1.4.98 | 5,40,000 | 72,000 |
| Sales | 36,00,000 | 7,20,000 |
| Traster of cloth to Tailoring Dept. | 4,50,000 | — |
| Purchases | 30,60,000 | — |
| Stock on 31.3.99 | 9,00,000 | 1,35,000 |

দর্জি বিভাগের প্রারম্ভিক ও অন্তিম পণ্যের মধ্যে 80% বস্ত্র ও 20% অন্যান্য খরচ আছে। প্রতিষ্ঠানটির সাধারণ খরচ 2,07,000 টাকা। ৩১.৩.৯৮ সমাপ্ত বৎসরে বস্ত্র বিভাগ বিক্রয় মূল্যের উপর 30% মুনাফা অর্জন করে।

[**Ans.** Gross Profit Cloth—31,50,000, Tailoring—1,80,000
Departmental Profit : Cloth Dept. 13,05,000, Tailoring Dept. 1,62,000,
Net Profit 12,41,280 ; Provision for Unrealized Profit on : Op. Stock 17,280,
Cl. Stock 36,000]

## ৮৯.৯ গ্রন্থপঞ্জী


১. সুধাংশুশেখর ভট্টাচার্য্য ১৯৯৯, হিসাবশস্ত্র (তৃতীয় খণ্ড, দ্বিতীয় ভাগ, সপ্তম অধ্যায়), ইন্ডিয়ান প্রোগ্রেসিভ পাবলিশিং কোং, কোলকাতা।

২. A Mukherjee, M. Hanif, 2000. Modern Accountancy, (Vol. 2. Chapter 5 and 6,) Tata Mcgraw Hill, New Delhi.

৩. S. Basu and M. Das. 1999. Practice in Accountancy (Vol. 2. Chapter 15 and 16) Rabindra Library, Kolkata.

# একক ৯০ ❑ সুনাম ও শেয়ারের মূল্যায়ন [Valuation of Goodwill and Shares]

গঠন

৯০.০ উদ্দেশ্য
৯০.১ প্রস্তাবনা
৯০.২ সুনামের সংজ্ঞা
৯০.৩ সুনামের বৈশিষ্ট্য
৯০.৪ কখন সুনামের মূল্যায়নের প্রয়োজন হয়
৯০.৫ যে সকল বিষয়ের উপর সুনামের মূল্যায়ন নির্ভর করে
৯০.৬ সুনামের মূল্যায়ন সংক্রান্ত কতিপয় গুরুত্বপূর্ণ বিষয়
৯০.৭ সুনাম মূল্যায়নের স্বীকৃত পদ্ধতি
৯০.৮ শেয়ারের মূল্যায়ন এবং এর প্রয়োজনীয়তা
৯০.৯ যে সকল বিষয়ের উপর শেয়ারের মূল্যায়ন নির্ভর করে
৯০.১০ শেয়ার মূল্যায়নের পদ্ধতি
৯০.১১ বিভিন্ন প্রকার মূল্যায়ন পদ্ধতির প্রয়োগের ক্ষেত্র
৯০.১২ অনুশীলনী
৯০.১৩ গ্রন্থপঞ্জী

## ৯০.০ উদ্দেশ্য

এই এককে কারবারী প্রতিষ্ঠানে সুনামের গুরুত্ব এবং এর মূল্যায়নের পদ্ধতি আলোচিত হল।

## ৯০.১ প্রস্তাবনা

সুনাম কারবারের একটি অস্পর্শনীয় সম্পত্তি কিন্তু এর ফলে কোনো প্রতিষ্ঠান অপরাপর প্রতিষ্ঠান অপেক্ষা অতিরিক্ত মুনাফা অর্জন করতে সমর্থ হয়।

## ৯০.২ সুনামের সংজ্ঞা [Definition of Goodwill]

যদিও সুনাম কারবারী প্রতিষ্ঠানের একটি গুরুত্বপূর্ণ সম্পত্তি, তথাপি এর কোনো সর্বজনস্বীকৃত সংজ্ঞা নেই বা উৎপত্তি ও মূল্যায়ন সংক্রান্ত সর্বজনস্বীকৃত কোনো ব্যাখ্যা নাই। তা সত্ত্বেও ঊনবিংশ শতাব্দীর প্রথম

দিকে সুনাম কারবারী প্রতিষ্ঠানের অস্পর্শনীয় (Intangible Asset) হিসাবে আইনগত স্বীকৃতি লাভ করিয়াছে। ১৮১০ সালে ইংল্যান্ডের একটি বিখ্যাত মকদ্দমায় (Cruttwell V. Lye) লর্ড এলডন (Lord Eldon) যে সংজ্ঞা প্রদান তাতে, "সুনাম হল এমন সম্ভাবনা যার ফলে পুরাতন খরিদ্দারগণ তাদের পূর্বতন দোকান ক্রয় করবেন"। ("Goodwill is nothing more than the probability that the old customers will resort to the old place.")

ইংল্যান্ডের অপর একটি মকদ্দমায় অনুরূপভাবে লর্ড ম্যাকনটেন (Lord MacNaughten) মন্তব্য করেছেন যে, "সুনাম হল কোন কারবারের উত্তম নামের সঙ্গে যুক্ত সুবিধা। এটি একটি আকর্ষক শক্তি বা খরিদ্দার আনতে সাহায্য করে।" ("Goodwill is the benefit and advantage of the good name, reputation and connection of a business. It is the attractive force which bring in custom.") অন্যান্য ব্যাখ্যা তাদের মতে, সুনাম হল অপরাপর প্রতিষ্ঠানের তুলনায় কোনো প্রতিষ্ঠানের অতি মুনাফা বা উদ্বৃত্ত মুনাফা (Super profit) অর্জন করবার ক্ষমতা। দক্ষ পরিচালকমণ্ডলী, দক্ষ বিক্রয় সংগঠন, কার্যকরী বিজ্ঞাপন, গোপন উৎপাদন পদ্ধতি, উত্তম শ্রমিক-মালিক সম্পর্ক, ঋণ পাবার উত্তম সুবিধা, প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ স্থানে অবস্থান ইত্যাদির কারণে কোনো প্রতিষ্ঠানের অতিমুনাফা অর্জন করবার ক্ষমতা জন্মায়।

অধ্যাপক গিনথারের (Prof. Gynther) মতে সুনাম হল কোনো প্রতিষ্ঠানের অস্পর্শনীয় সম্পত্তির সমষ্টি যা পরিমাপগত অসুবিধার জন্য উদ্বর্ত পত্রে সাধারণত প্রদর্শিত হয় না। এ ছাড়া কোনো প্রতিষ্ঠান অধিগ্রহণ করিবার ফলে নির্দিষ্ট স্পর্শনীয় ও অস্পর্শনীয় সম্পত্তির মূল ব্যতীত ক্রয় প্রতিদান হিসাবে যে উদ্বৃত্ত অর্থ প্রদান কহা হয় তাহাকেও সুনাম বলা হয়। এই সুনামকে ক্রীত সুনাম (Purchase Goodwill) বলা হয়। এই ধরনের ক্রীত সুনাম সুনির্দিষ্ট এবং প্রতিষ্ঠানের স্ব-অর্জিত সুনাম থেকে ভিন্ন।

উপরিউক্ত আলোচনায় সুনাম সম্পর্কিত যে বিভিন্ন মতবাদ পাওয়া যায় সেইগুলিকে নিম্নলিখিতভাবে ভাগ করা যায় :

**(১) উদ্বৃত্ত বা অতি মুনাফা মতবাদ (Excess of Super Profit View) :** এই মতবাদ অনুযায়ী সুনাম প্রতিষ্ঠানের উদ্বৃত্ত মুনাফা অর্জন করবার ক্ষমতার সঙ্গে যুক্ত। সেই জন্য একে কারবারের একটি উৎপাদনশীল সম্পত্তি হিসাবে গণ্য করা হয়।

**(২) চলমান প্রতিষ্ঠান সংক্রান্ত মতবাদ (Going Concern View) :** এই মতবাদ অনুযায়ী সুনাম হল অধিগৃহীত কারবারের জন্য প্রদেয় ক্রয় প্রতিদান এবং চিহ্নিত সম্পত্তিগুলির মূল্যের সমষ্টির পার্থক্য। এই ক্ষেত্রে অনুমান করা হয় যে চলমান প্রতিষ্ঠান হিসাবে সমগ্র কারবারের মূল তার চিহ্নিত স্পর্শনীয় ও অস্পর্শনীয় সম্পত্তিগুলির মূল্য থেকে অধিক। এই মতবাদেও পরোক্ষভাবে উদ্বৃত্ত আয় সম্পর্কে অনুমান করা হয়। প্যাটন ও লিটিলটনের (Patton and Littleton) মতে চলমান প্রতিষ্ঠানের সুনামের জন্য প্রদেয় অর্থ হল ভবিষ্যতে অর্জিত আয়ের জন্য আগাম স্বীকৃতি।

**(৩) অপ্রদর্শিত বা লুক্কায়িত সম্পত্তির মতবাদ (Unrecorded or hidden asset view) :** এই মতবাদ অনুযায়ী সুনামকে উদ্বৃত্ত আয়ের পরিমাণ হিসাবে গণ্য করা হয় না। এর পরিবর্তে সুনাম হল প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ স্থানে অবস্থান, উত্তম ঋণগ্রহণের সুবিধা, বিজ্ঞাপনজনিত সুবিধা ইত্যাদির সমষ্টিগত পরিমাপ।

**(৪) সামগ্রিক মূল্যায়ন সংক্রান্ত মতবাদ (Goodwill as a master valuation account) :** অধ্যাপক জে. বি. ক্যানিং Prof. J. B. Canning এই মতবাদের প্রবক্তা। তাঁর মতে সুনাম হল এমন একটি সামগ্রিক হিসাব যার মধ্যে সমস্ত অপ্রদর্শিত অস্পর্শনীয় সম্পত্তির মূল্য ও প্রদর্শিত স্পর্শনীয় সম্পত্তির অবমূল্যায়িত অংশ নিহিত আছে। এই মতবাদটি বাস্তবে উপরিউল্লিখিত অপ্রদর্শিত সম্পত্তির মতবাদেরই অনুরূপ।

## ৯০.৩ সুনামের বৈশিষ্ট্য [Characteristics of Goodwill]

উপরিউক্ত আলোচনা থেকে সুনামের নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলি পাওয়া যায় :

(১) সুনাম সমগ্র কারবারের সঙ্গে জড়িত, একে কারবার থেকে আলাদা করা যায় না।

(২) সুনাম যে সমস্ত উপাদানের দ্বারা গঠিত সেই উপাদানগুলিকে আলাদাভাবে মূল্যায়ন করা যায় না।

(৩) ক্রীত সুনাম স্ব-অর্জিত সুনাম থেকে ভিন্ন।

(৪) কোনো খরচ না করেও সুনাম অর্জন করা যেতে পারে।

(৫) আয় অর্জন করবার ফলে সুনাম ব্যবহৃত বা নিঃশেষিত হয় না।

(৬) সুনাম জনিত সুবিধা শুধুমাত্র প্রতিষ্ঠানের মালিকগণই ভোগ করতে পারে।

## ৯০.৪ কখন সুনামের মূল্যায়নের প্রয়োজন হয় [When valuation of Goodwill arises]

সাধারণত নিম্নলিখিত ক্ষেত্রে সুনামের মূল্যায়ন প্রয়োজন হতে পারে :

**(ক) একমালিকী প্রতিষ্ঠানের ক্ষেত্রে :**

(i) যদি একটি কোনো ব্যক্তির নিকট বিক্রয় করা হয়।

(ii) যদি একে অংশীদারী প্রতিষ্ঠানে রূপান্তর করা হয়।

(iii) যদি এটি কোম্পানীতে রূপান্তর করা হয়।

**(খ) অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে :**

(i) নুতন কোনো অংশীদার গ্রহণ করা হলে।

(ii) কোনো অংশীদার অবসর গ্রহণ করলে।

(iii) কোনো অংশীদারের মৃত্যু হলে।

(iv) অংশীদারদের মধ্যে মুনাফা বন্টনের অনুপাতের পরিবর্তন হলে।

(v) অংশীদারী প্রতিষ্ঠানের একত্রীকরণ হলে।

(vi) অংশীদারী প্রতিষ্ঠানের অধিগ্রহণ হলে।

(vii) অংশীদার প্রতিষ্ঠান বিক্রয় করা হলে।

(viii) অংশীদারী প্রতিষ্ঠানকে কোম্পানীতে রূপান্তর করা হলে।

**(গ) কোম্পানীর ক্ষেত্রে :**

(i) পূর্বে অবলোপিত সুনামকে যদি পুনরায় হিসাবের বইতে লিপিবন্ধ করার প্রয়োজন হয়।

(ii) চলমান প্রতিষ্ঠান আধিগ্রহণ করবার ক্ষেত্রে অথবা একাধিক কোম্পানীর একত্রীকরণের ক্ষেত্রে ক্রয় প্রতিদান নির্ণয় করার জন্য।

(iii) কোম্পানীর নিয়ন্ত্রণকারী শেয়ার ক্রয় করবার জন্য।

(iv) সম্পদ কর, দানকর ইত্যাদির জন্য শেয়ারের মূল্য নির্ধারণ করার জন্য।

## ৯০.৫ যে সকল বিষয়ের উপর সুনামের মূল্যায়ন নির্ভর করে [Factors affecting the value of Goodwill]

সুনামের মূল্য নির্ধারণ সংক্রান্ত সর্বজনস্বীকৃত তত্ত্ব না থাকলেও নিম্নলিখিত বিষয়গুলি সুনামের মূল্যকে প্রভাবিত করতে পারে :

(i) পরিচালন দক্ষতা ও ব্যক্তিগত নৈপুণ্য ;

(ii) প্রতিষ্ঠানের অবস্থান ;

(iii) ব্যবসার প্রকৃতি ;

(iv) প্রতিষ্ঠানের আয়ুষ্কাল ;

(v) পেটেন্ট ও ট্রেডমার্কের সুবিধা ;

(vi) উৎপাদনের উপাদানগুলির সহজলভ্যতা ;

(vii) অসাধারণ চুক্তির সুবিধা ;

(viii) মুনাফার প্রবণতা ;

(ix) বিনিয়োজিত মূলধন ;

(x) আবিষ্কার, গোপন উৎপাদন পদ্ধতি বা শিল্পে প্রথম প্রবেশের সুবিধা ইত্যাদি।

## ৯০.৬ সুনামের মূল্যায়ন সংক্রান্ত কতিপয় গুরুত্বপূর্ণ বিষয় [Some Important matters relating to valuation of Goodwill]

সুনামের মূল্য নির্ধারণকারী বিষয়গুলি বহুবিধ হলেও নিম্নলিখিত বিষয়গুলি অধিক গুরুত্বপূর্ণ —

**(১) প্রত্যাশিত মুনাফা (Expected profit) :** পরিচালক মণ্ডলীর দক্ষতা, ব্যক্তিগত নৈপুণ্য, অসাধারণ চুক্তির সুবিধা ইত্যাদি বিষয়গুলি সুনামের মূল্যকে প্রভাবিত করলেও আলাদা ভাবে এদের মূল্যায়ন করা সহজ হয় না। বাস্তব ক্ষেত্রে তাই প্রত্যাশিত মুনাফাকে সুনামের মূল্যায়নের অন্যতম ভিত্তি ধরা হয়। কোনো ক্রেতা যখন প্রতিষ্ঠানের সুনামের জন্য মূল্য প্রদান করতে আগ্রহী হয় তখন ভবিষ্যতে মুনাফা লাভের আশাতেই সেই মূল্য দিতে আগ্রহী হয়। যদি অতিরিক্ত লাভের আশা না থাকে, তাহলে অন্যান্য সুবিধা থাকলেও তার জন্য ক্রেতা অতিরিক্ত মূল্য প্রদান করবে না।

প্রত্যাশিত মুনাফা অনুমান সাপেক্ষ। অতীতের মুনাফাকে ভিত্তি ধরে তা নির্ণয় করতে হবে। যে সমস্ত সম্ভাব্য ঘটনা এই মুনাফাকে প্রভাবিত করতে পারে, অতীতের মুনাফার সঙ্গে সেই সমস্ত ঘটনার মিলকরণ করিয়া প্রত্যাশিত মুনাফা নির্ণয় করতে হবে। আকস্মিক দুর্ঘটনার দরুন কোনো ক্ষতি হলে সেই ক্ষতির অঙ্ককে অতীতের মুনাফার সঙ্গে যোগ করতে হবে। অনুরূপভাবে আকস্মিক কোনো আয় বা যে ধরনের আয় সচরাচর প্রত্যাশা করা যায় না, সেই ধরনের কোনো আয় অতীতের মুনাফার মধ্যে অন্তর্ভুক্ত থাকলে তা বাদ দিতে হবে। একমালিকী বা অংশীদারী কারবারকে যৌথ মুলধনী কারবারে রূপান্তর করা হলে বিক্রেতা প্রতিষ্ঠানের বার্ষিক মুনাফার অঙ্ক থেকে পরিচালকমণ্ডলীর বেতন, ব্যবস্থাপনার খরচ ইত্যাদি বাদ দিয়া প্রত্যাশিত মুনাফার হিসাব করতে হবে। অর্থাৎ, প্রত্যাশিত মুনাফা হল সেই মুনাফা যা কোনো প্রতিষ্ঠান স্বাভাবিক অবস্থায় অর্জন করতে পারে। যেহেতু প্রত্যাশিত মুনাফা অনুমান সাপেক্ষ, সেই জন্য কোনো একটি বিশেষ বৎসরের মুনাফাকে না ধরে বিগত কয়েক বৎসরের গড় মুনাফাকে ধরা অনেক নির্ভরযোগ্য।

প্রত্যাশিত মুনাফা নির্ধারণ করার জন্য এই গড় মুনাফা থেকে সাধারণত নিম্নলিখিত বিষয়গুলিকে বাদ দেওয়া হয় :

(ক) ব্যবসায় পরিচালন সংক্রান্ত খরচ এবং ঋণের উপর সুদ ও স্থায়ী সম্পত্তির উপর অবচিতি বাদ দিতে হবে। সম্পত্তির পুনর্মূল্যায়ন করা হলে ঐ মূল্যের উপর অবিচিতি ধার্য করতে হবে।

(খ) সমস্ত বকেয়া খরচ, আয়কর ও কু-ঋণের জন্য সংস্থান বাদ দিতে হবে।

(গ) অব্যবসায়িক সম্পত্তি (Non-trading asset) যদি বিনিয়োজিত মূলধনের হিসাবে ধরা না হয় তাহলে এই সম্পত্তি থেকে প্রাপ্ত আয়কে প্রত্যাশিত মুনাফার হিসাবে ধরা হবে না।

(ঘ) অগ্রাধিকারযুক্ত শেয়ারের উপর প্রদেয় লভ্যাংশ বাদ দিতে হবে।

২। **আগমের স্বাভাবিক হার (Normal Rate of Return) ঃ** একজন সাধারণ বিনিয়োগকারী কোনো শিল্প বা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম যে আয় পেলে সন্তুষ্ট থাকে তাকে আগমের স্বাভাবিক হার বলা হয়। এই প্রত্যাশিত আগমের স্বাভাবিক হার যেমন শিল্প অনুযায়ী বিভিন্ন হতে পারে, তেমনি বিনিয়োগকারীর পছন্দ, ঝুঁকি সম্পর্কে ধারণা বা অনুমান আলাদা হতে পারে। উদাহরণস্বরূপ, সরকারি লগ্নিতে ঝুঁকির মাত্রা কম হওয়ার দরুন কোনো একজন বিনিয়োগকারী 10% আগমকে স্বাভাবিক হিসাবে গণ্য করতে পারে। আবার ইকুইটি শেয়ারে বিনিয়োগ ঝুঁকিবহুল হবার জন্য একই বিনিয়োগকারী 20% আগমকে আগমের স্বাভাবিক হার গণ্য করতে পারে।

সাধারণত শেয়ার বাজারের মূল্য তালিকা থেকে বিনিয়োগকারীদের আগমকে স্বাভাবিক হারের প্রত্যাশা সম্পর্কে ধারণা পাওয়া যায়। উদাহরণস্বরূপ, কোনো একটি শেয়ার থেকে যদি 25 টাকা লভ্যাংশ পাওয়া যায় বা প্রত্যাশা করা যায় এবং এই শেয়ারের বাজারমূল্য যদি 125 টাকা হয়, তাহলে প্রত্যাশিত আগমের হার হবে $\frac{25}{125} \times 100$ বা 20%। অবশ্য এই প্রকার আগমের স্বাভাবিক হার শেয়ার বাজারে স্বাভাবিক লেনদেনের ক্ষেত্রেই প্রয়োজ্য হতে পারে। কোম্পানীর নিয়ন্ত্রণ করবার জন্য শেয়ার ক্রয়ের ক্ষেত্রে সুনামের মূল্যায়নের জন্য এই আগমের স্বাভাবিক হারের পরিবর্তন হতে পারে।

সাধারণত আগমের স্বাভাবিক হার সম্পর্কে প্রত্যাশা নিম্নলিখিত বিষয়গুলির দ্বারা নির্ধারিত হয় :

**(ক) বিনিয়োগের ঝুঁকির মাত্রা :** ঝুঁকির সঙ্গে আগমের স্বাভাবিক হারের প্রত্যক্ষ সম্পর্ক। অর্থাৎ বিনিয়োগ যত ঝুঁকিপূর্ণ হবে বিনিয়োগকারীর আয়ের স্বাভাবিক হারের প্রত্যাশা তত বেশী হবে।

**(খ) বিনিয়োগকালের মাত্রা :** বিনিয়োগ যত দীর্ঘমেয়াদী হবে প্রত্যাশিত আগমের হার তত বেশী হইবে।

**(গ) ব্যাংকের সুদের হার :** ব্যাংকে সুদের হার বৃদ্ধি পেলে বিনিয়োগকারীদের প্রত্যাশিত আগমের হারও বৃদ্ধি পাবে।

**(ঘ) দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক পরিস্থিতি :** অর্থনৈতিক ও রাজনৈতিক অস্থিরতায় প্রত্যাশিত আগমের হারও বৃদ্ধি পাবে।

৩। **বিনিয়োজিত মূলধন (Capital employed) :** আগমের স্বাভাবিক হার হল প্রতিষ্ঠানের মোট আয়ের পরিমাণ এবং বিনিয়োজিত মূলধনের যুগ্ম ফল। অর্থাৎ প্রতিষ্ঠানের মোট প্রত্যাশিত আয়কে বিনিয়োজিত মূলধনের সাহায্যে ভাগ করলে আগমের স্বাভাবিক হার পাওয়া যায়।

বিনিয়োজিত মূলধন হল সেই মূলধন যা প্রতিষ্ঠান দীর্ঘকালীন সময়ের জন্য ব্যবহার করতে পারে। যেহেতু চলতি সম্পত্তির পরিমাণ থেকে চলতিদায়কে পরিশোধ করতে হয়, সেইজন্য বিনিয়োজিত মূলধনের পরিমাণ নিম্নলিখিত ভাবে নির্ধারণ করতে হবে :

বিনিয়োজিত মূলধন = অবচিতি বাদ দেবার পরে স্থায়ী সম্পত্তির পরিমাণ + স্থায়ী চলতি মূলধন,

বা, অবচিতি বাদ দেবার পরে স্থায়ী সম্পত্তির পরিমাণ + (চলতি সম্পত্তির পরিমাণ—চলতি দায়ের পরিমাণ)

বিকল্পভাবে, বিনিয়োজিত মূলধনের পরিমাণ হল—শেয়ার মূলধন + লাভ + সমস্ত প্রকার সঞ্চয় (Reserve) + দীর্ঘমেয়াদী ঋণের পরিমাণ। অব্যবসায়িক সম্পত্তিকে এই হিসাবের মধ্যে যুক্ত করা হবে না।

স্থায়ী সম্পত্তির ক্রয়-বিক্রয় বা লাভের অঙ্কের পরিবর্তনের ফলে বিনিয়োজিত মূলধনের পরিমাণ পরিবর্তীত হতে পারে। সেইজন্য কার্যকরী বিনিয়োজিত মূলধন (effective capital employee) নির্ধারণ করতে হলে গড় **নিয়োজিত মূলধন** (Average capital employed) নির্ধারণ করা প্রয়োজন। গড় বিনিয়োজিত মূলধন বলতে প্রারম্ভিকবিনিয়োজিত মূলধন এবং অন্তিম বিনিয়োজিত মূলধনের গড়কে বোঝায়। উদাহরণস্বরূপ কোনো প্রতিষ্ঠানের প্রারম্ভিক বিনিয়োজিত মূলধন যদি 10,00,000 টাকা হয় এবং অন্তিম বিনিয়োজিত মূলধন যদি 12,00,000 টাকা হয় তাহলে গড় বিনিয়োজিত মূলধনের পরিমাণ হবে—

$$\frac{10,00,000+12,00,000}{2} = 11,00,000 \text{ টাকা}$$

নতুন মূলধন বিনিয়োগ বা স্থায়ী সম্পত্তির পরিবর্তন না হলে প্রারম্ভিক বিনিয়োজিত মূলধনের সঙ্গো অন্তিম বিনিয়োজিত মূলধনের পার্থক্যের কারণ হল বাৎসরিক লাভের পরিমাণ। অতএব, সমস্ত বৎসর একই হারে লাভ অর্জন করা হয়েছে এই অনুমান করলে এবং প্রারম্ভিক বা অন্তিম বিনিয়োজিত মূলধনের যে কোনো একটি অঙ্ক পাওয়া গেলে গড় বিনিয়োজিত মূলধন নিম্নলিখিতভাবে নির্ধারণ করা যায় :

গড় বিনিয়োজিত মূলধন = প্রারম্ভিক নিয়োজিত মূলধন + বর্তমান বৎসরের লাভের অর্ধেক।

অথবা, অন্তিম বিনিয়োজিত মূলধন — বর্তমান বৎসরের লাভের অর্ধেক।

উদ্ধর্তপত্রে প্রস্তাবিত লভ্যাংশ (proposed devidend) দেওয়া থাকলে একে বর্তমান বৎসরের লাভের অংশ বলে গণ্য করতে হবে।

## ৯০.৭ সুনাম মূল্যায়নের স্বীকৃত পদ্ধতি [Recognised Methods of Valuation of Goodwill] :

পূর্বে উল্লেখ করা হয়েছে যে সুনামের মূল্য বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে। সেই অনুযায়ী বিভিন্ন পরিস্থিতিতে বিভিন্নভাবে সুনামের মূল্যায়ন করা যেতে পারে। কিন্তু বাস্তবে প্রত্যাশিত মুনাফাই হল সুনামের মূল্য নির্ধারণের একমাত্র নির্ভরযোগ্য ভিত্তি।

প্রত্যাশিত মুনাফা ভিত্তিক সুনামের মূল্য নির্ধারণ করবার পদ্ধতিগুলি নিম্নরূপ :

**(ক) গড় মুনাফার বর্ষ-গুণক পদ্ধতি (Year's Purchase of Average Profit Method) :** এই পদ্ধতিতে বিগদ কয়েক বৎসরের মুনাফার গড়কে কোনো নির্দিষ্ট বর্ষ-সংখ্যা দ্বারা গুণ করে সুনামের মূল্য স্থির করা হয়। গড় মুনাফাকে যে সংখ্যা দ্বারা গুণ করা হয় তাকে বর্ষগুণক (Years's purchase) বলা হয়।

**উদাহরণ ১ :** A. Ltd. একটি একমালিকী প্রতিষ্ঠান ক্রয় করতে ইচ্ছুক। সুনামের মূল্য পাঁচ বৎসরের গড় মুনাফার তিন বর্ষ-গুণক হিসাবে স্থির করা হল। বিগত পাঁচ বৎসরের মুনাফা নিম্নরূপ :

প্রথম বর্ষ ঃ Rs. 50,000

দ্বিতীয় বর্ষ ঃ Rs. 55,000

তৃতীয় বর্ষ ঃ Rs. 45,000

চতুর্থ বর্ষ ঃ Rs. 50,000

পঞ্চম বর্ষ ঃ Rs. 60,000

A Ltd. কর্তৃক প্রদেয় সুনামের মূল্য নির্ধারণ কর।

**সমাধান** পাঁচ বৎসরের গড় মুনাফা ঃ

$$\frac{50,000+55,000+45,000+50,000+60,000}{5}$$

$$= \frac{2,60,000}{5} = 52,000 \text{ টাকা}$$

সুতরাং সুনামের মূল্য গড় মুনাফার তিন বর্ষ-গুণক অর্থাৎ 52,000 × 3 = 1,56,000 টাকা।

**(খ) ভারযুক্ত গড় মুনাফার বর্ষগুণক পদ্ধতি** [Year's purchase of Weighted Average Method] ঃ এই পদ্ধতিটি উপরিউল্লিখিত পদ্ধতির সংশোধিত রূপমাত্র। এই ক্ষেত্রে যে সমস্ত বৎসরের মুনাফার গড় করতে হবে সেই সমস্ত বৎসরগুলির মুনাফাকে এদের গুরুত্ব অনুযায়ী ভারযুক্ত করে মুনাফার গড় নির্ণয় করতে হবে।

**উদাহরণ ২ :** মোহন সোহনের কারবারে অংশীদার হতে ইচ্ছুক। স্থির হল যে তিন বৎসরের ভারযুক্ত গড় মুনাফার দুই বর্ষ গুণক হিসাবে সুনামের মূল্য নির্ধারিত হবে। মুনাফা এবং প্রযোজ্য ভার নিম্নরূপ :

| Year | Profit | Weight |
|---|---|---|
| 1st | 10,000 | 1 |
| 2nd | 12,00 | 2 |
| 3rd | 13,000 | 3 |

সুনামের মূল্য নির্ধারণ কর।

সমাধান :

| Year | Profit Rs. | Weight | Weighted profit Rs. |
|---|---|---|---|
| 1st | 10,000 | 1 | 10,000 |
| 2nd | 12,000 | 2 | 24,000 |
| 3rd | 13,000 | 3 | 39,000 |
| | Total | 6 | 73,000 |

**Weighted Average Profit = Rs.** $\frac{73,000}{6}$ = Rs. 12,167

∴ সুনামের মূল্য = Rs. 12,167 × 2 = Rs. 24,334.

**উদাহরণ ৩ :** X Ltd Y Ltd-এর কারবারটি ক্রয় করতে ইচ্ছুক। বিগত চার বৎসরের ভারযুক্ত গড় মুনাফার তিন বর্ষগুণক হিসাবে সুনামের মূল্য স্থির করা হল।

বাৎসরিক মুনাফা ও প্রযোজ্য ভারের হিসাব নিম্নরূপ :

| Year | Profit Rs | Weight |
|---|---|---|
| 1996 | 20,200 | 1 |
| 1997 | 24,800 | 2 |
| 1998 | 20,000 | 3 |
| 1999 | 30,000 | 4 |

Y Ltd-এর হিসাব পরীক্ষার পরে নিম্নলিখিত বিষয়গুলি ধরা পড়ল :

(i) 1লা সেপ্টেম্বর 1998 তারিখে 6,000 টাকা মেরামত বাবদ খরচ করা হয়েছে। একে মূলধনায়ন করতে হবে এবং এর উপর ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে 10% অবচিতি ধার্য করতে হবে।

(ii) 31 শে ডিসেম্বর 1997 তারিখে 2,400 টাকার অন্তিম সম্ভার অতিমূল্যায়ন করা হয়েছে।

(iii) সুনামের মূল্য নির্ধারণের জন্য বাৎসরিক 4,800 টাকা পরিচালন ব্যয় ধরতে হবে।

Y Ltd-এর সুনামের মূল্য নির্ধারণ কর।

সমাধান : (1) Adjusted Profit

| | **1996** | **1997** | **1998** | **1999** |
|---|---|---|---|---|
| | **Rs.** | **Rs.** | **Rs.** | **Rs.** |
| Profit as given | 20,200 | 24,800 | 20,000 | 30,000 |
| Less Management Cost | 4,800 | 4,800 | 4,800 | 4,800 |
| | 15,400 | 20,000 | 15,200 | 25,200 |
| Less. Over valuation of closing stock (Note 1) | — | 2,400 | | |
| | 15,400 | 17,600 | 15,200 | 25,200 |
| Add. Over valuation of opening stock | — | — | 2,400 | |
| | 15,400 | 17,600 | 17,600 | 25,200 |
| Add. Capitalization of repairs (Note 2) | — | — | 6,000 | |
| | 15,400 | 17,600 | 23,600 | 25,200 |
| Less. Depreciation | — | — | 200 | 580 |
| | 15,400 | 17,600 | 23,400 | 24,620 |

(2) Weighted Average profit

| Year | Profit Rs. | | Weight | Weighted profit Rs. |
|---|---|---|---|---|
| 1996 | 15,400 | | 1 | 15,400 |
| 1997 | 17,600 | | 2 | 35,200 |
| 1998 | 23,400 | | 3 | 70,200 |
| 1999 | 24,620 | | 4 | 98,480 |
| | | Total | 10 | 2,19,280 |

$$\text{Weighted Average Profit} = \text{Rs. } \frac{2,19,280}{10}$$

$$= 21,928.$$

∴ সুনামের মূল্য = Rs. 21,928 × 3 = Rs. 65,784

**Notes** (1) 1997 সালের অন্তিম পণ্য 1998 সালের প্রারম্ভিক পণ্য বলে এর অবমূল্যায়িত অংশ যোগ করা হয়েছে।

(2) মূলধনায়িত মেরামতি খরচের উপর অবচিতি :

$$1998 = 6,000 \times \frac{10}{100} \times \frac{4}{12} = \text{Rs. } 200$$

$$1999 = 5,800 \times \frac{10}{100} = \text{Rs. } 580$$

**(গ) অতি মুনাফার বর্ষগুণক পদ্ধতি** [Years' Purchase of Super Profit Method] : কোনো প্রতিষ্ঠান যখন এই শিল্পে নিয়োজিত অন্যান্য প্রতিষ্ঠানের স্বাভাবিক মুনাফার হারের অপেক্ষা বেশি মুনাফা অর্জন করতে সক্ষম হয়, তখন এই উদ্ধৃত মুনাফাকে অতি মুনাফা বলা হয়।

এই পদ্ধতিতে অতি মুনাফাকে নির্দিষ্ট বর্ষগুণক দ্বারা গুণ করলে সুনামের মূল্য পাওয়া যায়।

**উদাহরণ ৪ :** তন্ময় ও চিন্ময় তাদের অংশীদারী কারবারে 1,00,000 টাকা বিনিয়োগ করেছিল। পাঁচ অংশীদারদের বেতন ধরবার পূর্বে প্রতিষ্ঠানের বিগত পাঁচ বৎসরের গড় মুনাফা ছিল 30,000 টাকা। তন্ময় ও চিন্ময় প্রত্যেকে 500 টাকা মাসিক বেতন প্রত্যাশা করে।

অনুরূপ কারবারে বিনিয়োজিত মূলধনের উপর ৪% স্বাভাবিক আগম আশা করা যেতে পারে। অতি মুনাফার তিন বর্ষগুণক ভিত্তিতে সুনামের মূল্য নির্ধারণ করো।

**সমাধান :**

| | Rs. |
|---|---|
| Average profit | 30,000 |
| Less. Partners' Salaries (500 × 12 × 2) | 12,000 |
| | 18,000 |
| Less Normal Return on Capital employed (1,00,000 × 8%) | 8,000 |
| Super profit | 10,000 |

∴ সুনামের মূল্য = Rs. 10,000 × 3 = Rs. 30,000

উদাহরণ ৪ ঃ 31.12. 1999 তারিখে A Ltd-এর উদ্বর্ত পত্রটি নিম্নরূপ :

| Liabilities | Amount Rs. | Assets | Amount Rs. |
|---|---|---|---|
| Share Capital | 12,00,000 | Land and Building | 7,80,000 |
| General Reserves | 1,60,000 | Plant and Machinery | 3,00,000 |
| P. L. a/c | 1,00,000 | Sundry Debtors | 2,20,000 |
| Sundry Creditors | 80,000 | Bills Receivable | 60,000 |
| Bills payable | 40,000 | Stock in trade | 1,20,000 |
| | | Goodwill in cost | 40,000 |
| | | 10% Govt. Securities | 60,000 |
| | 15,80,000 | | 15,80,000 |

আয়কর বাদ দেবার পরে বিগত চার বৎসর প্রতিষ্ঠানের মুনাফা নিম্নরূপ ছিল :

1996 ———— Rs. 1,00,000
1997 ———— Rs. 2,00,000
1998 ———— Rs. 3,00,000
1999 ———— Rs. 4,00,000

এই ধরনের প্রতিষ্ঠানে আগমের স্বাভাবিক হার 12% ধরা যেতে পারে। গত মুনাফার তিন-বর্ষগুণক হিসাবে সুনামের মূল্য নির্ধারণ কর।

**সমাধান** : (1) Calculation of capital Employed in Business

| | | Rs. |
|---|---|---|
| Total Assets | | 15,80,000 |
| Less. Govt. Securities | | 60,000 |
| (অব্যবসায়িক সম্পত্তি) | | 15,20,000 |
| Less. Short term Liabilities : | Rs. | |
| Sundry creditors | 80,000 | |
| Bills payable | 40,000 | |
| | | 1,20,000 |
| Capital Employed | | 14,00,000 |

(2) Adjusted Weighted Average Profit : যেহেতু বাৎসরিক মুনাফার প্রবণতা বৃদ্ধিপ্রাপ্ত হচ্ছে সেই কারণে প্রতি বৎসরের মুনাফাকে যথাক্রমে 1, 2, 3, 4 সংখ্যার দ্বারা ভারযুক্ত করা হয়েছে। অব্যবসায়িক সম্পত্তি বিনিয়োজিত মুলধনের মধ্যে না ধরায় উক্ত আয়কে মুনাফা থেকে বাদ দেওয়া হয়েছে :

| Years | Given profit | Non trading Income | Adjusted Profit | Weight | Weighted Profit |
|---|---|---|---|---|---|
| | Rs. | Rs. | Rs. | | Rs. |
| 1996 | 1,00,000 | 6,000 | 94,000 | 1 | 94,000 |
| 1997 | 2,00,000 | 6,000 | 1,94,000 | 2 | 3,88,000 |
| 1998 | 3,00,000 | 6,000 | 2,94,000 | 3 | 8,82,000 |
| 1999 | 4,00,000 | 6,000 | 3,94,000 | 4 | 15,76,000 |
| | | | | 10 | 29,40,000 |

Averaged weighted profit = Rs. $\frac{29,40,000}{10}$ = Rs. 2,94,000

**3. Super Profit :**

| | |
|---|---|
| Weighted Average Profit | Rs. 2,94,000 |
| Less. Normal Return on Capital employed | |
| [ 14,00,000 × 12%] | Rs. 1,68,000 |
| Super Profit | = Rs. 1,26,000 |

∴ সুনামের মূল্য = Rs. 1,26,000 × 3 = Rs. 3,78,000

**(ঘ) সমকিস্তি বার্ষিকী পদ্ধতি** [Annuity Method] : এই পদ্ধতিটি অতিমুনাফার বর্ষগুণক পদ্ধতির অনুরূপ। কিন্তু এদের মধ্যে পার্থক্য এই যে, ভবিষ্যতে প্রাপ্ত সুবিধার মূল্যস্বরূপ সুনামের জন্য যে মূল্য প্রদান করা হয় অতিমুনাফার বর্ষগুণক পদ্ধতিতে তার উপর সুদের হিসাব করা হয়। উদাহরণস্বরূপ, কোনো প্রতিষ্ঠানের বার্ষিক অতিমুনাফা যদি 1,00,000 টাকা হয় এবং সুনামের মূল্য যদি অতি মুনাফার তিন বর্ষগুণক ধরা হয় তাহলে সুনামের মূল্য হবে 3,00,000 টাকা। এই ক্ষেত্রে ক্রেতা পরবর্তী তিন বৎসর 1,00,000 টাকা অতিমুনাফা লাভ করে এই মূল্য আদায় করবে। কিন্তু যদি ক্রেতা তার বিনিয়োগের উপর 20% সুদ প্রত্যাশা করে, তাহলে প্রথম বৎসরের শেষে যে 1,00,000 টাকা অতি মুনাফা পাওয়া যাইবে তাহার বর্তমান মূল্য কত? দ্বিতীয় বৎসরের শেষে এবং তৃতীয় বৎসরের শেষে যে 1,00,00 টাকা অতিমুনাফা পাওয়া যাবে এদের বর্তমান মূল্য কত?

$V = \frac{a}{i}\left[1 - \frac{1}{(1-i)^n}\right]$ এই সূত্রটি প্রয়োগ করলে ১ টাকার বার্ষিক সমকিস্তির বর্তমান মূল্য হবে :

| | | |
|---|---|---|
| প্রথম বৎসরের শেষে | —— | 0,833 টাকা |
| দ্বিতীয় বৎসরের শেষে | —— | 0,694 টাকা |
| তৃতীয় বৎসরের শেষে | —— | 0,579 টাকা |
| মোট | —— | 2,106 টাকা |

অর্থাৎ, তিন বৎসর যদি প্রতি বৎসরের শেষে ১ টাকা পাওয়া যায় তাহলে 20% সুদ ধরলে এর বর্তমান মূল্য হবে 2,106 টাকা। অনুরূপভাবে ক্রেতা যদি প্রতিবৎসর 1,00,000 টাকা অতিমুনাফা অর্জন করে, তিন বৎসরের শেষে মোট যে 3,00,000 টাকা পাবে তার বর্তমান মূল্য হবে 2,10,610 টাকা।

**উদাহরণ ৫ :** কোনো একটি প্রতিষ্ঠানের সুনামের মূল্য নির্ধারণের জন্য নিম্নলিখিত তথ্যগুলি প্রদান করা হল :

(i) বার্ষিক অতি মুনাফা = 20,000 টাকা

(ii) বর্ষগুণক = 7

(iii) সুদের হার 10%

(iv) বার্ষিক সমকিস্তির মূল্য ঃ 1 টাকা = 4,86427

অতি মুনাফার বর্ষগুণক পদ্ধতি ও সমকিস্তি বার্ষিকী পদ্ধতিতে সুনামের মূল্য নির্ধারণ কর।

**সমাধান :** (i) অতি মুনাফার বর্ষগুণক পদ্ধতিতে সুনামের মূল্য =

Rs. 20,000 × 7 = Rs. 1,40,000

(ii) সমকিস্তি বার্ষিকী পদ্ধতিতে সুনামের মূল্য =

Rs. 20,000 × 4,868427 = Rs. 97,368

**(ঙ) মূলধনায়ন পদ্ধতি** [Capitalisation Method] এই পদ্ধতিতে সুনাম হল, অতিমুনাফা অর্জন করবার জন্য প্রয়োজনীয় মূলধনের মূল্য। অর্থাৎ, কোনো কারবারের যদি 20% স্বাভাবিক আগমের হার হয় এবং অতি মুনাফা 20,000 টাকা হয়, তাহলে এই স্বাভাবিক আগমের ভিত্তিতে সমপরিমাণ মুনাফা অর্জন করবার জন্য যে মূলধনের প্রয়োজন হবে তাই হবে সুনামের মূল্য।

মূলধনায়ন পদ্ধতিতে সুনামের মূল্য নির্ধারণ করবার সূত্রটি হল,

$\frac{A}{i} \times 100$ (A = অতিমুনাফা, i = সুদের বা স্বাভাবিক আগমের হার)

অতএব, 20,000 টাকা যদি অতিমুনাফা হয় এবং 20% স্বাভাবিক আগম হয় তাহলে সুনামের মূল্য হবে,

$$\frac{20,000}{20} \times 100 = 1,00,000 \text{ টাকা।}$$

বিকল্পভাবে, প্রথম কারবারের গড় আয়কে স্বাভাবিক আগমের ভিত্তিতে মূলধনায়িত করে সমগ্র কারবারের মূল্য বের করতে হবে। এর পরে, কারবারের চাহিদা এবং স্পর্শনীয় সম্পত্তি ও সুনির্দিষ্ট অস্পর্শনীয় সম্পত্তিগুলির মূল্য কারবারের সমগ্র মূল্য থেকে বাদ দেবার পরে যে অবশিষ্ট থাকবে তাই সুনামের মূল্য।

**উদাহরণ ৬ :** ক-এর কারবারের বিগত পাঁচ বৎসরের মুনাফা নিম্নরূপ ছিল 40,000 টাকা, 42,000 টাকা, 45,000 টাকা, 46,000 টাকা এবং 47,000 টাকা। এই ধরনের কারবারে প্রত্যাশিত আগমের হার 10%

এই তথ্যগুলির সাহায্যে মূলধনায়ন পদ্ধতিতে ক-এর কারবারের সুনামের মূল্য নির্ধারণ কর। ক-এর গড় বিনিয়োজিত মূলধন ছিল 4,00,000 টাকা।

**সামাধান :** (i) Average Profit = Rs. $\frac{40,000+42,000+45,000+46,000+47,000}{5}$

$$= \text{Rs. } \frac{2,20,000}{5} = 44,000$$

(ii) **Super Profit**

| | |
|---|---|
| Average Profit | = Rs. 44,000 |
| Less. Normal Rate of Returns | Rs. 40,000 |
| Super Profit | 4,000 |

$\therefore$ Goodwill = Rs. $\frac{4000}{10} \times 100$ = Rs. 40,000

**বিকল্প সমাধান** : Capitalised Value of Business = $\frac{44,000}{10} \times 100 = 4,40,000$

| | |
|---|---|
| Less. Capital employed (Net assets) | 4,00,000 |
| Goodwill | = Rs. 40,000 |

**উদাহরণ ৭** : X. Ltd-এর উদ্বর্তপত্রটি নিম্নে প্রদত্ত হল :

**Balance Sheet as at 31.12.98**

| **Liabilities** | **Rs.** | **Assets** | **Rs.** |
|---|---|---|---|
| Share Capital | | Goodwill | 1,00,000 |
| (Rs. 10 each) | 10,00,000 | Land and Building | 3,00,000 |
| Reserve and Surplus | 4,00,000 | Land and Building | 8,00,000 |
| Sundry Creditors | 3,00,000 | Investment | 1,00,000 |
| | | Stock | 2,00,000 |
| | | Debtors | 1,50,000 |
| | | Cash at Bank | 50,000 |
| | 17,00,000 | | 17,00,000 |

বৎসরে আয়কর বাদ দেবার পূর্বে মুনাফা ছিল 6,00,000 টাকা ; এর মধ্যে লগ্নি থেকে প্রাপ্ত আয় 10,000 টাকা ধরা আছে। জমি ও দালান এবং যন্ত্রপাতির বর্তমান বাজার মূল্য যথাক্রমে 9,00,000 টাকা ও 1,00,000 টাকা। এই পুনর্মূল্যায়নের ফলে 40,000 টাকা অতিরিক্ত অবচিতি ধরতে হবে। বর্তমান আয়করের হার 50%। আয়কর বাদ দেবার পর প্রত্যাশিত স্বাভাবিক আগমের হার 10% উপরিউক্ত তথ্যগুলির ভিত্তিতে মূলধনায়ন পদ্ধতিতে X Ltd. এর সুনামের মূল্য নির্ধারণ কর।

**সমাধান :** (i) Average maintainable Profit after tax :

| | | |
|---|---|---|
| | | **Rs.** |
| Net Profit before tax | | 6,00,000 |
| | **Rs.** | |
| Less additional depreciation | 40,000 | |
| ,, Non trading income | | |
| (Income from investment) | 10,000 | 50,000 |
| | | 5,50,000 |
| Less provision for tax @ 50% | | 2,75,000 |
| | | 2,75,000 |

**(ii) Average Capital employed :**

| | |
|---|---|
| | **Rs.** |
| Land and Building | 9,00,000 |
| Plant and Machinery | 10,00,000 |
| Stock | 2,00,000 |
| Debtors | 1,50,000 |
| Cash at Bank | 50,000 |
| | 23,00,000 |
| Less. Sundry Creditors | 3,00,000 |
| = Closing Capital employed | 20,00,000 |
| Less $\frac{1}{2}$ of the current year's profit as (i) above | 1,37,500 |
| | 18,62,500 |

| **(iii) Super Profit** | **Rs.** |
|---|---|
| Average maintainable profit after tax : | 2,75,000 |
| Less. Normal Returns | 1,86,250 |
| (10% of 18,62,500) | 88,250 |

∴ সুনামের মূল্য = $88{,}250 \times \frac{10}{100}$ = 8,82,500 টাকা।

## ১০.৮ শেয়ারের মূল্যায়ন এবং এর প্রয়োজনীয়তা [Valuation of shares and its necessities]

শেয়ার হল একটি অধিকার যা যৌথ মূলধনী কারবারে টাকার অঙ্কে মালিকদের স্বার্থকে চিহ্নিত করে। এর ক্রমিক মূল্য চুক্তিদ্বারা স্থির হলেও এর অন্তর্নিহিত মূল্য, প্রতিষ্ঠানের সুনাম, লাভ অর্জন করবার ক্ষমতা বা শেয়ারের মূল্যায়নের উদ্দেশ্য ইত্যাদি বহু বিষয়ের উপর নির্ভর করে। প্রকৃতপক্ষে শেয়ারের মূল্যায়ন এবং সুনামের মূল্যায়ন অঙ্গাঙ্গীভাবে জড়িত। সুনামের মূল্যায়নের মত একই কারণে শেয়ারের মূল্যায়ন প্রয়োজন হতে পারে। এ ছাড়া নিম্নলিখিত কারণেও শেয়ারের মূল্যায়ন প্রয়োজন হইতে পারে ঃ

(ক) সম্পত্তি কর (estate duty) নির্ধারণ করার জন্য ;

(খ) একত্রিকরণ এবং গ্রসন বা অধিগ্রহণ করার জন্য ;

(গ) কোম্পানীর নিয়ন্ত্রণকারী শেয়ার ক্রয় ও বিক্রয়ের জন্য ;

(ঘ) লগ্নীকারী প্রতিষ্ঠানের সম্পত্তির মূল্যায়নের জন্য ;

(ঙ) ঋণগ্রহণের জন্য শেয়ার বন্ধক রাখলে এর মূল্যায়নের জন্য ;

(চ) কোম্পানী আইনের 494 ধারা অনুযায়ী পুনর্গঠনের সময় কোনো শেয়ার হোল্ডারের অসম্মতি থাকলে তার মূল্য নির্ধারণ করার জন্য ;

(ছ) এক শ্রেণীর শেয়ারকে অন্যশ্রেণীর শেয়ারে রূপান্তর করার ক্ষেত্রে ;

(জ) জাতীয়করণ পরিকল্পনা অনুযায়ী কোনো কোম্পানী অধিগ্রহণ করা হলে সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারগণকে ক্ষতিপূরণ করার জন্য।

## ৯০.৯ যে সকল বিষয়ের উপর শেয়ারের মূল্যায়ন নির্ভর করে [Factors affecting valuation of shares]

শেয়ারের মূল্য নির্ধারণকারী বিষয়গুলি বহুবিধ। বস্তুতপক্ষে নিম্নলিখিত যে কোনো এক বা একাধিক বিষয় শেয়ারের মূল্যকে প্রভাবিত করতে পারে ঃ

(ক) কারবারের প্রকৃতি ;

(খ) শেয়ারের যোগান ও চাহিদা ;

(গ) শেয়ার হস্তান্তরের উপর আরোপিত বিধিনিষেধ ;

(ঘ) কোম্পানীর লভ্যাংশ প্রদানের ক্ষমতা ;

(ঙ) শেয়ার বাজারের মূল্যতালিকার অন্তর্ভুক্ত সমজাতীয় শেয়ারের উৎপাদনের হার (yield) ;

(চ) কোম্পানী মূলধন ও দায়ের অনুপাত ;

(ছ) দেশের অভ্যন্তরে সাধারণ আর্থিক অবস্থা, কোম্পানীর বাজার দখলের ক্ষমতা, কাঁচামাল ও শ্রমিকের সহজলভ্যতা ইত্যাদি।

## ৯০.১০ শেয়ার মূল্যায়নের পদ্ধতি [Methods of valuation of shares]

শেয়ারের মূল্য নির্ধারণের ক্ষেত্রে সাধারণত নিম্নলিখিত তিনটি পদ্ধতি অনুসরণ করা হয় :

**(ক) নীট সম্পত্তি ভিত্তিক বা অন্তর্নিহিত মূল্যভিত্তিক পদ্ধতি** (Net Asset Basis or Intrinsic Value Method) : এই পদ্ধতিতে কোম্পানীর নীট সম্পত্তি নির্ধারণ করে উক্ত নীট সম্পত্তিকে শেয়ারের সংখ্যা দ্বারা ভাগ করলে প্রতিটি শেয়ারের মূল্য পাওয়া যায়। নীট সম্পত্তি নির্দ্ধারণ করবার ক্ষেত্রে সুনামের মূল্য এবং সম্ভাব্য সম্পত্তিকে (Contingent Assets) ধরতে হবে। এ ছাড়া নিম্নলিখিত বিষয়গুলিও বিবেচনা করতে হবে :

(i) স্থায়ী সম্পত্তির বর্তমান বাজার মূল্য ধরতে হবে ;

(ii) অন্তিম সম্ভার ও লগ্নি বর্তমান বাজার মূল্যে ধরতে হবে ;

(iii) অন্যান্য চলতি সম্পত্তি যথা, দেনাদার, প্রাপ্য হুন্ডি ইত্যাদি সম্ভাব্য আদায়যোগ্য মূল্যে ধরতে হবে ;

(iv) অব্যবসায়িক সম্পত্তিকে হিসাবের মধ্যে ধরতে হবে ;

(v) উদ্বর্তপত্রে প্রদর্শিত সমস্ত অলীক সম্পত্তি বাদ দিতে হবে ;

(vi) অতি মুনাফার ভিত্তিতে সুনামের মূল্যায়ন করতে হবে।

(vii) অপ্রদর্শিত সম্পত্তি ও দায়কে হিসাবের মধ্যে ধরতে হবে ; উপরিউক্ত মোট সম্পত্তির পরিমাণ নির্ধারণ করিবার পরে বিবিধ পাওনাদার, প্রদেয় হুন্ডি, ঋণ, ডিবেঞ্চার ইত্যাদি বহির্দায়গুলি বাদ দিতে হবে। মোট

সম্পত্তির পরিমাণ থেকে এই বহির্দায়গুলি বাদ দিবার পরে যে অবশিষ্ট সম্পত্তি থাকবে তাই শেয়ারহোল্ডারদের প্রাপ্য। শেয়ারহোল্ডারদের এই প্রাপ্য নীট সম্পত্তিকে মোট শেয়ারের সংখ্যা দ্বারা ভাগ করলে প্রতিটি শেয়ারের মূল্য পাওয়া যাবে।

অগ্রাধিকারযুক্ত শেয়ার (Preference Share) ও ইকুইটি শেয়ার—এই উভয়শ্রেণীর শেয়ার থাকলে কোম্পানীর পরিমেল বন্ধে উল্লিখিত নিয়ম অনুসারে শেয়ারের মূল্যায়ন করতে হবে। কোম্পানীর বিলোপ সাধনের ক্ষেত্রে উভয়শ্রেণীর শেয়ারহোল্ডারগণ সমান সুবিধার অধিকারী হলে নীট সম্পত্তি কে অগ্রাধিকারযুক্ত শেয়ার ও ইকুইটি শেয়ারের (উভয় সমমূল্যের হলে) সংখ্যা দ্বারা ভাগ করলে এই উভয় শ্রেণীর শেয়ারের মূল্য পাওয়া যাবে। অন্যথায় অগ্রাধিকারযুক্ত শেয়ারহোল্ডারদের প্রাপ্য অর্থ নীট সম্পত্তি থেকে বাদ দেবার পরে যে অংশ থাকবে তাকে ইকুইটি শেয়ারের সংখ্যা দ্বারা ভাগ করে ইকুইটি শেয়ারের মূল্য নির্ণয় করতে হবে।

সম্পূর্ণ আদায়ীকৃত ও আংশিক আদায়ীকৃত এই উভয়শ্রেণীর শেয়ার থাকলে প্রথমে কাল্পনিক তলবের সাহায্যে আংশিক আদায়ীকৃত শেয়ারগুলিকে পূর্ণ আদায়ীকৃত করতে হবে (অর্থাৎ আদায়যোগ্য তলবের পরিমাণকে নীট সম্পত্তির সঙ্গে যোগ করতে হবে। এর পরে এই উভয়শ্রেণীর শেয়ারের মোট সংখ্যা দ্বারা ভাগ করলে প্রতিটি সম্পূর্ণ আদায়ীকৃত শেয়ারের মূল্য পাওয়া যাবে। এই মূল্য থেকে আদায়যোগ্য তলবের পরিমাণ বাদ দিলে প্রতিটি আংশিক আদায়ীকৃত শেয়ারের মূল্য পাওয়া যাবে।

বিভিন্ন নামাঙ্কের পূর্ণ আদায়ীকৃত শেয়ার থাকলে নীট সম্পত্তিকে শেয়ারের সংখ্যা দ্বারা ভাগ না করে শেয়ারের মোট অঙ্ক দ্বারা ভাগ করতে হবে। এই ক্ষেত্রে প্রতিটি এক টাকা মূল্যের শেয়ারের মূল্য পাওয়া যাবে।

এই সংখ্যাকে আদায়ীকৃত শেয়ারের মূল্য দ্বারা গুণ করলে প্রতিটি আদায়ীকৃত শেয়ারের মূল্য পাওয়া যাবে।

**উদাহরণ ৮ :** ৩০.৬.১৯৯৯ তারিখে Suman Ltd-এর উদ্বর্ত পত্রটি নিম্নরূপ ছিল :

| Liabilities | Amount Rs. | Assets | Amount Rs. |
|---|---|---|---|
| Share Capital | | Goodwill | 5,000 |
| 5,000 equity shares of | | Building | 29,000 |
| Rs. 10 each, fully paid up | 50,000 | Machinery | 1,75,000 |
| 15,000 equity shares of | | Stock | 61,000 |
| Rs. 10 each, Rs. 5 paid up | 75,000 | Cash at Bank | 2,000 |
| 10,000 equity shares of | | Preliminary Expenses | 5,000 |
| Rs. 10 each, Rs. 8 paid up | 80,000 | Sundry Debtors | 80,000 |
| 15,000 Equity shares of | | | |
| Rs. 5 each Rs. 3 paid up | 45,000 | | |
| Reserve | 25,000 | | |
| P. L. a/c | 10,000 | | |
| Sundry Creditors | 72,000 | | |
| | 3,57,000 | | 3,57,000 |

শেয়ারের মূল্যায়নের উদ্দেশ্যে সুনামের মূল্য 15,500 টাকা ধরতে হবে, এবং দালানের মূল্য 25,000 টাকা ধরতে হবে। যন্ত্রপাতির অবচিতি 12,500 টাকা ধরতে হবে। অন্তিম সম্ভারের মূল্য 70,000 টাকা ধরতে হবে। দেনাদারদের মধ্যে 10% অনাদায়ী ধরতে হবে। কোম্পানীর বিভিন্ন শ্রেণীর শেয়ারের মূল্যায়ন কর।

**সমাধান :**

| | Rs. |
|---|---|
| **Sundry Assets :** | |
| Goodwill | 15,500 |
| Building | 25,000 |
| Machinery [17,500 – 12,500] | 1,62,500 |
| Stock | 70,000 |
| Debtors [80,000 – 10%] | 72,000 |
| Cash at Bank | 2,000 |
| **Total Assets.** | 3,47,000 |
| **Less. Liabilities :** | |
| Sundry creditors | 72,000 |
| Net Assets | 2,75,000 |
| **Total Amount of paid up capital** | |
| [50,000 + 75,000 + 80,000 + 45,000] | 2,50,000 |

সুতরাং, প্রতিটি এক টাকা আদায়ীকৃত শেয়ারের মূল্য = $\frac{2,75,000}{2,50,000}$ = Rs. 1·10

**বিভিন্ন শ্রেণীর ইকুইটি শেয়ারের মূল্য :**

(i) 10 টাকা মূল্যের পূর্ণ আদায়ীকৃত শেয়ারের মূল্য = 10 × Rs. 1·10 = 11 টাকা।

(ii) 10 টাকা মূল্যের 5 টাকা আদায়ীকৃত শেয়ারের মূল্য = 5 × Rs. 1·10 = 5·50 টাকা।

(iii) 10 টাকা মূল্যের 8 টাকা আদায়ীকৃত শেয়ারের মূল্য = 8 × Rs. 1·10 = 8·80 টাকা।

(iv) 5 টাকা মূল্যের 3 টাকা আদায়ীকৃত শেয়ারের মূল্য = 3 × Rs. 1·10 = 3·30 টাকা।

**(খ) উৎপাদ-ভিত্তিক পদ্ধতি [Yield Basis Method] :** কোনো লগ্নীকারী কোনো কারবারের বা শেয়ারে নিয়োজিত মূলধনের উপর যে আগম অর্জন করতে সক্ষম হয় তার কার্যকরী হারকে উৎপাদন বা yield বলা হয়।

উদাহরণস্বরূপ, একজন বিনিয়োগকারী 10 টাকা মূল্যের একটি শেয়ার 12 টাকায় ক্রয় করে এবং 3 টাকা লভ্যাংশ পায়। এই ক্ষেত্রে উৎপাদের শতকরা হার হবে $\frac{3}{12} \times 100 = 25\%$। এই উৎপাদ ভিত্তিতে শেয়ারের মূল্য নির্ধারণ করিবার নিম্নলিখিত পদ্ধতি আছে :

**(১) মুনাফা ভিত্তিক পদ্ধতি [Profit Basis ]** এই পদ্ধতিতে বিনিয়োজিত মূলধনের উপর প্রত্যাশিত আগমের হারকে স্বাভাবিক আগমের হারের সঙ্গে তুলনা করে নিম্নলিখিত সূত্রের শেয়ারের মূল্য নির্ধারণ করা হয় :

$$\text{ইকুইটি শেয়ারের মূল্য} = \frac{\text{প্রত্যাশিত আগমের হার}}{\text{স্বাভাবিক আগমের হার}} \times \text{প্রতিটি ইকুইটি শেয়ারের আদায়ীকৃত মূল্য।}$$

প্রত্যাশিত আগমের হার হল বিনিয়োজিত মূলধনের উপর প্রত্যাশিত আয়ের শতকরা হার অর্থাৎ,

$$\frac{\text{প্রত্যাশিত মুনাফা}}{\text{বিনিয়োজিত মূলধন}} \times 100$$

**প্রত্যাশিত মুনাফা নির্ধারণ করবার ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলির দিকে লক্ষ রাখতে হবে :**

(i) অতীতের কয়েক বৎসরের মুনাফার গড় করতে হবে, এবং এই গড় মুনাফা থেকে নিম্নলিখিত বিষয়গুলি বাদ দিতে হবে :

(ii) স্থায়ী সম্পত্তির উপর প্রযোজ্য অবিচিত বাদ দিতে হবে।

(iii) অ-ব্যবসায়িক সম্পত্তি থেকে প্রাপ্ত আয় বাদ দিতে হবে।

(iv) অস্বাভাবিক আয় থাকলে তা বাদ দিতে হবে।

(v) প্রদেয় করের জন্য এবং ভবিষ্যতে প্রয়োজন হতে পারে এইরূপ ব্যয়ের জন্য সংস্থান বাদ দিতে হবে।

**(২) লভ্যাংশের ভিত্তিতে (Dividend Basis) :** মুনাফা ভিত্তিক পদ্ধতিতে কোনো একটি কারবার এর মূলধনের উপর যে স্বাভাবিক মুনাফা প্রত্যাশা করতে পারে তাকেই শেয়ারের মূল্য নির্ধারণের ভিত্তি ধরা হয়েছে। কিন্তু লভ্যাংশের ভিত্তিতে একজন সাধারণ শেয়ারহোল্ডার তার শেয়ারের মূল্য নির্ধারণের ভিত্তি। সুতরাং, এই ভিত্তিতে শেয়ারের মূল্য নির্ধারণ করতে হলে উপরিউক্ত প্রত্যাশিত মুনাফা থেকে স্বাভাবিক অবস্থায় কোম্পানীর সঞ্চিতির জন্য স্থানান্তর ও অগ্রাধিকার যুক্ত শেয়ারের উপর প্রযোজ্য লভ্যাংশ বাদ দিয়ে প্রত্যাশিত লভ্যাংশের হার নির্ণয় করতে হবে।

অর্থাৎ, প্রত্যাশিত লভ্যাংশের হার

$$= \frac{\text{ইকুইটি লভ্যাংশের জন্য প্রত্যাশিত মুনাফা}}{\text{আদায়ীকৃত শেয়ার মূলধন}} \times 100$$

বিকল্পভাবে, বিগত কয়েক বৎসরের প্রদত্ত গড় লভ্যাংশের ভিত্তিতেও প্রত্যাশিত লভ্যাংশ নির্ণয় করা যেতে পারে।

প্রত্যাশিত লভ্যাংশের হার নির্ণয় করবার পরে নিম্নলিখিত সূত্রের সাহায্যে শেয়ারের মূল্য নির্ধারণ করতে হবে :

$$\text{শেয়ারের মূল্য} = \frac{\text{প্রত্যাশিত লভ্যাংশের হার}}{\text{স্বাভাবিক লভ্যাংশের হার}} \times \text{প্রতিটি ইকুইটি শেয়ারের আদায়ীকৃত মূল্য।}$$

উৎপাদ ভিত্তিতে অগ্রাধিকারযুক্ত শেয়ারের মূল্যায়ণের জন্য নিম্নলিখিত সূত্র প্রয়োগ করতে হবে :

$$\text{অগ্রাধিকার যুক্ত শেয়ারের মূল্য} = \frac{\text{প্রদত্ত লভ্যাংশের হার}}{\text{স্বাভাবিক লভ্যাংশের হার}} \times \text{প্রতিটি ইকুইটি শেয়ারের আদায়ীকৃত মূল্য।}$$

**উদাহরণ ৯ :** 31.12.1999 তারিখে Kapoor Enterprise-এর উদ্বর্ত পত্রটি নিম্নরূপ ছিল :

| Liabilities | Amount Rs. | Assets | Amount Rs. |
|---|---|---|---|
| 1000 fully paid Equity Shares of Rs. 100 each | 1,00,000 | Free hold property | 80,000 |
| 500 6% fully paid Preference Shares of Rs. 100 each | 50,000 | Fixed Assets | 90,000 |
| General Reserve | 10,000 | Current Assets | 50,000 |
| Bills Payable | 32,000 | | |
| Creditors | 28,000 | | |
| | 2,20,000 | | 2,20,000 |

কর প্রদানের পূর্বে বিগত পাঁচ বৎসরের মুনাফা ছিল যথাক্রমে 37,000 টাকা, 42,000 টাকা, 40,000 টাকা, 43,000 টাকা এবং 38,000 টাকা। করের হার 50% এবং প্রতিষ্ঠানটি 15% সঞ্চিত ভাণ্ডারে স্থানান্তর করে। সমতুল্য একটি প্রতিষ্ঠানে ইকুইটি শেয়ারের উপর 10% এবং অগ্রাধিকার যুক্ত শেয়ারের ক্ষেত্রে 5% লভ্যাংশ আশা করা যায়। বিলোপসাধনের ক্ষেত্রে অগ্রাধিকার যুক্ত শেয়ারহোল্ডারগণ উদ্বৃত্ত সম্পত্তিতে অংশগ্রহণের অধিকারী নয়।

উৎপাদ ভিত্তিক পদ্ধতিতে ইকুইটি শেয়ার ও অগ্রাধিকার যুক্ত শেয়ারের মূল্য নির্ধারণ কর।

**সমাধান :**

**(ক) ইকুইটি শেয়ারের মূল্য :**

বিগত ৫ বৎসরের গড় মুনাফা =

$$\text{Rs. } \frac{37,000+42,000+40,000+43,000+38,000}{5}$$

$$= \text{Rs. } \frac{2,00,000}{5} = \text{Rs. } 40,000$$

| | | |
|---|---|---|
| Less provision for taxation @ 50% | = | Rs. 20,000 |
| | | Rs. 20,000 |
| Less trastor to Reserve (15%) | = | Rs. 6,000 |
| Profit available fordividend | = | Rs. 14,000 |
| Less preference devidend @ 6% | = | Rs. 3,000 |
| Balance available to equity share holders for dividend | | Rs. 11,000 |

$$\therefore \text{ Expected Rate of dividend} = \text{Rs. } \frac{11,000}{1,00,000} \times 100$$

$$= 11\%$$

সুতরাং প্রতিটি ইকুইটি শেয়ারের মূল্য $= \frac{11\%}{10\%} \times 100$

$= 110$ টাকা

(খ) অগ্রাধিকারযুক্ত শেয়ারের মূল্য $= \frac{6\%}{5\%} \times \text{Rs. } 100 = 120$ টাকা।

**উদাহরণ ১০ :** Good Prospect Ltd-এর 31.3.1999 তারিখের উদ্বর্ত পত্রটি নিম্নে প্রদত্ত হল ঃ

| Liabilities | | Amount Rs. | Assets | | Amount Rs. |
|---|---|---|---|---|---|
| 1000 14% preference shares of Rs. 100 each, fully paid up | | 1,00,000 | Building at cost | | 85,000 |
| 4000 Equity Shares of Rs. 100 each, fully paid up | | 4,00,000 | Furniture at cost less deprecitation | | 3,000 |
| General Reserve | | 1,00,000 | Stock in Trade (at market value) | | 4,50,000 |
| Profit and Loss Accounts | | | 10% Govt. Securities (Face value Rs. 4,00,000) | | 3,75,000 |
| Balance on 1.4.98 | 30,000 | | Debtors | 3,00,00 | |
| Profit for 1998-99 | 5,30,000 | | Less. provision for doubtful debtors | 20,000 | |
| (Subject to tax) | | 5,60,000 | | | 2,80,000 |
| Provision against : | | | Cash at Bank | | 60,000 |
| Buildings | 10,000 | | Preliminary Expensese | | 10,000 |
| Investments | 45,000 | | | | |
| | | 55,000 | | | |
| Creditors | | 48,000 | | | |
| | | 12,63,000 | | | 12,63,000 |

অন্যান্য বিবরণ :

(১) দালানের বর্তমান মূল্য 5,65,000 টাকা ;

(২) সমতুল্য প্রতিষ্ঠানে শেয়ারের বাজার মূল্যের উপর 20% লভ্যাংশ প্রত্যাশিত ;

(৩) মুনাফা প্রতিবৎসর 50,000 টাকা হিসাবে বৃদ্ধি প্রাপ্ত হচ্ছে ;

(৪) আয়করের হার 50%

ইকুইটি শেয়ারের মূল্য নির্ধারণ কর।

**সমাধান :** প্রশ্নপত্রে যেহেতু কোন্ পদ্ধতিতে শেয়ারের মূল্য নির্ধারণ করতে হবে উল্লেখ করা হয় নাই সেইজন্য সম্পত্তি ভিত্তিক ও উৎপাদ ভিত্তিক—এই উভয় পদ্ধতিতে শেয়ারের মূল্য নির্ধারণ করা হল।

**(ক) সম্পত্তি ভিত্তিক পদ্ধতি :**

**(i) গড় বিনিয়োজিত মূলধন :**

| | | Rs. |
|---|---|---|
| Building | | 5,65,000 |
| Furniture | | 3,000 |
| Stock-in-Trade | | 4,50,000 |
| Book Debts | | 2,80,000 |
| Cash at Bank | | 60,000 |
| | | 13,58,000 |
| Less. Creditors | 48,000 | |
| Less. provision for tax (50% of 5,30,000) | 2,65,000 | |
| | | 3,13,000 |
| Capital employed as on 31 March 1999 : | | 10,45,000 |
| Less, half of trading profit after Tax (Note 1) $2,32,750 \times \frac{1}{2}$ | | 1,16,375 |
| Average capital employed (Note 1) | | 9,28,625 |
| | Say Rs. | 9,28,600 |

(ii) অতি মুনাফা :

Average Profit (Note 2) : $\frac{5,30,000+4,80,000+4,30,000}{3}$ = 4,80,000

| | | |
|---|---|---|
| Less. depreciation on Increased value of Building, say at 5% | 24,500 | |
| Less Income from Non trading assets | 40,000 | |
| | | 64,500 |
| | | 4,15,500 |
| Less. Income Tas @ 50% | | 2,07,750 |
| | | 2,07,750 |
| Less. Normal Return on 9,28,600 @ 20% | | 1,85,720 |
| Super Profit | | 22,230 |
| ∴ Goodwill at 3 year purchase of Super Profit = | | 66,090 |
| Say | | 66,000 |

Note I ; Trading Profit :

| | Rs. |
|---|---|
| Profit for the year | 5,30,000 |
| Less. Income from Investment $4,00,000 \times \frac{10}{100}$ | 40,000 |
| | 4,90,000 |
| Less Depreciation on Building say, at 5% on (5,65,000 – 75,000) | 24,500 |
| Trading Profit | 4,65,500 |
| Tax 50% | 2,32,750 |
| Trading profit after tax | 2,32,750 |

(iii) Net Assets of Good Prospect Ltd.

| | Rs. |
|---|---|
| Goodwill | 66,000 |
| Building | 5,65,000 |
| Furniture | 3,000 |

| | | | |
|---|---|---|---|
| | Stock in Trade | | 4,50,000 |
| | Investment less provision | | 3,30,000 |
| | Debtors Less provision | | 2,80,000 |
| | Cash at Bank | | 60,000 |
| | | | 17,54,000 |
| Less. | Creditors | 48,000 | |
| | Preference shares | 1,00,000 | |
| | Provisions for taxation | 2,65,000 | |
| | | | 4,13,000 |
| | Net Assets available to equity Shareholders | | 13,41,000 |

Value of each equity share : $= \frac{13,41,000}{4,000}$

= Rs 33,525

(খ) উৎপাদক ভিত্তিক শেয়ারের মূল্য :

(i) **মুনাফার ভিত্তিতে**

Net profit after tax 2,07,750

$\therefore$ Yield $= \frac{2,07,750}{9,28,600} \times 100 =$ Rs. 22,37

$\therefore$ Value of each share $= \frac{22,37}{20} \times 100 =$ Rs. 111,85

(ii) **লভ্যাংশের ভিত্তিতে**

| | | |
|---|---|---|
| Average profit | = | 4,80,000 |
| Less tax @ 50% | | 2,40,000 |
| Less, preference dividend | | 2,40,000 |
| | | 14,000 |
| | | 2,26,000 |
| Less Transfer to Reserve say @ 10% | | 22,600 |
| Amount available to equity Shareholders as dividend | | 2,03,400 |

$\therefore$ Expected dividend = $\frac{2,03,400}{4,00,000} \times 100 = 50.85\%$

$\therefore$ Value of each shares = $\frac{50.28}{20} \times 100$ = Rs. 254.25

**Notes**

**Note 2 :** যেহেতু মুনাফা প্রতি বৎসর 50,000 হিসাবে বৃদ্ধি পাচ্ছে সেইজন্য

1998-99-এর মুনাফা = 5,30,000 টাকা

1997-98-এর মুনাফা 4,80,000 টাকা

1996-97-এর মুনাফা 4,30,000 টাকা।

**Note 3 :** লগ্নিকে অব্যবসায়িক সম্পত্তি হিসাবে ধরা হয়েছে।

**(গ) ন্যায্যমূল্য ভিত্তিক পদ্ধতি (Fair Value Method) :** এই পদ্ধতিতে শেয়ারের ন্যায্য মূল্য নির্ধারণ করবার জন্য সম্পত্তি ভিত্তিক মূল্য ও উৎপাদ ভিত্তিক মূল্যের গড় করা হয়।

**উদাহরণ ১১ :** Fair Deal Ltd-এর 31.12.1999 তারিখের উদ্বর্তপত্রটি নিম্নে প্রদত্ত হল :

| Liabilities | Amount Rs. | Assets | Amount Rs. |
|---|---|---|---|
| **Share Capital :** | | Land and Building | 6,60,000 |
| 1,20,000 Equity Shares of | | Trad Debtors | 5,40,000 |
| Rs. 10 each | 12,00,000 | Cash at Bank | 3,00,000 |
| General Reserve | 2,40,000 | Patents | 1,20,000 |
| Workmen's savings A/c | 1,80,000 | Stock | 2,40,000 |
| Trade creditors | 5,40,000 | Plant and Machinery | 7,80,000 |
| Profit and Loss A/c | 2,40,000 | Preliminary Expenses | 1,20,000 |
| Provision for taxation | 3,60,000 | | |
| | 27,60,000 | | 27,60,000 |

(১) জমি ও দালানের বর্তমান মূল্য 14,40,000 টাকা, এবং যন্ত্রপাতির মূল্য 7,20,000 টাকা।

(২) দেনাদারদের মধ্যে 36,000 টাকা অনাদায়ী হিসাবে বিবেচনা করা হইল।

(৩) সুনাম 10,80,000 টাকা মূল্যায়নকরা হল।

(৪) কর বাদ দেবার পূর্বে প্রতিষ্ঠানের মুনাফা নিম্নরূপ ছিল :

| | |
|---|---|
| 1997 | 4,80,000 টাকা |
| 1998 | 5,40,000 টাকা |
| 1999 | 6,00,000 টাকা |

(৫) প্রতিষ্ঠানটি করবাদ মুনাফার 25% সঞ্চিতিতে স্থানান্তর করে।

(৬) সমতুল্য প্রতিষ্ঠান 10% লভ্যাংশ প্রদান করে।

উপরিউক্ত তথ্যের ভিত্তিতে Fair Drel Ltd-এর শেয়ারের ন্যায্য মুল নির্ধারণ কর। বর্তমান করের হার 50% ধরা যেতে পারে।

**(ক) সম্পত্তি ভিত্তিক শেয়ারের মূল্যায়ন :**

**সমাধান :** Net Assets of Fair Deal Ltd :

| | | Rs. |
|---|---|---|
| Goodwill | | 10,80,000 |
| Land and Buildings | | 14,40,000 |
| Plant and Machinery | | 7,20,000 |
| Trade Debtors (5,40,000 – 3,60,000) | | 5,04,000 |
| Patents | | 1,20,000 |
| Stock in Trade | | 2,40,000 |
| Cash in Bank | | 3,00,000 |
| | | 44,04,000 |
| Less, outside liabilities : | | |
| Trade creditors | 5,40,000 | |
| Workmens' Savings A/c | 1,80,000 | |
| Provision for Taxation | 3,60,000 | |
| | | 10,80,000 |
| | Net Assets | 33,24,000 |

∴ প্রতিটি ইকুইটি শেয়ারের মূল্য = Rs. $\frac{33,24,000}{1,20,000}$ = Rs. 27.70

**(খ) উৎপাদ ভিত্তিক শেয়ারের মূল্যায়ন :**

| | Rs. |
|---|---|
| Average Profit = $\frac{4,80,000+5,40,000+6,00,000}{3}$ = | 5,40,000 |
| Less Tas @ 50% | 2,70,000 |
| | 2,70,000 |
| Less. Transfer to reserve (25%) | 67,500 |
| Amount available for dividend | 2,02,500 |

$$\therefore \text{ Expected Rate of dividend} = \frac{2,02,500}{12,00,000} \times 100 = 16{\cdot}88\%$$

$$\therefore \text{ শেয়ারের মূল্য} = \frac{16{\cdot}88\%}{10\%} \times 10 = \text{Rs. } 16{\cdot}88$$

$$\therefore \text{ শেয়ারের ন্যায্য মূল্য} = \frac{\text{Rs.}27{\cdot}70 + \text{Rs.}16{\cdot}88}{2} = \text{Rs. } 22{\cdot}29$$

Say Rs. 22·00

## ৯০.১১ বিভিন্ন প্রকার মূল্যায়ন পদ্ধতির প্রয়োগের ক্ষেত্র [Fields of Application of Different Valuation Methods]

শেয়ারের মূল্যায়ন কোন পদ্ধতিতে করা হবে তা সাধারণত শেয়ারের মূল্যায়নের উদ্দেশ্যের উপর নির্ভর করে।

কোম্পানীর একত্রীকরণ, গ্রসন, সমাপন বা নিয়ন্ত্রণমূলক উদ্দেশ্যে শেয়ার ক্রয়ের ক্ষেত্রে সাধারণত সম্পত্তি ভিত্তিক পদ্ধতি ব্যবহৃত হয়। উৎপাদ ভিত্তিতে শেয়ারের মূল্যায়ন মুনাফা ভিত্তিক অথবা লভ্যাংশ ভিত্তিক হইতে পারে। স্বল্প সংখ্যক শেয়ার ক্রয়ের ক্ষেত্রে শেয়ারের মূল্যায়ন লভ্যাংশ ভিত্তিক নির্ধারণ করাই যুক্তিযুক্ত। কারণ এই ক্ষেত্রে কোম্পানীর পরিচালকবর্গ যে লভ্যাংশ ঘোষণা করেন তাতেই শেয়ারহোল্ডারগণকে সন্তুষ্ট থাকতে হয়। কিন্তু নিয়ন্ত্রণমূলক শেয়ার ক্রয়ের ক্ষেত্রে যেহেতু ক্রেতা পরিচালকবর্গের সিদ্ধান্তকে প্রভাবিত করতে পারে, সেইজন্য এই ক্ষেত্রে মুনাফাভিত্তিক শেয়ারের মূল্য নির্ধারণ করা যেতে পারে।

## ৯০.১২ অনুশীলনী

**(ক) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর :**

১. সুনামকে কারবারের সম্পত্তি বলা হয় কেন?

২. ক্রীত সুনাম বলতে কী বোঝ?

৩. স্ব-অর্জিত সুনাম বলতে কী বোঝ?

৪. শেয়ারের মূল্যায়ন সংক্রান্ত পদ্ধতিগুলি সংক্ষেপে উল্লেখ কর।

**(খ) দীর্ঘ প্রশ্নোত্তর :**

১. সুনাম বলতে কী বোঝ? এর বৈশিষ্ট্যগুলি উল্লেখ কর।

২. সুনামের মূল্যায়ন কেন করা হয়?

৩. সুনামের মূল্যায়ন যে সকল বিষয়ের উপর নির্ভর করে তা উল্লেখ কর।

৪. **টীকা লিখ :** (ক) প্রত্যাশিত মুনাফা (খ) আগমের স্বাভাবিক হার (গ) বিনিয়োজিত মুলধন।

৫. সুনামের মূল্যায়ন সংক্রান্ত পদ্ধতিগুলি আলোচনা কর।

৬. শেয়ারের মূল্যায়ন বলতে কী বোঝ? শেয়ারের মূল্যায়ন সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়গুলি কী?

৭. শেয়ারের মূল্যায়ন সংক্রান্ত পদ্ধতিগুলি আলোচনা করো।

(গ) **Practical Problems (ব্যবহারিক প্রশ্নাবলী) :**

১. ক ও খ-এর অংশীদারী প্রতিষ্ঠানে গ অংশীদার হওয়ার ইচ্ছা প্রকাশ করলে তিন বৎসরের ভারযুক্ত মুনাফার বর্ষগুণক হিসাবে সুনামের মূল্য স্থির করা হল। বিগত তিন বৎসেরর মুনাফা ও তার উপর প্রযোজ্য ভার নিম্নরূপ ছিল :

| | **মুনাফা** | **ভার** |
|---|---|---|
| প্রথম বৎসর | 10,000 টাকা | 1 |
| দ্বিতীয় বৎসর | 12,000 টাকা | 2 |
| তৃতীয় বৎসর | 14,000 টাকা | 3 |

প্রতিষ্ঠানটির সুনামের মূল্য নির্ধারণ কর।

[**Ans.** Rs. 25,333]

২. নিম্নলিখিত তথ্যগুলির সাহায্যে (ক) অতিমুনাফার তিন বর্ষগুণক পদ্ধতিতে (খ) অতি মুনাফার মূলধনায়ন পদ্ধতিতে সুনামের মূল্য নির্ধারণ করুন :

(i) গড় বিনিয়োজিত মূলধন — 6,00,000 টাকা।

(ii) বিগত তিন বৎসরের মুনাফা যথাক্রমে 1,07,600 টাকা, 90,700 টাকা এবং 1,12,500 টাকা।

(iii) স্বাভাবিক আগমের হার 12%

(iv) অংশীদারদের প্রত্যাশিত বাৎসরিক বেতন 12,000 টাকা।

[**Ans.** (a) Rs. 58,800 ; (b) 1,63,333]

৩. একটি প্রতিষ্ঠানের বিগত পাঁচ বৎসরের মুনাফা যথাক্রমে 20,000 টাকা, 25,000 টাকা, 15,000 টাকা, 35,000 টাকা এবং 40,000 টাকা ছিল। প্রতিষ্ঠানটির 2,00,000 টাকার নীট সম্পত্তি ছিল এবং স্বাভাবিক আগমের হার ছিল 10%।

(ক) অতিমুনাফার পাঁচ বর্ষগুণ পদ্ধতি এবং (খ) বার্ষিক সমকিস্তি পদ্ধতিতে সুনামের মূল্য নির্দ্ধারণ কর।

বার্ষিক সমকিস্তির মূল্য 1 টাকা = 3.78 টাকা

[**Ans. (a)** Rs. 35,000 ; **(b)** Rs. 26,460]

৪. A Ltd-এর 31.12.1999 তারিখের উদ্বর্তপত্রটি নিম্নরূপ ছিল :

| Liabilities | Amount Rs. | Assets | Amount Rs. |
|---|---|---|---|
| 2000 Equity shares of Rs. 10 each | 2,00,000 | Goodwill | 30,000 |
| 1000 9% preference shares of Rs. 100 each | 1,00,000 | Fixed Assets : | 3,50,000 |
| Reserve and provision (Provision for Taxation 20,000) | 2,00,000 | Investments in 5% securities | 45,000 |
| 10% Debentures | 90,000 | Current Assests | 2,00,000 |
| Creditors | 60,000 | Share selling commission | 10,000 |
| | | Discount on issue of Debentures | 15,000 |
| | 6,50,000 | | 6,50,000 |

(১) স্থায়ী সম্পত্তির বর্তমান মূল্য উদ্বর্তপত্রে প্রদর্শিত মূল্য অপেক্ষা 15,000 টাকা বেশী।
(২) আয়কর এবং সুদ বাদ দেবার পরে কোম্পানীর গড় মুনাফা ছিল 68,000 টাকা।
(৩) স্বাভাবিক আগমের হার 10%

উপরিউক্ত তথ্যগুলির সাহায্যে নির্দ্ধারণ করতে হবে :

(i) নিয়োজিত মূলধন ;
(ii) গড় নিয়োজিত মূলধন ;
(iii) অতি মুনাফার পাঁচ বর্ষগুণক পদ্ধতিতে সুনামের মূল্য।

[**Ans.** (i) Rs. 48,85,000 ; (ii) 4,51,675 ; (iii) 1,26,160]

৫. ৩১.১২.১৯৯৮ তারিখে ABC Ltd.-এর উদ্বর্তপত্রটি নিম্নরূপ ছিল।

| Liabilities | Amount Rs. | Assets | Amount Rs. |
|---|---|---|---|
| Share capital : | | Cash at Bank | 75,000 |
| | | Current Assets | 2,30,000 |
| 3500 Equity shares Rs. 10 each | 3,50,000 | Fixed Assets | 2,99,000 |
| 1500 9% perference shares of Rs. 100 each | 1,50,000 | Goodwill | 55,000 |
| General Reserve | 45,000 | | |
| Profit and Loss A/c | 18,000 | | |
| Proposed Preference divident | 13,500 | | |
| Sundry Creditors | 70,000 | | |
| Other Liabilities | 12,500 | | |
| | 6,59,000 | | 6,59,000 |

সম্পত্তিগুলি নিম্নলিখিত ভাবে পূণর্মূল্যায়ন করা হল :

চলতি সম্পত্তি 2,35,000 টাকা ; স্থায়ী সম্পত্তি 2,80,000 টাকা ; সুনাম 60,000 টাকা। ইকুইটি শেয়ার ও অগ্রাধিকারযুক্ত শেয়ারের মূল্যায়ন কর।

[**Ans.** Value per share : (i) Equity Shares Rs. 11·54
(ii) Preference share Rs. 109]

৬. ৩১.১২.১৯৯৯ তারিখে Reliance Ltd.-এর উদ্বর্তপত্রটি নিম্নরূপ ছিল :

| **Liabilities** | **Amount Rs.** | **Assets** | **Amount Rs.** |
|---|---|---|---|
| Equity Share capital | | Goodwill | 20,000 |
| (Rs. 10) | 5,00,000 | Buildings | 1,00,000 |
| General Reserve | 20,000 | Machinery | 2,00,000 |
| Profit and Loss A/c | 60,000 | Debtors | 2,00,000 |
| Sundry creditors | 40,000 | Stock | 80,000 |
| | | Cash at Bank | 10,000 |
| | | Preliminary Expenses | 10,000 |
| | 6,20,000 | | 6,20,000 |

সম্পত্তিগুলি নিম্নলিখিতভাবে পূনর্মূল্যায়ন করা হল :

দালান 15,000 টাকা, যন্ত্রপাতি 1,80,000 টাকা, দেনাদার 1,80,000 টাকা, সুনাম 20,000 টাকা।

বিগত তিন বৎসরের লভ্যাংশ প্রদানের হার ছিল যথাক্রমে 14%, 18% এবং 16%। এই ধরনের প্রতিষ্ঠানে স্বাভাবিক আগমের হার 12%।

এই তথ্যগুলির ভিত্তিতে 200 শেয়ারের ন্যায্যমূল্য নির্ধারণ কর।

[ **Ans.** Value per share on (i) Asset backing Method Rs. 11·60 ;
(ii) Yield Method Rs. 13·33 ;
(iii) Fair value Rs. 12·47 ]

৭. ABC Ltd.-এর ৩১.১২.১৯৯৮ তারিখের উদ্বর্তপত্রটি নিম্নরূপ ছিল :

| Liabilities | | Amount Rs. | Assets | | Amount Rs. |
|---|---|---|---|---|---|
| Share Capital | | | Building at cost | | 3,20,000 |
| 10,000 Equity shares of 100 each, fully paid up | | 10,00,000 | Furniture at cost | | 12,000 |
| 20,000 Equity shares of Rs. 100 each. Rs. 50 paid up | | 10,00,000 | Investment in 5% Govt. Securities at cost | | 15,20,000 |
| Reserved Fund | | 6,00,000 | Stock in Trade (at market price) | | 1,70,000 |
| Depreciation Fund : | | | Sundry Debtors | 13,00,000 | |
| on Building | 40,000 | | Less provision | 80,000 | |
| on Investment | 1,80,000 | | | | 12,20,000 |
| | | 2,20,000 | Bank | | 2,80,000 |
| Sundry Creditors | | 1,92,000 | | | |
| Profit and Loss A/c : | | | | | |
| Balance on 1.1.98 | 15,20,000 | | | | |
| Profiton 1998 | 5,20,000 | | | | |
| | | 20,40,000 | | | |
| | | 50,52,000 | | | 50,52,000 |

(i) বিগত তিন বৎসর মুনাফা 80,000 টাকা হিসাবে বৃদ্ধি প্রাপ্ত হয়েছে।

(ii) মুনাফা বৃদ্ধির প্রবণতা আগামী বৎসরেও অক্ষুণ্ণ থাকবে।

(iii) দালান ও আসবাব পত্রের বর্তমান মূল্য যথাক্রমে 3,92,000 টাকা ও 25,000 টাকা।

(iv) সমতুল্য প্রতিষ্ঠানের শেয়ারের বাজারমূল্যের উপর 12% উৎপাদ প্রত্যাশা করা যায়।

উপরিউক্ত তথ্যের ভিত্তিতে শেয়ারের ন্যায্যমূল্য নির্ধারণ কর।

[ **Ans.** Value of Goodwill : Nil ;
Value of each share : Asset backing Method-
Fully paid up Rs. 192.17. Party paid up Rs. 142.17
Yield Method—Fully paid up Rs. 82.50
Partly paid up Rs. 41.25 ]

৮. X Ltd.-এর নিম্নলিখিত উদ্বর্তপত্র থেকে শেয়ারের মূল্যায়ন কর।

**Balance Sheetas at 31.12.1999**

| Liabilities | Amount | Assets | Amount |
|---|---|---|---|
| | **Rs.** | | **Rs.** |
| Share Capital : | | Fixed Assets | 2,00,000 |
| 15,000 Equity shares of | | Current Assets | 1,66,000 |
| Rs. 10 each, fully paid up | 1,50,000 | Preliminary Expenses | 8,000 |
| 10,000 6% preference | | Profit and Loss A/c | 23,300 |
| shares of Rs. 10 each, fully | | | |
| paid up | 1,00,000 | | |
| Reserve : | 76,000 | | |
| Sundry Creditors | 71,300 | | |
| | 3,97,300 | | 3,97,300 |

(i) সুনামের মূল্য 1,50,000 টাকা।

(ii) অগ্রাধিকার যুক্ত শেয়ারের উপর দুই বৎসরের লভ্যাংশ বকেয়া আছে।

[**Ans.** Equity share Rs. 12·18
Preference share Rs. 11·20]

৯. নিম্নলিখিত তথ্যের ভিত্তিতে AKC Ltd.-এর ইকুইটি শেয়ার ও অগ্রাধিকারযুক্ত শেয়ারের মূল্যায়ন কর।

**Balance Sheet as at 31.12.1999**

| Liabilities | Amount | Assets | Amount |
|---|---|---|---|
| | **Rs.** | | **Rs.** |
| Share Capital | | Goodwill | 50,000 |
| 5000 preference shares of | | Sundry Assets | 24,50,000 |
| Rs. 10 each, fully paid up | 5,00,000 | Preliminary Expenses | 5,000 |
| 7500 Equity shares of | | | |
| Rs. 100 each | 7,50,000 | | |
| Reserve | 50,000 | | |
| Profit and Loss A/c | 2,80,000 | | |
| Taxation Reserve | 40,000 | | |
| Sundry Creditors | 8,60,000 | | |
| | 24,80,000 | | 24,80,000 |

(i) বিবিধ সম্পত্তির বর্তমান বাজার মূল্য 31,00,000 টাকা।

(ii) সুনামের মূল্য অতি মুনাফার পাঁচ বর্ষগুণক ধরতে হবে।

(iii) গড় মুনাফা 2,50,000 টাকা।

( **Ans.** Equity Share Rs. 123 preference share Rs. 10 )

10. নিম্নলিখিত উদ্ধৃত অংশটুকু Ltd.-এর উদ্বর্তপত্র থেকে নেওয়া হয়েছে :

| | **Rs.** |
|---|---|
| Equity Share Capital : | |
| 10,000 Equity Shares of Rs. 10 each fully paid up | 1,00,000 |
| Preference Share Capital : | |
| 1000 12% preference shars of Rs. 100 each fully paid up | 1,00,000 |
| Reserve and Surplus | 15,000 |
| Creditors | 12,000 |
| Bills Payable | 6,000 |
| | 2,33,000 |

(i) কর প্রদানের পরে প্রতিষ্ঠানের গড় মুনাফা 28,500 টাকা।

(ii) সম্পত্তিগুলির মধ্যে 800 টাকার অলীক সম্পত্তি ধরা আছে।

(iii) এই ধরনের প্রতিষ্ঠানে স্বাভাবিক আগামের হার 10%

উপরিউক্ত তথ্যগুলির সাহায্যে ইকুইটি শেয়ারের

(i) সম্পত্তি ভিত্তিক মূল্য, (ii) উৎপাদ ভিত্তিক মূল্য ও (iii) ন্যায্যমূল্য প্রদর্শন কর।

(**Ans.** Asset backing Method Rs. 11·42
Yield Method Rs. 16·50
Fair Value Rs. 13·96)

## ৯০.১৩ গ্রন্থপঞ্জী

১. M. C. Shukla, T. S. Grewal, S. C. Gupta (1999) : *Advanced Accounts (Vol. 2. Chapter 20)* S. Chand & Co. Ltd : New Delhi.

২. S. Basu and M. Das : *Practice in Accountancy, 1999 (Vol. 2. Chapter 9 and 10)* Rabindra Library, Calcutta.

# ই. সি. ও. - ৪
# বাণিজ্য বিষয়ের
# ঐচ্ছিক পাঠ্যক্রম

## পর্যায়
## ২০

# একক ৯১ ❑ দ্বৈত-হিসাব পদ্ধতি ও বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ

গঠন


৯১.০ উদ্দেশ্য

৯১.১ দ্বৈত-হিসাব পদ্ধতির সংজ্ঞা ও প্রয়োগক্ষেত্র

৯১.২ বৈশিষ্ট্য

৯১.৩ একক-হিসাব পদ্ধতি ও দ্বৈত-হিসাব পদ্ধতির পার্থক্য

৯১.৩.১ দ্বৈত-হিসাব পদ্ধতির সুবিধা

৯১.৩.২ দ্বৈত-হিসাব পদ্ধতির অসুবিধা

৯১.৩.৩ দ্বৈত-হিসাব পদ্ধতিতে চূড়ান্ত হিসাব প্রস্তুতকরণ

৯১.৪ সম্পত্তির প্রতিস্থাপন

৯১.৫ ভারতীয় বিদ্যুৎ আইনের হিসাব-নিকাশ সংক্রান্ত কতিপয় গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য

৯১.৬ অনুশীলনী

৯১.৭ গ্রন্থপঞ্জী


## ৯১.০ উদ্দেশ্য

এই এককটি পড়ার পর আপনি—

- দ্বৈত-হিসাব পদ্ধতি সম্বন্ধে জানতে পারবেন এবং
- বিভিন্ন সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের হিসাবপত্র প্রস্তুত করতে পারবেন।

## ৯১.১ দ্বৈত-হিসাব পদ্ধতির সংজ্ঞা ও প্রয়োগক্ষেত্র (Definition and Fields of Application of Double Accounting System)

সাধারণ বাণিজ্যিক প্রতিষ্ঠানের চূড়ান্ত হিসাব প্রস্তুতকরণের জন্য ট্রেডিং হিসাব ও লাভক্ষতির হিসাব এবং উদ্বর্তপত্র—এই দুটি হিসাব বিবরণী পর্যাপ্ত বলে গণ্য করা হয়।

কিন্তু রেলপথ, বিদ্যুৎ ও জল সরবরাহকারী উদ্যোগের মত প্রতিষ্ঠানগুলিতে লগ্নির পরিমাণ ও মূলধন উসুলকরণের জন্য সময়ের পরিমাণ অনেক বেশি বলে এই সমস্ত প্রতিষ্ঠানের চূড়ান্ত হিসাব অনেক বেশি বিস্তৃতভাবে প্রস্তুত করা হয়। এই ধরনের জনস্বার্থ উদ্যোগের ক্ষেত্রে একক হিসাব পদ্ধতিতে চূড়ান্ত হিসাব প্রস্তুত না করে দ্বৈত-হিসাব পদ্ধতির সাহায্যে চূড়ান্ত হিসাব প্রস্তুত করা হয়। এই ধরনের জনস্বার্থ উদ্যোগের ওপর অধিক সরকারি নিয়ন্ত্রণ আরোপ করার উদ্দেশ্যে ইংল্যাণ্ডে 1866 সালের রেলপথ নিয়ন্ত্রণ আইনে সর্বপ্রথম দ্বৈত-হিসাব পদ্ধতির প্রয়োগ সুপারিশ করা হয়।

এই পদ্ধতি অনুসারে লাভ-ক্ষতির হিসাবকে Revenue Account ও Net Revenue Account—এই দুই অংশে বিভক্ত করা হয়। অনুরূপভাবে, উদ্বর্তপত্রকে Receipt and Expenditure on Capital Account এবং General Balance Sheet—এই দুই অংশে বিভক্ত করা হয়। এই পদ্ধতিতে যেহেতু চূড়ান্ত হিসাব বিবরণীর (লাভ-ক্ষতির হিসাব ও উদ্বর্তপত্র) প্রত্যেকটিকে দুটি অংশে বিভক্ত করা হয় সেই জন্য একে দ্বৈত-হিসাব পদ্ধতি বলা হয়।

বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠান, রেলপথ, টেলিফোন যোগাযোগ গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির মত জনস্বার্থ রক্ষাকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই পদ্ধতির প্রয়োগ লক্ষ্য করা যায়।

## ৯১.২ বৈশিষ্ট্য (Features)

দ্বৈত-হিসাব পদ্ধতির নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলি লক্ষ্য করা যায় :

(ক) উদ্বর্তপত্রকে দুটি অংশে বিভক্ত করা হয় : (i) Receipt and Payment on Capital Account এবং (iii) General Balance Sheet.

(খ) হিসাবের বিবরণীগুলি বিস্তৃতভাবে প্রস্তুত করা হয়।

(গ) মূলধনী হিসাবখাতে শেয়ার মূলধন ও ডিবেঞ্চারের সঙ্গে প্রাপ্ত প্রিমিয়াম বা অনুমোদিত বাট্টাকেও দেখানো হয়।

(ঘ) ডিবেঞ্চার ও দীর্ঘমেয়াদি ঋণকে মূলধনের অংশ হিসাবে বিবেচনা করা হয় এবং সেই অনুযায়ী এদের Receipt and Payment on Capital Account—এই হিসাবে দেখানো হয়।

(ঙ) সাধারণ লাভ-ক্ষতির হিসাবের পরিবর্তে Revenue Account এবং Net Revenue Account প্রস্তুত করা হয়। Net Revenue হিসাবে লাভ-লোকসানের বণ্টন দেখানো হয়।

(চ) ডিবেঞ্চার এবং ঋণের ওপর প্রদেয় সুদকে লাভ-লোকসানের বণ্টন হিসাবে গণ্য করা হয় এবং Net Revenue হিসাবে দেখানো হয়।

(ছ) সম্পত্তি প্রতিস্থাপনের ফলে পূর্বলব্ধ উপযোগিতা বৃদ্ধি না পেলে একে Revenue হিসাবে দেখানো হয়।

(জ) স্থায়ী সম্পত্তিকে এদের প্রকৃত মূল্যে Receipt and Payment on Capital Account হিসাবে দেখানো হয়। অবচিতির পরিমাণকে স্থায়ী সম্পত্তি থেকে বাদ দেওয়া হয় না। এর পরিবর্তে পুঞ্জীভূত অবচিতি হিসাবে (Accumulated Depreciation) General Balance Sheet-এ দেখানো হয়।

(ঝ) প্রতিষ্ঠান গঠনকালীন খরচ (Preliminary Expenses) মূলধনী খরচ হিসাবে বিবেচিত হয় এবং এই খরচ Receipt and Expenditure on Capital Account হিসাবে দেখাতে হয়।

(ঞ) General Balance Sheet-এ সম্পত্তির দিকে এই খাতে মোট খরচকে দেখানো হয়। ফলে কোনও সম্পত্তি বর্তমানে না থাকলেও এই হিসাবে তা দেখাতে হয়।

## ৯১.৩ একক-হিসাব পদ্ধতি ও দ্বৈত-হিসাব পদ্ধতির পার্থক্য (Difference between Single Accounting System and Double Accounting System)

দ্বৈত-হিসাব পদ্ধতির পরিপ্রেক্ষিতে সাধারণ বাণিজ্যিক প্রতিষ্ঠানে যে পদ্ধতিতে চূড়ান্ত হিসাব প্রস্তুত করা হয় তাকে একক হিসাব পদ্ধতি বলা হয়। এই হিসাব পদ্ধতির সঙ্গে দ্বৈত-হিসাব পদ্ধতির নিম্নলিখিত পার্থক্যগুলি লক্ষ্য করা যায় :

(ক) একক-হিসাব পদ্ধতিতে সম্পত্তি ও দায়ের বিবরণী হিসাবে বৎসরের শেষে একটি উদ্বর্তপত্র প্রস্তুত করা হয়।

দ্বৈত-হিসাব পদ্ধতিতে উদ্বর্তপত্রকে Receipts and Expenditure on Capital Account এবং General Balance Sheet—এই দুই অংশে বিভক্ত করা হয়।

(খ) একক-হিসাব পদ্ধতিতে হিসাবের বিবরণীগুলির সত্য ও ন্যায্য চিত্র (True and fair view) প্রদর্শন করাই মূখ্য উদ্দেশ্য।

দ্বৈত-হিসাব পদ্ধতিতে কিভাবে মূলধন সংগ্রহ করা হয়েছে এবং স্থায়ী সম্পত্তিতে তা কীভাবে বিনিয়োগ করা হয়েছে—এই বিষয়গুলি দেখানোই প্রধান উদ্দেশ্য।

(গ) একক-হিসাব পদ্ধতিতে অবচিতি বাদ দেওয়ার পরে অবশিষ্ট স্থায়ী সম্পত্তিগুলি উদ্বর্তপত্রে প্রদর্শন করা হয়। দ্বৈত-হিসাব পদ্ধতিতে স্থায়ী সম্পত্তিগুলিকে আদিমূল্যে উদ্বর্তপত্রে প্রদর্শন করা হয় এবং পুঞ্জীভূত অবচিতিকে উদ্বর্তপত্রে দায়ের দিকে দেখানো হয়।

(ঘ) একক-হিসাব পদ্ধতিতে লাভ-লোকসানের হিসাবকে ট্রেডিং হিসাব ও লাভ-ক্ষতির হিসাব—এই দুই ভাগে ভাগ করা হয়।

দ্বৈত-হিসাব পদ্ধতিতে লাভক্ষতির হিসাবকে Revenue Account ও Net Revenue Account—এই দুই ভাগে ভাগ করা হয়।

(ঙ) একক-হিসাব পদ্ধতিতে ডিবেঞ্চার ও ঋণের ওপর সুদ মুনাফা অর্জনের খরচ হিসাবে বিবেচিত হয়। দ্বৈত-হিসাব পদ্ধতিতে এই খরচগুলিকে লাভের আবণ্টন হিসাবে ধরা হয়।

### ৯১.৩.১ দ্বৈত-হিসাব পদ্ধতির সুবিধা (Advantages of Double Accounting System)

দ্বৈত-হিসাব পদ্ধতির নিম্নলিখিত সুবিধাগুলি লক্ষ্য করা যায় :

(ক) সুনির্দিষ্ট ফর্ম অনুযায়ী হিসাবরক্ষণের ফলে জনস্বার্থ রক্ষা করেও বিনিয়োজিত মূলধনের ওপর ন্যায্য ফেরত-লাভ অর্জিত হয়েছে কিনা তা নির্ধারণ করা যায়।

(খ) একক হিসাব পদ্ধতির তুলনায় এই পদ্ধতিতে অনেক বেশি স্বচ্ছতার পরিচয় পাওয়া যায়।

(গ) পুঞ্জীভূত অবচিতি ভাণ্ডার প্রস্তুতের ফলে এই পদ্ধতিতে সম্পত্তি প্রতিস্থাপনের কাজ অনেক সহজ হয়।

(ঘ) বিভিন্ন প্রতিষ্ঠান একই ধরনের ফর্ম ব্যবহার করার ফলে প্রতিষ্ঠানগুলির কার্য পরিচালনার দক্ষতার তুলনামূলক আলোচনা সহজ হয়।

### ৯১.৩.২ দ্বৈত-হিসাব পদ্ধতির অসুবিধা (Disadvantages of Double Accounting System)

দ্বৈত-হিসাব পদ্ধতির নিম্নলিখিত অসুবিধাগুলি লক্ষ্য করা যায় :

(ক) ডিবেঞ্চার ও ঋণের ওপর সুদকে মুনাফার আবণ্টন হিসাবে গণ্য করার জন্য প্রকৃত মুনাফা জানা যায় না।

(খ) সম্পত্তিগুলি আদিমূল্যে প্রদর্শিত হবার জন্য উদ্বর্তপত্রকে বর্তমান আর্থিক অবস্থার বিবরণী বলা যায় না।

(গ) এই পদ্ধতিতে মূলধনী ব্যয় ও মুনাফাজাতীর ব্যয়ের মধ্যে পার্থক্য সুস্পষ্ট নয়।

(ঘ) সম্পত্তি প্রতিস্থাপনকালে এর মূলধনায়ন ও খরচের মধ্যে সহজে পার্থক্য করা যায় না।

### ৯১.৩.৩ দ্বৈত-হিসাব পদ্ধতিতে চূড়ান্ত হিসাব প্রস্তুতকরণ (Preparation of Final Accounts under Double Accounting System) :

পূর্বে উল্লেখ করা হয়েছে যে দ্বৈত-হিসাব পদ্ধতিতে হিসাবের বিবরণীগুলিকে নিম্নলিখিত চারটি অংশে বিভক্ত করা হয় :

(ক) Revenue Account

(খ) Net Revenue Account,

(গ) Receipts and Expenditure on Capital Account এবং

(ঘ) General Balance Sheet.

এই হিসাবের বিবরণীগুলি প্রস্তুত করার পদ্ধতি এই অংশে বিস্তৃতভাবে আলোচনা করা হল :

(ক) **Revenue Account :** হিসাবের এই বিবরণীটিকে একক হিসাব পদ্ধতিতে প্রস্তুত লাভ-লোকসানের হিসাবের সঙ্গে তুলনা করা যেতে পারে। প্রতিষ্ঠানের আর্থিক ফলাফল নির্ধারণ করার জন্য এই হিসাবে সমস্ত খরচকে Debit করা হয় এবং আয়গুলিকে Credit করা হয়।

একটি বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠানের Revenue হিসাবে প্রদর্শিত খরচ ও আয়ের তালিকা নিচে দেওয়া হল :

**Revenue Account for the year ended .............**

| **Particulars** | **Amount** | **Particulars** | **Amount** |
|---|---|---|---|
| | **Rs.** | | **Rs.** |
| A. <u>Generation</u> | | | |
| To Fuel | | By Sale of Energy for Lighting | |
| To Oil, wastage, water etc. | | By Sale of Energy for power | |
| To Salary of Engineers | | By Sale of Energy under special contracts | |
| To Wages and gratuities | | | |
| To Repairs and Maintenance | | By Public Lighting | |
| | | By Rental of Meters | |
| B. <u>Distribution</u> | | | |
| To Salary of Engineers | | By Rents Receivable | |
| To Wages and Gratuities | | By Transfer fees. | |
| To Repairs and Maintenance | | By Other Items | |
| C. <u>Public Lamps</u> | | | |
| To Attendants and Repairs | | By Miscellaneous Receipts | |
| To Renewals etc. | | By Sales of Ashes | |
| D. <u>Rent, Rates and Taxes</u> | | By Reconnection and Disconnection Fees | |
| To Rent Payable | | | |
| To Rates and Taxes | | | |
| E. <u>Management Expenses</u> | | | |
| To Director's Remuneration | | | |
| To Management Expenses | | | |
| To General Establishment | | | |
| To Auditor's Fees | | | |
| F. <u>Law Charges</u> | | | |
| To Law Charges | | | |
| G. <u>Depreciation</u> | | | |
| To Depreciation of Lease | | | |
| To Depreciation on Buildings | | | |
| To Depreciation on Plant, Mains, Meters etc. | | | |
| H. <u>Special Charges</u> | | | |
| To Bad Debts | | | |
| Total Expenditure | | Total Income | |
| To Balance Carried to Net Revenue Account | | | |

(খ) **Net Revenue Account :** এই হিসাব বিবরণীটি একক হিসাব পদ্ধতিতে লাভ লোকসানের বণ্টন হিসাবের অনুরূপ। Revenue Account-এর জেরকে এই হিসাবে স্থানান্তর করা হয়। অন্যান্য আনুসঙ্গিক আয় ও ব্যয়ের পরে এই হিসাবের জেরকে General Balance Sheet-এ স্থানান্তর করা হয়।

New Revenue Account-এর একটি নমুনা নিচে দেওয়া হলো :

New Revenue Account

| Particulars | Amount Rs. | Particulars | Amount Rs. |
|---|---|---|---|
| To Interest on Security Deposite | | By Balance from last year | |
| To Interest on Fixed Loans | | By Balance Brought Forward from Revenue Account | |
| To Contingency Reserve | | By Bank Interest | |
| To Dividend Account | | By Interest on Calls-in Arrear | |
| To Dividend Control Reserve | | | |
| To Reserve for Rebate to Consumers | | | |
| To Interest on Calls-in-Advance | | | |
| To Balance Carried over to General Balance Sheet | | | |

(গ) **Receipts and Expenditure on Capital Account :** এই হিসাবটি দ্বৈত-হিসাব পদ্ধতিতে উদ্বর্তপত্র প্রস্তুতকরণের প্রথম ধাপ। এই হিসাবের Credit দিকে মূলধনী প্রাপ্তিগুলি প্রদর্শন করা হয় এবং Debit দিকে মূলধনী খাতে খরচগুলি প্রদর্শন করা হয়। এই হিসাবের অন্যান্য উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো :

(i) প্রতিষ্ঠান গঠনকালীন খরচগুলি (Preliminary Expenses) মূলধনী খরচ বলে বিবেচিত হওয়ার দরুন Debit দিকে প্রদর্শন করা হয়।

(ii) শেয়ার বা ডিবেঞ্চার অধিমূল্যে বিলি করা হলে এই অধিমূল্যের পরিমাণকে মূলধনী খাতে প্রাপ্তি বলে ধরা হয় এবং এই হিসাবের Credit দিকে প্রদর্শন করা হয়।

(iii) শেয়ার বা ডিবেঞ্চার অবমূল্যে বিলি করা হলে এই অবমূল্যের পরিমাণকে শেয়ার বা ডিবেঞ্চার থেকে বাদ দিয়ে নিট অঙ্ককে মূলধনী খাতে প্রাপ্তি হিসাবে দেখানো হয়। এই হিসাবটির Debit এবং Credit দিকে তিনটি সরণি (Column) থাকে। Debit দিকের সরণিগুলি হলো : (i) বিগত বছরের মোট খরচের পরিমাণ, (ii) বর্তমান বছরে খরচের পরিমাণ এবং (iii) মোট খরচের পরিমাণ। অনুরূপভাবে Credit দিকের সরণিগুলি হলো : (i) বিগত বছরে মোট প্রাপ্তির পরিমাণ, (ii) বর্তমান বছরে প্রাপ্তির পরিমাণ এবং (iii) মোট প্রাপ্তির পরিমাণ।

এই হিসাবের জেরকে General Balance Sheet-এ স্থানান্তর করতে হয়। নিচে এই হিসাবের একটি নমুনা দেওয়া হলো :

**Receipts and Expenditure on Capital Account for the year ended**

| Expenditure | Expenditure upto the end of previous year Rs. | Expenditure durindg the previous year Rs. | Total Expenditure Rs. | Receipt | Receipt upto the end of the previous year Rs. | Receipt durindg the year Rs. | Total Receipt Rs. |
|---|---|---|---|---|---|---|---|
| To Preliminary Expenses | | | | By Ordinary Shares | | | |
| To Land | | | | By Preference Shares | | | |
| To Building | | | | By Debentures | | | |
| To Plant | | | | By Loans | | | |
| To Mains | | | | By Calls-in-advance | | | |
| To Transformers motors etc | | | | By Other Receipts | | | |
| To Meters | | | | | | | |
| To General Stores | | | | | | | |
| To Special Items | | | | | | | |
| **Total Expenditure** | | | | **Total Receipts** | | | |
| To Total of Capital Account carried to General Balance Sheet | | | | By Total of Capital Account carried to General Balance Sheet | | | |

(ঘ) **General Balance Sheet :** এই হিসাবটি দ্বৈত-হিসাব পদ্ধতিতে উদ্বর্তপত্র প্রস্তুতকরণের দ্বিতীয় ধাপ। নিম্নলিখিত বিষয়গুলি এই হিসাবে প্রদর্শন করা হয় :

(i) Receipts and Expenditure on Capital Account-এর জের,

(ii) সমস্ত চলতি সম্পত্তি (অন্তিম পণ্য, দেনাদার, লগ্নি, নগদ ইত্যাদি),

(iii) সমস্ত চলতি দায় ও

(iv) অন্যান্য বিষয়, যথা Net Revenue Account—এর জের সাধারণ সঞ্চিতি ও অবচিতির জন্য সংস্থান।

নিম্নে General Balance Sheet-এর একটি নমুনা প্রদর্শন করা হলো :

| **Liabilities** | **Rs.** | **Assets** | **Rs.** |
|---|---|---|---|
| To Amount Received as per Capital Account | | Total Expenditure as per Capital Account | |
| Sundry Creditors for Capital Expenditure | | Stores in hand | |
| Other Creditors on Open Account | | Sundry Debtors for Current Supplied | |
| Net Revenue Account | | Other Debtors | |
| Reserve fund | | Special Items | |
| Depreciation Fund | | Cash at Bank | |
| Special Items | | Cash in hand | |

**উদাহরণ 1 :** Exxon Electric Supply Corporation—এর 31.12.98 তারিখের রেওয়া মিলটি নিম্নরূপ ছিল :

| Debit Balances | | Amount Rs. | Credit Balances | Amount Rs. |
|---|---|---|---|---|
| Land and Building | 20,00,000 | | Equity Shares | 55,00,000 |
| Less, Depreciation | 2,00,000 | | Preference Shares | 40,00,000 |
| | | 18,00,000 | | |
| Vehicles | 80,00,000 | | Profit and Loss Account | 58,000 |
| Less, Depreciation | 8,00,000 | | | |
| | | 72,00,000 | | |
| Sundry Debtors | | 50,000 | | |
| Land bought during the year | | 3,00,000 | | |
| Machinery bought during the year | | 2,00,000 | | |
| Cash at Bank | | 8,000 | | |
| | | 95,58,000 | | 95,58,000 |

প্রস্তুত করতে হবে : (ক) একক-হিসাব পদ্ধতিতে উদ্বর্তপত্র এবং (খ) দ্বৈত-হিসাব পদ্ধতিতে উদ্বর্তপত্র।

**সমাধান : (ক) একক-হিসাব পদ্ধতি :**

**Exxon Electric Supply Corporation**
**Balance Sheet as at 31.12.1998**

| Liabilities | Rs. | Assets | | Rs. |
|---|---|---|---|---|
| Equity Shares | 55,00,000 | Land and Building | 20,00,000 | |
| Preference Shares | 40,00,000 | Less, Depreciation | 2,00,000 | |
| Profit and Loss Account | 58,000 | | 18,00,000 | |
| | | Add. Purchases | 3,00,000 | |
| | | | | 21,00,000 |
| | | Vehicles | 80,00,000 | |
| | | Less, Depreciation | 8,00,000 | |
| | | | 72,00,000 | |
| | | Add. Purchases | 2,00,000 | |
| | | | | 74,00,000 |
| | | Sundry Debtors | | 50,000 |
| | | Cash at Bank | | 8,000 |
| | 95,58,000 | | | 95,58,000 |

(ক) দ্বৈত হিসাব পদ্ধতি :

## Exxon Electric Supply Corporation
## Receipt and Expenditure on Capital Account
## for the year ended 31.12.1998

| Expenditure | Exp. upto the end of previous year Rs. | Exp. during the year Rs. | Total Expenditure Rs. | Receipts | Rpt. upto the end of previous year Rs. | Rpt. during the year Rs. | Total Receipt Rs. |
|---|---|---|---|---|---|---|---|
| Land and Building | 20,00,000 | 3,00,000 | 23,00,000 | Equity Shares | 55,00,000 | — | 55,00,000 |
| Vehicles | 80,00,000 | 2,00,000 | 82,00,000 | Preference Shares | 40,00,000 | — | 40,00,000 |
| Total Exp. | 1,00,00,000 | 5,00,000 | 1,05,00,000 | Total Receipt | 95,00,000 | — | 95,00,000 |
| | | | | Balance | | — | 10,00,000 |
| | | | | | | | 1,05,00,000 |

## General Balance Sheet
## as at 31.12.1998

| Liabilities | Rs. | Assets | Rs. |
|---|---|---|---|
| Total Receipt as per Capital Account | 95,00,000 | Total Expenditure as per Capital Account | 1,05,00,000 |
| Depreciation Fund | | Sundry Debtors | 50,000 |
| Land and Building | 2,00,000 | Cash at Bank | 8,000 |
| Vehicles | 8,00,000 | | |
| Profit and Loss Account | 58,000 | | |
| | 1,05,58,000 | | 1,05,58,000 |

**উদাহরণ 2 :** 31.12.1999 তারিখে Valdez Power Co. Ltd-এর নিম্নলিখিত জের ছিল :

| Particulars | Rs. | Particulars | Rs. |
|---|---|---|---|
| Equity Shares | 54,0000 | Stores on hand : | 700 |
| Debentures | 20,000 | Cash | 300 |
| Land on 31.12.98 | 15,000 | Cost of Generating Electricity | 3,000 |
| Lands purchased during 1999 | 500 | Cost of distributing Electricity | 600 |
| Machinery on 31.12.98 | 60,000 | Rent Rates and Taxes | 400 |
| Machinery purchased during 1999 | 500 | Management Expences | 1,200 |
| | | Depreciation | 2,000 |
| Mains including Cost of Laying on 31.12.98 | 20,000 | Sale of Current | 13,200 |
| | | Rent of Meters | 300 |
| Spent on mains during 1999 | 5,100 | Interest on Debentures | 1,000 |
| Sundry Creditors | 100 | Dividends | 2,000 |
| Depreciation Fund | 25,000 | balance on Ne Revenue Account 31.12.98 | 2,850 |
| Sundry Debtors for current supplied | 4,000 | | |
| Other Debtors | 50 | | |

প্রস্তুত করতে হবে : (ক) Revenue Account, (খ) Net Revenue Account.
(গ) Capital Account ও (ঘ) General Balance Sheet.

**সমাধান :**

**Valdez Power Co. Ltd.**
**Revenue Account for the year ended 31.12.1999**

| Particulars | Amount Rs. | Particulars | Amount Rs. |
|---|---|---|---|
| To Cost of Generating Electricity | 3,000 | By Sale of Current | 13,200 |
| To Cost of Distributing Electricity | 600 | By Rent of Meters | 300 |
| To Rent, Rates and Taxes | 400 | | |
| To Management Expenses | 1,200 | | |
| To Depreciation | 2,000 | | |
| To Net Revenue, A/c —Balance Transferred | 6,300 | | |
| | 13,500 | | 13,500 |

**Net Revenue Account for the year ended 31.12.1999**

| Particulars | Amount Rs. | Particulars | Amount Rs. |
|---|---|---|---|
| To Interest on Debentures | 1,000 | By Balance b/d | 2,850 |
| To Dividends | 2,000 | By Revenue Account | 6,300 |
| To Balance c/d | 6,150 | | |
| | 9,150 | | 9,150 |

**Receipt and Expenditure on Capital Account**
**for the year ended 31.12.1999**

| Expenditure | Exp. upto the end of 1998 Rs. | Exp. during the year Rs. | Total Expenditure Rs. | Receipt | Receipt upto the end of 1998 Rs. | Receipt during the year Rs. | Total Receipt Rs. |
|---|---|---|---|---|---|---|---|
| To Land | 15,000 | 500 | 15,500 | By Equity Shares | 54,900 | — | 54,900 |
| To Machinery | 60,000 | 500 | 60,500 | By Debentures | 20,000 | — | 20,000 |
| To Mains | 20,000 | 5,100 | 25,100 | | | | |
| Total Expenditure | 95,000 | 6,100 | 1,01,100 | Total Receipt | 74,900 | | 74,900 |
| | | | | Balance | | | 26,100 |
| | | | | | | | 1,01,100 |

**General Balance Sheet**
**for the year ended 31.12.1999**

| Liabilities | Rs. | Assets | Rs. |
|---|---|---|---|
| Total Receipt as per Capital Account | 74,900 | Total Expenditure as per Capital Account | 1,01,100 |
| Sundry Creditors | 100 | Sundry Debtrors for Current Supplied | 4,000 |
| Depreciation Fund | 25,000 | Other Debtors | 50 |
| Net Revenue Account | | Stores on hand | 700 |
| (Balance) | 6,150 | Cash | 300 |
| | 1,06,150 | | 1,06,150 |

## ৯১.৪ সম্পত্তির প্রতিস্থাপন (Replacement of Assets)

একক হিসাব পদ্ধতিতে কোনো সম্পত্তি যখন প্রতিস্থাপন করা হয় তখন পুরাতন সম্পত্তিকে নিঃশেষিত (written off) করা হয় এবং নূতন সম্পত্তির মূল্যকে মূলধন হিসাব ধরা হয়।

দ্বৈত-হিসাব পদ্ধতিতে সম্পত্তি প্রতিস্থাপনের দরুন মূলধনী খাতে ও খরচের মধ্যে বণ্টনের প্রক্রিয়াটি সম্পূর্ণ ভিন্ন। এই পদ্ধতিতে পুরাতন যে সম্পত্তি নবীকরণ করা হয় তার মূল্যকে অক্ষুণ্ণ রাখা হয়। এর পরিবর্তে নূতন সম্পত্তির মূল্য থেকে সমতুল্য পুরাতন সম্পত্তির বর্তমান বাজার দামকে প্রতিস্থাপনজনিত খরচ হিসাবে ধরা হয় এবং নূতন সম্পত্তির মূল্যের অবশিষ্ট অংশে মূলধনায়ন করা হয়।

উদাহরণস্বরূপ ধরা যায়, 1970 সালে 1,50,000 টাকা ব্যয়ে একটি বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র স্থাপন করা হয়েছিল। এর উপযোগিতা নিঃশেষিত হবার জন্য 1990 সালে 8,00,000 টাকা ব্যয়ে একটি নূতন কেন্দ্র স্থাপন করা হয় এবং পুরাতন কেন্দ্রটিকে বাতিল করা হয়। এই সময়ের মধ্যে কাঁচামালের মূল্য 700% বৃদ্ধি পেয়েছে এবং মজুরি তিনগুণ বৃদ্ধি পেয়েছে। পুরাতন বিদ্যুৎ কেন্দ্রের মধ্যে কাঁচামাল ও মজুরির অনুপাত ছিল 4 : 6।

এই ক্ষেত্রে 8,00,000 টাকাকে প্রতিস্থাপনজনিত খরচ ও মুলধনায়নের মধ্যে নিম্নলিখিতভাবে বণ্টন করতে হবে :

**(ক) প্রতিস্থাপনজনিত খরচ :**

| | | |
|---|---|---|
| পুরাতন বিদ্যুৎ কেন্দ্রের মূল্য | | 1,50,000 টাকা |
| কাঁচামালের মূল্য | $1{,}50{,}000 \times \frac{4}{10} =$ | 60,000 টাকা। |
| মজুরি | $1{,}50{,}000 \times \frac{6}{10} =$ | 90,000 টাকা |
| বর্তমান কাঁচামালের মূল্য | $60{,}000 \times \frac{700}{100} =$ | 4,20,000 টাকা |
| বর্তমান মজুরি | $90{,}000 \times 3 =$ | 2,70,000 টাকা |
| | ∴ প্রতিস্থাপনজনিত খরচ = | 6,90,000 টাকা |

(খ) মূলধনায়নের পরিমাণ = (8,00,000 − 6,90,000) টাকা = 1,10,000 টাকা

মোট মূলধনায়ন = 1,50,000 টাকা + 1,10,000 টাকা = 2,60,000 টাকা

**জাবেদা দাখিলা (Journal Entries) :** সম্পত্তি প্রতিস্থাপনজনিত লেনদেনগুলির জন্য নিম্নলিখিতভাবে জাবেদা দাখিলা করতে হবে :

(1) নূতন সম্পত্তি ক্রয়ের জন্য : New Asset A/c Dr. (যে অংশটুকু মূলধনায়ন করতে হবে)
Replacement A/c Dr. (যে অংশটুকু প্রতিস্থাপনজনিত ব্যয় ধরতে হবে।
To Cash/Bank (নগদ ব্যয়ের জন্য)

(2) পুরাতন সম্পত্তির ভগ্নাংশ
নূতন সম্পত্তির জন্য ব্যবহৃত হলে : New Asset A/c Dr.
To Replacement A/c
(ভগ্নাংশের মূল্যের জন্য)

(3) ভগ্নাংশ বিক্রয় করা হলে : Cash/Bank A/c Dr.
To Replacement A/c
(ভগ্নাংশের বিক্রয়মূল্যের জন্য)

**উদাহরণ 3 :** West Bengal State Electricity Board তার একটি বিদ্যুৎ সরবরাহ কেন্দ্রকে নবীকরণ করেছে। পুরাতন বিদ্যুৎ কেন্দ্রটির 1680 সালে মূল্য ছিল 24,00,000 টাকা ; এর মধ্যে কাঁচামাল, মজুরি ও উপরিব্যয়ের অনুপাত ছিল 5 : 3 : 2। বর্তমানে কাঁচামালের মূল্য 40% বৃদ্ধি পেয়েছে এবং মজুরি 80% বৃদ্ধি পেয়েছে।

নূতন বিদ্যুৎ কেন্দ্রের জন্য 60,00,000 টাকা ব্যয় হয়েছে। এ ছাড়া 2,40,000 টাকার পুরাতন যন্ত্রাংশ নতুন বিদ্যুৎ কেন্দ্রের জন্য ব্যবহৃত হয়েছে। অবশিষ্ট পুরাতন যন্ত্রাংশ 7,50,000 টাকায় বিক্রি করা হয়েছে।

নূতন বিদ্যুৎ কেন্দ্রে খরচের অনুপাতগুলি অপরিবর্তিত আছে অনুমান করে (ক) জাবেদা দাখিলা ও (খ) খতিয়ান প্রস্তুত করুন।

**সমাধান :**

**West Bengal State Electricity Board**

**Journal**

| Date | Particulars | Dr. Amount Rs. | Cr. Amount Rs. |
|---|---|---|---|
| | Asset A/c ............... Dr. | 22,80,000 | |
| | Replacement A/c ......... Dr. | 37,20,000 | |
| | To Bank A/c | | 60,00,000 |
| | (Replacement of old asset by new one, the current cost of replacement being Rs. 37,20,000 and remaining amount capitalised) | | |
| | Asset A/c ............ Dr. | 2,40,000 | |
| | To replacement A/c | | |
| | (Old materials used in the construction of new asset) | | 2,40,000 |
| | Bank A/c ................. Dr. | 7,50,000 | |
| | To Replacement A/c | | 7,50,000 |
| | (Amount realised on sale of old asset) | | |
| | Revenue A/c ............ Dr. | 27,30,000 | |
| | To Replacement A/c | | 27,30,000 |
| | (Balance of Replacement account transferred) | | |

**Ledger Accounts**

**Asset A/c**

| Dr. Date | Particulars | J.F. | Amount Rs. | Date | Particulars | J.F. | Amount Rs. Cr. |
|---|---|---|---|---|---|---|---|
| | To Balance b/d | | 24,00,000 | | By Balance c/d | | 49,20,000 |
| | To Bank A/c | | 22,80,000 | | | | |
| | To Replacement A/c | | 2,40,000 | | | | |
| | | | 49,20,000 | | | | 49,20,000 |

**Replacement A/c**

Dr. Cr.

| Date | Particulars | J.F. | Amount Rs. | Date | Particulars | J.F. | Amount Rs. |
|---|---|---|---|---|---|---|---|
| | To Bank | | 37,20,000 | | By Bank | | 7,50,000 |
| | | | | | By Asset A/c | | 2,40,000 |
| | | | | | By Revenue A/c | | 27,30,000 |
| | | | 37,20,000 | | (Balance Transferred) | | 37,20,000 |

Workings : (a) Cost of Replacement :

| | Cost of Existing Asset Rs. | Increase % | Current Cost Rs. |
|---|---|---|---|
| Materials | 12,00,000 | 40% | 16,80,000 |
| Labour | 7,20,000 | 80% | 12,96,000 |
| Overheads (1/4th of above) | | | |
| | | | 29,76,000 |
| | | | 7,44,000 |
| Current Cost of Replacement = | | | 37,20,000 |

**(b) Amount to be Capitalised** = 60,00,000 – 37,20,000 = 22,80,000

## ৯১.৫ ভারতীয় বিদ্যুৎ আইনের হিসাব-নিকাশ সংক্রান্ত কতিপয় গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য (Some Important Features of the Indian Electricity Act.)

বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠানগুলি জনস্বার্থ রক্ষাকারী উদ্যোগ। এদের প্রধান উদ্দেশ্য হলো জনসাধারণকে ন্যায্য মূল্যে বিদ্যুৎ সরবরাহ করা। এই ধরনের প্রতিষ্ঠানগুলি ভারতীয় বিদ্যুৎ আইন (1910) এবং বিদ্যুৎ সরবরাহ আইন (1948) দ্বারা নিয়ন্ত্রিত হয়। শেষোক্ত আইনের ষষ্ঠ তফশিলে এই ধরনের প্রতিষ্ঠানের হিসাবনিকাশ সংক্রান্ত যে পদ্ধতি উল্লিখিত হয়েছে তা সংক্ষেপে আলোচনা করা হলো।

(1) **অবচিতি (Depreciation) :** চক্রবৃদ্ধি সুদের হার পদ্ধতি বা সরলরৈখিক পদ্ধতি অনুযায়ী অবচিতি ধার্য করতে হবে।

প্রথম পদ্ধতির ক্ষেত্রে বার্ষিক 4% সুদের হারে যে বাৎসরিক অঙ্ক সম্পত্তির 90% মূল্যকে নিঃশেষিত করত তাই বাৎসরিক অবচিতির হার ধরতে হবে।

দ্বিতীয় ক্ষেত্রে, সম্পত্তির আয়ুষ্কালের মধ্যে যে হারে 90% মূল্য নিঃশেষিত হবে তাকে বাৎসরিক অবচিতির হার ধরতে হবে।

সম্পত্তি পরিত্যক্ত হলে তার হ্রাসপ্রাপ্ত মূল্যকে Discarded Assets Account বা পরিত্যক্ত সম্পত্তির হিসাবে স্থানান্তর করতে হবে। এই হিসাবটিকে পরিত্যক্ত সম্পত্তির প্রত্যাশিত আদায় মূল্যের সাহায্যে Credit করতে হবে। অবশিষ্ট জের থাকলে তা সম্ভাব্য খরচের নিমিত্ত সঞ্চিতি হিসাব বা Contingencies Reserve Account-এ স্থানান্তর করতে হবে।

(2) **সম্ভাব্য খরচের নিমিত্ত সঞ্চিতি (Contingencies Reserve) :** 1948 সালের বিদ্যুৎ সরবরাহ আইন আনুযায়ী যতদিন পর্যন্ত স্থায়ী সম্পত্তির মূল্য 5% পর্যন্ত না হয় ততদিন পর্যন্ত সম্পত্তির ক্রয়মূল্যের ন্যূনতম $1\frac{1}{4}\%$ এবং ঊর্ধ্বতম $1\frac{1}{2}\%$ এই সঞ্চিতির জন্য স্থানান্তর করতে হবে। এই সঞ্চিতির অর্থ অছি-লগ্নিপত্রে বিনিয়োগ করতে হবে। রাজ্য সরকারের অনুমতি সাপেক্ষে এই অর্থ নিম্নলিখিত উদ্দেশ্যে খরচ করা যেতে পারে :

(ক) দুর্ঘটনা, ধর্মঘট বা নিয়ন্ত্রণ বহির্ভূত কোনো পরিচালন ব্যয় বা লোকসানের জন্য ;

(খ) সম্পত্তির স্বাভাবিক প্রতিস্থাপন ব্যতীত অন্য কোনো প্রতিস্থাপন বা নবীকরণের জন্য ;

(গ) কোনো নির্দিষ্ট সঞ্চিতির অবর্তমানে আইন অনুসারে কোনো ক্ষতিপূরণ প্রদান করার জন্য।

(3) **উন্নয়নমূলক সঞ্চিতি (Development Reserve) :** নূতন বিনিয়োগের ক্ষেত্রে আয়কর ও অতিকর বাবদ আয়কর কর্তৃপক্ষ যে উন্নয়নমূলক ছাড় (Development Rebate) প্রদান করেন তার সমপরিমাণ অর্থ উন্নয়নমূলক সঞ্চিতি হিসাবে স্থানান্তর করতে হবে। এই অর্থ শুধুমাত্র বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠানের লগ্নিপত্রেই বিনিয়োগ করা হবে।

(4) শুল্ক ও লভ্যাংশ নিয়ন্ত্রণ সঞ্চিতি (Tariff and Dividend Control Reserve) : ন্যায্য আগম বাদ দেবার পরে মুনাফার যে উদ্বৃত্ত অংশ থেকে এই সঞ্চিতিতে স্থানান্তর করা হয়। ন্যায্য আগম থেকে নিশ্চিত মুনাফা কম হলে এই সঞ্চিতি থেকে শেয়ার হোল্ডারগণকে লভ্যাংশ বণ্টন করা যায়।

(5) **সাধারণ সঞ্চিতি (General Reserve) :** বিদ্যুৎ সরবরাহ আইনের 67 নং ধারা অনুযায়ী এই সঞ্চিতির জের স্থায়ী সম্পত্তির ক্রয়মূল্যের 8% না হওয়া পর্যন্ত মুনাফা থেকে সুদ ও অবচিতির জন্য অর্থ বাদ দেওয়ার পরে স্থায়ী সম্পত্তির মূল্যের ন্যূনতম $\frac{1}{2}\%$ অর্থ সাধারণ সঞ্চিতি হিসাবে স্থানান্তর করতে হবে।

(6) **ন্যায়সঙ্গত (Reasonable Return) :** আইন অনুসারে সরবরাহকারী প্রতিষ্ঠান অত্যাধিক মুনাফা অর্জন করতে পারে না। সেই কারণে নিশ্চিত মুনাফা কখনই ন্যায়সঙ্গত আগমের 20%-এর বেশি হতে পারে না। ন্যায়সঙ্গত আগম নিম্নলিখিত উপাদানের দ্বারা গঠিত :

(ক) রিজার্ভ ব্যাংক নির্ধারিত ব্যাংক রেট + মূলধন ভিতের ওপর 2% ;

(খ) সম্ভাব্য খরচের নিমিত্ত সঞ্চিতির লগ্নি ব্যতীত অন্যান্য লগ্নি থেকে আয় ;

(গ) বিদ্যুৎ পর্ষদ থেকে প্রাপ্ত ঋণের ওপর 2% ;

(ঘ) রাজ্য সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ঋণের ওপর 2% ;

(ঙ) উন্নয়নমূলক সঞ্চিতির ওপর 2% ;

(চ) ডিবেঞ্চারের ওপর 2% ;

এই উদ্দেশ্যে মূলধন ভিত নিম্নলিখিতভাবে হিসাব ধরতে হবে :

(ক) ব্যবহারের উপযোগী এবং প্রয়োজনীয় যাবতীয় স্থায়ী সম্পত্তির আদি মূল্য বাদে বৈদ্যুতিক লাইন প্রস্তুত করার জন্য ভোক্তাগণ থেকে প্রাপ্ত অর্থ ;

(খ) অস্পর্শনীয় সম্পত্তির মূল্য ;

(গ) অসমাপ্ত কার্যের আদিমূল্য ;

(ঘ) সম্ভাব্য খরচের নিমিত্ত সঞ্চিতির দরুন লগ্নির সমপরিমাণ অর্থ ;

(ঙ) প্রতি মাসান্তে হস্তস্থিত যন্ত্রপাতি, পণ্য এবং নগদ ও ব্যাংক জেরের মাসিক গড়।

**বাদ**

(ক) স্থায়ী সম্পত্তির অবচিতির পরিমাণ এবং অস্পর্শনীয় সম্পত্তির নিঃশেষিত পরিমাণ ;

(খ) পর্ষদ কর্তৃক প্রদত্ত ঋণ ;

(গ) রাজ্য সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ঋণ ;

(ঘ) ডিবেঞ্চার ;

(ঙ) ভোগকারীদের কাছ থেকে প্রাপ্ত জামিন বাবদ প্রাপ্ত নগদ অর্থ ;

(চ) শুল্ক ও লভ্যাংশ নিয়ন্ত্রণ সঞ্চিতি খাতে ক্রেডিট জের ;

(ছ) উন্নয়মূলক সঞ্চিতির অর্থ ;

(জ) ভোগকারীদের বিদ্যুৎ সরবরাহের জন্য অনুমতিপত্রের অধিকারী হিসাবে নিয়ে যাওয়ার অর্থ।

(7) নিশ্চিত মুনাফা (Clear Profit) : নিশ্চিত মুনাফা বলতে বোঝায় মোট আয় ও মোট ব্যয়ের পার্থক্য যোগ নির্দিষ্ট বণ্টন। আইন অনুসারে আয়, ব্যয় ও বণ্টনের যে সংজ্ঞা দেওয়া হয়েছে তা নিম্নলিখিত হিসাবের ছকের সাহায্যে প্রদর্শন করা যায় :

| Expenditure | Rs. | Income | Rs. |
|---|---|---|---|
| Cost of generation and purchase of energy cost of distribution and sale of energy.<br>Rent. Rates and Taxes (excluding taxes on income)<br>Interest on Loan advanced by the Board.<br>Interest on Loans taken from Institutions approved by the State Govt.<br>Interest on Debentures<br>Legal Charges<br>Interest on Security Deposit<br>Bad debts<br>Auditor's Fees<br>Management Expenses<br>Depreciation<br>Other expenses admissible under the Indian Income Tax Act and arising from and ancilliary or Indicidental to the business of electricity supply.<br>Contribution to providend fund, staff pension, gratuity and apprentice and other training schemes.<br>Bonus paid to the employees of the undertaking in accordance with the labour tribunal or the State Govt.<br>Balance of Profit c/d. | | Gross Receipt from Sale of Energy less discounts.<br>Rental of meters and other aparatus hired to consumers.<br>Sale and Repair of Lamps and apparatus.<br>Rents Less outgoings not otherwise provided for<br>Transfer fees<br>Interest of investments, fixed and call deposits and Bank balances.<br>Other receipts Liable for Indian Income Tax and arising from and ancilliary or incidental to the business of electricity supply. | |

**Appropriations**

| Particulars | Rs. | Particulars | Rs. |
|---|---|---|---|
| To Profit and Loss A/c | 28,000 | With Customers (Note 4) | 30,000 |
| (Profit) | | | |
| | 1,54,000 | | 1,54,000 |

**2. যে ক্ষেত্রে সাধারণ বিক্রির পরিমাণ 50,000 টাকা :**

**Hire-purchase Trading A/c**

**Dr. for the year ended 31.12.1999 Cr.**

| Particulars | Amount Rs. | Particulars | Amount Rs. |
|---|---|---|---|
| To Opening Stock : | | By H. P. Sales A/c. | 1,12,000 |
| At Shop | 16,000 | ,, General Trading A/c. | 40,000 |
| With Customers | 24,000 | (transfer) | |
| To Purchases (86,000+40,000) | 1,26,000 | ,, Closing Stock : | |
| To Profit and Loss A/c. | | At Shop | 12,000 |
| (Profit) | 28,000 | With Customers | 30,000 |
| | 1,94,000 | | 1,94,000 |

3. যে ক্ষেত্রে সাধারণ বিক্রির পরিমাণ 20,000 টাকা :

**Hire-purchase Trading A/c**

**Dr.** **for the year ended 31.12.1999** **Cr.**

| Particulars | Amount Rs. | Particulars | Amount Rs. |
|---|---|---|---|
| To Opening Stock : | 24.000 | By H. P. Sales | 1,12,000 |
| To General Trading A/c | | „ Closing Stock on H.P. | 30,000 |
| —Cost of Goods sold | | | |
| on H. P. 1,20,00 × $\frac{3}{4}$ | 90.000 | | |
| To Profit and Loss A/c | 28,000 | | |
| | 1,42,000 | | 1,42,000 |

**মন্তব্য :** এই ক্ষেত্রে সাধারণ বিক্রির পরিমাণ ভাড়া বিক্রির পরিমাণ অপেক্ষা বেশি বলে একটি General Trading A/c প্রস্তুত করতে হলে তা নিম্নলিখিতভাবে করতে হবে।

**General Trading A/c**

**Dr.** **for the year ended 31.12.1999** **Cr.**

| Particulars | Amount Rs. | Particulars | Amount Rs. |
|---|---|---|---|
| To Opening Stock : | 16,000 | By H. P. Sales | 2,00,000 |
| To Purchases | | By H. P. Trading A/c | 90,000 |
| (Balancing figure) | 2,46,000 | (transfer) | |
| To Profit and Loss A/c | | By Closing Stock | 12,000 |
| (Gross Profit @ 20% | | | |
| on 2,00,000) | 40,000 | | |
| | 3,02,000 | | 3,02,000 |

**Workings :**

(i) Stock with Customers at cost price

On 1.1.99 Rs. 32,000 × $\frac{75}{100}$ Rs. 24,000

On 31.12.99 Rs. 40,000 × $\frac{75}{100}$ = Rs. 30,000

(ii) Purchase during the year :

| | |
|---|---|
| Cost of goods sold on H. P. = 1,20,000 × $\frac{75}{100}$ = Rs. | 90,000 |
| Add, Shop stock on 31.12.99 | 12,000 |
| | 1,02,000 |
| Less, Shop stock on 1.1.99 | 16,000 |
| | 86,000 |

(iii) H. P. sales during the year :

| | |
|---|---|
| Goods sent on H.P at selling price | Rs. 1,20,000 |
| Add. Stock with Customers (inmatured instalments) on 1.1.99 | 32,000 |
| | 1,52,000 |
| Less, Stock with customers on 31.12.99 (inmatured instalments) | 40,000 |
| | 1,12,,000 |

**উদাহরণ 6 ঃ** Capital Electronics Ltd. ক্রয়মূল্যের ওপর 60% লাভে ভাড়া-ক্রয় পদ্ধতিতে পণ্য বিক্রি করে। 31.12.99 তারিখে Capital Electronics Ltd-এর বই থেকে নিম্নলিখিত বিবরণগুলি পাওয়া গেল ঃ

| | Rs. |
|---|---|
| Goods with hire-purchase customers (1.1.99) (at hire-purchase price) | 64,000 |
| Goods sold during the year at hire-purchase price | 3,20,000 |
| Cash received during the year | 2,24,000 |
| Goods received back (hire instalments unpaid Rs. 8,000) valued at | 1,200 |
| Goods with hire purchase customers (31.12.99) (at hire-purchase price) | 1.44.000 |

উপরিউক্ত বিবরণগুলি থেকে Capital Electronics Ltd.-এর বইতে প্রস্তুত করতে হবে ঃ

1. H. P. Trading পদ্ধতিতে প্রয়োজনীয় খতিয়ান হিসাব।
2. Stock and Debtors পদ্ধতিতে প্রয়োজনীয় খতিয়ান হিসাব।

সমাধান :

**1. H.P. Trading Method**

**Books of Capital Electronics Ltd.**
**Hire-purchase Trading A/c**
**for the year ended 31.12.1999**

**Dr.** | **Cr.**

| Particulars | Amount Rs. | Particulars | Amount Rs. |
|---|---|---|---|
| To Opening Stock : Goods with Customer $\left(64{,}000 \times \frac{100}{160}\right)$ | 40,000 | By H. P. Sales A/c | 2,32,000 |
| To General Trading A/c Cost of goods sold on H. P. $\left(3{,}20{,}000 \times \frac{100}{160}\right)$ | 2,00,000 | By General Trading A/c (Value of repossessed goods) | 1,200 |
| To P. L. Application A/c (Profit on H. P.) | 83,200 | By Closing Stock (Goods with customers) $\left(\frac{100}{160} \times 1{,}44{,}000\right)$ | 90,000 |
| | 3,23,200 | | 3,23,200 |

**Dr.** **Hire-purchase Debtors A/c** **Cr.**

| Date | Particulars | Amount Rs. | Date | Particulars | Amount Rs. |
|---|---|---|---|---|---|
| 1.1.99 | To Balance b/d | 64,000 | 31.12.99 | By H.P. Sales A/c (unpaid instalments) | 8,000 |
| 31.12.99 | To H. P. Sales A/c | 3,20,000 | | By Cash A/c | 2,24,000 |
| | | | | By Balance c/d | 1,52,000 |
| | | 3,84,000 | | | 3,84,000 |

**Dr.** **H. P. Sales A/c** **Cr.**

| Date | Particulars | Amount Rs. | Date | Particulars | Amount Rs. |
|---|---|---|---|---|---|
| 31.12.99 | To H. P. Debtors A/c | 8,000 | 1.1.99 | By Balance b/d | 64,000 |
| 31.12.99 | To H. P. Trading A/c (Balancing figure) | 2,32,000 | 31.12.99 | By H. P. Debtors A/c | 3,20,000 |
| 31.12.99 | To Balance c/d (1,52,000 − 8,000) | 1,44,000 | | | |
| | | 3,84,000 | | | 3,84,000 |

**2. Stock and Debtors Method :**

**Dr.** **H. P. Stock A/c** **Cr.**

| Date | Particulars | Amount Rs. | Date | Particulars | Amount Rs. |
|---|---|---|---|---|---|
| 1.1.99 | To Balance b/d | 64,000 | 31.12.99 | By H.P. Debtors A/c (balancing figure) (Matured Instalments) | 2,40,000 |
| 31.12.99 | To Goods Sold on H.P. A/c | 3,20,000 | 31,12.99 | By Balance c/d | 1,44,000 |
| | | 3,84,000 | | | 3,84,000 |

**Dr.** **H. P. Debtors A/c** **Cr.**

| Date | Particulars | Amount Rs. | Date | Particulars | Amount Rs. |
|---|---|---|---|---|---|
| 1.1.99 | To H. P. Stock A/c | 2,40,000 | 31.12.99 | By Cash A/c | 2,24,000 |
| | | | | By Repossessed Goods A/c (unpaid instalments) | 8.000 |
| | | | 31.12.99 | By Balance c/d. | 8,000 |
| | | 2,40,000 | | | 2,40,000 |

**Dr.** **Goods Sold on Hire-purchase A/c** **Cr.**

| Date | Particulars | Amount Rs. | Date | Particulars | Amount Rs. |
|---|---|---|---|---|---|
| 31.12.99 | To Shop Stock A/c $\left(\frac{100}{160}\times 3,20,000\right)$ | 2,00,000 | 31.12.99 | By H. P. Stock A/c. | 3,20,000 |
| 31.12.99 | To H.P. Adjustment A/c –(Loading) | 1,20,000 | | | |
| | | 3,20,000 | | | 3,20,000 |

Dr. **H. P. Adjustment A/c** Cr.

| Date | Particulars | Amount Rs. | Date | Particulars | Amount Rs. |
|---|---|---|---|---|---|
| 31.12.99 | To Repossessed Goods A/c (Loss on Repossessed Goods) | 6,800 | 1.1.99 | By Balance b/d $\left(\frac{60}{160}\times 64{,}000\right)$ | 24,000 |
| | To P. L. A/c (Profit) | 83,200 | 31.12.99 | By Goods Sold on H. P. A/c | 1,20,000 |
| | To Balance c/d $\left(\frac{60}{160}\times 1{,}44{,}000\right)$ | 54,000 | | | |
| | | 1,44,000 | | | 1,44,000 |

Dr. **Repossessed Goods A/c** Cr.

| Date | Particulars | Amount Rs. | Date | Particulars | Amount Rs. |
|---|---|---|---|---|---|
| 31.12.99 | To H. P. Debotrs A/c | 8,000 | 31.12.99 | By H.P. Adjustment A/c (Loss on Repossessed Goods) | 6,800 |
| | | | 31.12.99 | By Balance c/d | 1,200 |
| | | 8,000 | | | 8,000 |

**উদাহরণ— 7 :**

Bajaj Ltd. ক্রয়মূল্যের ওপর 50% লাভে ভাড়া-ক্রয় পদ্ধতিতে পণ্য বিক্রি করে। 31.12.99 তারিখে Bajaj Ltd.-এর বই থেকে নিম্নলিখিত বিবরণগুলি পাওয়া গেল ঃ

| | Rs. |
|---|---|
| Balance of H.P. Stock A/c on 1.1.99 | 12,000 |
| Balance of H.P. Debtors A/c on 1.1.99 | 300 |
| Cash received from customers during the year | 92,400 |
| Selling price of goods sold on Hire-purchase bais during the year | 90,600 |
| Total amount of Instalments became due during the year | 92,700 |

1,200 টাকা মূল্যের একজন ক্রেতা 100 টাকা হিসাবে পাঁচটি কিস্তি দেওয়ার পরে 4.12.99 তারিখে কিস্তি দিতে অসমর্থ হলে তার পণ্যটি পুনর্দখল করা হয়।

সমাধান

**Books of Bajaj Ltd.**

**Dr. H. P. Stock A/c Cr.**

| Date | Particulars | Amount Rs. | Date | Particulars | Amount Rs. |
|---|---|---|---|---|---|
| 1.1.99 | To Balance b/d | 12,000 | 27.12.99 | By Repossessed Goods A/c (Instalment not yet due) | 600 |
| 31.12.99 | To Goods Sold on H. P. A/c | 90,600 | 31.12.99 | ,, H. P. Debtors A/c | 92,700 |
| | | | 31.12.99 | By Balance c/d | 9,300 |
| | | 1,02,600 | | | 1,02,600 |

**Dr. H. P. Debtors A/c Cr.**

| Date | Particulars | Amount Rs. | Date | Particulars | Amount Rs. |
|---|---|---|---|---|---|
| 1.1.99 | To Balance b/d | 300 | 27.12.99 | By Repossessed (Goods A/c (Instalment unpaid) | 100 |
| 31.12.99 | To H.P. Stock A/c | 92,700 | 31.12.99 | By Cash A/c | 92,400 |
| | | | 31.12.99 | By Balance c/d | 500 |
| | | 93,000 | | | 93,000 |

**Dr. Goods Sold on H. P. A/c Cr.**

| Date | Particulars | Amount Rs. | Date | Particulars | Amount Rs. |
|---|---|---|---|---|---|
| 31.12.99 | To Shop Stock A/c $\left(90,600\times\frac{100}{150}\right)$ | 60,400 | 31.12.99 | By H. P. Stock A/c | 90,600 |
| 31.12.99 | To. H.P. Adjustment A/c - Loading $\left(90,600\times\frac{50}{150}\right)$ | 30,200 | | | |
| | | 90,600 | | | 90,600 |

**Dr.** **H. P. Adjustment A/c** **Cr.**

| Date | Particulars | Amount Rs. | Date | Particulars | Amount Rs. |
|---|---|---|---|---|---|
| 31.12.99 | To Balance b/d $\left(9{,}300 \times \frac{50}{150}\right)$ | 3,100 | 1.1.99 | By Balance b/d $\left(12{,}000 \times \frac{50}{150}\right)$ | 4,000 |
| 31.12.99 | To P. L. A/c (Profit) | 31,200 | 31.12.99 | By Goods Sold on H.P. A/c. (Loading) | 30,200 |
| | | | 27.12.99 | By Repossessed Goods A/c (Prosit) | 100 |
| | | 34,300 | | | 34,300 |

**Dr.** **H. P. Adjustment A/c** **Cr.**

| Date | Particulars | Amount Rs. | Date | Particulars | Amount Rs. |
|---|---|---|---|---|---|
| 27.12.99 | To H.P. Stock A/c | 600 | 31.12.99 | By Balance c/d $\left(1{,}200 \times \frac{100}{150}\right)$ | 800 |
| 27.12.99 | To H. P. Debtors A/c | 100 | | | |
| 31.12.99 | To H.P. Adjustment A/c | 100 | | | |
| | | 800 | | | 800 |

## ৯৩.১৫ অনুশীলনী

**(ক) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর ঃ**

(১) নিম্নলিখিত বিষয়গুলির সংজ্ঞা লিখুন ঃ

(১) ভাড়াক্রয়, (২) কিস্তিবন্দী ক্রয়, (৩) পণ্যের পুনর্দখল।

(২) ভাড়াক্রয়ের প্রকৃতি আলোচনা করুন।

(৩) ভাড়াক্রয়ের পুনর্দখল বলতে কি বোঝেন?

(৪) স্বল্পমূল্যের পণ্যের জন্য ভাড়াক্রয় সংক্রান্ত হিসাবরক্ষণের বৈশিষ্ট্য কি?

**(খ) দীর্ঘ প্রশ্নোত্তর :**

(১) ভাড়াক্রয় বলতে কি বোঝেন? এর বৈশিষ্ট্য কি?

(২) ভাড়াক্রেতার অধিকার সম্পর্কে আলোচনা করুন।

(৩) ভাড়া বিক্রেতার অধিকার সম্পর্কে আলোচনা করুন।

(৪) সাধারণ ক্রয় ও ভাড়াক্রয়ের মধ্যে পার্থক্য আলোচনা করুন।

(৫) কিস্তিবন্দী ক্রয় ও ভাড়াক্রয়ের মধ্যে পার্থক্য আলোচনা করুন।

**(গ) ব্যবহারিক সমস্যা (Practical Problems) :**

1. কমল বিমলের কাছ থেকে বার্ষিক 5% সুদে ভাড়াক্রয় পদ্ধতিতে একটি টেলিভিশন ক্রয় করে। চুক্তি অনুযায়ী প্রারম্ভিক কিস্তি হিসাবে প্রথমে 930 টাকা দেওয়া হয়। এর পরে প্রতি বছরের শেষে যথাক্রমে 1,426 টাকা, 1,804 টাকা এবং 840 টাকা কিস্তি বাবদ দেয়। টেলিভিশনটির নগদ মূল্য এবং প্রতিটি কিস্তির সঙ্গে প্রদেয় সুদের পরিমাণ নির্ধারণ করুন।

[**Ans :** Cash down price Rs. 4,650 ; Interest : 1st Instalment Rs 186, 2nd Instalment Rs. 124, 3rd Instalment Rs. 40]

2. ক খ-এর কাছ থেকে একটি যন্ত্র ভাড়াক্রয় পদ্ধতিতে ক্রয় করে। এর জন্য নিম্নলিখিতভাবে কিস্তি দেওয়া হয় :

| | |
|---|---|
| (i) চুক্তি শুরুর সময় প্রারম্ভিক কিস্তি | 232.50 টাকা |
| (ii) প্রথম বছরের শেষে কিস্তি | 365.50 টাকা |
| (iii) দ্বিতীয় বছরের শেষে কিস্তি | 451.00 টাকা |
| (iv) তৃতীয় বছরের শেষে কিস্তি | 210.00 টাকা |

সমকিস্তি বার্ষিকী সারণি অনুযায়ী 5% সুদের হারে প্রথম বছরের শেষে, দ্বিতীয় বছরের শেষে এবং তৃতীয় বছরের শেষে প্রদেয় 1 টাকার বর্তমান মূল্য যথাক্রমে 0.9524 টাকা, 0.9070 টাকা এবং 0.8639 টাকা।

যন্ত্রটির নগদ মূল্য নির্ধারণ করুন।

[ **Ans.** Cash down price Rs. 1,162·53]

3. 1.1.1995 তারিখে Arya Ltd. 33,525 টাকা নগদমূল্যের একটি ট্রাক্টর ভাড়াক্রয় পদ্ধতিতে Bijoy Ltd.-কে বিক্রি করে। Bijoy Ltd. চুক্তির দিন 9,000 টাকা দেয় এবং অবশিষ্ট অঙ্ক 9,000 টাকার তিনটি বার্ষিক কিস্তিতে দেয়। কিস্তি দেওয়ার দিন 31শে ডিসেম্বর। বার্ষিক সুদের হার 5% এবং Bijoy Ltd. বার্ষিক জেরের ওপর 20% অবচিতি ধার্য করে ধরে Arya Ltd এবং Bijoy Ltd.-এর বইতে প্রয়োজনীয় খতিয়ান হিসাব প্রস্তুত করুন।

[**Ans :** Interest : 1st yesr Rs. 1,226, 2nd year Rs. 838, 3rd year Rs. 411]

4. 1.1.996 তারিখে অশোক কমলের কাছ থেকে ভাড়াক্রয় পদ্ধতিতে একটি পাম্প মেশিন ক্রয় করে। চুক্তির দিন প্রারম্ভিক কিস্তি হিসাবে 4,780 টাকা দেয় এবং অবশিষ্ট অঙ্ক 31শে ডিসেম্বর প্রদেয় তিনটি 9,261 টাকার বার্ষিক কিস্তিতে দেয়। কমল বার্ষিক 5% হারে সুদ ধার্য করে এবং অশোক ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে 10% অবচিতি ধার্য করে। পাম্প মেশিনটির নগদ মূল্য নির্ধারণ করুন এবং অশোকের বইতে প্রয়োজনীয় জাবেদা ও খতিয়ান হিসাব প্রস্তুত করুন।

[**Ans.** Cash down price Rs. 30,000]

5. অপূর্ব ভাণ্ডার তপনকে কিস্তিবন্দী পদ্ধতিতে একটি মোটর গাড়ি বিক্রি করে। প্রারম্ভিক কিস্তি হিসাবে চুক্তির সময় তপন 20,000 টাকা দেয় এবং অবশিষ্ট অঙ্ক 20,000 টাকার তিনটি বার্ষিক কিস্তিতে দেয়। মোটর গাড়িটির নগদমূল্য 74,466 টাকা। অপূর্ব ভাণ্ডার বার্ষিক 5% সুদ ধার্য করে এবং তখন সরলরৈখিক পদ্ধতিতে 10% অবচিতি ধার্য করে ধরে উভয়ের বইতে প্রয়োজনীয় খতিয়ান হিসাব প্রস্তুত করুন।

[**Ans :** Interest Suspenses Rs. 5,534, Adjustment for Interest : 1st year Rs. 2,723, 2nd year Rs. 1,859, 3rd year Rs. 952]

6. 1.1.1996 তারিখে X Ltd. P-কে ভাড়াক্রয় পদ্ধতিতে একটি অটোরিক্সা বিক্রি করে। চুক্তি অনুসারে 31শে ডিসেম্বর প্রদেয় 4,230 টাকার চারটি বার্ষিক কিস্তিতে মূল্য পরিশোধ করতে হবে। X Ltd. বার্ষিক 5% সুদ ধার্য করে। দুটি কিস্তি দেওয়ার পরে P তৃতীয় কিস্তি দিতে অসমর্থ হলে X Ltd. অটোরিক্সাটি পুনর্দখল করে। X Ltd. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে 10% অবচিতি ধার্য করে। X Ltd. এবং P-এর বইতে খতিয়ান প্রস্তুত করেন।

[**Ans :** Cash down price Rs. 15,000 ; Loss on Repossession Rs. 2,676]

7. Bengal Roadways Ltd. Jalan Motors-এর কাছ থেকে তিনটি বাস গাড়ি ভাড়াক্রয় পদ্ধতিতে ক্রয় করে। প্রতিটি বাস গাড়ির মূল্য 75,000 টাকা। চুক্তির দিন প্রতিটি গাড়ীর জন্য 45,000 টাকা প্রারম্ভিক কিস্তি দেওয়া হয়। অবশিষ্ট অঙ্ক 12% সুদসহ তিনটি সমান বার্ষিক কিস্তিতে দেওয়া হবে বলে স্থির হয়। Bengal Roadways Ltd. ক্রমহ্রাসমান পদ্ধতিতে 20% অবচিতি ধার্য করে। প্রথম বছরের শেষে Bengal Roadways Ltd. একটি কিস্তি দেওয়ার পরে দ্বিতীয় কিস্তি দিতে অসমর্থ হওয়ায় স্থির হয় যে বকেয়া অর্থ বাবদ Jalan Motors দুটি বাস পুনর্দখল করবে। পুনর্দখলের জন্য বাসগুলিকে সরলরৈখিক পদ্ধতিতে 30% অবচিতি ধার্য করে মূল্যায়ন করা হয়। Bengal Roadways Ltd.-এর বইতে প্রয়োজনীয় খতিয়ান প্রস্তুত করুন।

[**Ans :** Loss on Repossession Rs. 36,000, Balance of Jalan Motors Rs. 7,200]

8. 1.1.1996 তারিখে রাজেশ প্রতিটি 1,00,000 টাকা মূল্যের পাঁচটি ট্রাক ভাড়া-ক্রয় পদ্ধতিতে Auto Ltd.-এর কাছ থেকে কেনে। চুক্তির দিন 25% মূল্য দেওয়ার পরে অবশিষ্ট অঙ্ক বার্ষিক 5% সুদসহ পাঁচটি বার্ষিক কিস্তিতে দেওয়া হবে বলে স্থির হয়। রাজেশ তৃতীয় কিস্তি দিতে অসমর্থ হওয়ায় স্থির হয় যে বকেয়া অর্থের জন্য Auto Ltd. দুটি ট্রাক পুনর্দখল করবে। এই উদ্দেশ্যে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক 25% অবচিতি ধরে ট্রাকগুলির মূল্যায়ন করা হবে।

মেরামতি বাবদ 4,000 টাকা খরচ করার পরে Auto Ltd. ট্রাকগুলি 90,000 টাকায় পুনর্বিক্রয় করে। রাজেশ 20% অবচিতি ধার্য করে ধরে রাজেশ ও Auto Ltd.-এর বইতে খতিয়ান হিসাব প্রস্তুত করুন।

[**Ans :** Value of Goods Repossessed Rs. 84,375 ; Loss on Repossession Rs. 18.025, Balance due to Auto Ltd. Rs. 1,88,297]

9. একজন স্থায়ী ভোগ্যপণ্যের বিক্রেতা ভাড়াক্রয় পদ্ধতিতে বিক্রয়মূল্যের ওপর $33\frac{1}{3}\%$ লাভে পণ্য বিক্রি করে। 1999 সালে তার বই থেকে নিম্নলিখিত বিবরণগুলি পাওয়া গেল ঃ

| | | Rs. |
|---|---|---|
| January 1 | Stock out on hire-purchase prices | 15,000 |
| ,, | Shop stock | 2,000 |
| ,, | Instalments overdue (customers paying) | 1,100 |
| December 31 | Stock out on hire-purchase Prices | 18,000 |
| ,, | Shop Stock | 3,000 |
| ,, | Instalments overdue (customers paying) | 2,100 |
| | Purchases during the year | 27,000 |
| | Cash received from customers during the year | 35,000 |

31.12.1999 তারিখে সমাপ্ত বছরের জন্য Hire-purchase Trading A/c এবং উদ্বর্ত-পত্র প্রস্তুত করুন। [**Ans :** Profit Rs. 12,000]

10. Dasgupta Bros. ভাড়াক্রয় পদ্ধতিতে বিক্রয়মূল্যের ওপর 33 % লাভে পণ্য বিক্রি করে। 30শে জুন 1999 সমাপ্ত বছরের Dasgupta Bros.-এর বইতে নিম্নলিখিত বিবরণগুলি পাওয়া গেল :

| | | Rs. |
|---|---|---|
| July 1, 1998 | Shop Stock | 2,000 |
| | Instalments due | 1,200 |
| | Stock with costomers at H. P. price | 16,000 |
| June 30, 1999 | Shop Stock | 2,800 |
| | Instalments overdue | 2,000 |
| | Stock with customers at H. P. price | 18,400 |
| | Cash received during the year | 32,000 |
| | Expenses on hire-purchase business | 3,000 |
| | Purchases | 27,200 |

H. P. Trading পদ্ধতি এবং Stock and Debtors পদ্ধতিতে প্রয়োজনীয় খতিয়ান প্রস্তুত করুন।

[**Ans** : Profit Rs. 5,200]

11. Capital Electronics Ltd. ক্রয়মূল্যের ওপর 40% লাভে ভাড়া ক্রয় পদ্ধতিতে পণ্য বিক্রি করে। 31.12.1999 তারিখে সমাপ্ত বৎসরে লেনদেনগুলি নিম্নরূপ ছিল :

| | | Rs. |
|---|---|---|
| January 1 | Stock with customers at H. P. price | 28,700 |
| | Stock at shop | 56,000 |
| | Instalments overdue | 12,000 |
| Decmber 31 | Cash received from customers | 1,60,000 |
| | Goods purchased during the year | 1,75,000 |
| | Instalments overdue | 14,900 |
| | Goods repossessed (instalments due Rs. 10,000) valued at | 2,000 |
| | Shop Stock (including Repossessed Goods) | 72,000 |

প্রস্তুত করতে হবে : (i) H. P. Stock A/c (ii) Shop Stock A/c, (iii) H. P. Adjustment A/c এবং (iv) Repossessed Goods A/c.

[**Ans** : Profit Rs. 41.400]

12. Delhi Stores-এর ভাড়া বিক্রি সংক্রান্ত লেনদেনগুলি নিচে দেওয়া হল :

| | | Rs. |
|---|---|---|
| July 1, 1998 | Instalments due | 4,000 |
| ,, | Shop Stock | 12,000 |
| ,, | Stock with customers at (H. P. price) | 25,000 |
| | Cash received during the year | 2,00,000 |
| | Purchases | 1,67,000 |
| | Goods repossessed (instalments due Rs. 3,000) | |
| | Valued at | 500 |
| 30th June 1999 | Instalments due | 6,000 |
| | Shop Stock | 11,000 |
| | Stock out with customers (At H. P. price) | 30,000 |

Delhi Stores বিক্রয়মূল্যের ওপর 20% লাভে পণ্য বিক্রি করে। Stock and Debtors পদ্ধতিতে প্রয়োজনীয় খতিয়ান প্রস্তুত করুন।

[**Ans :** Profit Rs. 38,500]

## ৯৩.১৬ গ্রন্থপঞ্জী


(১) A. Mukherjee M. Hanif (1999) : *Modern Accountancy, (Vol 2, Chapter 8)*. Tata MacGraw Hill, New Delhi.

(২) M. C. Shukla, T. S. Grewal and S. C. Gupta. (1999 : *Advanced Accounts, (Vol 1 Chapter 14)* S. Chand, Co. Ltd, New Delhi.

(৩) S. Basu, M. Das (1999) : *Practice in Accountancy (Vol 2, Chapter 12)*, Rabindra Library, Kolkata.

# ই. সি. ও. - ৪
# বাণিজ্য বিষয়ের
# ঐচ্ছিক পাঠ্যক্রম

## পর্যায়
## ২১

# একক ৯৪ ❑ লগ্নির হিসাব

গঠন

৯৪.০ লগ্নির হিসাবের সংজ্ঞা
৯৪.১ লগ্নির হিসাবের উদ্দেশ্য
৯৪.২ বিভিন্ন ধরনের লগ্নিপত্র
৯৪.৩ লগ্নির হিসাবের ছক
৯৪.৪ লগ্নির হিসাব সংক্রান্ত গুরুত্বপূর্ণ পরিভাষা
৯৪.৫ হিসাবরক্ষণ পদ্ধতি
৯৪.৬ অনুশীলনী
৯৪.৭ গ্রন্থপঞ্জী

## ৯৪.০ লগ্নির হিসাবের সংজ্ঞা

লগ্নির হিসাব হল অতিরিক্ত সারণিযুক্ত (additional columns) একপ্রকার খতিয়ান হিসাবখাত, যেখানে লগ্নির ক্রয়, বিক্রয় এবং সুদের বা লভ্যাংশের হিসাব রক্ষা করা হয়।

যেহেতু কোনও একটি কারবারী প্রতিষ্ঠান একই সঙ্গে অনেকগুলি লগ্নিপত্রে বিনিয়োগ করতে পারে সেইজন্য হিসাবরক্ষণের সুবিধার্থে এদের প্রত্যেকটির জন্য আলাদাভাবে হিসাব না রেখে প্রত্যেক শ্রেণীর লগ্নিপত্রের জন্য একত্রিতভাবে খতিয়ান হিসাব রক্ষা করা হয়।

এর ফলে প্রত্যেক শ্রেণীর লগ্নিপত্রে বিনিয়োগের পরিমাণ, লগ্নিপত্র থেকে প্রাপ্ত সুদ বা লভ্যাংশ এবং লগ্নিপত্র ক্রয়-বিক্রয়ের ফলে লাভ-লোকসানের পরিমাণ সহজেই জানা যায়।

## ৯৪.১ লগ্নির হিসাবের উদ্দেশ্য (Purposes of Investment Account)

লগ্নির হিসাবের সাহায্যে নিম্নলিখিত উদ্দেশ্যগুলি পূরণ করা যায় ঃ

(1) এর থেকে প্রত্যেক শ্রেণীর লগ্নির জন্য আলাদাভাবে হিসাব রাখা যায়।

(2) লগ্নির হিসাব রাখার ফলে লগ্নিপত্রের ওপর প্রাপ্ত সুদ এবং লভ্যাংশের হিসাব রাখা যায়।

(3) এর ফলে প্রত্যেক শ্রেণীর লগ্নিতে বিনিয়োগের পরিমাণ এবং তাদের বর্তমান মূল্য জানা যায়।

(4) লগ্নির হিসাব রাখার ফলে ক্রয়-বিক্রয়জনিত লাভ-লোকসান আলাদাভাবে জানা যায়।

## ১৪.২ বিভিন্ন ধরনের লগ্নিপত্র (Different Types of Investments)

লগ্নিপত্রে বিনিয়োগের উদ্দেশ্য দুইপ্রকার হতে পারে। প্রথম ক্ষেত্রে অন্য কোনও কারবারের নিয়ন্ত্রণ লাভের উদ্দেশ্যে বিনিয়োগ করা যেতে পারে। এই ধরনের বিনিয়োগকে স্থায়ী বিনিয়োগ বা স্থায়ী সম্পত্তি হিসাবে বিবেচনা করা হয়।

দ্বিতীয় ক্ষেত্রে কারবারের উদ্বৃত্ত নগদ অর্থ অকার্যকরভাবে ফেলে না রেখে আয় অর্জনের জন্য সাময়িকভাবে কোনও লগ্নিপত্রে বিনিয়োগ করা যেতে পারে। এই ধরনের বিনিয়োগ যে সমস্ত লগ্নিপত্রের সাহায্যে করা হয় তা সাধারণত সহজে বিক্রয়যোগ্য বলে এদের বিক্রয়যোগ্য লগ্নিপত্র (Marketable Securities) বলা হয়।

বিক্রয়যোগ্য লগ্নিপত্র নিম্নলিখিত দুই শ্রেণীর হতে পারে ঃ

(ক) স্থির আয়যুক্ত লগ্নিপত্র (Fixed Income Bearing Securities)

(খ) পরিবর্তনশীল আয়যুক্ত লগ্নিপত্র (Variable Income Bearing Securities)

স্থির আয়যুক্ত লগ্নিপত্র থেকে নির্দিষ্ট সময়ান্তে একটি নির্দিষ্ট পরিমাণ আয় বা সুদ পাওয়া যায়। সাধারণত কোম্পাণীর ডিবেঞ্চার এবং সরকারি ঋণপত্র স্থির আয়যুক্ত হয়। পরিবর্তনশীল আয়যুক্ত লগ্নিপত্রের ক্ষেত্রে কোনো নির্দিষ্ট পরিমাণ আয় প্রত্যাশা করা যায় না। এই ক্ষেত্রে লগ্নির ওপর আয় বিনিয়োজিত প্রতিষ্ঠানের আয় বা ঘোষিত লভ্যাংশের ওপর নির্ভর করে। সাধারণত কোম্পানির শেয়ারে লগ্নির ক্ষেত্রে এই প্রকার পরিবর্তনশীল আয় আশা করা যায়।

## ১৪.৩ লগ্নির হিসাবের ছক (Proforma of Investment Account)

লগ্নির হিসাবের ছক সাধারণ খতিয়ান হিসাবের অনুরূপ। তবে এই ক্ষেত্রে লগ্নির ক্রমিক মূল্য, মূলধনী অঙ্ক এবং প্রাপ্ত সুদ বা লভ্যাংশের জন্য নির্দিষ্ট ঘর থাকে। নিম্নে একটি লগ্নির হিসাবের ছক প্রদর্শন করা হল ঃ

**BOOKS OF X LTD.**
**10% Debentures in Telco Ltd.**
**(Interest payable on 30th June and 31st December)**

**Dr.** **Cr.**

| Date | Particulars | Nominal Value Rs. | Interest or Dividend Rs. | Cost Rs. | Date | Particulars | Nominal Value Rs. | Interest or Dividend Rs. | Cost Rs. |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

লগ্নির হিসাবের প্রদত্ত ছকের বিভিন্ন ঘরগুলি নিম্নলিখিতভাবে পূরণ করতে হবে ঃ

**(1) নামিক মূল্যের ঘর (Nominal Value Column) ঃ** লগ্নির লিখিত মূল্য বা ক্রমিক মূল্যকে এই ঘরে লিখতে হবে। লগ্নিপত্র ক্রয় করা হলে তার ক্রমিক মূল্যকে Debit দিকের ঘরে লিখতে হবে, এবং বিক্রির ক্ষেত্রে Credit দিকের ঘরে লিখতে হবে। লগ্নিপত্রের ওপর সুদ লিখিত মূল্যের ওপর নির্ধারিত হয়।

**(2) সুদের ঘর বা লভ্যাংশের ঘর (Interest/Dividend Column) ঃ** লগ্নিপত্রের ওপর প্রাপ্ত সুদ এই হিসাবের Credit দিকের ঘরে হিসাববদ্ধ করতে হয়। এ ছাড়া সুদের তারিখ ছাড়া অন্য কোনও তারিখে লগ্নিপত্র ক্রয় বা বিক্রয়ের ক্ষেত্রে লগ্নির মূলধনী অঙ্ক এবং সুদের অঙ্কের মধ্যে মূল্য বণ্টনের জন্য এই ঘরের ব্যবহার হয়।

**(3) খরচের ঘর (Cost Column) ঃ** লগ্নির হিসাবের Debit দিকে খরচের ঘরে লগ্নির ক্রয়ের জন্য প্রকৃত মূলধনী অঙ্ককে হিসাববদ্ধ করা হয়। অনুরূপভাবে লগ্নি বিক্রয়ের ক্ষেত্রে প্রকৃত মূলধনী অঙ্ককে Credit দিকে হিসাববদ্ধ করা হয়। লগ্নির হিসাবের ঘরগুলি সঠিকভাবে পূরণ করতে হলে লগ্নি সংক্রান্ত নিম্নলিখিত পরিভাষাগুলির সঙ্গে পরিচিতি আবশ্যক।

## ৯৪.৪ লগ্নির হিসাব সংক্রান্ত গুরুত্বপূর্ণ পরিভাষা (Important Terms Regarding Investment Accounting)

**(ক) সুদ সমেত বা লভ্যাংশ সমেত লেনদেন (Cum-interest or cum-dividend transactions) ঃ** পূর্বে উল্লেখ করা হয়েছে যে স্থির আয়যুক্ত লগ্নিপত্রের ক্ষেত্রে কোনও একটি নির্দিষ্ট দিনে সুদ প্রদান করা হয়। সুদ প্রদানের তারিখে বিনিয়োজিত কোম্পানি বা প্রতিষ্ঠানের বইতে যার নাম উল্লিখিত থাকে তাকেই সুদ প্রদান করা হয়।

কিন্তু লগ্নিপত্রের দর যদি সুদ-সমেত হয় সেইক্ষেত্রে এর জন্য প্রদত্ত মূল্যের মধ্যে মূলধনী অঙ্ক ছাড়া শেষ সুদ প্রদানের তারিখ থেকে লেনদেনের তারিখ পর্যন্ত অর্জিত সুদও ধরা থাকে।

**(খ) সুদ বাদে বা লভ্যাংশ বাদে লেনদেন (Ex-interest or ex-dividend transactions) ঃ** যখন লগ্নিপত্রের দরে সুদ-বাদে শব্দটি উল্লেখ করা থাকে তখন লগ্নির মূল্য বাবদ যে অর্থ প্রদান করা হয় তা শুধুমাত্র মূলধনী অঙ্ক বাবদ প্রদেয় অর্থ। এই ক্ষেত্রে লগ্নির মূল্যের সঙ্গে শেষ সুদ প্রদানের তারিখ থেকে লেনদেনের তারিখ পর্যন্ত অর্জিত সুদ ক্রেতাকে অতিরিক্ত মূল্য হিসাবে প্রদান করতে হবে।

**(গ) লগ্নিপত্রের ক্রয়-বিক্রয় সংক্রান্ত দালালি ও অন্যান্য খরচ (Brockerage and other charges relating to purchase and sale of investments) ঃ** লগ্নিপত্রের ক্রয়-বিক্রয় সাধারণত দালালের মাধ্যমে হয়। ক্রেতা এবং বিক্রেতাকে উভয় ক্ষেত্রেই দালালকে দালালি প্রদান করতে হয়। এ ছাড়াও লেনদেন সংক্রান্ত অন্যান্য খরচ ক্রেতা ও বিক্রেতাকে বহন করতে হয়। সুতরাং লগ্নিপত্র ক্রয়ের সময় এই খরচের পরিমাণ যোগ করে লগ্নির মুলধনী অঙ্ক নির্ধারণ করতে হবে। লগ্নিপত্র বিক্রির সময় এই খরচগুলি বাদ দিয়ে মূলধনী অঙ্ক নির্ধারণ করতে হবে। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে যে দালালির অঙ্ক সাধারণত লগ্নিপত্রের ক্রমিক মূল্যের ওপরে হিসাব করা হয়।

## ৯৪.৫ হিসাবরক্ষণ পদ্ধতি (Method of Accounting)

**(ক) সুদের তারিখে লগ্নিপত্রের ক্রয়-বিক্রয় (Purchase and sale of investments on the date of interest) ঃ** যখন সুদ প্রদানের তারিখে লগ্নিপত্র ক্রয়-বিক্রয় করা হয় তখন লগ্নিপত্রের উল্লিখিত দরের মধ্যে শুধুমাত্র মূলধনী অঙ্ক ধরা থাকে। সেইজন্য লগ্নির দামকে মুলধনী অঙ্ক এবং সুদের মধ্যে বণ্টনের আবশ্যকতা নাই। এই ক্ষেত্রে নিম্নলিখিত জাবেদা দাখিলা করতে হবে ঃ

(1) লগ্নিপত্র ক্রয়ের জন্য ঃ Investment A/c Dr. [(উল্লিখিত দর + দালালি) × লগ্নিপত্রের সংখ্যা]
To Bank A/c

(2) প্রাপ্ত সুদের জন্য বা
লভ্যাংশের জন্য ঃ Bank A/c Dr. [সুদের ক্ষেত্রে লগ্নির লিখিত মূল্য × সুদের হার]
To Interest or
Divident A/c

(3) লগ্নিপত্র বিক্রির জন্য ঃ Bank A/c Dr. [(উল্লিখিত দর – দালালি) × লগ্নিপত্রের সংখ্যা]
To Investment A/c

(4) বৎসরের শেষে প্রাপ্ত সুদ
এবং লভ্যাংশকে লাভ ক্ষতির
হিসাবে স্থানান্তকরণের জন্য ঃ Interest/Dividend A/c Dr.
To P. L. A/c.

**(খ) সুদের দিন ভিন্ন অন্য তারিখে লগ্নিপত্রের ক্রয় এবং বিক্রয় (Purchases and sales of investment on dates other than the interest dates) ঃ** সুদের দিন ভিন্ন অন্য কোনও তারিখে লগ্নিপত্র ক্রয়-বিক্রয় হলে লগ্নির মূল্যকে মুলধনী অঙ্ক এবং সুদের মধ্যে বণ্টন কর আবশ্যক। এই লেনদেন সুদ-সমেত বা সুদ-বাদে হতে পারে বলে লগ্নিপত্র ক্রয়-বিক্রয়ের সময় মুলধনী অঙ্ক এবং সুদের মধ্যে বণ্টনের প্রক্রিয়া এবং জাবেদা দাখিলা বিশদভাবে আলোচনা করা হল।

**(1) সুদ-সমেত লভ্যাংশ সমেত ক্রয় (Cum-interest or cum-dividend purchase) ঃ** সুদ-সমেত ক্রয়ের ক্ষেত্রে উল্লিখিত দরের মধ্যে মূলধনী অঙ্কের সঙ্গো লেনদেনের তারিখ পর্যন্ত অর্জিত সুদও ধরা থাকে। সেইজন্য লগ্নিপত্রের মূলধনী অঙ্ক নির্ধারণ করতে হলে অর্জিত সুদকে উল্লিখিত দর থেকে বাদ দিতে হবে। লগ্নিপত্র ক্রয়ের পরবর্তী সুদের দিন ক্রেতা শেষ সুদ প্রদানের দিন থেকে বর্তমান সুদ প্রদানের তারিখ পর্যন্ত সমস্ত সময়ের জন্য সুদ পাবে। এর জন্য নিম্নলিখিত জাবেদা দাখিলা করতে হবে ঃ

(i) সুদ সমেত লগ্নিপত্র ক্রয়ের জন্য ঃ Investment A/c Dr. (মুলধনী অঙ্ক)
Interest A/c Dr. (লেনদেনের তারিখ পর্যন্ত অর্জিত সুদ)
To Bank A/c (উল্লিখিত দর)

(i) পরবর্তী সুদের দিন প্রাপ্ত সুদের জন্য ঃ Bank A/c Dr. (সমস্ত সময়ের জন্য সুদ)
To Interest A/c

**উদাহরণ 1 :** 1লা মার্চ X Ltd. 95 টাকা দরে (ক্রমিক মূল্য 100 টাকা) 2,00,000 টাকার 6% সুদবহনকারী সরকারি ঋণপত্র ক্রয় করে। সুদ প্রদানের তারিখ 30শে জুন এবং 31 শে ডিসেম্বর। 31শে ডিসেম্বর বাৎসরিক নিকাশের দিন অনুমান করে X Ltd. এর বইতে খতিয়ান হিসাব প্রস্তুত করুন।

**সমাধান :**

**BOOKS OF X LTD.**

**6% Government Securities A/c.**

**(Interest dates 30th June and 31st December)**

**Dr.** **Cr.**

| Date | Particulars | Nominal Value | Interest | Cost | Date | Particulars | Nominal Value | Interest | Cost |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Rs. | Rs. | Rs. | | | Rs. | Rs. | Rs.. |
| March1 | To Bank A/c | 2,00,000 | 4,000 | 1,86,000 | June 30 | By Bank A/c | — | 6,000 | — |
| Dec.31 | To P. L. A/c | | 8,000 | | Dec.31 | By Bank A/c | — | 6,000 | — |
| | | | | | Dec.31 | By Balance c/d | 2,00,000 | — | 86,000 |
| | | 2,00,000 | 12,000 | 1,86,000 | | | 2,00,000 | 12,000 | 1,86,000 |

**Workings :** লগ্নির মূল্য বাবদ প্রদেশ মোট অর্থ = $2,00,000 \times \frac{95}{100} =$ Rs. 1,90,000

বা, 31 শে ডিসেম্বর থেকে 1লা মার্চ পর্যন্ত

চার মাসের অর্জিত সুদ $\left[2,00,000 \times \frac{6}{100} \times \frac{4}{12}\right]$ 4,000

লগ্নিপত্রের মুলধনী অঙ্ক 1,86,000

**(2) সুদ বাদে বা লভ্যাংশ বাদে ক্রয় (Ex-interest or ex-dividend purchase] :** এই ক্ষেত্রে লগ্নির উল্লিখিত দরের মধ্যে অর্জিত সুদ ধরা থাকে না। সেই জন্য ক্রেতাকে মুলধনী অঙ্ক বাবদ লগ্নির উল্লিখিত দর প্রদান করা ছাড়াও শেষ সুদ প্রদানের তারিখ থেকে লেনদেনের তারিখ পর্যন্ত অর্জিত সুদের জন্য অর্থ প্রদান করতে হয়। এই ক্ষেত্রেও ক্রেতা লগ্নিপত্র ক্রয়ের পরবর্তী সময়ে শেষ সুদ প্রদানের তারিখ থেকে বর্তমান সময়ে সুদ প্রদানের তারিখ পর্যন্ত সমস্ত সময়ের সুদ পাবে। এই লেনদেনগুলির জন্য নিম্নলিখিত জাবেদা দাখিলা করতে হবে :

(1) সুদ বাদে লগ্নিপত্র ক্রয়ের জন্য : Investment A/c Dr. [উল্লিখিত দর ]
Interest A/c Dr. [ অর্জিত সুদ ]
To Bank A/c [উল্লিখিত দর + অর্জিত সুদ]

(2) পরবর্তী সুদের দিন প্রাপ্ত সুদের জন্য : Bank A/c Dr. [ সমস্ত সময়ের জন্য সুদ ]
To Interest A/c

**উদাহরণ 2 :** 1লা মার্চ X Ltd. 2,00,000 টাকার 6% সুদবহনকারী সরকারি ঋণপত্র ক্রয় করে। প্রতিটি 100 টাকা মূল্যের লগ্নিপত্রের উল্লিখিত দর ছিল সুদ বাদে 104 টাকা। দালালি খরচ $\frac{1}{2}$% , লগ্নিপত্রের ওপর সুদ প্রদানের তারিখ 30শে জুন এবং 31শে ডিসেম্বর। 31শে ডিসেম্বর হিসাব বন্ধের দিন ধরে করে X Ltd. এর বইতে খতিয়ান প্রস্তুত করুন।

**সমাধান :**

**BOOKS OF X LTD.**

**6% Government Securities A/c.**

**(Interest dates 30th June and 31st December)**

Dr. Cr.

| Date | Particulars | Nominal Value | Interest | Cost | Date | Particulars | Nominal Value | Interest | Cost |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Rs. | Rs. | Rs. | | | Rs. | Rs. | Rs. |
| March1 | To Bank A/c | 2,00,000 | 4,000 | 2,09,000 | June 30 | By Bank A/c | — | 6,000 | — |
| Dec.31 | To P. L. A/c | | 8,000 | | Dec.31 | By Bank A/c | — | 6,000 | — |
| | | | | | Dec.31 | By Balance c/d | 2,00,000 | — | 2,09,000 |
| | | 2,00,000 | 12,000 | 2,09,000 | | | 2,00,000 | 12,000 | 2,09,000 |

**Workings :** লগ্নিপত্রের মূলধনী অঙ্কের পরিমাণ $\left[2,00,000 \times \frac{104}{100}\right]$ = Rs. 2,08,000

যোগ, দালালি $\frac{1}{2}$% $\left[2,00,000 \times \frac{05}{100}\right]$ = Rs. 1,000

**মোট মূলধনী অঙ্ক** 2,09,000

যোগ, 31শে ডিসেম্বর থেকে 1লা মার্চ পর্যন্ত—

চারমাসের অর্জিত সুদ $\left[2,00,000 \times \frac{6}{100} \times \frac{4}{12}\right]$ 4,000

ব্যাংক বাবদ মোট প্রদেয় অর্থ 2,13,000

**(3) সুদ সমেত বা লভ্যাংশ সমেত বিক্রয় [Cum-interest or cum-dividend sales] :** সুদ সমেত বিক্রয়ের ক্ষেত্রে লগ্নির উল্লিখিত দরের মধ্যে শেষ সুদ প্রদানের তারিখ থেকে লেনদেনের তারিখ পর্যন্ত সুদ যুক্ত থাকে। সেই জন্য লগ্নির বিক্রয় থেকে মূলধনী প্রাপ্তির পরিমাণ স্থির করতে হলে উল্লিখিত দর থেকে অর্জিত সুদ বাদ দিতে হবে। পরবর্তী সুদ প্রদানের দিনে বিক্রেতা এই লগ্নিপত্রের ওপর সুদ পাবে না। বৎসরের শেষে লগ্নিপত্র বিক্রির ফলে লাভ-লোকসানের পরিমাণ নির্ধারণ করতে হবে এবং উক্ত অঙ্ককে লাভ-লোকসানের হিসাবে স্থানান্তর করতে হবে। এই লেনদেনগুলির জন্য নিম্নলিখিত জাবেদা দাখিলা করতে হবে :

1. সুদ সমেত বিক্রির জন্য ঃ Bank A/c Dr. [ উল্লিখিত মূল্য ]

To Investment A/c [ উল্লিখিত দর বাদে অর্জিত সুদ]

To Interest A/c [ অর্জিত সুদ ]

2. বৎসরের শেষে লগ্নি বিক্রয়ের ফলে লাভ লোকসানের জন্য ঃ

(i) লাভের ক্ষেত্রে ঃ Investment A/c Dr. [ লাভের অঙ্কের জন্য ]

To P. L. A/c.

(ii) লোকসানের জন্য ঃ P. L. A/c Dr. [ লোকসানের অঙ্কের জন্য ]

To Investment A/c

**উদাহরণ 3 :** 1লা এপ্রিল তারিখে S. Ltd.-এর নিকট 94 টাকা দরে (ক্রমিক মূল্য 100 টাকা) 1,500 6% সুদবহনকারী ডিবেঞ্চার ছিল। সুদ প্রদানের তারিখ 31শে মার্চ ও 30শে সেপ্টেম্বর। 1লা জুন তারিখে S. Ltd. সুদ-সমেত 95 টাকা দরে 450টি ডিবেঞ্চার বিক্রয় করে। S. Ltd. 31 শে মার্চ হিসাব বন্ধ করে। ঐ দিনে শেয়ার বাজারে ডিবেঞ্চারের উল্লিখিত দর ছিল সুদ বাদে 96 টাকা। S. Ltd.-এর বইতে লগ্নির হিসাব প্রস্তুত করুন।

**সমাধান ঃ**

**BOOKS OF S. LTD.**
**6% Debnentures A/c.**
**(Interest date 31st March and 30th Sept.)**

**Dr.** **Cr.**

| Date | Particulars | Nominal Value | Interest | Cost | Date | Particulars | Nominal Value | Interest | Cost |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Rs. | Rs. | Rs. | | | Rs. | Rs. | Rs.. |
| April1 | To Balance b/d | 1,50,000 | — | 1,41,000 | June 1 | By Bank A/c | 45,000 | 450 | 42,300 |
| Mar.31 | To P. L. A/c | | 6,750 | | Sept.30 | By Bank A/c | — | 3,150 | — |
| | | | | | Mar.31 | By Bank A/c | — | 3,150 | — |
| | | | | | Mar.31 | By Bal. c/d | 1,05,000 | — | 98,700 |
| | | 1,50,000 | 6,750 | 1,41,000 | | | 1,50,000 | 6,750 | 1,41,000 |

**Workings :** (1) মূলধনী প্রাপ্তি ঃ Rs.

সুদ সমেত উল্লিখিত দর = 450 × Rs. 95 = 42,750

বাদ 31শে মার্চ থেকে 1লা জুন পর্যন্ত দুই মাসের অর্জিত সুদ = 450

$$\left[45{,}000 \quad \frac{6}{100} \quad \frac{2}{12}\right]$$

42,300

(2) 31শে মার্চ ও 30শে সেপ্টেম্বরে প্রাপ্ত সুদ

$$\text{Rs. } [1,50,000 - 45,000] \times \frac{6}{100} \times \frac{1}{2} = \quad \underline{3,150}$$

(3) অবশিষ্ট ডিবেঞ্চারের মূল্য (1,500 – 450) × Rs. 94 = 98,700

[ বাজার মূল্য অপেক্ষা ক্রয় মূল্য কম হবার জন্য ]

**(4) সুদ বাদে বা লভ্যাংশ বাদে বিক্রয় [Ex-interest or Ex-dividend Sale] ঃ** এই ক্ষেত্রে উল্লিখিত দরের মধ্যে অর্জিত সুদ ধরা থাকে না বলে বিক্রেতা মূলধনী প্রাপ্তি হিসাবে উল্লিখিত দর পাবে। তাছাড়া শেষ সুদ প্রদানের তারিখ থেকে লেনদেনের দিন পর্যন্ত অর্জিত সুদও বিক্রেতা পাবে। কিন্তু এই লগ্নিপত্রের ওপর পরবর্তী তারিখে প্রদেয় কোনও সুদ বিক্রেতা পাবে না। বৎসরের শেষে লগ্নিপত্রের বিক্রয়ের ফলে কোনও লাভ লোকসান হলে তা লাভ লোকসানের হিসাবে স্থানান্তরিত হবে।

এই লেনদেনগুলির জন্য জাবেদাগুলির নিম্নরূপ হবে ঃ

(1) সুদ বাদে বিক্রয়ের জন্য ঃ Bank A/c Dr. [ উল্লিখিত দর + অর্জিত সুদ ]
To Investment A/c [ উল্লিখিত দর ]
To Interest A/c [ অর্জিত সুদ ]

(2) বৎসরের শেষে লগ্নি বিক্রয়ের দরুন কোনও লাভ লোকসান হলে ঃ

(i) লাভের জন্য ঃ Investment A/c Dr. [ লাভের অঙ্ক ]
To P. L. A/c

(ii) লোকসানের জন্য ঃ P. L. A/c Dr. [ লোকসানের অঙ্ক ]
To Investment A/c

**উদাহরণ 4 : 3** নং উদাহরণে 450টি ডিবেঞ্চার সুদ বাদে 95 টাকা দরে বিক্রি করা হয়েছে ধরে লগ্নির হিসাব প্রস্তুত করুন।

**BOOKS OF S. LTD.**

**6% Debnentures A/c.**

**(Interest date 31st March and 30th Sept.)**

**Dr.** **Cr.**

| Date | Particulars | Nominal Value | Interest | Cost | Date | Particulars | Nominal Value | Interest | Cost |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Rs. | Rs. | Rs. | | | Rs. | Rs. | Rs.. |
| Apr.1 | To Balance b/d | 1,50,000 | — | 1,41,000 | June 1 | By Bank A/c | 45,000 | 450 | 42,750 |
| Mar.31 | To P. L. A/c | | 6,750 | 450 | Sept.31 | By Bank A/c | — | 3,150 | — |
| | | | | | Mar.31 | By Bank A/c | — | 3,150 | — |
| | | | | | Mar.31 | By Bal. c/d | 1,05,000 | — | 98,700 |
| | | 1,50,000 | 6,750 | 1,41,450 | | | 1,50,000 | 6,750 | 1,41,450 |

**Workings :**

| | | Rs. |
|---|---|---|
| (1) মূলধনী প্রাপ্তি ঃ | 450 × Rs. 95 = | 42,750 |
| (2) অর্জিত সুদ ঃ 1লা এপ্রিল থেকে 1লা জুন পর্যন্ত 2 মাসের সুদ = $45{,}000 \times \frac{6}{100} \times \frac{2}{12} =$ | | 450 |
| (3) 30শে সেপ্টেম্বর এবং 31শে মার্চ প্রাপ্য সুদ ঃ $(1{,}50{,}000 - 45{,}000) \times \frac{6}{100} \times \frac{1}{2} =$ | | 3,150 |

(4) অবশিষ্ট ডিবেঞ্চারের মূল্য = (1,500 − 450) × Rs. 94 = 98,700

(5) ডিবেঞ্চার বিক্রয়জনিত লাভ = মূলধনী অঙ্কের সারণিতে অবশিষ্ট জেরকে বিক্রয়জনিত লাভ ধরা হয়েছে।

**(গ) লগ্নির মূল্যায়ন এবং লগ্নির হিসাব বন্ধকরণ [Valuation of investment and closing of investment accounts] ঃ** বৎসরের শেষে লগ্নির হিসাব বন্ধকরণের জন্য অবশিষ্ট লগ্নিপত্রের মূল্যায়ন করতে হবে। বিক্রয়যোগ্য লগ্নিপত্রকে চলতি সম্পত্তি হিসাবে বিবেচনা করা হয় বলে এদের মূল্যায়ন করবার জন্য ক্রয়মূল্য এবং বিক্রয়মূল্যের মধ্যে যা কম তাকে লগ্নির মূল্য ধরতে হবে। এই ক্ষেত্রে ক্রয়মূল্য গড়মূল্যের ভিত্তিতে বা আগে আসে আগে যায় ভিত্তিতে (FIFO basis) বা পরে আসে আগে যায় ভিত্তিতে (LIFO basis) নির্ণয় করতে হবে। স্থির আয়যুক্ত লগ্নির ক্ষেত্রে সুদ প্রদানের দিন এবং হিসাব বন্ধ করার দিন যদি ভিন্ন হয় তাহলে শেষ সুদ প্রদানের দিন থেকে হিসাব বন্ধকরণের সময় পর্যন্ত অর্জিত সুদকে লগ্নির অন্তিম জেরের সঙ্গে সুদের ঘরে হিসাববন্ধ করতে হবে। এই অন্তিম জেরের পরে যদি কোনও অবশিষ্ট জের থাকে তাহলে একে লাভ বা ক্ষতি বলে বিবেচনা করতে হবে এবং লাভ লোকসানের হিসাবে স্থানান্তকরণ করতে হবে।

**(ঘ) বোনাস শেয়ার এবং রাইট শেয়ার [Bonus Shares and Rights Shares] ঃ** বোনাস শেয়ার পুঞ্জীভূত লাভের বণ্টন বলে একে মূলধনী আয় হিসাবে বিবেচনা করা হয়। সেইজন্য কোন শেয়ার প্রাপ্তি ঘটলে একে বিনিয়োগের মূল্য থেকে বাদ দিতে হবে। বিকল্পভাবে বোনাস শেয়ার প্রাপ্তির সময় এই শেয়ারের মূল্যকে নামিক মূল্যের ঘরে Debit দিকে প্রদর্শন করতে হবে, কিন্তু যেহেতু এই শেয়ারের জন্য কোনও মূল্য প্রদান করতে হয় না, সেইজন্য মূলধনী অঙ্কের ঘরে কোনও দাখিলা করতে হবে না।

কোম্পানির বর্তমান শেয়ারগ্রহীতারা শেয়ার ধারণ করার অধিকার বলে ঐ কোম্পানির নতুন বিলি করা শেয়ার ক্রয়ের সুযোগ পেয়ে থাকেন। অধিকার বলে ক্রয়ের সুযোগ প্রাপ্ত এই শেয়ারকে রাইট শেয়ার বলে। এই শেয়ারের 'রাইট' ক্রয় না করে অন্য কাউকে বিক্রয় করে দেওয়া যায়।

রাইট শেয়ারের ক্ষেত্রে যদি শেয়ারগুলি ক্রয় করা হয় তা হলে নামিক অঙ্কের ঘরে Debit দিকে শেয়ার সংখ্যা লিখতে হবে এবং মূলধনী অঙ্কের ঘরে Debit দিকে প্রদত্ত মূল্য লিখতে হবে। শেয়ার ক্রয়ের অধিকার বা রাইট যদি বিক্রি করা হয় তাহলে বিক্রয়লব্ধ অর্থকে মূলধনী অঙ্কের ঘরে Credit দিকে লিখতে হবে, কিন্তু ক্রমিক অঙ্কের ঘরে কোনও দাখিলা হবে না।

**উদাহরণ 5.** 1লা এপ্রিল 2000 তারিখে Jupiter Ltd.-এর হাতে ITC Ltd.-এর 1,000 15% সুদ বহনকারী ডিবেঞ্চার ছিল। 100 টাকা নামিক মূল্যের এই ডিবেঞ্চারগুলির মূল্য ছিল 1,05,000 টাকা। 1লা মে 500 টাকা ডিবেঞ্চার সুদ সমেত 53,500 টাকায় ক্রয় করা হল। 1লা নভেম্বর 600 ডিবেঞ্চার সুদ বাদে 57,300 টাকায় বিক্রি করা হল। 30শে নভেম্বর সুদ বাদে 400 ডিবেঞ্চার 38,400 টাকায় ক্রয় করা হল। 31শে ডিসেম্বর সুদ সমেত 400 ডিবেঞ্চার 55,000 টাকায় বিক্রয় করা হয়।

ITC Ltd. 30শে জুন এবং 31শে ডিসেম্বর সুদ প্রদান করে এবং Jupiter Ltd. 31 শে মার্চ হিসাব বন্ধ করে। Jupiter Ltd.-এর বইতে লগ্নির হিসাব প্রস্তুত করুন।

**BOOKS OF S. LTD.**

**15% Debentures in ITC Ltd. A/c**

**(Interest dates : 30th June and 31st Dec.]**

**Dr.** **Cr.**

| Date 2000 | Particulars | Nominal Value | Interest | Cost | Date 2000 | Particulars | Nominal Value | Interest | Cost |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Rs. | Rs. | Rs. | | | Rs. | Rs. | Rs.. |
| Apr.1 | To Balance b/d (Note 1) | 1,00,000 | 3,750 | 1,05,000 | June 30 | By Bank A/c(3) | — | 11,250 | — |
| May.1 | To Bank A/c (2) | 50,000 | 2,500 | 51,000 | Nov.1 | By Bank A/c(4) | 60,000 | 3,000 | 57,300 |
| Nov.30 | To Bank A/c (5) | 40,000 | 2,500 | 38,400 | Dec.31 | By Bank A/c(6) | 40,000 | 3,000 | 52,000 |
| Mar 31 | To P. L. A/c (8) | — | 18,625 | 6,684 | Dec.31 | By Bank A/c (7) | — | 6,750 | — |
| | | | | | Mar.31 2001 | By Balance c/d. (9) | 90,000 | 3,375 | 91,784 |
| | | 1,90,000 | 27,373 | 2,01,084 | | | 1,90,000 | 27,375 | 2,01,084 |

**Workings :** Rs.

(1) 1 এপ্রিল তারিখে অর্জিত সুদ $= 1{,}00{,}000 \times \frac{15}{100} \times \frac{3}{12} =$ 3,750

(2) সুদ সমেত 5,000 টাকার ডিবেঞ্চার ক্রয় :

উল্লিখিত দর = 53,500

বাদ, চার মাসের অর্জিত সুদ $\left(50{,}000 \times \frac{15}{100} \times \frac{4}{12}\right) =$ 2,500

মূলধনী অঙ্ক 51,000

(3) 30শে জুন প্রাপ্ত সুদ = Rs. (1,00,000 + 5,000) = $\frac{15}{100} \times \frac{1}{2} =$

11,250

(4) 1লা নভেম্বর সুদ বাদে 60,000 টাকার ডিবেঞ্চার বিক্রয় ঃ

| | |
|---|---|
| মূলধনী অঙ্ক | 57,300 |
| অর্জিত সুদ (চার মাসের) | |
| $60,000 \times \frac{15}{100} \times \frac{4}{12} =$ | 3,000 |

(5) 30শে নভেম্বর 40,000 টাকার ডিবেঞ্চার সুদ বাদে ক্রয় ঃ

| | |
|---|---|
| মূলধনী অঙ্ক | 38,400 |
| অর্জিত সুদ ঃ পাঁচ মাসের | |
| $\left(40,000 \times \frac{15}{100} \times \frac{5}{12}\right)$ | 2,500 |

(6) 31শে ডিসেম্বর সুদসহ 40,000 টাকার ডিবেঞ্চার ক্রয় ঃ

| | |
|---|---|
| উল্লিখিত দর | 55,000 |
| বাদ, ছয় মাসের অর্জিত সুদ, | |
| $= \left(40,000 \times \frac{15}{100} \times \frac{1}{2}\right)$ | 3,000 |
| মূলধনী অঙ্ক | 52,000 |

(7) 31শে ডিসেম্বর প্রাপ্ত সুদ (1,90,000 − 1,00,000) $\frac{15}{100} \times \frac{1}{2} =$

6,750

(8) ডিবেঞ্চার বিক্রয়জনিত লাভ ঃ বিক্রয়মূল্য Rs. (57,300 + 52,000) = Rs.1,09,000

বাদ, ক্রয়মূল্য (গড় মূল্যের ভিত্তিতে)

$$\frac{(1,05,000 + 51,000 + 38,400)}{1,90,000} \times 1,00,000$$

Rs. 1,02,316

6,684

(9) 31শে মার্চ অর্জিত সুদ = $90,000 \times \frac{15}{100} \times \frac{9}{12}$ Rs. 3,375

**উদাহরণ 6.** 1.1.2000 তারিখে Welcome Ltd.-এর হাতে Mukti Ltd.-এর 10 টাকা মূল্যের 10,000 ইকুইটি শেয়ার ছিল। শেয়ারগুলির মূল্য ছিল 1,25,000 টাকা।

15.5.2000 তারিখে Mukti Ltd. প্রতি দুইটি শেয়ারের জন্য একটি বোনাস শেয়ার প্রদান করে। একই সঙ্গে Mukti Ltd. 3 টাকা অধিমূল্যে প্রতি পাঁচটি শেয়ারের জন্য তিনটি রাইট শেয়ার প্রদান করে। এই শেয়ারগুলির জন্য দরখাস্ত বাবদ 7 টাকা প্রদান করতে হবে এবং একমাস পরে অবশিষ্ট তলবের অঙ্ক প্রদান করতে হবে। 30শে জুন লভ্যাংশ প্রদানের জন্য এই শেয়ারগুলিকে বিবেচনা করা হবে না। Welcome Ltd. 2,000 রাইট শেয়ারের জন্য আবেদন করে এবং অবশিষ্ট রাইটগুলি প্রতিটি 2 টাকা মূল্যে 25.5.2000 তারিখে বিক্রয় করে।

15.10.2000 তারিখে Mukti Ltd. 30শে জুন 2000 সমাপ্ত বৎসরের জন্য 20% লভ্যাংশ ঘোষণা করে।

Welcome Ltd.-এর বইতে 31.12.2000 তারিখে সমাপ্ত বছরের জন্য লগ্নির হিসাব প্রস্তুত করুন।

**সমাধান ঃ**

**BOOKS OF WELCOME LTD.**

**Investment in Equity Shares of Mukti Ltd.**

**Dr.** **Cr.**

| Date | Particulars | Nominal Value | Income | Capital | Date | Particulars | Nominal Value | Income | Cost |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Rs. | Rs. | Rs. | | | Rs. | Rs. | Rs.. |
| 2000 | | | | | 2000 | | | | |
| Jan.1 | To Balance b/d | 1,00,000 | — | 1,25,000 | May 25 | By Bank (Sale of Rights) | — | — | 8,000 |
| May.15 | To Bonus Shares | 50,000 | — | — | Oct.15 | By Bank (Divident on Rs.1,00,000 @ 20%) | — | 20,000 | |
| May.15 | To Bank (appl. money for Rights) | 20,000 | — | 14,000 | Dec.31 | By Balance c/d | 1,70,000 | — | 1,43,000 |
| June15 | To Bank (Call money @ Rs.6) | — | — | 12,000 | | | | | |
| Dec.31 | To P. L. A/c | — | 2,00,000 | — | | | | | |
| | | 1,70,000 | 20,000 | 1,51,000 | | | 1,70,000 | 20,000 | 1,51,000 |

**Workings :**

| | |
|---|---|
| মোট প্রাপ্ত রাইট শেয়ার = $10{,}000 \times \frac{3}{5}$ | = 6,000 |
| বাদ, রাইট শেয়ার ক্রয় | 2,000 |
| বিক্রীত রাইটি শেয়ারের সংখ্যা | 4,000 |

## ১৪.৬ অনুশীলনী

**(ক) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর :**

1. লগ্নির হিসাব বলতে কি বোঝেন?
2. লগ্নির হিসাবে সুদ সমেত এবং সুদ-বাদে কথাটির তাৎপর্য ব্যাখ্যা করুন।
3. লগ্নির মূল্যায়ন কীভাবে করা হয়?

**(খ) দীর্ঘ প্রশ্নোত্তর :**

1. লগ্নির হিসাব বলতে কী বোঝেন? এইরূপ পৃথক খতিয়ান রাখার উদ্দেশ্য কী?
2. লগ্নির হিসাবের ছক দেখান। এই হিসাবের বিভিন্ন ঘরগুলি কীভাবে পূরণ করতে হয়?

**(গ) ব্যবহারিক সমস্যা (Practical Problems)**

**1.** 1.1.2000 তারিখে বিমলের হাতে 50,000 টাকা নামিক মূল্যের 6% সুদ বহনকারী সরকারি ঋণপত্র ছিল। এর প্রকৃত মূল্য ছিল 47,000 টাকা। 31শে মার্চ 20,000 টাকার ঐ ঋণপত্র পুনরায় সুদ সমেত 95 টাকা দরে ক্রয় করা হল। 1লা জুলাই 1,00,000 টাকার ঋণপত্র সুদসমেত 96 টাকা দরে বিক্রি করা হল। 1লা অক্টোবর আরও 70,000 টাকা মূল্যের ঋণপত্র সুদসমেত 98 টাকা দরে বিক্রি করা হয়। 31.12.2000 তারিখে এই ঋণপত্রের বাজার মূল্য ছিল সুদ বাদে 99 টাকা। সুদ প্রদানের তারিখ 30শে জুন এবং 31শে ডিসেম্বর। বিমল 31শে ডিসেম্বর হিসাব বন্ধ করে—এই ধরে লগ্নির হিসাব প্রস্তুত করুন।

(**Ans.** বিক্রয়জনিত লাভ গড় মূল্যের ভিত্তিতে Rs. 4,430,
31.12.2000 তারিখে লগ্নির মূল্য Rs. 74,880)

1. 1লা এপ্রিল 2000 তারিখে Rose Ltd.-এর হাতে Sun Ltd.-এর 12% সুদ বহনকারী 100 টাকা নামিক মূল্যের 400 ডিবেঞ্চার ছিল। ডিবেঞ্চারগুলির ক্রয়মূল্য ছিল 50,000 টাকা। সুদ প্রদানের তারিখ 30শে জুন এবং 31শে ডিসেম্বর। 1লা জুন সুদসমেত 21,400 টাকা মূল্যে 200 ডিবেঞ্চার ক্রয় করা হল। 1লা নভেম্বর সুদ বাদে 28,650 টাকা মূল্যে 300 ডিবেঞ্চার বিক্রয় করা হল। 30শে নভেম্বর সুদ বাদে 19,200 টাকা মূল্যে 200 ডিবেঞ্চার ক্রয় করা হল। 31শে ডিসেম্বর সুদসমেত 32,250 টাকা মূল্যে 300 ডিবেঞ্চার বিক্রয় করা হল। Rose Ltd. 31 শে মার্চ হিসাব বন্ধ করে। এই তারিখে ডিবেঞ্চারের উল্লিখিত দর সমমূল্যে

ছিল। অন্তিম লগ্নির মূল্যায়নের জন্য Rose Ltd. আগে আসে আগে যায় পদ্ধতি (FIFO) প্রয়োগ করে। Rose Ltd.-এর বইতে লগ্নির হিসাব প্রস্তুত করুন।

(**Ans.** Closing Balance : Nominal Rs. 20,000, Capital Rs. 19,200, Loss on sale : 1.11.2000, Rs. 8,850, 31.12.2000 Rs. 2,450)

3. 1.1.2001 তারিখে X. Ltd.-এর হাতে প্রতিটি 100 টাকা ক্রমিক মূল্যের 12% সুদ বহনকারী 2,000 ডিবেঞ্চার ছিল। ডিবেঞ্চারগুলির প্রকৃত মূল্য ছিল 2,50,000 টাকা। সুদ প্রদানের তারিখ 1লা জুন এবং 1লা ডিসেম্বর।

1লা মার্চ সুদ সমেত 95 টাকা দরে 500 ডিবেঞ্চার ক্রয় করা হয়। 1লা আগস্ট সুদ বাদে 99 টাকা দরে 800 ডিবেঞ্চার বিক্রি করা হয়। 31শে আগস্ট সুদ বাদে 98 টাকা দরে 400 ডিবেঞ্চার ক্রয় করা হয় এবং 30শে সেপ্টেম্বর সুদ সমেত 99 টাকা দরে 400 ডিবেঞ্চার বিক্রি করা হয়।

প্রত্যেকটি ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে 2% দালালি ধরে 31শে ডিসেম্বর X Ltd.-এর বইতে লগ্নির হিসাব প্রস্তুত করুন।

(**Ans.** Closing Balance : Nominal Rs. 1,70,000, Capital Rs. 1,45,872, Loss on Sale (on average cost basis) 1.1.2001 Rs. 17,440, 30.9.2001 Rs. 8,888)

4. 1999 সালে X Ltd. সুদ বহনকারী নিম্নলিখিত লগ্নিপত্রগুলি ক্রয়-বিক্রয় করে ঃ

| তারিখ | ক্রয় / বিক্রয় | সংখ্যা | দর (টাকা) |
|---|---|---|---|
| মার্চ 1 | ক্রয় | 24,000 | 90.875 (সুদ বাদে) |
| জুন 15 | বিক্রয় | 10,000 | 92.625 (সুদ সমেত) |
| আগস্ট 1 | ক্রয় | 6,000 | 91.375 (সুদ বাদে) |
| সেপ্টেম্বর 1 | বিক্রয় | 4,000 | 93.125 (সুদ বাদে) |
| ডিসেম্বর 1 | ক্রয় | 12,000 | 94.125 (সুদ বাদে) |

সুদ প্রদানের তারিখ 31শে মার্চ এবং 30শে সেপ্টেম্বর। ক্রয় এবং বিক্রয় উভয়ক্ষেত্রেই 0.125% দালালি প্রদান করতে হয়।

X Ltd.-এর বইতে dt. 31 শে ডিসেম্বর লগ্নির হিসাব প্রস্তুত করুন।

(Ans. Closing Balance : Nominal Rs. 28,000

Capital Rs. 25,780, Profit on Sale Rs. 105)

5. 1.3.2000 তারিখে B. Das একটি কোম্পানির 100 টাকা মূল্যের 200টি ইকুইটি শেয়ার 24,000 টাকা মূল্যে ক্রয় করে। 30.6.98 তারিখে কোম্পানিটি প্রতি 5টি শেয়ারের জন্য 2টি রাইট শেয়ার প্রদান করে। B. Das 50% রাইট শেয়ার ক্রয় করে এবং অবশিষ্ট রাইট 2 টাকা দরে বিক্রয় করে। একই দিনে কোম্পানিটি

30.6.2000 তারিখের পূর্বের শেয়ারগুলির জন্য 1 : 5 অনুপাতে বোনাস শেয়ার প্রদান করে। 15.2.2000 তারিখে 30শে সেপ্টেম্বর সমাপ্ত বৎসরের জন্য সমস্ত শেয়ারের ওপর 10% লভ্যাংশ বণ্টন করে।

31 শে ডিসেম্বর 2000 তারিখে B. Das-এর বইতে লগ্নির হিসাব প্রস্তুত করুন।

(**Ans.** Closing Balance : Nominal Rs. 28,000, Capital 27,920, Dividend transferred to P.L. A/c Rs. 2,800)

## ৯৪.৭ গ্রন্থপঞ্জী


1. M. C. Shukla, T. S. Grewal and S. C. Gupta (1999) : Advanced Accounts. (Vol. 1, Chapter 17). S. Chand and Co. Ltd.
2. A Mukherjee and M. Hanif (1999) : Modern Accountancy (Vol. 2 Chapter 22) Tata Mc Graw Hill, New Delhi.

# একক ৯৫ ❑ পণ্যাধার সংক্রান্ত হিসাবরক্ষা

গঠন

৯৫.০ পণ্যাধারের প্রকৃতি
৯৫.১ পণ্যাধার সংক্রান্ত হিসাবরক্ষণের উদ্দেশ্য
৯৫.২ পণ্যাধারের হিসাবরক্ষণ সংক্রান্ত কিছু গুরুত্বপূর্ণ পরিভাষা
৯৫.৩ হিসাবরক্ষণ পদ্ধতি
৯৫.৪ অনুশীলনী
৯৫.৫ গ্রন্থপঞ্জী

## ৯৫.০ পণ্যাধারের প্রকৃতি (Nature of Packages)

পণ্যাধার হল পণ্যের বাহ্যিক আবরণ যা পণ্যের গুণগত মান, পণ্যের স্থানান্তকরণ বা পণ্যকে বিক্রি করতে সাহায্য করে। উদাহরণস্বরূপ, টুথপেস্ট বিক্রি করতে গেলে টিউব ছাড়া বিক্রি করা সম্ভব নয়। অনুরূপভাবে ঠাণ্ডা পানীয় বিক্রির সময় বোতল ছাড়া ঠাণ্ডা পানীয় বিক্রি করা সম্ভব নয়। এখানে টুথপেস্টের ক্ষেত্রে টিউব এবং ঠাণ্ডা পানীয়ের ক্ষেত্রে বোতল হল পণ্যাধার।

এই ধরনের পণ্যাধার যদি পুনর্ব্যবহারের অনুপযুক্ত হয় এবং এদের মূল্য যদি কম হয় তাহলে পণ্যের দামের মধ্যেই পণ্যাধারের মূল্য ধরা থাকে। কিন্তু পণ্যাধারগুলি যদি পুনর্ব্যবহারের উপযোগী হয় এবং এদের মূল্য যদি গ্রাহ্য করবার মত হয়, সেই ক্ষেত্রে পণ্যের দাম থেকে পণ্যাধারের দামকে আলাদা করা হয়। উদাহরণস্বরূপ, একজন ক্রেতা যদি 300 মিঃ লিঃ ঠাণ্ডা পানীয় পান করে তাকে পানীয়ের জন্য 8 টাকা প্রদান করতে হয়। কিন্তু ক্রেতা পানীয়টি বাড়িতে নিয়ে যেতে চাইল তাকে 15 টাকা প্রদান করতে হয়। এই ক্ষেত্রে পণ্যাধারের মূল্য বাবদ ক্রেতাকে বিক্রেতার নিকট অতিরিক্ত 7 টাকা জমা রাখতে হবে। বোতলটি ফেরত দিলে ক্রেতা 7 টাকা ফেরত পাবে।

কোনও প্রতিষ্ঠানে যখন এই ধরনের পণ্যাধার সংক্রান্ত লেনদেনের পরিমাণ বেশি হয় এবং তা যদি কারবারের স্বাভাবিক কার্যের মধ্যে হয়, তাহলে পণ্যাধার সংক্রান্ত লেনদেনের জন্য আলাদাভাবে হিসাবরক্ষা করা সুবিধাজনক হয়।

এই পরিচ্ছেদে পণ্যাধার সংক্রান্ত হিসাবরক্ষণ পদ্ধতি বিশেষভাবে আলোচনা করা হল।

## ৯৫.১ পণ্যাধার সংক্রান্ত হিসাবরক্ষণের উদ্দেশ্য (Objectives of packages Accounting)

নিম্নলিখিত কারণে আলাদাভাবে পণ্যাধার সংক্রান্ত হিসাবরক্ষণের প্রয়োজন হয়।

(1) পণ্যাধার সংক্রান্ত হিসাবরক্ষণের ফলে এই লেনদেনগুলি থেকে আলাদাভাবে লাভ-লোকসান নিরূপণ করা যায়।

(2) পণ্যাধার ক্রয়, বিক্রেতার কাছে পণ্যাধারের পরিমাণ এবং ক্রেতার কাছে পণ্যাধারের পরিমাণ ইত্যাদি সম্পর্কে বিশদ তথ্য লাভ করা যায়। এর ফলে পণ্যাধারের ব্যবহারের উপর নিয়ন্ত্রণ রাখা সম্ভব হয়।

(3) বিভিন্ন কারণে পণ্যাধারের ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়।

(4) পণ্যাধারজনিত বিনিয়োগের হিসাব করা যায়।

## ৯৫.২ পণ্যাধারের হিসাবরক্ষণ সংক্রান্ত কিছু গুরুত্বপূর্ণ পরিভাষা (Some important terms regarding Packages Accounting)

(ক) **ধার্যমূল্য (Charging out price) :** ক্রেতাকে পণ্যাধার সরবরাহ করার সময় যে মূল্য ধার্য করা হয় তাকে ধার্যমূল্য বলা হয়।

(খ) **ফেরতমূল্য (Returnable price) :** ক্রেতা পণ্যাধার ফেরত দিলে যে মূল্য ফেরত দেওয়া হয় তাকে ফেরত মূল্য বলা হয়।

(গ) **ভাড়া (Hire charge or rental) :** পণ্যাধারের ফেরত মূল্য অপেক্ষা ধার্যমূল্য বেশি হলে এদের পার্থক্যকে ভাড়া হিসাবে বিবেচনা করা হয়।

(ঘ) **বিক্রীত বা ফেরত না দেওয়া পণ্যাধার (Containers sold or retained) :** ক্রেতা যদি পণ্যাধার নিজের কাছে রাখতে চায় বা নির্দিষ্ট সময় অতিক্রান্ত হবার পরেও ফেরত না দেয় সেই পণ্যাধারগুলি বিক্রি হয়েছে বলে ধরা হয়।

(ঙ) **ফেরতযোগ্য পণ্যাধার (Returnable containers) :** ক্রেতার কাছে যে সকল পণ্যাধার রয়েছে এবং যা ফেরত দেবার সময় অতিক্রান্ত হয়নি তাকে ফেরতযোগ্য পণ্যাধার হিসাবে বিবেচনা করা হয়।

## ৯৫.৩ হিসাবরক্ষণ পদ্ধতি (Method of Accounting)

পণ্যাধারের ব্যবহারকারী কোনও ব্যক্তি বা প্রতিষ্ঠান হতে পারে। কোনও একজন ব্যবহারকারীর পণ্যাধার সংক্রান্ত লেনদেনের পরিমাণ খুব বেশি না হবার জন্য ব্যবহারকারী বা ক্রেতার বইতে হিসাবরক্ষণ বিশেষ গুরুত্বপূর্ণ নয়। কিন্তু পণ্যাধারের সরবরাহকারী বা বিক্রেতার লেনদেনের পরিমাণ অনেক বেশি বলে বিক্রেতার বইতে হিসাবরক্ষণ গুরুত্বপূর্ণ।

বিক্রেতার বইতে পণ্যাধারের হিসাবরক্ষণের জন্য বিভিন্ন প্রকার পদ্ধতি প্রচলিত আছে। এই অংশে কিছু গুরুত্বপূর্ণ পদ্ধতি সম্পর্কে আলোচনা করা হল ঃ

(ক) **প্রথম পদ্ধতি (Stock and suspense পদ্ধতি) ঃ** এই পদ্ধতিতে পণ্যাধার সংক্রান্ত লেনদেন থেকে লাভ-লোকসান নির্ধারণ করবার জন্য একটি Containers Stock A/c এবং Containers Suspense A/c নামক হিসাব প্রস্তুত করা হয়। উক্ত Containers Stock A/c লাভ-লোকসান প্রদর্শন করে এবং Containers Suspense A/c ক্রেতার সঙ্গে পণ্যাধারের আদান-প্রদান প্রদর্শন করে।

এই পদ্ধতিতে প্রয়োজনীয় জাবেদা দাখিলাগুলি নিম্নরূপ ঃ

(1) পণ্যাধার ক্রয়ের জন্য ঃ
Containers Stock A/c Dr. (ক্রয়মূল্য)
To Purchases A/c

(2) পণ্যাধার ক্রেতার নিকট প্রেরণের জন্য ঃ
(i) Detors A/c Dr. [ধার্যমূল্য]
To Containers Suspense A/c
(ii) Containers Suspense A/c Dr. [ভাড়া]
To Containers Stock A/c

বিকল্প দাখিলা ঃ
(i) Containers Debtors A/c Dr. [ধার্যমূল্য]
To Hire Charges A/c. [ভাড়া]
To Containers Suspense A/c [ফেরত মূল্য]
(ii) Hire Charges A/c Dr. [ ভাড়া ]
To Containers Stock A/c

(3) ক্রেতা কর্তৃক পণ্যাধার ফেরতের জন্য ঃ
Containers Suspense A/c Dr. [ফেরত মূল্য]
To Containers Stock A/c

(4) মেয়াদোত্তীর্ণ পণ্যাধার বা পণ্যাধার বিক্রির জন্য ঃ
Containers Suspense A/c Dr. [ফেরত মূল্য]
To Containers Stock A/c

(5) বাতিল পণ্যাধারের (Scrapped) জন্য ঃ
কোনও দাখিলার প্রয়োজন নাই—credit দিকে শুধুমাত্র পণ্যাধারের সংখ্যাসূচক সারণিতে বাতিল পণ্যাধারের সংখ্যা লিপিবদ্ধ করতে হবে। বাতিল পণ্যাধার বিক্রি করে কোন অর্থ পাওয়া গেলে নিম্নলিখিত দাখিলা করতে হবে।
Bank A/c. Dr
To Containers Stock A/c

(6) পণ্যাধারের মেরামতি ব্যয়ের জন্য ঃ
Containers Stock A/c Dr. [প্রকৃত খরচ]
To bank A/c / Cash A/c

(7) দুর্ঘটনাজনিত বা অস্বাভাবিক কারণে ক্ষতির জন্য ঃ
Bank A/c Dr. [বীমা কোম্পানি থেকে প্রাপ্ত অর্থের জন্য]
P.L. A/c Dr. [প্রকৃত ক্ষতির জন্য]
To Containers Stock A/c
[পণ্যাধারের মূল্যের জন্য]

(8) স্বাভাবিক কারণে ক্ষতির জন্য ঃ
কোন দাখিলার প্রয়োজন নাই—শুধুমাত্র পণ্যাধারের সংখ্যাসূচক সারণিতে পণ্যাধারের সংখ্যা লিপিবদ্ধ করতে হবে।

ওপরে উল্লিখিত দাখিলাগুলি সম্পন্ন হবার পরে Containers Stock A/c-এ পণ্যাধার এবং ক্রেতার কাছে পণ্যাধারের প্রারম্ভিক এবং অন্তিম জের লিপিবদ্ধ করতে হবে। এর পরে এই হিসাবে কোনও অবশিষ্ট জের থাকলে তা লাভ বা ক্ষতি বলে বিবেচিত হবে এবং লাভ-লোকসানের হিসাবে স্থানান্তরিত হবে।

একইরকমভাবে Containers Suspense A/c-এর প্রারম্ভিক এবং অন্তিম জের-এই হিসাবে লিপিবদ্ধ করতে হবে। এই হিসাবের জের সবসময় credit হবে। Containers Suspense A/c-এর প্রারম্ভিক এবং অন্তিম জের যথাক্রমে বৎসরের শুরুতে এবং শেষে ক্রেতার কাছে পণ্যাধারের পরিমাণকে নির্দেশ করে।

বৎসরের শেষে উদ্বর্তপত্র প্রস্তুত করার সময় গচ্ছিত পণ্যাধার এবং ক্রেতার নিকট পণ্যাধারের অন্তিম জেরকে সম্পত্তি হিসাবে প্রদর্শন করতে হবে। এ ছাড়া Containers Debtors A/c-এর যে জের থাকবে তা থেকে Containers Suspense A/c-এর অন্তিম জের বাদ দেবার পরে অবশিষ্ট অঙ্ককে সম্পত্তি হিসাবে প্রদর্শন করতে হবে।

**বিক্রেতার কাছে পণ্যাধার এবং ক্রেতার কাছে পণ্যাধারের জের নির্ণয় ঃ** কোনও ক্ষেত্রে যদি বিক্রেতার কাছে এবং ক্রেতার কাছে পণ্যাধারের প্রারম্ভিক বা অন্তিম জের না দেওয়া থাকে তাহলে নিম্নলিখিত বিবরণীর সাহায্যে তা নির্ণয় করতে হবে ঃ

**(ক) বিক্রেতার কাছে পণ্যাধারের জের ঃ**

| | (সংখ্যা) |
|---|---|
| প্রারম্ভিক জের | ? |
| যোগ, ক্রয় | ? |
| যোগ, ক্রেতা কর্তৃক ফেরত | ? |
| বাদ, ক্রেতাকে প্রেরণ | |
| বাদ, বিক্রয় | ? |
| বাদ, বাতিল বা দুর্ঘটনাজনিত বা স্বাভাবিক কারণে ক্ষতি | ? |
| = অন্তিম জের | = ?? |

(খ) ক্রেতার হাতে পণ্যাধার ঃ

| | (সংখ্যা) |
|---|---|
| প্রারম্ভিক জের | ? |
| যোগ, ক্রেতাকে প্রেরণ | ? |
| বাদ, ফেরত | ? |
| বাদ, বিক্রয় | ? |
| অন্তিম জের | = ?? |

**উদাহরণ 1 :** Black Diamond Beverage Ltd. ফেরতযোগ্য পণ্যাধারের জন্য ক্রেতাদের 50 টাকা মূল্য ধার্য করে এবং একমাসের মধ্যে পণ্যাধার ফেরত দিলে 40 টাকা ফেরত মূল্য প্রদান করে। বৎসরান্তে পণ্যাধারগুলিকে 20 টাকা দরে মূল্যায়ন করা হয়। 31শে ডিসেম্বর 2001 বৎসরান্তে নিম্নলিখিত লেনদেনগুলি থেকে Containers Stock A/c, Containers Suspense A/c, Containers Debtors A/c এবং উর্দ্বতপত্র প্রস্তুত করুন ঃ

| | **Nos.** |
|---|---|
| Stock in hand on 1.1.2001 | 500 |
| Stock with customers on 1.1.2001 | 800 |
| Balance on debtors account on 1.1.2001 | (Rs. 48,000) |
| Purchased @ Rs. 30 each | 1,200 |
| Sent out to customers | 2,100 |
| Returned by customers | 1,800 |
| Destroyed in accident | 100 |
| Sold as scrap @ Rs. 5each | 40 |
| Stock with customers on 31.12.2001 | 700 |
| Cash received from customers | (Rs. 32,000) |

**সমাধান ঃ**

**Books of Black Diamond Beverage Ltd.**
**Customers Stock A/c.**

**Dr.** **Cr.**

| Date | Particulars | Nos. | Rate | Amount | Date | Particulars | Nos. | Rate | Amount |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **2001** | | | **Rs.** | **Rs.** | **2001** | | | **Rs.** | **Rs.** |
| Jan.1 | To Balance b/d | | | | Dec.1 | By P. L. A/c | 100 | 20 | 2000 |
| | —in hand | 500 | 20 | 10,000 | | (Destroyed) | | | |
| | —with customers | 800 | 20 | 16,000 | Dec.31 | By Bank (Scrap) | 40 | 5 | 200 |
| ? | To Bank | | | | Dec.31 | By Containers | | | |
| | (Purchase) A/c | 1200 | 30 | 36,000 | | Suspense A/c | 400 | 40 | 16,000 |
| | | | | | | (Retained) | | | |
| Dec.31 | To P.L. A/c | — | — | 16,400 | Dec.31 | By Containers | | | |
| | (Profit) | | | | | Suspense A/c | | | |
| | | | | | | (Hire Charges) | — | — | 21,000 |
| | | | | | | By Balance c/d | | | |
| | | | | | | —in hand | 1,260 | 20 | 25,200 |
| | | | | | | —with | | | |
| | | | | | | customers | 700 | 20 | 14,000 |
| | | 2,500 | | 78,400 | | | 2,500 | | 78,400 |

**Crutainers Supense A/c.**

**Dr.** **Cr.**

| Date | Particulars | Nos. | Rate | Amount | Date | Particulars | Nos. | Rate | Amount |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **2001** | | | **Rs.** | **Rs.** | **2001** | | | **Rs.** | **Rs.** |
| Dec31 | To Container Debtors' A/c (Returns) | 1,800 | 40 | 72,000 | Jan.1 | By Balance b/d | 800 | 40 | 32,000 |
| Dec.31 | To Containers Stock A/c (Retained | 400 | 40 | 16,000 | Dec.31 | By Container Debtors A/c (Containers Sent) | 2,100 | 50 | 1,05,000 |
| Dec.31 | To Containers Stock A/c (Hire charges) | — | — | 21,000 | | | | | |
| Dec.31 | To Balance c/d | 700 | 40 | 28,000 | | | | | |
| | | 2,900 | | 1,37,000 | | | 2,900 | | 1,37,000 |

**Containers Debtors A/c.**

**Dr.** **Cr.**

| Date | Particulars | Amount | Date | Particulars | Amount |
|---|---|---|---|---|---|
| | | **Rs.** | | | **Rs.** |
| 2001 | | | 2001 | | |
| Jan 1 | To Balance b/d | 48,000 | Dec.31 | By Cash/Bank A/c (Cash received) | 32,000 |
| Dec.31 | To Containers Suspense A/c | 1,05,000 | Dec.31 | By Containers Suspense A/c (Returns) | 72,000 |
| | | | Dec.31 | By Balance c/d | 49,000 |
| | | 1,53,000 | | | 1,53,000 |

**Balance Sheet**

as at 31.12.2001 (Extracts)

**Dr.** **Cr.**

| Liabilities | Amount | Assets | | Amount |
|---|---|---|---|---|
| | **Rs.** | Stock of Containers at Cost | | 39,200 |
| | | Containers Debtors | 49,000 | |
| | | Less: Containers Suspense | 28,000 | 21,000 |

**Workings :** (1) **Hire Charge**

| | Rs. (Per unit) |
|---|---|
| Charging out price | 50 |
| Less. Returnable price | 40 |
| | Rs. 10 |

Total hire charges Rs. 10 × 2,100 = Rs. 21,000

**(2) Containers in hand on 31.12.2001**

| | | Nos. |
|---|---|---|
| Opening balance | | 500 |
| Add. Purchased | | 1,200 |
| Add. Returned | | 1,800 |
| | | 3,500 |
| Less. Sent out to customers | 2,100 | |
| Less. Scrapped | 40 | |
| Less. Destroyed | 100 | |
| | | 2,240 |
| Containers in hand on 31.12.2001 | | 1,260 |

**(3) Containers retained by customers :**

| | | Nos. |
|---|---|---|
| Opening Balance | | 800 |
| Add. Sent out to customers | | 2,100 |
| | | 2,900 |
| Less. Returned | 1,800 | |
| Less. Closing balance | 700 | |
| | | 2,500 |
| Retained by customers | | 400 |

(খ) **দ্বিতীয় পদ্ধতি (Stock and Trading পদ্ধতি) ঃ** এই পদ্ধতিতে Containers Stock A/c-এ ক্রয়মূল্যে সমস্ত দাখিলা হয় বলে এই হিসাব থেকে লাভ-লোকসান নির্ধারণ করা যায় না। সেইজন্য একটি Containers Trading A/c প্রস্তুত করে লাভ-লোকসান নির্ধারণ করা হয়। Containers Trading A/c-এ ক্রেতার নিকট পণ্যধারের প্রারম্ভিক এবং অন্তিম জেরকে ফেরত মূল্যে প্রদর্শন করা হয়। একইরকমভাবে Containers Stock A/c-এ এবং ক্রেতার নিকট পণ্যাধারের প্রারম্ভিক এবং অন্তিম জের প্রদর্শিত হবে।

কিন্তু প্রারম্ভিক জেরকে সর্বশেষ উদ্বর্তপত্রে প্রদর্শিত মূল্যে ধরা হবে। হিসাববর্ষে সংঘটিত লেনদেনগুলির জন্য নিম্নরূপ দাখিলা করতে হবে ঃ

(1) পণ্যাধার ক্রয়ের জন্য ঃ Containers Stock A/c Dr.
To Cash A/c / Bank A/c (ক্রয়মূল্যে)

(2) ক্রেতার নিকট পণ্যাধার প্রেরণের জন্য ঃ Containers Debtors A/c Dr.
To Containers Trading A/c (ধার্যমূল্যে)

(3) ফেরতপ্রাপ্ত পণ্যাধারের জন্য ঃ Containers Trading A/c Dr.
To Containers Debtors A/c (ফেরতমূল্য)

(4) মেয়াদোত্তীর্ণ পণ্যাধার বা বিক্রয়ের জন্য ঃ Containers Trading A/c Dr.
To Containers Stock A/c (ক্রয়মূল্যে)

(5) বাতিল পণ্যাধারের জন্য ঃ (i) Containers Trading A/c Dr.
To Containers Stock A/c (ক্রয়মূল্যে)
(ii) Cash A/c Dr.
To Containers Trading A/c.
(বিক্রয়লব্ধ অর্থের-জন্য)

**বাতিল পণ্যাধার বিক্রয়ের জন্য অর্থপ্রাপ্তি না থাকলে** (ii) নং দাখিলাটির প্রয়োজন নাই। এর পরিবর্তে সংখ্যাসূচক সারণিতে বাতিল পণ্যাধারের সংখ্যা লিখতে হবে।

(6) দুর্ঘটনা বা অন্য কোনও অস্বাভাবিক কারণে পণ্যাধারের ক্ষতি হলে ঃ Bank A/c Dr. [বীমা থেকে প্রাপ্ত অর্থ]
P. L. A/c Dr. [ প্রকৃত ক্ষতি ]
To Containers Stock A/c [ ক্রয়মূল্য]

(7) পণ্যাধারের মেরামতি ব্যয়ের জন্য ঃ Containers Trading A/c Dr.
To Cash A/c

(8) বৎসরের শেষে পণ্যাধারের মূল্যায়ন যদি ক্রয়মূল্য অপেক্ষা কম হয় তা হলে এই মূল্য হ্রাসকে অবচিতি হিসাবে বিবেচনা করা হবে। এর জন্য দাখিলা ঃ Containers Trading A/c Dr.
To Containers Stock A/c [অবচিতির জন্য]

**উদাহরণ 2 :** 1 নং উদাহরণে প্রদত্ত বিবরণগুলি থেকে Containers Stock A/c এবং Containers Trading A/c প্রস্তুত করুন এবং 31শে ডিসেম্বর 2001 তারিখে উদ্বর্তপত্র প্রস্তুত করুন।

**Containers Stock A/c.**

**Dr.** **Cr.**

| Date | Particulars | Nos. | Rate | Amount | Date | Particulars | Nos. | Rate | Amount |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **2001** | | | Rs. | Rs. | **2001** | | | Rs. | Rs. |
| Jan.1 | To Balance b/d | | | | Dec.31 | By Containers Trading A/c | | | |
| | —in hand | 500 | 20 | 10,000 | | • Retained | 400 | 20 | 8,000 |
| | —with customers | 800 | 20 | 16,000 | | • Scrapped | 40 | 20 | 800 |
| | To Bank (Purchase) | 1,200 | 30 | 36,000 | | By P. L. A/c (Destroyed) | 100 | 20 | 2,000 |
| | | | | | | By Containers Trading A/c (Depreciation 1200×Rs.10) | — | — | 12,000 |
| | | | | | Dec.31 | By Balance c/d | | | |
| | | | | | | — in hand | 1,260 | 20 | 25,200 |
| | | | | | | — with customers | 700 | 20 | 14,000 |
| | | 2,500 | | 62,000 | | | 2,500 | | 62,000 |

**Containers Trading A/c.**

**Dr.** **Cr.**

| Date | Particulars | Nos. | Rate | Amount | Date | Particulars | Nos. | Rate | Amount |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **2001** | | | Rs. | Rs. | **2001** | | | Rs. | Rs. |
| Dec.31 | To Containers Debtors A/c (Returned) | 1,800 | 40 | 72,000 | Jan.1 | By Balance c/d (Balance with Customers) | 800 | 40 | 32,000 |
| ” | To Containers Stock A/c (Retained) | 400 | 20 | 8,000 | Dec.31 | By Containers Debtors A/c (Containers Sent) | 2,100 | 50 | 1,05,000 |
| ” | To Containers Stock A/c (Scrapped) | 40 | 20 | 800 | | By Cash A/c (Scrap sold) | 40 | 5 | 200 |
| ” | To Containers Stock A/c (Depreciation) | — | — | 12,000 | | | | | |
| “ | To P.L. A/c (Profit) | | | 16,400 | | | | | |
| ” | To Balance c/d | 700 | 40 | 28,000 | | | | | |
| | | 2,940 | | 1,37,200 | | | 2,940 | | 1,37,200 |

**উদাহরণ 3 :** A. Ltd.-এর ফেরতযোগ্য পণ্যাধারের জন্য ক্রেতাগণকে 10 টাকা মূল্য ধার্য করে। নির্দিষ্ট সময়ের মধ্যে পণ্যাধারগুলি ফেরত দিলে 7 টাকা ফেরতমূল্য প্রদান করা হয়।

2001 হিসাব বৎসরের জন্য নিম্নলিখিত বিবরণগুলি পাওয়া গেল ঃ

| | **Nos.** |
|---|---|
| Containers returnable as on 1.1.2001 | 4,000 |
| Containers in stock as on 1.1.2001 | 8,000 |
| Containers purchased @ Rs. 5 each | 30,000 |
| Containers sent out during the year | 5,00,000 |
| Containers returned | 4,80,000 |
| Containers scrapped (sold for Rs. 7,000) | 2,000 |
| Containers with customers as on 31.12.2001 | 10,000 |

1.1.2001 তারিখে সকল পণ্যাধারগুলিকে 2.50 টাকা মূল্যে ধরা হয়েছিল।

21.12.2001 তারিখে পণ্যাধারগুলিকে ক্রয়মূল্যের ওপর 50% বাদ দিয়ে মূল্যায়ন করা হয়।

31.12.2001 তারিখে প্রস্তুত করতে হবে ঃ (i) Containers Stock A/c এবং
(ii) Containers Trading A/c

**সমাধান ঃ**

**Books of A. Ltd.**
**Containers Stock A/c**

**Dr.** **Cr.**

| Date | Particulars | Nos. | Rate | Amount | Date | Particulars | Nos. | Rate | Amount |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **2001** | | | **Rs.** | **Rs.** | **2001** | | | **Rs.** | **Rs.** |
| Jan.1 | To Balance b/d | | | | Dec.31 | By Containers Trading A/c | | | |
| | —in hand | 4,000 | 2.50 | 10,000 | | | | | |
| | —with Customers | 8,000 | 2.50 | 20,000 | | —Retained | 14,000 | 2.50 | 35,000 |
| | | | | | | —Scrapped | 2,000 | 2.50 | 5,000 |
| ” | To Bank (Purchases) | 30,000 | 5.00 | 1,50,000 | ” | By Containers Trading A/c (Depreciation: 30.00×2.50) | — | — | 75,000 |
| | | | | | ” | By Balance c/d —in hand | 16,000 | 2.50 | 40,000 |
| | | | | | | with Customers | 10,000 | 2.50 | 25,000 |
| | | 42,000 | | 1,80,000 | | | 42,000 | | 1,80,000 |

সমাধান ঃ

## Containers Trading A/c

**Dr.** **Cr.**

| Date | Particulars | Nos. | Rate | Amount | Date | Particulars | Nos. | Rate | Amount |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **2001** | | | **Rs.** | **Rs.** | **2001** | | | **Rs.** | **Rs.** |
| Dec.1 | To Containers Debtors A/c (Returns) | 4,80,000 | 7 | 33,60,000 | Jan.1 | By Balance b/d | 4,000 | 7 | 28,000 |
| " 31. | To Containers Stock A/c (Retained) | 14,000 | 2.5 | 35,000 | Dec.31 | By Containers Debtors A/c (Containers sent) | 5,00,000 | 10 | 50,00,000 |
| " 31. | To Containers Stock A/c (Scrapped) | 2,000 | 2.5 | 5,000 | " 31 | By Cash A/c (Scrap) | 2,000 | — | 7,000 |
| " 31. | To Containers Stock A/c (Depreciation) | — | — | 75,000 | | | | | |
| | To P. L. A/c (Profit) | — | — | 14,90,000 | | | | | |
| " 31. | To Balance c/d | 10,000 | 7 | 70,000 | | | | | |
| | | 5,06,000 | | 50,35,000 | | | 5,06,000 | | 50,35,000 |

**Workings :** (1) **Containers in hand on 31.12.2001**

| | | Nos. |
|---|---|---|
| Opening balance | | 8,000 |
| Add. Purchase | | 30,000 |
| Add. Returned | | 4,80,000 |
| | | 5,18,000 |
| Less : Sent out to customers | 5,00,000 | |
| Scrapped | 2,000 | 5,02,000 |
| Containers in hand on 31.12.2001 | | 16,000 |

(2) **Containers Retained :**

| | | **Nos.** |
|---|---|---|
| Opening balance with customers | | 4,000 |
| Add. Sent out | | 5,00,000 |
| | | 5,04,000 |
| Less : Returns | 4,80,000 | |
| Less : Closing balance | 10,000 | 4,90,000 |
| Containers Retained | | 14,000 |

(গ) **তৃতীয় পদ্ধতি (Trading and Provision পদ্ধতি) ঃ এই পদ্ধতিতে পূর্বোক্ত পদ্ধতির মতই** Trading A/c-এর সাহায্যে লাভ-লোকসান নির্ধারণ করা হয়, কিন্তু একই সঙ্গে ফেরতযোগ্য পণ্যাধারের জন্য একটি সংস্থান (Provision) রক্ষা করা হয়।

বৎসরের শুরুতে গচ্ছিত এবং ক্রেতার নিকট পণ্যাধারের জন্য Trading A/c-কে ক্রয়মূল্যে (বা নির্ধারিত মূল্যে) Debit করা হয় এবং Provision A/c-কে ফেরতযোগ্য পণ্যাধারের জন্য ফেরতমূল্যে Credit করা হয়। বৎসরের শেষে একই রকমভাবে অন্তিম জের প্রদর্শন করতে হয়।

হিসাববর্ষে সংঘটিত অন্যান্য লেনদেনগুলির জন্য নিম্নরূপ দাখিলা করতে হবে ঃ

(1) পণ্যাধার প্রেরণের জন্য ঃ (i) Containers Debtors A/c Dr. [ধার্য মূল্যে]
To Containers Trading A/c
(ii) Containers Trading A/c Dr. [ফেরতযোগ্য পণ্যাধারের জন্য ফেরতমূল্যে সংস্থান ]
To Provision A/c

(2) ফেরতপ্রাপ্ত পণ্যাধারের জন্য ঃ Provision A/c Dr. [ ফেরতমূল্যে সংস্থান হিসাবের মিলকরণ]
To Containers Debtors A/c

(3) মেয়াদোত্তীর্ণ পণ্যাধারের জন্য বা বিক্রয়ের জন্য ঃ Provision A/c Dr. [বিক্রীত পণ্যাধারের জন্য ফেরতমূল্যে সংস্থান হিসাবের মিলকরণ ]
To Containers Trading A/c

(4) পন্যাধার ক্রয়, বাতিলকরণ, মেরামতি ইত্যাদি সংক্রান্ত দাখিলাগুলি পূর্বোক্ত পদ্ধতির মতই করতে হবে।

উদ্বর্তপত্র প্রস্তুত করবার সময় গচ্ছিত এবং ক্রেতার নিকট পণ্যাধারকে সম্পত্তি হিসাবে প্রদর্শন করা হবে এবং Debtors A/c-এর জের থেকে Provision A/c জের বাদ দেবার পরে অবশিষ্ট অঙ্ককে সম্পত্তি হিসাবে প্রদর্শন করা হবে।

**উদাহরণ 4.** Sudarshan Ltd. পণ্যাধারের জন্য ক্রেতাদের 12 টাকা মূল্য ধার্য করে, কিন্তু তিনমাসের মধ্যে পণ্যাধার ফেরত দিলে 10 টাকা ফেরতমূল্য প্রদান করে। বৎসরের শেষে সমস্ত পণ্যাধারগুলিকে 8 টাকা দরে মূল্যায়ন করা হয়, কিন্তু নতুন পণ্যাধারের ক্ষেত্রে ক্রয়মূল্যে মূল্যায়ন করা হয়। 30শে জুন 2001 সমাপ্ত বৎসরের জন্য পণ্যাধার সংক্রান্ত লেনদেনগুলি নিম্নরূপ ছিল ঃ

| | Nos. |
|---|---|
| Stock with customers on 1.7.2000 | 1,200 |
| Stock in hand on 1.7.2000 | 900 |
| Stock with customers on 30.6.2001 | 1,000 |
| Stock in hand on 30.6.2001 | 800 |

| | |
|---|---|
| Purchases during the year totalled to Rs. 5,040 | ? |
| Sent to customers | 6,500 |
| Returned by Customers | 6,000 |
| Destroyed by fire | 100 |
| Sold as scrap for Rs. 500 | 60 |

প্রস্তুত করতে হবে—(i) Containers Trading A/c, (ii) Containers Provision A/c এবং (iii) 30শে জুন 2001 তারিখের উর্দ্বতপত্র।

**সমাধান ঃ**

**Books of Sudarshan Ltd.**
**Containers Trading A/c**

**Dr.** **Cr.**

| Date | Particulars | Nos. | Rate | Amount | Date | Particulars | Nos. | Rate | Amount |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **2001** | | | **Rs.** | **Rs.** | **2001** | | | **Rs.** | **Rs.** |
| July.1 | To Balanced b/d | | | | July.30 | By Containers | | | |
| | — in hand | 900 | 8 | 7,200 | | Debtors A/c | 6,500 | 12 | 78,000 |
| | — with | | | | | (Sent out) | | | |
| | customers | 200 | 8 | 9,600 | " 30 | By Containers | | | |
| ? | To Bank | | | | | Provision A/c | 700 | 10 | 7,000 |
| | (Purchase) | 560 | 9 | 5,040 | | (Retained) | | | |
| 1999 | | | | | " 30 | By Cash A/c | 60 | — | 300 |
| July 30 | ToContainers | | | | | (Scrap) | | | |
| | Provision A/c | 6,500 | 10 | 65,000 | " 30 | By P. L. A/c | 100 | 8 | 800 |
| | (Prov. on | | | | | (destroyed) | | | |
| | sent out) | | | | | By Balance c/d | | | |
| " 30 | To P. L. A/c | — | — | 14,220 | | in hand (old) | 240 | 8 | 1,920 |
| | (Profit) | | | | " 30 | in hand (new) | 560 | 9 | 5,040 |
| | | | | | | with customers | 1,000 | 8 | 8,000 |
| | | | | | | (old) | | | |
| | | 9,160 | | 1,01,060 | | | 9,160 | | 1,01,060 |

## Containers Provision A/c

**Dr.** **Cr.**

| Date | Particulars | Nos. | Rate | Amount | Date | Particulars | Nos. | Rate | Amount |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **2001** | | | Rs. | Rs. | **2000** | | | Rs. | Rs. |
| July.30 | To Containers Trading A/c | 700 | 10 | 7,000 | July 1 | By Balance b/d | 1,200 | 10 | 12,000 |
| | (Provision retained) | | | | 2001 June30 | By Containers Trading A/c | 6,500 | 10 | 65,000 |
| " 30 | To Debtors A/c | 6,000 | 10 | 60,000 | | | | | |
| " 30 | To Balance c/d | 1,000 | 10 | 10,000 | | | | | |
| | | 7,700 | | 77,000 | | | 7,700 | | 77,000 |

### Balance Sheet
### as at 30th June, 2001

| Liabilities | Amount | Assets | | Amount |
|---|---|---|---|---|
| | Rs. | | | Rs. |
| | | Stock of Containers | | 14,960 |
| | | Debtors | ? | |
| | | Less : Provision | 10,000 | ? |

**Workings : (1) Containers Purchased during the year :**

| | | Nos. |
|---|---|---|
| Sent out to customers | | 6,500 |
| Add. scrapped | | 60 |
| Add. destroyed | | 100 |
| Add. closing balance | | 800 |
| | | 7,460 |
| Less. Opening balance | 900 | |
| Less. Returned | 6,000 | 6,900 |
| Purchases during the year : | | 560 |

**(2) Containers Retained by Customers.**

| | | Nos. |
|---|---|---|
| Opening balance with customers | | 1,200 |
| Add. Sent out | | 6,500 |
| Less. Returned | 6,000 | 7,700 |
| Less. Closing balance | 1,000 | 7,000 |
| Retained | | 700 |

## ৯৫.৪ অনুশীলনী

(ক) **সংক্ষিপ্ত প্রশ্নোত্তর ঃ**

(1) পণ্যাধার বলতে কি বোঝেন?

(2) নিম্নলিখিত বিষয়গুলির ওপর টীকা লিখুন ঃ

(i) ধার্যমূল্য, (ii) ফেরতমূল্য, (iii) ভাড়া, (iv) ফেরতযোগ্য পণ্যাধার, (v) পণ্যাধারের ওপর সংস্থান।

**(খ) দীর্ঘ প্রশ্নোত্তর ঃ**

(1) পণ্যাধারের হিসাবরক্ষণ বলতে কী বোঝেন? এর উদ্দেশ্য কী?

(2) পণ্যাধার সংক্রান্ত লেনদেন থেকে লাভ-লোকসান নির্ধারণ করবার বিভিন্ন পদ্ধতিগুলি সংক্ষেপে আলোচনা করুন।

**(গ) ব্যবহারিক সমস্যা (Practical Problems) ঃ**

(1) কোনও একজন বিক্রেতা ফেরতযোগ্য পণ্যাধারে পণ্য প্রেরণ করে এবং পণ্যাধারের জন্য ক্রেতাদের 80 টাকা মূল্য ধার্য করে। তিনমাসের মধ্যে পণ্যাধারগুলি ফেরত দিলে 60 টাকা মূল্য ফেরত প্রদান করা হয়। অন্তিম সম্ভার মূল্যায়নের সময় সমস্ত পণ্যাধারকে 40 টাকা দরে মূল্যায়ন করা হয়। 2000 হিসাববর্ষে লেনদেনগুলি নিম্নরূপ ছিল ঃ

| Particulars | Nos. | Particulars | Amount |
|---|---|---|---|
| Stock in hand on 1.1.2000 | 50,000 | Returned by customers | 12,630 |
| Stock with customers on 1.1.2000 | 10,500 | Destroyed in accident | 80 |
| Purchases during the year @ Rs. 50 each | 8,200 | Sold as scrap for Rs. 3,000 | 250 |
| Sent out to customers | 16,500 | | |

প্রস্তুত করতে হবে ঃ (i) Containers Stock A/c, (ii) Containers Suspense A/c.

[Ans. Profit Rs. 1,072]

(2) C.D. Ltd. তার ফেরতযোগ্য পণ্যাধারের জন্য ক্রেতাদের 40 টাকা মূল্য ধার্য করে এবং পণ্যাধারগুলি ফেরত দিলে ক্রেতাদের 30 টাকা মূল্য ফেরত প্রদান করে। পণ্যাধারগুলিকে 20 টাকা দরে মূল্যায়ন করা হয়। 31শে ডিসেম্বর 2001 সমাপ্ত বৎসরের নিম্নলিখিত লেনদেনগুলি থেকে Containers Stock A/c. Containers Debtors A/c এবং উদ্বর্তপত্র প্রস্তুত করুন ঃ

| Particulars | Nos. | Particulars | Nos. |
|---|---|---|---|
| Stock in hand on 1.1.2001 | 5,000 | Returned by customers | 12,630 |
| Stock with customers on 1.1.2001 | | Returned by customers | 6,000 |
| (All returnables) | 10,500 | Destroyed in accident | 80 |
| Purchased @ Rs. 25 each | 8,200 | Sold as scrap for Rs. 1,500 | 250 |
| Sent out to customers | 16,500 | | |

[**Ans.** Profit Rs. 1,80,500]

(3) XYZ Ltd. তার ফেরতযোগ্য পণ্যাধারের জন্য ক্রেতাদের 50 টাকা দরে মূল্য ধার্য করে এবং একমাসের মধ্যে পণ্যাধার ফেরত দিলে 40 টাকা মূল্য ফেরত প্রদান করে। পণ্যাধারগুলি 20 টাকা দরে মূল্যায়ন করা হয় ধরে নিম্নলিখিত লেনদেনগুলি থেকে 31শে ডিসেম্বর 2001 বৎসরের জন্য Containers Stock A/c, Containers Trading A/c, Containers Debtors A/c এবং উদ্বর্তপত্র প্রস্তুত করুন ঃ

| Particulars | Nos. | Particulars | Nos. |
|---|---|---|---|
| Stock in hand on 1.1.2001 | 500 | Returned by customers | 1,800 |
| Stock with customers on 1.1.2001 | 800 | Destroyed in accident | 100 |
| Debtors balance on 1.1.2001 | (Rs. 48,000) | Sold as scrap @ Rs. 5 each | 40 |
| Purchased @ Rs. 30 each | 1,200 | Stock with customers on 31.12.2001 | 700 |
| Sent out to customers | 2,100 | Cash received from customers | (Rs.32,000) |

[Ans. Profit Rs. 16,400]

(4) APJ Enterprise 18 টাকা দরে পণ্যাধার ক্রয় করে, কিন্তু ক্রেতাদের 21 টাকা দরে মূল্য ধার্য করে। পণ্যাধারগুলি একমাসের মধ্যে ফেরত দিলে ক্রেতাদের 19 টাকা ফেরতমূল্য প্রদান করা হয়। 31.12.2001 সমাপ্ত বৎসরের জন্য লেনদেনগুলি নিম্নরূপ ছিল ঃ

| Particulars | Nos. | Particulars | Nos. |
|---|---|---|---|
| Stock with customers on 1.1.2001 | 10,000 | Returned by customers | 14,000 |
| Stock in hand on 1.1.2001 | 4,000 | Sold as scrap for Rs. 1,200 | 300 |
| Purchased during the year | 6,000 | Stock with customers on 31.12.01 | 9,000 |
| Sent out to customers | 16,000 | | |

প্রস্তুত করতে হবে ঃ (i) Containers Stock A/c এবং Containers Trading A/c এবং (ii) উর্দ্বতপত্র।

[Ans. Profit Rs. 1,51,000, Depreciation Rs. 30,000]

(5) 4নং প্রশ্নের ভিত্তিতে নিম্নলিখিত হিসাবগুলি প্রস্তুত করুন ঃ

(i) Containers Trading A/c, (ii) Containers Provision A/c

(iii) 31.12.2001 তারিখে উদ্বর্তপত্র।

(6) কোনও একজন বিক্রেতা পণ্যাধারের জন্য ক্রেতাদের 60 টাকা মূল্য ধার্য করে এবং একমাসের মধ্যে ফেরত দিলে 48 টাকা মূল্য ফেরত প্রদান করে। 1লা এপ্রিল 2000 তারিখে গচ্ছিত পণ্যাধার ছিল 5,000 এবং ক্রেতার হাতে পণ্যাধার ছিল 10,500। এই পণ্যাধারগুলি 30 টাকা দরে মূল্যায়ন করা হয়েছিল। হিসাববর্ষে 7,500 নতুন পণ্যাধার ক্রয় করা হয় এবং 16,000 পণ্যাধার ক্রেতাদের প্রেরণ করা হয়। এর মধ্যে 11,500 পণ্যাধার ফেরত পাওয়া যায়।

150টি পণ্যাধার অগ্নিকান্ডের জন্য ধ্বংসপ্রাপ্ত হয় এবং 250টি পণ্যাধার দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হলে এদের 20 টাকা দরে বিক্রি করা হয়।

31শে মার্চ 2001 তারিখে 9,500 (পুরাতন) পণ্যাধার ছিল। গচ্ছিত পণ্যাধারের মধ্যে নূতন এবং পুরাতন উভয় প্রকারের পণ্যাধার ছিল। অন্তিম সম্ভার মূল্যায়নের জন্য পণ্যাধারগুলি ক্রয়মূল্যে মূল্যায়ন করা হয়।

ওপরে উল্লিখিত বিবরণ থেকে 31শে মার্চ 2001 তারিখে প্রস্তুত করতে হবে ঃ

(1) Packages Trading A/c

(2) Packages Provision A/c

[**Ans.** Profit Rs. 2,19,000]

## ৯৫.৫ গ্রন্থপঞ্জী


1. S. Basu and M. Das (1999) : Practice in Accountancy. (Vol 2 Chapter 13), Rabindra Library, Kolkata.

2. A. Mukherjee and M. Hanif (1999) : Modern Accountancy (Vol 2 Chapter 13), Tata McGraw Hill, New Delhi.

# একক ৯৬ ❑ বিক্রয় বা ফেরতভিত্তিক পণ্যের হিসাবরক্ষণ

গঠন


৯৬.০ বিক্রয় বা ফেরতভিত্তিক পণ্যের প্রকৃতি

৯৬.১ পণ্যের স্বত্ব হস্তান্তর

৯৬.২ সাধারণ বিক্রয় এবং বিক্রয় বা ফেরতের মধ্যে পার্থক্য

৯৬.৩ হিসাবরক্ষণ পদ্ধতি

৯৬.৪ অনুশীলনী

৯৬.৫ গ্রন্থপঞ্জী


## ৯৬.০ বিক্রয় বা ফেরতভিত্তিক পণ্যের প্রকৃতি (Nature of goods sold on "sale or return basis")

অনেক ক্ষেত্রে বিক্রেতাগণ পণ্যের বিক্রয় বৃদ্ধির উদ্দেশ্যে, বিশেষত যখন তা নূতন ধরনের পণ্য হয়, বিক্রয় চুক্তি সম্পাদিত হবার পূর্বেই ক্রেতাকে পণ্য নিয়ে যাবার সুযোগ প্রদান করে। ক্রেতা পণ্যের গুণমান সম্পর্কে সন্তুষ্ট হয়ে পছন্দ জ্ঞাপন করলে অথবা পণ্যফেরত দেবার নির্দিষ্ট সময় অতিক্রান্ত হবার পরেও যদি ক্রেতা পণ্যটি ফেরত প্রদান না করে তাহলে পণ্যটি ক্রেতাকে বিক্রয় করা হয়েছে বলে ধরা হয়। এই ধরনের পণ্যকে বিক্রয় বা ফেরত সংক্রান্ত পণ্য বলা হয়। যেহেতু এই ধরনের পণ্যের বিক্রয় ভবিষ্যতে ক্রেতার অনুমোদনের ওপর নির্ভর করে সেইজন্য এই ধরনের লেনদেনকে অনুমোদন সাপেক্ষ বিক্রয়ও বলা যেতে পারে।

## ৯৬.১ পণ্যের স্বত্ব হস্তান্তর (Transfer of ownership of goods)

কোনও পণ্যগ্রাহক যদি বিক্রয় বা ফেরত পদ্ধতিতে কোনও পণ্য গ্রহণ করে থাকে তাহলে 1893 সালের ভারতীয় পণ্যবিক্রয় আইন অনুসারে নিম্নলিখিত ক্ষেত্রে পণ্যটির বিক্রয় সম্পাদিত হয়েছে এবং সেই সঙ্গে পণ্যের স্বত্ব বিক্রেতার নিকট থেকে ক্রেতার নিকট হস্তান্তরিত হয়েছে বলে ধরা হবে :

(1) যখন ক্রেতা বা পণ্যগ্রহীতা পণ্যটি ক্রয় করেছে এই মর্মে তার পছন্দ জ্ঞাপন করে, অথবা

(2) এমন কোনও কার্য করে যা পণ্যটি গ্রহণ করা হয়েছে বলে ধরা যেতে পারে, অথবা

(3) নির্দিষ্ট সময় অতিক্রান্ত হয়ে যাবার পরেও ক্রেতা তার পছন্দ-অপছন্দ জ্ঞাপন না করে এবং পণ্যটি ফেরত প্রদান না করে।

## ৯৬.২ সাধারণ বিক্রয় এবং বিক্রয় বা ফেরতের মধ্যে পার্থক্য (Distinction between ordinary sales and sale or return)

সাধারণ বিক্রয় এবং বিক্রয় বা ফেরতের মধ্যে পার্থক্যগুলি নিম্নরূপ :

(1) সাধারণ বিক্রয়ের ক্ষেত্রে চুক্তি সম্পাদনের সঙ্গে সঙ্গেই পণ্যের মালিকানা বা স্বত্ব বিক্রেতার নিকট

থেকে ক্রেতার নিকট হস্তান্তরিত হয়। সেই জন্য এটি একটি সম্পাদিত চুক্তি। ক্রেতা এবং বিক্রেতা উভয়ই এই ক্ষেত্রে নির্দিষ্ট অধিকার লাভ করে।

বিক্রয় বা ফেরতের ক্ষেত্রে ক্রেতা তার পছন্দ জ্ঞাপন না করা পর্যন্ত বা পণ্য ফেরত দেবার সময় অতিক্রান্ত না হওয়া পর্যন্ত বিক্রয় চুক্তি সম্পাদিত হয়েছে বলে ধরা হয় না। বিক্রয় চুক্তি ভবিষ্যতে কোনও ঘটনার ওপর নির্ভরশীল বলে এটি একটি সম্ভাব্য চুক্তি। পণ্যের স্বত্ব হস্তান্তর এই ক্ষেত্রে কোনও ভবিষ্যৎ ঘটনার ওপর নির্ভরশীল।

(2) সাধারণ বিক্রয়ের ক্ষেত্রে চুক্তি সম্পাদিত হবার পরে পণ্যের কোনও ক্ষতি হলে বিক্রেতার কোনও দায় থাকে না। বিক্রয় অথবা ফেরতের ক্ষেত্রে ক্রেতা পণ্যের অছি হিসাবে বিবেচিত হবার দরুন পণ্যের কোনও ক্ষতি হলে তাকে দায়ভার বহন করতে হবে। এছাড়া ক্রেতার কোনও দায় থাকবে না।

## ৯৬.৩ হিসাবরক্ষণ পদ্ধতি (Method of Accounting)

বিক্রয় বা ফেরত একটি বিশেষ ধরনের লেনদেন বলে এর হিসাবরক্ষণের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান বিভিন্ন ধরনের পদ্ধতি অবলম্বন করতে পারে। এর মধ্যে সাধারণত নিম্নলিখিত তিনটি পদ্ধতির প্রচলন লক্ষ্য করা যায় :

**(ক) যখন এই ধরনের লেনদেনের সংখ্যা কম (When number of transactions are limited) :** এই ক্ষেত্রে লেনদেনের সংখ্যা নিতান্ত কম বলে আলাদাভাবে হিসাবরক্ষণ করা হয় না। সম্ভাব্য ক্রেতাকে পণ্য প্রেরণের সঙ্গে সঙ্গে একে সাধারণ বিক্রয়ের মত বিবেচনা করে Sales Day Book-এ দাখিলা করা হয়। পরবর্তী সময়ে ক্রেতা পণ্যটি ক্রয় করলে তার জন্য কোনও আলাদা দাখিলার প্রয়োজন হয় না। কিন্তু পণ্যটি ফেরত দিলে এর জন্য বিপরীত দাখিলা করতে হয়। বৎসরের শেষে ক্রেতার নিকট মেয়াদ অনুত্তীর্ণ পণ্যকে ক্রয়মূল্যে মূল্যায়ন করে উদ্বর্তপত্রে সম্পত্তি হিসাবে প্রদর্শন করা হয়।

**জাবেদা দাখিলা (Journal Entries)**

| | | |
|---|---|---|
| (1) বিক্রয় অথবা ফেরত ভিত্তিতে পণ্য প্রেরণের জন্য | : | Debtors A/c Dr. [চালান মূল্যের জন্য]<br>To Sales |
| (2) পণ্য ফেরতের জন্য | : | Sales A/c Dr. [চালান মূল্য]<br>To Debtors A/c |
| (3) ক্রেতা পণ্যটি ক্রয়ের ইচ্ছা জ্ঞাপন করলে অথবা মেয়াদ উত্তীর্ণ হবার পরেও যদি পণ্যটি ফেরত না দেয়, | | কোন দাখিলার প্রয়োজন নাই। |
| (4) পণ্যটি যদি ক্রেতা চালানে উল্লিখিত মূল্য অপেক্ষা বেশি দামে ক্রয় করে | : | Debtors A/c Dr. [মূল্যের পার্থক্যের জন্য]<br>To Sales |

(5) ক্রেতা যদি চালান মূল্য অপেক্ষা কম দামে পণ্যটি ক্রয় করে : Sales A/c Dr.
To Debtors A/c [মূল্যের পার্থক্যের জন্য]

(6) বৎসরের শেষে পণ্যগ্রহীতার নিকট মেয়াদ অনুত্তীর্ণ পণ্যের জন্য : (i) Sales A/c Dr.
To Debtors A/c [ চালান মূল্য ]
(ii) Stock on Sales or Return A/c Dr.
To Trading A/c [ ক্রয়মূল্যে ]

**উদাহরণ 1 :** কোনও একজন কারবারি ক্রয়মূল্যের ওপর $33\frac{1}{3}\%$ লাভে বিক্রয় অথবা ফেরত ভিত্তিতে পণ্য সরবরাহ করে। এই লেনদেনগুলিকে সাধারণ বিক্রির মত বিবেচনা করে দাখিলা করা হয়।

31শে ডিসেম্বর সমাপ্ত বৎসরের জন্য বিক্রয় অথবা ফেরত ভিত্তিতে চালান মূল্যে 1,00,000 টাকার পণ্য প্রেরণ করা হয়, এর মধ্যে 50% পণ্যের জন্য ক্রেতা ক্রয় করবার ইচ্ছা প্রকাশ করে এবং 20,000 টাকার পণ্য ফেরত প্রদান করে। অবশিষ্ট পণ্যের জন্য পছন্দ জ্ঞাপন করবার শেষ তারিখ 25শে জানুয়ারি 2002 ধরে জাবেদা দাখিলা দেখান।

**সমাধান :**

**Books of Seller**

**Journal**

| Date | Particulars | L.F. | Amount | Amount |
|---|---|---|---|---|
| | | | Rs. | Rs. |
| 2001 | | | | |
| ? | Debtors A/c .................. Dr. | | 1,00,000 | |
| | To Sales A/c | | | 1,00,000 |
| | [Being goods sent on sale or return basis] | | | |
| ? | Sales A/c .................... Dr. | | 20,000 | |
| | To Debtors A/c | | | 20,000 |
| | [Being goods sent on sale or return basis returned] | | | |
| Dec 31 | Sales A/c .................. Dr. | | 30,000 | |
| | To Debtors A/c | | | 30,000 |
| | [Being goods sent on sale or return pending approval] | | | |
| Dec 31 | Stock on Sale or Return A/c Dr. | | 22,500 | |
| | To Trading A/c | | | 22,500 |
| | [Being adjustment for cost of goods lying with customers pending approval] | | | |

**Workings :** (1) Invoice value of goods lying with customers pending approval.

| | | | Rs. |
|---|---|---|---|
| Goods sent at invoice value | | | 1,00,000 |
| Less, options exercised by customers : | | | |
| | Purchased | 50,000 | |
| | Returns | 20,000 | 70,000 |
| | | | 30,000 |

(2) Gost of stock on sale or return

| | |
|---|---|
| Invoice price of stock | 30,000 |
| Less, load 33 % of cost of 25% of invoice value | 7,500 |
| | 22,500 |

**উদাহরণ 2 :** Sunny Sports Ltd. Sachin Ltd-কে বিক্রয় অথবা ফেরত ভিত্তিতে 100টি ক্রিকেট ব্যাট প্রেরণ করে। 500 টাকা মূল্যের প্রতিটি ব্যাটকে 600 টাকা মূল্য ধার্য্য করে চালান প্রস্তুত করা হয়। Sachin Ltd 650 টাকা দরে 50টি ব্যাট ক্রয় করে। অবশিষ্ট ব্যাটগুলির জন্য পছন্দ জ্ঞাপনের মেয়াদ এখনও উত্তীর্ণ হয়নি। লেনদেনগুলিকে সাধারণ বিক্রয়ের মত বিবেচনা করে Sunny Sports Ltd-এর বইতে জাবেদা দাখিলা দেখাও।

**Books of Sunny Sports Ltd.**

**Journal**

| Date | Particulars | L.F. | Amount | Amount |
|---|---|---|---|---|
| | | | **Rs.** | **Rs.** |
| ? | Sachin Ltd A/c .................. Dr. | | 60,000 | |
| | To Sales A/c | | | 60,000 |
| | [Being goods sent on sale or return basis] | | | |
| ? | Sachin Ltd A/c .................... Dr. | | 2,500 | |
| | To Sales A/c | | | 2,500 |
| | [Being the adjustment of excess price @ Rs. 50 each on 50 bats] | | | |
| ? | Sales A/c .................. Dr. | | 30,000 | |
| | To Sachin A/c | | | 30,000 |
| | [Being goods sent on sale or return basis awaiting approval till the closing date] | | | |
| ? | Stock on Sale or Return A/c Dr. | | 25,000 | |
| | To Trading A/c | | | 25,000 |
| | [Being the adjustment for cost of 50 bats lying with customers pending approval] | | | |

(খ) **যে ক্ষেত্রে লেনদেনের সংখ্যা মোটামুটিভাবে অধিক (When the number of transactions are moderate) :** যে ক্ষেত্রে বিক্রয় বা ফেরত ভিত্তিক লেনদেনের সংখ্যা মোটামুটিভাবে অধিক সেই ক্ষেত্রে স্মারক বিবরণীর ভিত্তিতে (memorandum basis) একটি বিক্রয় বা ফেরত দৈনিক বই (Sale or Return day book) রক্ষা করা হয়। এই দৈনিক বইটি নিম্নলিখিত চারটি ভাগে বিভক্ত :

**Sales or Return Day Book**

| Goods Sent on Approval (Section I) | | | Goods Approved or Sold (Section II) | | | Goods Returned (Section III) | | Balance (Section IV) |
|---|---|---|---|---|---|---|---|---|
| Date | Particulars | Amount Rs. | Date | L.F | Amount Rs. | Date | Amount Rs. | Amount Rs. |
| | | | | | | | | |

বিক্রয় বা ফেরত দৈনন্দিন বইটির বিভিন্ন অংশ নিম্নলিখিতভাবে পূরণ করতে হবে :

**প্রথম বিভাগ :** বিক্রয় অথবা ফেরত ভিত্তিতে যে সকল পণ্য প্রেরণ করা হয় তা এই অংশে লিপিবদ্ধ করা হয়। এই অংশটি একটি স্মারক বিবরণীর ঘর বলে এটি খতিয়ান হিসাবের অন্তর্ভুক্ত হবে না।

**দ্বিতীয় বিভাগ :** মোট পণ্যের মধ্যে ক্রেতা যে সকল পণ্য ক্রয় করেছে বলে পছন্দ জ্ঞাপন করে বা যে সকল পণ্য ফেরত দেবার সময় অতিক্রান্ত হয়ে গেছে তা এই অংশে লিপিবদ্ধ করা হয়। এই অংশে উল্লিখিত লেনদেনগুলির জন্য দেনাদারগণের খতিয়ানে ক্রেতাদের হিসাবকে Debit করা হয় এবং সপ্তাহ বা মাসের মোট বিক্রির পরিমাণকে Sales A/c-এ Credit করা হয়।

**তৃতীয় বিভাগ :** ফেরতপ্রাপ্ত পণ্যগুলিকে এই বিভাগে লিপিবদ্ধ করা হয়। প্রথম বিভাগের মত এই অংশটিও একটি স্মারক বিবরণী বলে এটি খতিয়ান হিসাবের অন্তর্ভুক্ত নয়।

**চতুর্থ বিভাগ :** প্রথম বিভাগের যোগফল থেকে দ্বিতীয় এবং তৃতীয় বিভাগের যোগফল বাদ দেবার পরে যে অবশিষ্ট অঙ্ক থাকবে তা এই বিভাগে লিপিবদ্ধ করা হয়। এই অংশে প্রদর্শিত অঙ্কটি বৎসরের শেষে ক্রেতার নিকট অবিক্রীত পণ্যকে বোঝায়। এই ঘরটিও একটি স্মারক বিবরণীর ঘর কিন্তু অবিক্রীত পণ্যকে বৎসরের শেষে উদ্বর্তপত্রে প্রদর্শন করবার জন্য এর ক্রয়মূল্যের পরিমাণের জন্য নিম্নলিখিত মিলকরণ দাখিলা করতে হবে।

Stock on Sale or Return A/c Dr.

To Trading A/c

**উদাহরণ 3 :** Mahesh Ltd. 31শে ডিসেম্বর 2001 সমাপ্ত বৎসরে নিম্নলিখিত পণ্যগুলি ক্রেতাদের নিকট বিক্রয় অথবা ফেরত ভিত্তিতে প্রেরণ করে :

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| নভেম্বর 20 | A : প্রেরণ | 500.00 | ডিসেম্বর 10 : | ক্রয় | 300,00 |
| | | | ডিসেম্বর 10 : | ফেরত | 200.00 |
| নভেম্বর 25 | B : প্রেরণ | 300,00 | ডিসেম্বর 15 : | ক্রয় | 300.00 |
| নভেম্বর 30 | C : প্রেরণ | 600.00 | ডিসেম্বর 15 : | ক্রয় অবশিষ্ট পণ্যের জন্য ক্রেতা পছন্দ জ্ঞাপন করেনি। | 400.00 |
| নভেম্বর 30 | D : প্রেরণ | 400.00 | | ক্রেতা এখনও পছন্দ জ্ঞাপন করেন নাই। | |

Mahesh Ltd চালান মূল্যের ওপর 20% ভার যুক্ত করে পণ্য প্রেরণ করে। এই ধরনের লেনদেনের সংখ্যা মোটামুটিভাবে অধিক ধরে নিয়ে Mahesh Ltd. এর বইতে লেনদেনগুলি লিপিবদ্ধ করুন।

**সমাধান :**

**Books of Mahesh Ltd.**

Sale or Return Day Book

| Goods sent on Approval | | | Goods approved and sold | | | Goods returned | | Balance |
|---|---|---|---|---|---|---|---|---|
| Date | Particulars | Amount | Date | L.F. | Amount | Date | Amount | Amount |
| | | Rs. | | | Rs. | | Rs. | Rs. |
| 2001 | | | 2001 | | | 2001 | | |
| Nov.20 | A | 500 | Dec.10 | ? | 300 | Dec.10 | 200 | — |
| Nov.25 | B | 300 | Dec.15 | ? | 300 | | — | — |
| Nov.30 | C | 600 | Dec.15 | ? | 400 | | — | 200 |
| Nov.30 | D | 400 | — | ? | — | | — | 400 |
| | | 1,800 | | | 1,000 | | | 600 |

**মন্তব্য :** (1) Sales of Return Day Book-এর Balance-এর ঘরে প্রদর্শিত 600 টাকা ক্রেতার হাতে পণ্যের পরিমাণ। চূড়ান্ত হিসাব প্রস্তুত করার সময় ঐ পণ্যের ক্রয়মূল্যের জন্য (অর্থাৎ $600 \times \frac{80}{100}$ ) নিম্নলিখিত জাবেদা দাখিলা করতে হবে :

| | | |
|---|---|---|
| Stock on Sale or Return A/c ...... Dr. | 480 | |
| To Trading A/c | | 480 |

(2) Debtors Ledger-এ A, B এবং C-এর হিসাবের Debit দিকে যথাক্রমে Rs. 300, Rs, 300 এবং Rs. 400 দাখিলা করতে হবে। 31শে ডিসেম্বর তারিখে General Ledger-এ Sales Account-এর Credit দিকে 1,000 টাকা দাখিলা করতে হবে।

**(গ) যে ক্ষেত্রে এই ধরনের লেনদেনের সংখ্যা অধিক [Where number of transactions are numerous] :** এই ক্ষেত্রে লেনদেনের সঙ্গে সংশ্লিষ্ট অর্থের পরিমাণ অধিক বলে লেনদেনের ওপর নিয়ন্ত্রণ রক্ষা করার উদ্দেশ্যে নিম্নলিখিত তিনটি পৃথক বই রক্ষা করতে হয় :

(i) বিক্রয় বা ফেরত দৈনিক বই [Sale or Return Day Book]

(ii) বিক্রয় বা ফেরত সংক্রান্ত বিক্রয় এবং ফেরত দৈনিক বই [Sale or Return Sold and Returned Day Book ]

(iii) বিক্রয় বা ফেরতের খতিয়ান [Sale of Return Ledger ]

এই বই তিনটির ছক নিম্নে প্রদর্শিত হল :

(i) Sale or Return Day Book

| **Date** | **Particulars** | **Sale or Return Ledger Folio No.** | **Amount Rs** |
|---|---|---|---|
| | | | |

(ii) Sale or Return Sold and Return Day Book

| Goods Sold | | | | | Goods Returned | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| **Date** | **Particulars** | **Sale of Return L.F.No** | **Sales L.F No** | **Amount Rs** | **Date** | **Particulars** | **Sale Return L.F.No.** | **Amount Rs.** |
| | | | | | | | | |

(iii) **Sales or Return Ledger**

**.......... Account**

Dr. Cr.

| Date | Particulars | Sale or Return Day Book Folio No. | Amount Rs. | Date | Particulars | Sale or Return Day Book Folio. No | Amount Rs. |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

**এই তিনটি বইয়ে লেনদেনগুলি নিম্নলিখিতভাবে লিপিবদ্ধ করতে হবে :**

(i) সম্ভাব্য ক্রেতাকে পণ্য প্রেরণের সঙ্গে সঙ্গে Sale or Return Day Book-এ চালান মূল্যে দাখিলা করতে হবে। নির্দিষ্ট সময়ান্তে (সপ্তাহ বা মাস) Sales or Return Day Book-এর মোট অঙ্ককে Sale or Return Ledger-এ Sale or Return Total Amount-এ Credit করতে হবে এবং দেনাদারদের ব্যক্তিক হিসাবে Debit করতে হবে।

ক্রেতা পণ্যক্রয় করবার ইচ্ছা জ্ঞাপন করলে Sale or Return Total A/c কে Debit করা হবে এবং দেনাদারদের ব্যক্তিক হিসাবকে Credit করা হবে। এই দাখিলাটি Sales or Return Sold and Returned Day Book-এর সাহায্যে করতে হবে। এই দাখিলাটি সম্পন্ন হলে ক্রীত পণ্যের জন্য ক্রেতার ব্যক্তিক হিসাবকে Debit করা হবে এবং Sales A/c কে Credit করা হবে।

ফেরতপ্রাপ্ত পণ্যের জন্য Sales or Return Total A/c কে Debit করা হবে এবং দেনাদারদের ব্যক্তিক হিসাবকে Credit করতে হবে। এই দাখিলাটি Sales or Return Sold or Returned Day Book-এর সাহায্যে করতে হবে।

এই দাখিলাগুলি সম্পন্ন হবার পরে Sale or Return খতিয়ানে Sale or Return Total A/c-এ যে Credit জের থাকবে তার সঙ্গে দেনাদারদের হিসাবের Debit জের-এর সমষ্টি সমান হবে। Sale or Return A/c-এর যে অবশিষ্ট জের থাকে তা হল ক্রেতার হাতে মেয়াদ অনুত্তীর্ণ পণ্যের চালানি মূল্য। এর ক্রয়মূল্যের সমতুল্য অংশকে উদ্বর্তপত্রে সম্পত্তি হিসাবে প্রদর্শন করতে হবে।

**উদাহরণ 4 :** Manik Chand তার বিক্রি অথবা ফেরত সংক্রান্ত লেনদেনগুলির জন্য একটি বিক্রি অথবা ফেরত দৈনিক বই, একটি বিক্রয় এবং ফেরত সংক্রান্ত বিক্রয় ও ফেরত বই এবং একটি বিক্রয় অথবা ফেরত খতিয়ান রক্ষা করে।

31শে মার্চ 2001 সালের নিম্নলিখিত লেনদেনগুলি সঠিকভাবে Manik Chand-এর বইতে লিপিবদ্ধ করুন :

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| মার্চ 1 | A. Das : প্রেরণ | 1,000 | মার্চ 10 | ক্রেতা সমস্ত পণ্য রেখেছে | — |
| মার্চ 8 | B. Maiti : প্রেরণ | 500 | মার্চ 12 | ফেরত : | 300 |
| | | | ,, ,, | ক্রয় : | 200 |
| মার্চ 15 | S. Banerjee : প্রেরণ | 1,400 | মার্চ 19 | ক্রয় : | 1,400 |
| মার্চ 18 | P. Sarkar : প্রেরণ | 500 | মার্চ 25 | ফেরত | 500 |
| মার্চ 25. | A. Das : প্রেরণ | 800 | মার্চ 28 | ক্রেতা এখনও পছন্দ জ্ঞাপন করে নাই | — |
| মার্চ 25. | B. Kar : প্রেরণ | 1,000 | মার্চ 31. | ক্রেতা পছন্দ জ্ঞাপন করে নাই। | — |

**সমাধান :**

**Books of Manikchand**

Goods Sent on Sale of Return Day Book

| Date | Particulars | Sale or Return L.F. No. | Amount |
|---|---|---|---|
| 2001 | | | Rs. |
| March 1, | A. Das | ? | 1,000 |
| ,, 8. | B. Maiti | ? | 500 |
| ,, 15. | S. Banerjee | ? | 1,400 |
| ,, 18 | P. Sarkar | ? | 500 |
| ,, 25 | A. Das | ? | 800 |
| ,, 25 | B. Kar | ? | 1,000 |
| | | | 5,200 |

**Sales or Return Sold and Returned Day Book**

| Goods Sold | | | | | Goods Returned | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| **Date** | **Particulars** | **Sale or Return L.F. No.** | **Sales L.F** | **Amount Rs.** | **Date** | **Particulars** | **Sale or Return L.F. No.** | **Amount Rs.** |
| 2001 | | | | | 2001 | | | |
| Mar. 10 | A. Das | ? | ? | 1,000 | Mar. 12 | B. Maiti | ? | 300 |
| Mar. 12 | B. Maiti | ? | ? | 200 | Mar 25 | P. Sarkar | ? | 500 |
| Mar. 19 | S. Banerjee | ? | ? | 1,400 | | | | |
| | | | | 2,600 | | | | 800 |

**Sale or Return Ledger**

Sale or Return Total A/c

Dr. Cr.

| **Date** | **Particulars** | **J.F.** | **Amount Rs.** | **Date** | **Particulars** | **J.F.** | **Amount Rs.** |
|---|---|---|---|---|---|---|---|
| 2001 | | | | | | | |
| Mar. 31 | To Sundries-Sales | | 2,600 | Mar. 31 | By Sundries-Goods Sent on Sale or Return | | 5,200 |
| Mar. 31 | To Sundries-Return | | 800 | | | | |
| Mar. 31 | To Balance C/d | | 1,800 | | | | |
| | | | 5,200 | | | | 5,200 |
| | | | | Apr. 1 | By Balance b/d | | 1,800 |

**A. Das A/c**

| **Date** | **Particulars** | **J.F.** | **Amount Rs.** | **Date** | **Particulars** | **J.F.** | **Amount Rs.** |
|---|---|---|---|---|---|---|---|
| 2001 | | | 2001 | 2001 | | | |
| Mar. 1 | To Sales or Return Total A/c | | 1,000 | Mar.10 | By Sale or Retirm Total A/c Sales | | 1,000 |
| Mar.25 | To Sales or Return Total A/c | | 800 | Marh.31 | By Balance c/d | | 800 |
| | | | 1,800 | | | | 1,800 |
| Apr.1 | To Balance b/d | | 800 | | | | |

**B. Maiti A/c**

| Date | Particulars | J.F. | Amount Rs. | Date | Particulars | J.F. | Amonut Rs. |
|---|---|---|---|---|---|---|---|
| 2001 | | | | 2001 | | | |
| Mar. 8 | To Sales or Return Total A/c | | 500 | Mar.12 | By Sale or Return Total A/c Returns | | 300 |
| | | | | | By Sales or Return Total A/c | | 200 |
| | | | 500 | | | | 500 |

**S. Banerjee A/c**

| Date | Particulars | J.F. | Amount Rs. | Date | Particulars | J.F. | Amount Rs. |
|---|---|---|---|---|---|---|---|
| 2001 | | | | 2001 | | | |
| Mar.15 | To Sales or Return Total A/c | | 1,400 | Mar.19 | By Sale or Return Total A/c Sales | | 1,400 |
| | | | 1,400 | | | | 1,400 |

**P. Sarkar A/c**

| Date | Particulars | J.F. | Amount Rs. | Date | Particulars | J.F. | Amount Rs. |
|---|---|---|---|---|---|---|---|
| 2001 | | | | 2001 | | | |
| Mar.18 | To Sales or Return Total A/c | | 500 | Mar.25 | By Sale or Return Total A/c –Return | | 500 |
| | | | 500 | | | | 500 |

**B. Kar A/c**

| Date | Particulars | J.F. | Amount Rs. | Date | Particulars | J.F. | Amount Rs. |
|---|---|---|---|---|---|---|---|
| 2001 | | | | 2001 | | | |
| Mar. 25 | To Sales or Return Total A/c | | 1,000 | Mar 31 | By Balance c/d | | 1,000 |
| | | | 1,000 | | | | 1,000 |
| Apr.1 | To Balance b/d | | 1,000 | | | | |

**মন্তব্য :** A. Das A/c এ Rs. 800 এবং B. Kar A/c এ Rs. 1,000 (Total Rs. 1,800) ক্রেতার নিকট পণ্য যার উপর পছন্দ জ্ঞাপনের মেয়াদ উত্তীর্ণ হয়নি। এদের ক্রয়মূল্যের সমতুল্য মূল্যকে Stock on Sale or Return হিসাবে উদ্বর্তপত্রে প্রদর্শন করতে হবে।

## ৯৬.৪ অনুশীলনী

**(ক) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর :**

(1) বিক্রয় বা ফেরতভিত্তিক পণ্য বলতে কি বোঝেন?

(2) বিক্রয় বা ফেরতভিত্তিক লেনদেনের ক্ষেত্রে ক্রেতার নিকট পণ্যের স্বত্ব কখন হস্তান্তর হয়।

**(খ) দীর্ঘ প্রশ্নোত্তর :**

(1) সাধারণ বিক্রয় এবং বিক্রয় বা ফেরতের মধ্যে পার্থক্য লিখুন।

(2) বিক্রয় বা ফেরতভিত্তিক লেনদেনের হিসাবরক্ষণের বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন।

(3) টীকা লিখুন : (i) বিক্রয় বা ফেরত দৈনিক বই, (ii) বিক্রয় বা ফেরত খতিয়ান।

**(গ) ব্যবহারিক সমস্যা (Practical problems.)**

(1) Voltas Ltd. তাদের ক্রেতাদের বিক্রয় অথবা ফেরত ভিত্তিতে প্রতিটি 700 টাকা দরে 100টি বৈদ্যুতিক চুল্লি প্রেরণ করে। প্রতিটি চুল্লির ক্রয়মূল্য ছিল 500 টাকা। 31শে ডিসেম্বর 2001 সমাপ্ত বছরে ক্রেতাগণ 50টি চুল্লি 100 টাকা কম মূল্যে ক্রয় করে। অবশিষ্ট চুল্লিগুলির জন্য পছন্দ জ্ঞাপনের শেষ তারিখ উত্তীর্ণ হয়নি। Voltas Ltd. এই লেনদেনগুলি সাধারণ বিক্রির মত বিবেচনা করে 31শে ডিসেম্বর 2001 সমাপ্ত বৎসরের চূড়ান্ত হিসাব প্রস্তুতের জন্য জাবেদা দাখিলা দেখান।

***Ans.*** [Stock on Sale or Return Rs. 25,000 (at cost)]

(2) কোনও একটি কোম্পানির চূড়ান্ত হিসাব প্রস্তুত করবার সময় দেখা গেল যে দেনাদারদের হিসাবের 42,000 টাকার মধ্যে 4,000 টাকার অঙ্ক ধরা আছে যা ক্রয় অথবা ফেরত লেনদেন সংক্রান্ত দেনাদারদের হিসাব। এই পণ্যগুলির পছন্দ জ্ঞাপনের শেষ তারিখ এখনও উত্তীর্ণ হয় নাই। কোম্পানিটি ক্রয়মূল্যের ওপর 25% লাভে ক্রেতাদের চালান প্রস্তুত করে এই হিসাবে চূড়ান্ত হিসাব প্রস্তুতের জন্য প্রয়োজনীয় জাবেদা দেখান।

***Ans.*** [Stock on Sale or Return at cost Rs. 3,200]

(3) XY Ltd ক্রয় অথবা ফেরত ভিত্তিতে পণ্য বিক্রয় করে। 31শে ডিসেম্বর 2001 তারিখে XY Ltd.-এর অন্তিম সম্ভার ছিল 40,000 টাকা এবং দেনাদারের পরিমাণ ছিল 75,000 টাকা। এর মধ্যে 5,000 টাকার দেনাদার পণ্য ক্রয় এবং ফেরত হিসাবের জন্য। উক্ত 5,000 টাকার মধ্যে 2,000 টাকা পণ্য A. Das এবং 3,000 টাকার পণ্য B. Basu কে ক্রয়মূল্যের ওপর 25% ভার যুক্ত করে প্রেরণ করা হয়েছিল। A. Das এবং B. Basu এই পণ্যগুলির জন্য তাদের পছন্দ এখনও জ্ঞাপন করেনি। XY Ltd এই লেনদেনগুলিকে স্বাভাবিক বিক্রির মত বিবেচনা করে এই ধরে 31শে ডিসেম্বর 2001 তারিখের জন্য মিলকরণ দাখিলা প্রস্তুত করুন এবং ঐ তারিখে উদ্বর্তপত্র প্রস্তুত করুন।

***Ans.*** [Stock on Sale or Return at Cost Rs. 4,000]

(4) Chandra & Sons 30শে জুন 2001 সমাপ্ত বৎসরের জন্য নিম্নলিখিত পণ্যগুলি ক্রয় বা বিক্রয় ভিত্তিতে ক্রেতাদের প্রেরণ করে :

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| জুন 6 | S. Roy : প্রেরণ | 130 | জুন 10 | ক্রয় | 130 |
| জুন 9 | D. Datta : প্রেরণ | 100 | জুন 15<br>জুন 15 | ফেরত<br>ক্রয় | 80<br>20 |
| জুন 14<br>জুন 15 | S. Ghosh : প্রেরণ<br>S. Roy : প্রেরণ | 85<br>200 | জুন 20<br>জুন 20 | ক্রয়<br>ক্রয়<br>(অবশিষ্ট পণ্যের জন্য পছন্দ এখনও জানা যায় নাই।) | 85<br>100 |
| জুন 20. | A. Datta : প্রেরণ | 100 | জুন 30 | ফেরত<br>(অবশিষ্ট পণ্যের জন্য পছন্দ এখনও জানা যায় নাই।) | 60 |

নিম্নলিখিত অনুমান সাপেক্ষে Chandra and Sons-এর বইতে প্রয়োজনীয় হিসাব প্রস্তুত করুন : (i) এই ধরনের লেনদেনের সংখ্যা মোটামুটিভাবে বেশি, (ii) এই ধরনের লেনদেনের সংখ্যা অধিক। Chandra & Sons সমস্ত ক্ষেত্রে চালান মূল্যের ওপর 20% লাভ যুক্ত করে পণ্য প্রেরণ করে।

[*Ans.* (i) Balance or Sale or Return Day Book at invoice value Rs. 140. (ii) Balance of Sale or Return Total A/c at invoice value Rs. 140]

## ৯৬.৫ গ্রন্থপঞ্জী

(1) A. Mukherjee and M. Hanif (1999) ; *Modern Accountancy. (Vol 2. Chapter 9).* Tata McGraw Hill, New Delhi.

# একক ৯৭ ❑ মজুত পণ্যের ক্ষতির জন্য বীমা দাবি

গঠন

৯৭.০ বীমা দাবির প্রকৃতি
৯৭.১ অগ্নিকাণ্ডের সময় মজুত পণ্যের মূল্য নির্ধারণ
৯৭.২ মোট মুনাফার বা গ্রস মুনাফার শতকরা হার
৯৭.৩ ক্রয়মূল্য অপেক্ষা কম মূল্যে বা বেশি মূল্যে অন্তিম সম্ভারের মূল্যায়ন
৯৭.৪ অস্বাভাবিক পণ্য
৯৭.৫ প্রকৃত ক্ষতিপূরণ দাবি
৯৭.৬ অনুশীলনী
৯৭.৭ গ্রন্থপঞ্জী

## ৯৭.০ বীমা দাবির প্রকৃতি

বীমা একটি ক্ষতিপূরণের চুক্তি। অগ্নিকাণ্ড, চুরি, ধর্মঘট বা অন্য কোন কারণে কারবারের সম্পত্তির কোনও ক্ষতি হলে বীমার সাহায্যে এই ক্ষতিপূরণ করা যায়। এর জন্য কারবারীকে বীমা কোম্পানীর কাছ থেকে বীমাপত্র (Insurance Policy) গ্রহণ করতে হয় এবং নিয়মিত বীমা প্রিমিয়াম বা মাশুল প্রদান করতে হয়। বীমা কোম্পানি উক্ত মাশুল প্রদানের বিনিময়ে দুর্ঘটনাজনিত কোনও কারণে কারবারের সম্পত্তির কোনও ক্ষতি হলে কারবারীকে ক্ষতিপূরণ প্রদান করে। বীমা কোম্পানী কারবারীকে যে ক্ষতিপূরণ করবে তার অঙ্ক কখনই বীমাপত্রের মূল্য অথবা প্রকৃত ক্ষতির পরিমাণ এদের মধ্যে সর্বনিম্ন পরিমাণের বেশি হবে না।

বীমার বিষয়বস্তু নানাবিধ হতে পারে। এদের মধ্যে (1) সম্পত্তি ও মজুত পণ্যের লোকসান সংক্রান্ত বীমা এবং (2) মুনাফার লোকসান সংক্রান্ত বীমা কারবারীদের মধ্যে বহুল প্রচলিত। এই অধ্যায়ে অগ্নিকাণ্ডের জন্য মজুত পণ্যের লোকসান সংক্রান্ত বীমা এবং ক্ষতির পরিমাণ নির্ধারণ পদ্ধতি আলোচনা করা হয়েছে।

## ৯৭.১ অগ্নিকাণ্ডের সময় মজুত পণ্যের মূল্য নির্ধারণ (Determination of the value of stock on the date of fire)

মজুত পণ্যের বীমা ক্ষেত্রে বীমা কোম্পানীর নিকট ক্ষতিপূরণের দাবি পেশ করবার পূর্বে সর্বপ্রথম মজুত পণ্যের মূল্য নির্ধারণ করতে হবে। প্রতিষ্ঠানের স্থায়ী সম্পত্তির ক্ষেত্রে এই মূল্য নির্ধারণ সহজেই করা যায়। এই সমস্ত স্থায়ী সম্পত্তির সংখ্যা এবং পরিমাণ অল্প বলে এবং এদের জন্য হিসাবের বইতে যথাযথ হিসাবরক্ষণ করা হয় বলে ক্ষতিগ্রস্ত সম্পত্তির মূল্য নির্ধারণ করতে কোনও বিশেষ অসুবিধা হয় না। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই মজুত পণ্যের জন্য যথাযথ হিসাব রক্ষা করা হয় না বলে আকস্মিক অগ্নিকাণ্ড ঘটলে সরাসরিভাবে ক্ষতিগ্রস্ত মজুত পণ্যের মূল্য নির্ধারণ করা সম্ভব হয় না। এইরূপ ক্ষেত্রে প্রতিষ্ঠানের প্রারম্ভিক মজুত পণ্যের ক্রয় এবং প্রত্যক্ষ খরচের সমষ্টি থেকে বিক্রীত পণ্যের ক্রয়মূল্য (Cost of goods sold) বাদ দিলে প্রতিষ্ঠানের অন্তিম পণ্যের মূল্য বা দুর্ঘটনার দিনে অন্তিম পণ্যের মূল্য পাওয়া যায়। বিক্রীত পণ্যের ক্রয়মূল্য বলতে মোট বিক্রির পরিমাণ

থেকে মোট লাভ বা গ্রস লাভের অঙ্ক বাদ দেবার পরে অবশিষ্ট অঙ্ককে বোঝায়। এই পদ্ধতিতে অন্তিম পণ্যের মূল্য নির্ধারণের জন্য নিম্নলিখিত বিবরণীটি প্রস্তুত করা যেতে পারে :

| | Rs. |
|---|---|
| Opening Stock | ? |
| Add. Purchases | ? |
| Add. Direct expenses | ? |
| (wages, carriage inward etc.) | |
| = Total value of goods | ?? |
| Less, Cost of sales | ? |
| (Sales less gross profit) | |
| Closing stock/ | |
| Value of stock on the date of fire. | ?? |

বিকল্পভাবে নিম্নলিখিতভাবে একটি Memorandum Trading A/c প্রস্তুত করে অন্তিম পণ্যের মূল্য নির্ধারণ করা যেতে পারে :

**Memorandum Trading A/c**

| Particulars | Amount Rs. | Particulars | Amount Rs. |
|---|---|---|---|
| To Opening stock | ? | By Sales | ? |
| To Purchases | ? | By Closing stock/value of stock on the date of fire (Balancing figure) | ?? |
| To Carriage inward | ? | | |
| To Wages | ? | | |
| To Gross profit (% of Sales) | ? | | |
| | | | |

## ৯৭.২ মোট মুনাফা বা গ্রস মুনাফার শতকরা হার (Gross profit rate)

দুর্ঘটনার দিনে অন্তিম পণ্যের মূল্য নির্ধারণ করার জন্য যে Memorandum Trading A/cটি প্রস্তুত করতে হবে তার প্রধান উপাদান হল প্রারম্ভিক পণ্য, ক্রয়, প্রত্যক্ষ খরচ, বিক্রির পরিমাণ এবং গ্রস মুনাফা। এদের মধ্যে গ্রস মুনাফা ছাড়া অন্যান্য উপাদানগুলি প্রতিষ্ঠানের হিসাবের বই থেকে সহজেই পাওয়া যায়। উদাহরণস্বরূপ প্রারম্ভিক পণ্যের মূল্য সর্বশেষ উদ্বর্তপত্র থেকে পাওয়া যায়। ক্রয়, বিক্রয়ের পরিমাণ এবং প্রত্যক্ষ খরচের পরিমাণ সংশ্লিষ্ট বৎসরের হিসাবের বই থেকে জানা যায়। কিন্তু গ্রস মুনাফা ট্রেডিং হিসাবে অন্তিম পণ্যের মূল্য বসাবার পরে অবশিষ্ট অঙ্ক হিসাবে নির্ধারিত হয়। সুতরাং মজুত পণ্যের মূল্য জানা না থাকলে গ্রস মুনাফা নির্ধারণ করা যায় না। মজুত পণ্যের বীমা দাবির ক্ষেত্রে এটাই হইল মূল সমস্যা।

যেহেতু মজুত পণ্যের বীমা দাবির ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত পণ্যের মূল্য (বা দুর্ঘটনার দিনে অন্তিম মজুত পণ্যের মূল্য) নির্ধারণ করাই আসল উদ্দেশ্য এবং এই অন্তিম মজুত পণ্যের মূল্য গ্রস মুনাফার ওপর নির্ভরশীল। সেই কারণে পূর্ববর্তী হিসাব বৎসরের গ্রস মুনাফার হার অগ্নিকাণ্ডের সংশ্লিষ্ট হিসাব সময়েও অপরিবর্তিত থাকবে—এই অনুমান করলে ওপরে উল্লিখিত Memorandum Trading A/c-এ গ্রস লাভের পরিমাণ স্থির করা যাবে এবং সেইক্ষেত্রে অবশিষ্ট অঙ্ক হিসাবে দুর্ঘটনার দিনে অন্তিম পণ্যের মূল্য নির্ধারণ করা যাবে।

গ্রস মুনাফাকে সাধারণত বিক্রয় মূল্যের ওপর শতকরা হিসাবে স্থির করা হয়। অর্থাৎ গ্রস মুনাফার হার =

$$\times\ 100$$

এই গ্রস মুনাফার হার আসলে ক্রয়মূল্য এবং বিক্রয়মূল্যের মধ্যে একটি নির্দিষ্ট অনুপাতকে বোঝায়। উদাহরণস্বরূপ, একটি পণ্যের বিক্রয়মূল্য 100 টাকা এবং গ্রস মূনাফার পরিমাণ বা শতকরা হার 20।

এই ক্ষেত্রে গ্রস মুনাফা বিক্রয়মূল্যের $\frac{20}{100}$ ভাগ বা ভাগ। সুতরাং পণ্যটির ক্রয়মূল্য বিক্রয়মূল্যের

ভাগ (অর্থাৎ 1– )। এটি একটি স্থির অনুপাত। সুতরাং কোনও প্রতিষ্ঠান যদি একই দরে পণ্য ক্রয় করে এবং একই দরে পণ্য বিক্রয় করে তাহলে মোট ক্রয়ের পরিমাণ এবং বিক্রির পরিমাণ যা হোক না কেন গ্রস মুনাফার অনুপাতটি অপরিবর্তিত থাকবে।

অতএব অগ্নিকাণ্ডের পূর্ববর্তী বৎসরের গ্রস মুনাফার হার জানা থাকলে বা নির্ধারণ করা সম্ভব হলে এই মুনাফার হার অপরিবর্তিত আছে অনুমান করে অগ্নিকাণ্ডের সময়ের জন্য Memorandum Traidng A/c প্রস্তুত করে ক্ষতিগ্রস্থ পণ্যের মূল্য সহজেই নির্ধারণ করা যেতে পারে।

উপরিউক্ত আলোচনায় বাজারমূল্য (ক্রয়মূল্য এবং বিক্রয়মূল্য) অপরিবর্তিত আছে ধরে স্থির গ্রস মুনাফার হার অনুমান করা হয়েছে। কিন্তু বাস্তব ক্ষেত্রে প্রতিবৎসর এই ক্রয়মূল্য এবং বিক্রয়মূল্য স্থির না থাকতে পারে। এর ফলে গ্রস মুনাফার হার পরিবর্তিত হবে। এরূপ ক্ষেত্রে যদি অগ্নিকাণ্ডের বিভিন্ন পূর্ববর্তী বৎসরের গ্রস মুনাফার হারের মধ্যে ওঠা নামা লক্ষ্য করা যায় তাহলে অগ্নিকাণ্ডের বৎসরের অনুমিত গ্রস মুনাফার হারের জন্য কোনও একটি বিশেষ বৎসরের গ্রস মুনাফার হারকে না ধরে এদের গড়কে ধরা উচিত। উদাহরণস্বরূপ, কোনও একটি প্রতিষ্ঠানে অগ্নিকাণ্ডের পূর্ববর্তী চারটি বৎসরের গ্রস মুনাফার হার ছিল যথাক্রমে 10%, 12%, 12% এবং 10%। এইক্ষেত্রে চার বৎসরের গড় মুনাফা অর্থাৎ 11% অগ্নিকাণ্ডের বৎসরের অনুমিত গড় মুনাফা ধরা উচিত। যদি বিভিন্ন বছরের গড় মুনাফার মধ্যে বৃদ্ধির প্রবণতা বা হ্রাসের প্রবণতা লক্ষ্য করা যায় তাহলে অগ্নিকাণ্ডের বছরেও সেই প্রবণতা বজায় থাকবে ধরে নিয়ে সেই বৎসরের গড় মুনাফা অনুমান করতে হবে। যদি উপরিউক্ত উদাহরণে চার বৎসরের মুনাফার হার যথাক্রমে 10%, 11%, 12% এবং 13% হয় তাহলে পঞ্চম বৎসরে বা অগ্নিকাণ্ডের বছরে গ্রস মুনাফার হার 14% বলে অনুমান করতে হবে।

**উদাহরণ 1 :** 27শে মার্চ 2000 তারিখে একটি অগ্নিকাণ্ডে X.Ltd-এর সমস্ত মজুত পণ্য বিনষ্ট হয়েছে X Ltd. -এর হিসাবের বই থেকে নিম্নলিখিত তথ্যগুলি পাওয়া গেল।

| | |
|---|---|
| Purchases less returns | 1,80,000 |
| From 1st January to 27th March, 2000 | |
| Sales less Returns from 1st January | |
| to 27th March, 2,000 | 2,46,000 |
| Stock as on 31st Dec. 1999 | 84,000 |

X Ltd প্রতি বছর 31শে ডিসেম্বর হিসাব বন্ধ করে। উপরিউক্ত তথ্য থেকে নিম্নলিখিত অনুমান সাপেক্ষ ক্ষতিগ্রস্ত পণ্যের মূল্য নির্ধারণ করুন :

(i) X Ltd 1999 হিসাববর্ষে 24% গ্রস মুনাফা অর্জন করে এবং এই মুনাফার হার ভবিষ্যতে স্থির থাকবে।

(ii) 1997, 1998 এবং 1999 হিসাববর্ষে X Ltd-এর গ্রস মুনাফার হার ছিল যথাক্রমে 24%, 20%, এবং 26%।

(iii) 1997, 1998 এবং 1999 হিসাববর্ষে X Ltd-এর গ্রস মুনাফার হার ছিল যথাক্রমে 20%, 22% এবং 24%।

**সমাধান :**

(i) **Books of X Ltd.**

Memorandum Trading A/c
for the year 1st January to 27th March, 2000

| Particulars | Amount Rs. | Particulars | Amount Rs. |
|---|---|---|---|
| To Opening stock | 84,000 | By Sales Less Returns | 2,46,000 |
| To Purchases Less Returns | 1,80,000 | By Closing Stock | 77,040 |
| To Gross Profit | | (Balancing figure) | |
| (24% of 2,46,000) | 59,040 | | |
| | 3,23,040 | | 3,23,040 |

(ii) **Memorandum Trading A/c**

for the year 1st January to 27th March, 2000

| Particulars | Amount Rs. | Particulars | Amount Rs. |
|---|---|---|---|
| To Opening stock | 84,000 | By Sales Less Returns | 2,46,000 |
| To Purchases Less Returns | 1,80,000 | By Closing Stock | 75,392 |
| To Gross Profit | | (Balancing figure) | |
| (23.33% of 2,46,000) | 57,392 | | |
| | 3,21,392 | | 3,21,392 |

**Note :** 2000 সালের প্রত্যাশিত গ্রস মুনাফার হার =

= 23.33%

(iii) **Memorandum Trading A/c**

for the year 1st January to 27th March, 2000

| Particulars | Amount | Particulars | Amount |
|---|---|---|---|
| | **Rs.** | | **Rs.** |
| To Opening stock | 84,000 | By Sales Less Returns | 2,46,000 |
| To Purchases Less Returns | 1,80,000 | By Closing Stock | 81,960 |
| To Gross Profit | | (Balancing figure) | |
| (26% of 2,46,000) | 63,960 | | |
| | 3,27,960 | | 3,27,960 |

**Note :** যেহেতু গ্রস মুনাফার প্রবণতা 2% হিসাবে প্রতিবৎসর বৃদ্ধি পাচ্ছে সেইজন্য 2000 সালের জন্য গ্রস মুনাফার হার 26% ধরা হয়েছে।

## ৯৭.৩ ক্রয়মূল্য অপেক্ষা কম মূল্যে বা বেশি মূল্যে অন্তিম সম্ভারের মূল্যায়ন (Valuation of closing stock above or below the cost price)

যেহেতু বিক্রয়মূল্য এবং ক্রয়মূল্যের পার্থক্যকে গ্রস মুনাফা হিসাবে বিবেচনা করা হয়, সেইজন্য স্বাভাবিক মুনাফার হার নির্ধারণ করতে গেলে অন্তিমপণ্যকে ক্রয়মূল্যে ধরা উচিত। কিন্তু হিসাবশাস্ত্রের রক্ষণশীলতার রীতি অনুযায়ী অন্তিম পণ্যের ক্রয়মূল্য বাজার মূল্য অপেক্ষা বেশি হলে বাজার মূল্যকেই অন্তিম পণ্যের মূল্য হিসাবে ধরা হয়। আবার কোনও কোনও প্রতিষ্ঠান ধারাবাহিকভাবে ক্রয়মূল্য অপেক্ষা কম মূল্যে বা বেশি মূল্যে অন্তিম পণ্যের মূল্যায়ন করে থাকে। এইরূপ ক্ষেত্রে স্বাভাবিক গ্রস মুনাফার হার নির্ধারণ করতে হলে অন্তিম পণ্যের মূল্যকে ক্রয়মূল্যে রূপান্তর করবার জন্য প্রয়োজনীয় মিলকরণ করতে হবে। যেহেতু কোনও একটি বৎসরের অন্তিমপণ্য পরবর্তী বৎসরের প্রারম্ভিক পণ্য হিসাবে বিবেচিত হয় সেইজন্য এই মিলকরণ প্রারম্ভিক পণ্য এবং অন্তিমপণ্য—এই উভয় ক্ষেত্রেই করতে হবে।

**উদাহরণ 2 :** 10ই এপ্রিল 2001 সালে একটি অগ্নিকাণ্ডের ফলে Dasgupta and Co.-এর সমস্ত মজুত পণ্য ধ্বংসপ্রাপ্ত হয়। হিসাবপত্র পরীক্ষার পরে Dasgupta & Co. বই থেকে নিম্নলিখিত তথ্যগুলি পাওয়া গেল :

| Particulars | Rs. |
|---|---|
| Sales for the year 2000 | 10,01,000 |
| Sales for the period from 1,1,2001 to 9th March; 2001 | 3,00,000 |
| Purchases for the year 2000 | 8,00,000 |
| Purchases for the period from 1.1.2001 to 9th March | 1,25,000 |
| Stock on 1.1.2000 | 3,31,100 |
| Stock on 31.12.2000 | 3,85,000 |

Dasgupra & Co. 31শে ডিসেম্বর হিসাব বন্ধ করে এবং মজুত পণ্য ধারাবাহিকভাবে ক্রয়মূল্য অপেক্ষা 10% বেশি মূল্যে মূল্যায়ন করে। এই ভিত্তিতে ক্ষতিগ্রস্ত মজুত পণ্যের মূল্য নির্ধারণ করুন।

**Books of Dasgupta A/c**

Trading A/c for the year ended 31.12.2000

| Particulars | Amount | Particulars | Amount |
|---|---|---|---|
| | Rs. | | Rs. |
| To Opening stock | | By Sales | 10,01,000 |
| $\left(\frac{100}{110} \times 3{,}31{,}100\right)$ | 3,01,000 | By Closing Stock | |
| To Purchases | 8,00,000 | $\left(\frac{100}{110} \times 3{,}85{,}000\right)$ | 3,50,000 |
| To Gross Profit | 2,50,000 | | |
| | 13,51,000 | | 13,51,000 |

গ্রস মুনাফার হার = $\frac{2{,}50{,}000}{10{,}01{,}000} \times 100 = 24{\cdot}97\%$ Say 25%

**Memorandum Trading A/c**

for the period from 1.1.2000 to 9.3.2001

| Particulars | Amount | Particulars | Amount |
|---|---|---|---|
| | Rs. | | Rs. |
| To Opening stock | 3,50,000 | By Sales | 3,00,000 |
| To Purchases | 1,25,000 | By Closing Stock | 2,50,000 |
| To Gross profit (25% of 3,00,000) | 75,000 | (Balancing Figure) | |
| | 5,50,000 | | 5,50,000 |

উপরিউক্ত হিসাবের ভিত্তিতে 10ই মার্চ অগ্নিকাণ্ডের দিনে ক্ষতিগ্রস্ত পণ্যের মূল্য 2,50,000 টাকা।

## ৯৭.৪ অস্বাভাবিক পণ্য (Abnormal goods)

অনেক ক্ষেত্রে প্রতিষ্ঠানের মজুত পণ্যের মধ্যে পুরাতন বা ক্ষতিগ্রস্ত পণ্য থাকতে পারে। এই ধরনের পণ্যকে সাধারণত ক্রয়মূল্য অপেক্ষা কম মূল্যে বিক্রি করা হয় এবং মজুত পণ্যের ক্ষেত্রে ক্রয়মূল্য অপেক্ষা কম মূল্যে মূল্যায়ন করা হয়। এর ফলে স্বাভাবিক গ্রস মুনাফার হার বিঘ্নিত হয়। এরূপ ক্ষেত্রে স্বাভাবিক গ্রস মুনাফার হার নির্ধারণ করতে হলে প্রয়োজনীয় মিলকরণের সাহায্যে ট্রেডিং হিসাবকে এই ধরনের অস্বাভাবিক পণ্যের প্রভাব থেকে মুক্ত করতে হবে। স্বাভাবিক মুনাফার হার নির্ধারণ করার পরে Memorandum Trading A/c-এ অবশিষ্ট অঙ্ক হিসাবে যে অন্তিম পণ্যের মূল্য পাওয়া যাবে তা শুধুমাত্র ক্ষতিগ্রস্ত স্বাভাবিক পণ্যের মূল্যকে বোঝাবে। এই অঙ্কের সঙ্গে অবশিষ্ট অস্বাভাবিক পণ্যের ক্রয়মূল্য বা নির্ধারিত মূল্য যোগ করলে দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত সমগ্র পণ্যের মূল্য পাওয়া যাবে।

**উদাহরণ 3 :** 31.3. 2000 তারিখে একটি অগ্নিকাণ্ডে Calcutta Chemicals-এর কিছু পণ্য ধ্বংস হয়। নিম্নলিখিত তথ্যগুলি থেকে ক্ষতিগ্রস্ত পণ্যের মূল্য নির্ধারণ করুন :

| Particulars | Rs. |
|---|---|
| Stock on 1.1.1999 | 76,800 |
| Purchases during 1999 | 3,20,000 |
| Sales during 1999 | 4,05,200 |
| Closing stock on 31.12.1999 | 63,600 |
| Purchases from 1.1.2000 to 31.3.2000 | 1,08,000 |
| Sales from 1.1.2000 to 31.12.2000 | 1,22,800 |

1998 সালে 20,000 টাকা মূল্যে কিছু পণ্য ক্রয় করা হয়েছিল। এই পণ্যগুলি 31.12.98 সালে 12,000 টাকায় মূল্যায়ন করা হয়। এই পণ্যের অর্ধেক 1999 সালে 5,200 টাকায় বিক্রি করা হয় এবং অবশিষ্ট পণ্য 31.12.99 তারিখে 4,800 টাকায় মূল্যায়ন করা হয়। 2000 সালে ফ্রেব্রুয়ারি মাসে মূল্য পণ্যের এক চতুর্থাংশ, 2,800 টাকায় বিক্রি করা হয় এবং অবশিষ্ট পণ্যকে ক্রয়মূল্যের 60% মূল্যের মূল্যায়ন করা হয়। এই পণ্যগুলি ছাড়া অন্যক্ষেত্রে গ্রস মুনাফার হার অপরিবর্তিত আছে।

**Books of Calcutta Chemical**

Memorandum Trading A/c

for the period from 1.1.2000 to 31.3.2000

| Particulars | Amount | Particulars | | Amount |
|---|---|---|---|---|
| | **Rs.** | | | **Rs.** |
| To Opening stock (Note 1) | 58,800 | By Sales | 1,22,800 | |
| To Purchases | 1,08,000 | Less Sale of | | |
| To Gross Profit | 22,200 | abnormal goods | 2,800 | 1,20,000 |
| (18.5% of 1,20,000) | | By Closing Stock | | 69,000 |
| | | (Balancing figure) | | 69,000 |
| | 1,89,000 | | | 1,89,000 |

**Statement showing loss of stock**
**by fire on 31.3.2000**

| Particulars | Amount |
|---|---|
| Closing Stock as above | 69,000 |
| Add. Value of abnormal goods (Note 2) | 3,000 |
| Total Loss | 72,000 |

**Working :**

Dr. **Trading A/c for the year ended 31.12.1999** Cr.

| Particulars | | Amount | Particulars | | Amount |
|---|---|---|---|---|---|
| | | Rs. | | | Rs. |
| To Opening Stock | 76,800 | | By Sales | 4,05,200 | |
| Less, abnormal goods | 12,000 | 64,800 | Less, Sale of abnormal | | |
| To Purchases | | 3,20,000 | goods | 5,200 | 4,00,000 |
| To Gross Profit | | 74,000 | By Closing Stock | 63,600 | |
| | | | Less abnormal goods | 4,800 | 58,800 |
| | | 4,58,800 | | | 4,58,800 |

Rate of Gross Profit for 1999 = $\frac{74,000}{4,00,000} \times 100 = 185\%$

(2) Value of abnormal goods on 31.3.2000

| | Rs. |
|---|---|
| Cost of original goods | 20,000 |
| Less, 50% Sold in 1999 | 10,000 |
| | 10,000 |
| Less, $\frac{1}{4}$th on the original goods | |
| i.e. Rs. 5,000 sold in 2000 | 5,000 |
| Cost price of remaining goods = | 5,000 |

Value of the above goods at 60% of cost price

$$= \frac{60}{100} \times 5,000 = \text{Rs. } 3,000$$

## ৯৭.৫ প্রকৃত ক্ষতিপূরণ দাবি (Claim for actual loss)

পর্বে উল্লেখ করা হয়েছে যে বীমা কোম্পানির নিকট ক্ষতিপূরণের দাবি উপস্থাপন করার প্রাথমিক পদক্ষেপ হল অগ্নিকাণ্ডের সময় মজুত পণ্যের মূল্য নির্ধারণ করা। বীমা দাবির চূড়ান্ত নিষ্পত্তির জন্য বীমাপত্রে উল্লিখিত শর্তগুলি অবশ্যই হিসাবের মধ্যে আনতে হবে। কিন্তু কোনও অবস্থাতেই বীমা দাবির পরিমাণ প্রকৃত ক্ষতির পরিমাণ অপেক্ষা বেশি হবে না। Memorandum Trading A/c থেকে যে অন্তিম পণ্যের মূল্য পাওয়া যায় তাকে অগ্নিকাণ্ডের সময় মজুত পণ্যের পরিমাণ হিসাবে বিবেচনা করতে হবে। এই পণ্য থেকে কোনও পণ্য

উদ্ধার করা সম্ভব হলে উদ্ধারপ্রাপ্ত পণ্যের (Salvaged Stock) মূল্যকে বাদ দেবার পরে অবশিষ্ট অঙ্ককে প্রকৃত ক্ষতি হিসাবে বিবেচনা করতে হবে।

বীমাপত্রে গড় ধারার (Average caluse) থাকলে বীমা দাবির চূড়ান্ত নিষ্পত্তির জন্য একেও হিসাবের মধ্যে ধরতে হবে। বীমা চুক্তিতে গড় ধারা হল এমন একটি শর্ত যার ফলে বীমার পরিমাণ যদি ক্ষতিগ্রস্ত সম্পত্তির মূল্য অপেক্ষা কম হয় সেই ক্ষেত্রে বীমা কোম্পানীর দায় আনুপাতিকভাবে হ্রাস পায়। উদাহরণস্বরূপ একটি প্রতিষ্ঠান মজুত পণ্যের জন্য 30,000 টাকার একটি বীমাপত্র গ্রহণ করে। অগ্নিকাণ্ডের সময় প্রতিষ্ঠানটির 40,000 টাকার মজুত পণ্য ছিল এবং উদ্ধারপ্রাপ্ত পণ্যের মূল্য ছিল 20,000 টাকা। এই ক্ষেত্রে উদ্ধারপ্রাপ্ত পণ্যের মূল্য বাদ দেবার পরে প্রতিষ্ঠানটির ক্ষতির পরিমাণ 20,000 টাকা হলেও গড় ধারা অনুযায়ী প্রতিষ্ঠানটি $\frac{30,000}{40,000} \times 20,000$ টাকা অর্থাৎ 15,000 টাকা ক্ষতিপূরণ পাবে। গড় ধারার মূল উদ্দেশ্য হল বীমা গ্রহীতাকে সম্পত্তির প্রকৃত মূল্য অপেক্ষা কম মূল্যে বীমা করা থেকে বিরত করা।

**উদাহরণ 4 :** 15ই জুন 2001 তারিখে Pioneer Stores অগ্নিকাণ্ডের ফলে আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। খাতাপত্র পরীক্ষার পরে নিম্নলিখিত তথ্যগুলি পাওয়া গেল :

| Particulars | Rs. |
|---|---|
| Stock at cost on 1st January 2000 | 4,41,000 |
| Stock at cost on 31st December 2000 | 4,77,600 |
| Purchases less returns for the year ended 31.12.2000 | 23,88,000 |
| Sales less returns for the year ended 31.12.2000 | 29,22,000 |
| Purchases less returns upto 15th June 1999 | 9,72,000 |
| Sales less returns upto 15th June 1999 | 13,87,200 |

31.12.2000 তারিখে মজুত পণ্যের মূল্যায়নের সময় কিছু পুরাতন পণ্যের জন্য 13,800 টাকা অবমূল্যায়ন করা হয়েছিল। এই পণ্যগুলির ক্রয়মূল্য ছিল 41,400 টাকা। 2001 সালের মার্চ মাসে এই পণ্যগুলি থেকে 20,700 টাকা ক্রয়মূল্যের পণ্য 1,500 টাকা লোকসানে বিক্রি করা হয়েছে। অবশিষ্ট পুরাতন পণ্যগুলিকে এদের ক্রয়মূল্যে মূল্যায়ন করা হয়েছে। অগ্নিকাণ্ডের সময় উদ্ধারপ্রাপ্ত পণ্যের মূল্য ছিল 34,800 টাকা। Pioneer Stores মজুত পণ্যের জন্য 3,00,000 টাকার বীমাপত্র গ্রহণ করেছিল। গড়ধারা প্রযোজ্য ধরে Pioneer Stores-এর প্রাপ্য বীমা দাবির পরিমাণ নির্ধারণ কর।

সমাধান :

**Books of Pioneer Stores**

Memorandum Trading A/c for the period
1st January to 15th June 2001

| Particulars | Amount | Particulars | | Amount |
|---|---|---|---|---|
| | **Rs.** | | | **Rs.** |
| To Opening stock (Note 1) | 4,50,000 | By Sales | 13,87,200 | |
| To Purchases | 9,72,000 | Less Sale of | | |
| To Gross Profit | 2,73,600 | old goods | | |
| (20% of 13,68,000) | | (20,700 – 1,500) | 19,200 | 13,68,000 |
| | | By Closing stock | | 3,37,600 |
| | | (Balancing figure) | | |
| | 16,95,600 | | | 16,95,600 |

Statement of claim for loss of stock on 15th June, 2001

| Particulars | Amount |
|---|---|
| Value of stock (as above) | 3,27,600 |
| Add. Cost Price of old stock (41,400 – 20,700) | 20,700 |
| | 3,48,300 |
| Less, Salvage | 34,800 |
| Total Loss | 3,13,500 |

Net claim after average clause =

$$\frac{\text{Policy Value}}{\text{Value of Stock}} \times \text{Loss of Stock} = \frac{3,00,000}{3,48,300} \times 3,13,500 = 2,70,026$$

**Workings :**

**Trading A/c for the year ended 31st December 2000**

**Dr.** **Cr.**

| Particulars | | Amount | Particulars | | Amount |
|---|---|---|---|---|---|
| | | **Rs.** | | | **Rs.** |
| To Opening Stock | 4,41,000 | | By Sales less Returns | | 29,22,000 |
| Less Cost of old goods | 41,400 | 3,99,600 | By Closing Stock | 4,77,600 | |
| To Purchases less Returns | | 23,88,000 | Less Remaining Value | | |
| To Gross Profit | | | of old stock | | |
| (Balancing figure) | | 5,84,400 | (41,400 – 13,800) | 27,600 | 4,50,000 |
| | | 33,72,000 | | | 33,72,000 |

$$\text{Rate of Gross Profit} = \frac{5,84,400}{29,22,000} \times 100 = 20\%$$

## ৯৭.৬ অনুশীলনী

**(ক) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর :**

(1) গড় ধারা বলতে কি বোঝেন?

(2) অস্বাভাবিক পণ্য বলতে কি বোঝেন?

**(খ) দীর্ঘ প্রশ্নোত্তর :**

(1) অগ্নিকাণ্ডের সময় মজুত পণ্যের মূল্য নির্ধারণ করার পদ্ধতি আলোচনা করুন।

(2) গ্রস মুনাফার হার বলতে কি বোঝেন? মজুত পণ্যের মূল্য নির্ধারণের ক্ষেত্রে এর ভূমিকা আলোচনা করুন।

(3) মজুত পণ্যের ক্ষেত্রে পূর্ণবীমা না থাকলে ক্ষতিপূরণ দাবি করবার পদ্ধতিটি আলোচনা করুন।

**(গ) ব্যবহারিক সমস্যা (Practical Problems) :**

(1) 15 জুন 2001 তারিখে একটি অগ্নিকাণ্ডে Tara Stores-এর মজুত পণ্য ক্ষতিগ্রস্ত হয়। খাতাপত্র পরীক্ষার পরে Tara Stores নিম্নলিখিত তথ্যগুলি প্রদান করতে সক্ষম হল :

| Particulars | Amount |
|---|---|
| | **Rs.** |
| Closing Stock on 31.12.2000 | 84,000 |
| Purchases less Returns 1.1.2001 to 14.6.2001 | 1,80,000 |
| Sales less Returns 1.1.2001 to 14.6.2001 | 2,46,000 |

31.12.2000 সমাপ্ত হিসাব বৎসরে Tara Stores ক্রয়মূল্যের ওপর 25% গ্রস মুনাফা অর্জন করে। ক্রীত পণ্যের মধ্যে চালান মূল্যে 7,200 টাকার পণ্য অন্তর্ভুক্ত ছিল। এই পণ্যগুলি 15 জুন পর্যন্ত পাওয়া যায়নি। গ্রস মুনাফার হার ভবিষ্যতে অপরিবর্তিত থাকবে অনুমান করে অগ্নিকাণ্ডের জন্য ক্ষতিগ্রস্থ পণ্যের মূল্য নির্ধারণ করুন। (*Ans.* Value of Stock Rs. 60,000)

(2) 31শে জানুয়ারি 2000 তারিখে একটি অগ্নিকাণ্ডে X Ltd.-এর সমস্ত মজুত পণ্য ধ্বংস হবার পরে নিম্নলিখিত তথ্যগুলি পাওয়া গেল :

| Particulars | 1997 | 1998 | 1999 | 2000 (Up to the date of Fire) |
|---|---|---|---|---|
| | **Rs.** | **Rs.** | **Rs.** | **Rs.** |
| Opening Stock | 13,545 | 16,200 | 18,000 | 18,450 |
| Purchases less Returns | 37,450 | 40,000 | 40,500 | 3,000 |
| Sales less Returns | 60,000 | 66,000 | 70,000 | 6,000 |
| Wages | 8,700 | 9,500 | 10,450 | 1,000 |
| Closing Stock | 16,200 | 18,000 | 18,450 | — |

X Ltd. উদ্বর্তপত্র প্রস্তুত করবার জন্য মজুত পণ্যকে ধারাবাহিকভাবে ক্রয়মূল্য অপেক্ষা 10% অবমূল্যে মূল্যায়ন করে। ক্ষতিগ্রস্ত পণ্যের মূল্য নির্ধারণ করুন।

(*Ans.* Average G.P. rate 28% Value of Stock on 31st Jan. Rs. 20,180)

(3) 1লা অক্টোবর 2001 তারিখে একটি অগ্নিকাণ্ডে A Ltd.-এর মজুতপণ্য ক্ষতিগ্রস্ত হবার পরে নিম্নলিখিত তথ্যগুলি পাওয়া গেল :

| Particulars | Rs |
|---|---|
| Stock at cost on April 30, 2000 | 44,300 |
| Stock at cost on April 30, 2001 | 37,550 |
| Purchases for the year to April 30, 2001 | 1,03,850 |
| Sales for the year to April 30, 2001 | 1,52,500 |
| Purchases from May 1, 2001 to Sept. 30, 2001 | 37,350 |
| Sales from May 1, 2001 to Sept. 30, 2001 | 59,000 |

30শে এপ্রিল 2001 তারিখে মজুত পণ্যের মূল্যায়ন করবার সময় কিছু পণ্য 800 টাকা কম মূল্যে মূল্যায়ন করা হয়েছিল। পণ্যগুলির ক্রয়মূল্য ছিল 1,800 টাকা। এই পণ্যগুলি 2001 সালে জুন মাসে 1,750 টাকায় বিক্রি করা হয়েছিল। এই লেনদেনটি ছাড়া অন্যান্য ক্ষেত্রে গ্রস মুনাফার হার অপরিবর্তিত ছিল।

A Ltd. ধ্বংসাবশেষ থেকে 5,105 টাকার পণ্য উদ্ধার করতে সমর্থ হয়। A. Ltd এর বীমাদাবির পরিমাণ নির্ধারণ করুন।

(***Ans.*** Gross profit rate 28%, claim Rs. 27,575)

(4) 15 অক্টোবর 2000 তারিখে একটি অগ্নিকাণ্ডে Reshmi Stores-এর মজুত পণ্য ক্ষতিগ্রস্ত হবার পর নিম্নলিখিত তথ্যগুলি পাওয়া গেল :

| Particulars | Rs |
|---|---|
| Stock on 1-1-1999 | 30,600 |
| Purchases from 1-1-1999 to 31-12-1999 | 1,22,000 |
| Sales from 1-1-1999 to 31-12-1999 | 1,80,000 |
| Stock as on 31-12-1999 | 27,000 |
| Purchases from 1-1-2000 to date of fire | 1,47,000 |
| Sales from 1-1-2000 to date of fire | 1,50,000 |

Reshmi Stores মজুত পণ্য ক্রয়মূল্য অপেক্ষা 10% অবমূল্যে মূল্যায়ন করে। ধ্বংসাবশেষ থেকে 18,000 টাকার পণ্য উদ্ধার করা হয়। গড়ধারাসহ বীমাপত্রের মূল্য 63,000 টাকা অনুমান করে বীমা দাবির পরিমাণ নির্ধারণ করুন।

(***Ans.*** Gross profit rate 30%, Claim Rs. 47,250)

(4) 16 আগস্ট 2001 তারিখে একটি অগ্নিকাণ্ডের X Ltd-এর মজুত পণ্যের প্রভুত ক্ষতিসাধন হয়। খাতাপত্র পরীক্ষার পরে নিম্নলিখিত তথ্যগুলি জানা গেল :

| Particulars | Rs |
|---|---|
| Stock on 1st April 2000 | 38,400 |
| Purchases during the year ended 31st March, 2001 | 1,60,000 |
| Sales during the year ended 31st March, 2001 | 2,02,600 |
| Closing stock on 31st March, 2001 | 31,800 |
| Purchases from 1st April to the date of Fire | 54,000 |
| Sales from 1st April to 15th August 2001 | 61,400 |

1999 সালে কিছু পণ্য 10,000 টাকায় ক্রয় করা হয়েছিল। এই পণ্যগুলি 31শে মার্চ 2000 তারিখে 6,000 টাকায় মূল্যায়ন করা হয়। উক্ত পণ্যের অর্ধেক 2000 সালের জুলাই মাসে 2,600 টাকায় বিক্রয় করা হয়। অবশিষ্ট পণ্য 31শে মার্চ 2001 তারিখে 2,400 টাকায় মূল্যায়ন করা হয়। সমগ্র পণ্যের এক-চতুর্থাংশ 2001 সালের জুন মাসে 1,400 টাকায় বিক্রি করা হয়। অবশিষ্ট পণ্যগুলি ক্রয়মূল্য অপেক্ষা 40% কম মূল্যে মূল্যায়ন করা হয়। ধ্বংসাবশেষ থেকে 12,000 টাকার পণ্য উদ্ধার করা হয়। গড় ধারাসহ বীমাপত্রের মূল্য 30,000 টাকা অনুমান করে বীমা দাবির পরিমাণ নির্ধারণ করুন।

(***Ans.*** G. P. rate : 18.5% Net claim Rs.20,000)

## ৯৭.৭ গ্রন্থপঞ্জী


১. M. C. Shukla, T. S. Grewal and S. C. Gupta (1999) : *Advanced Accounts. (Vol 1, Chater 13)*, S. Chand & Co. Ltd. New Delhi.

২. S. Basu and M. Das (1999) : *Practice in Accountancy (Vol 2, Chapter 17)*, Rabindra Library, Kolkata.

৩. A. Mukherjee and M. Hanif (1999) : *Modern Accountancy (Vol 2. Chapter 14)*. Tata McGraw Hill, New Delhi.

# ই. সি. ও. - ৪
# বাণিজ্য বিষয়ের
# ঐচ্ছিক পাঠ্যক্রম

## পর্যায়
## ২২

# একক ৯৮ ❑ হিসাররক্ষণ মান

গঠন

৯৮.০ উদ্দেশ্য
৯৮.১ হিসাবরক্ষণ মানের প্রয়োজনীয়তা
৯৮.২ হিসাবরক্ষণ মানের সংজ্ঞা
৯৮.৩ হিসাবরক্ষণ মানের সুবিধা
৯৮.৪ ভারতীয় হিসাবরক্ষণ মান
৯৮.৫ অনুশীলনী
৯৮.৬ গ্রন্থপঞ্জী

## ৯৮.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ করলে আপনি জানতে পারবেন :

- ভারতীয় হিসাবরক্ষণ মান সংক্রান্ত পর্ষদ এবং এর উদ্দেশ্য।
- হিসাবরক্ষণমান প্রস্তুত প্রণালী।
- ইন্ডিয়ান ইনস্টিটিউট অব চ্যাটার্ড অ্যাকাউনটেন্ট কর্তৃক প্রকাশিত হিসাবরক্ষণ মান।
- বাধ্যতামূলক হিসাবরক্ষণ মান।

## ৯৮.১ হিসাবরক্ষণ মানের প্রয়োজনীয়তা ( Necessities of Accounting Standards) :

হিসাবরক্ষণ একটি পরিষেবামূলক কাজ। এর প্রধান উদ্দেশ্য হল কারবারের অর্থনৈতিক কার্যকলাপকে সংখ্যার সাহায্যে প্রকাশ করা যাতে এর ব্যবহারকারীরা সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। কারবারের সঙ্গে শেয়ারগ্রহীতা পাওনাদার, সম্ভাব্য বিনিয়োগকারী এবং অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিগণের সংযোগ রক্ষার প্রধান মাধ্যম হিসাবরক্ষণ। সেইজন্য হিসাবরক্ষণকে কারবারের ভাষা হিসাবেও অভিহিত করা হয়ে থাকে। হিসাবরক্ষণকার্যের এই গুরুত্বের জন্য সংশ্লিষ্ট ব্যক্তিগণ যাতে একই অর্থে একে অনুধাবন করতে পারেন তা অত্যন্ত প্রয়োজনীয়। হিসাবরক্ষণ কার্যে সমরূপতার এই প্রয়োজনীয় গুণটি অনুপস্থিত থাকলে এর বিশ্বাসযোগ্যতা এবং কার্যকারিতা ব্যাহত হবে। সেই উদ্দেশ্যে বিংশ শতাব্দীর প্রথমদিকে হিসাবরক্ষণ তত্ত্বের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। কিন্তু হিসাবরক্ষণ কাজে নানাবিধ ব্যবহারিকরীতি, তত্ব পদ্ধতি থাকায় এবং নানাবিধ পরিস্থিতিতে এদের ব্যবহারের ফলে এখনও পর্যন্ত কোনও সুসংবদ্ধ তত্ত্ব প্রস্তুত করা সম্ভব হয় নি। এর ফলে দুই তরফা দাখিলা পদ্ধতির

ব্যবহার সত্ত্বেও আয় এবং খরচের পরিমাপ, সম্পত্তি এবং দায়ের পরিমাপ প্রায়ই বিভিন্ন ভাবে করা হয়ে থাকে। হিসাবরক্ষণ কার্যে এই ধরনের বস্তুগত দৃষ্টিভঙ্গির (objective view) অভাব ঘটিলে প্রতিষ্ঠানের ফলাফল এবং আর্থিক বিবরণী বিভিন্নভাবে প্রস্তুত করা যেতে পারে। এর ফলে হিসাবরক্ষণ কার্যের উপযোগিতা এবং বিশ্বাসযোগ্যতা যথেষ্ট পরিমাণে খর্ব হওয়ার সম্ভাবনা থাকে। সুতরাং আর্থিক বিবরণীগুলি যাতে এর ব্যবহারকারীরা একই অর্থে ব্যবহার করতে পারে তার জন্য এইসব বিবরণী প্রস্তুতের একটি সুনির্দিষ্ট মান থাকা প্রয়োজন। বস্তুত সত্তরের দশকের প্রথম দিকে আন্তর্জাতিক হিসাবরক্ষণ মান বিষয়ক কমিটি (IASC) এবং মার্কিন যুক্তরাষ্ট্রে Accounting principles Board — এর কর্তৃত্বকে খর্ব করিয়া Financial Accounting Standards Board (FASB) — এর আবির্ভাবের প্রধান কারণ ছিল হিসাবরক্ষণ কার্যে এই ধরনের সাধারণভাবে সর্বত্র স্বীকৃত মানের প্রচলন করা।

## ৯৮.২ হিসাবরক্ষণ মানের সংজ্ঞা ( Definition of Accounting Standard) :

হিসাবরক্ষণ মান হইল হিসাবরক্ষণ সংক্রান্ত তত্ত্ব বা সাধারণ নীতি হইতে উৎসারিত কর্তৃত্বব্যাঞ্জক, পূর্বনির্ধারিত প্রয়োগ বিধি।

Kohler's Dictionary For Accountants — এর মতে, হিসাবরক্ষণমান হইল প্রচলিত রীতি, আইন বা পেশার নিয়ন্ত্রণকারী সংস্থা কর্তৃক হিসাব রক্ষকদের উপর আরোপিত আচরণ বিধি ("A mode of conduct, imposed on accountants by custom, law or professional body")।

আর্থিক বিবরণী প্রস্তুতকরণের ক্ষেত্রে লেনদেনের পরিমাণ সংক্রান্ত পূর্ব নির্ধারিত প্রয়োগবিধি থাকলে একই লেনদেনকে প্রতিষ্ঠানের ইচ্ছামতো লিপিবদ্ধ করিবার সুযোগ থাকে না। ইহার ফলে হিসাবরক্ষণ কার্যে ভিন্ন মতের সুযোগ হ্রাস পায় এবং বস্তুগত দৃষ্টিভঙ্গির সাহায্যে আর্থিক বিবরণী প্রস্তুত করা সম্ভব হয়।

## ৯৮.৩ হিসাবরক্ষণ মানের সুবিধা (Advantages of Accounting Stand ards) :

হিসাবরক্ষণ মান থেকে নিম্নলিখিত সুবিধাগুলি পাওয়া যেতে পারে :

(১) হিসাবরক্ষণ মান থাকলে কোনও একটি বিশেষ লেনদেনকে লিপিবদ্ধ করিবার পদ্ধতি সহাজেই জানা যায়।

(২) সম্পত্তি, আয়, দায় এবং খরচের পরমাপের ক্ষেত্রে ভিন্নমতের অবকাশ থাকে না বলিয়া বস্তুগত দৃষ্টিভঙ্গির সাহয্যে আর্থিক বিবরণী প্রস্তুত করা যায়।

(৩) হিসাবরক্ষণ মান অনুসরণ করে আর্থিক বিবরণী প্রস্তুত করলে উক্ত বিবরণীগুলির ব্যবহারকারীদের কাছে এদের বিশ্বাসযোগ্যতাবৃদ্ধি পায়।

(৪) হিসাবরক্ষণ মান কর্তৃত্বব্যাঞ্জক হওয়ার জন্য বিভিন্ন প্রতিষ্ঠানকে একই নীতি অনুসরণ করিয়া আর্থিক বিবরণী প্রস্তুত করিতে হয়। এর ফলে বিভিন্ন প্রতিষ্ঠানের আর্থিক ফলাফলের তুলনামূলক বিচার করা সম্ভব হয়।

(৫) নতুন কোনও সমস্যার ক্ষেত্রে হিসাবরক্ষণ মানের বিধি অনুসারে তা সহজেই সমাধান করা যায়।

## ৯৮.৪ ভারতীয় হিসাবরক্ষণ মান (Indian Accounting Standards) :

**(ক) ভূমিকা (Introduction) :** পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে হিসাবরক্ষকগণ যাতে হিসাব নিকাশের বিষয়ে সর্বদা একই নীতি অনুসরণ করে, সেই জন্য সত্তর দশকের প্রথম দিকে আন্তর্জাতিক হিসাবরক্ষণ মান বিষয়ক কমিটি এবং মার্কিন যুক্তরাষ্ট্রে FASB নামক হিসাবরক্ষণ মান বিষয়ক পর্ষদ গঠিত হয়েছে। এদের মধ্যে আন্তর্জাতিক হিসাবরক্ষণ মান বিষয়ক কমিটি বা IASC পৃথিবীর বিভিন্ন দেশের জন্য অনুসৃত মান নির্ধারণের কাজে লিপ্ত।

ভারতে হিসাব রক্ষকদের সংস্থা The Institute of Chartered Accountants of India or ICAI ১৯৭৪ সালে আন্তর্জাতিক হিসাবরক্ষণ মান বিষয়ক কমিটির সহযোগী সদস্যের পদ লাভ করে। এই সংস্থার সদস্য হইবার জন্য অন্যান্য সদস্যদের মতো ICAI কেও নিম্নলিখিত দায়িত্বগুলি পালন করতে হবে :

(১) সদস্যদের দ্বারা প্রকাশিত মানগুলি IASC -এর নীতিকে অনুসরণ করবে।

(২) প্রকাশিত আর্থিক বিবরণীগুলি যাতে IASC -এর নীতি অনুসরণ করে তার জন্য সরকার এবং মান নির্ধারক সংস্থাকে উৎসাহিত করবে।

(৩) প্রকাশিত আর্থিক বিবরণীগুলি যাতে IASC -এর নীতি অনুসরণ করে তার জন্য শেয়ারবাজারের নিয়ন্ত্রণকারী সংস্থাগুলিকে উৎসাহিত করবে।

(৪) প্রকাশিত আর্থিক বিবরণীগুলি যাতে IASC -এর নীতি অনুসরণ করে তার জন্য হিসাব পরীক্ষকগণকে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিতে উৎসাহিত করবে।

(৫) আন্তর্জাতিক ভাবে IASC -এর প্রকাশিত মানগুলিকে গ্রহণের ব্যবস্থা অবলম্বন করতে হবে।

IASC কর্তৃক প্রকাশিত মানগুলি সাধারণ প্রকৃতির। সুতরাং, দেশীয় পরিস্থিতির উপযোগী করবার জন্য এই মানগুলিকে অল্পমাত্রায় পরিবর্তন করা যাবে। IASC কর্তৃক ন্যস্ত এই দায়িত্ব পালন করবার জন্য ভারতে দেশীয় মান প্রস্তুতকরণের জন্য ICAI একটি দেশীয় মান নির্ধারক পর্ষদ গঠন করেছে।

**(খ) ভারতীয় হিসাবরক্ষণ মান বিষয়ক পর্ষদ এবং ইহার উদ্দেশ্য (Indian Accounting Standares Board and Its Objectives) :** ভারতে প্রচলিত হিসাবরক্ষণ পদ্ধতির বিভিন্নতার দরুন এবং এই পদ্ধতিগুলিকে আন্তর্জাতিক পদ্ধতির সঙ্গো সঙ্গাতিপূর্ণ করিবার জন্য ১৯৭৭ সালের এপ্রিল মাসে ভারতে হিসাবরক্ষণমান বিষয়ক পর্ষদ (Accounting Standards Board) or ASB নামে একটি সংস্থার সৃষ্টি হয়। বিখ্যাত হিসাব রক্ষকগণ ছাড়াও অন্যান্য যে সকল বিভিন্ন ক্ষেত্রে হইতে সদস্য লইয়া এই পর্ষদ গঠিত তাহাদের মধ্যে উল্লেখযোগ্য হইল বিভিন্ন শিল্প সংস্থা, কোম্পানী আইন পর্ষদ, ভারতের কম্পট্রোলার অ্যান্ড

অডিটর জেনারেল, কেন্দ্রীয় প্রত্যক্ষ কর পর্ষদ, ব্যাংক, সিকিউরিটি নিয়ন্ত্রণ পর্ষদ (SEBI) এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ইত্যাদি।

ASB নিম্নলিখিত উদ্দেশ্যগুলি নিয়ে গঠিত হয়েছে :

(১) দেশীয় আইন, প্রথা এবং ব্যবসায়িক পরিস্থিতি বিবেচনা করে হিসাবরক্ষণ সংক্রান্ত মান নির্দ্ধারণ করা।

(২) হিসাবরক্ষণ মান প্রচার করা এবং সংশ্লিষ্ট সকলকে উক্ত মান গ্রহণ করতে উৎসাহিত করা।

(৩) হিসাবরক্ষণ মান সংক্রান্ত নির্দেশিকা প্রস্তুত করা এবং প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করা।

(৪) নির্দিষ্ট সময়ান্তে হিসাবরক্ষণ মানকে পুনর্বিবেচনা করা।

**(গ) ভারতে হিসাব রক্ষণমান প্রস্তুত প্রণালী (Procedure for Formulation of Accounting Standards in India) :** হিসাবরক্ষণ মান প্রস্তুত করিবার জন্য নিম্নলিখিত প্রণালী অবলম্বন করা হয়:

(১) যে সকল বিষয়ের উপর হিসাবরক্ষণ মান প্রস্তুত করা দরকার এবং উক্ত মান নির্ধারণে কোন বিষয়ের উপর গুরুত্ব আরোপ করা হবে ASB তা ঠিক করবে।

(২) হিসাবরক্ষণমান প্রস্তুত করবার কাজে নির্দিষ্ট বিষয় বিবেচনার জন্য গঠিত Study Group ASB কে সাহায্য করবে। এই মান নির্ধারণের জন্য ASB সরকার, সরকারি শিল্প প্রতিষ্ঠান, শিল্পের মালিক ও অন্যান্য সংগঠনের মতামত গ্রহণ করতে পারে।

(৩) সংশ্লিষ্ট সকল ক্ষেত্রের মতামত গ্রহণ করার পরে ASB মান বিষয়ক একটি খসড়া প্রস্তাব (Exposure draft) প্রস্তুত করবে। উক্ত খসড়া প্রস্তাবে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করা হবে :

- উক্ত মান বিষয়ক তত্ত্ব, ধারণা এবং নীতি সমূহ।
- মান বিষয়ক বিবিধ পরিভাষা।
- উক্ত মান বিষয়ক হিসাবনিকাশ করণের নীতিগুলির প্রয়োগ।
- উপস্থাপন এবং প্রকাশকরণ সংক্রান্ত নীতিসমূহ।
- যে তারিখ হইতে মান কার্যকরী হইবে উক্ত তারিখ।

(৪) খসড়া প্রস্তাব প্রস্তুত করবার পরে ASB একে মতামত গ্রহণ করবার জন্য সংশ্লিষ্ট পক্ষকে প্রেরণ করবে। ASB মতামত গ্রহণ করবার পরে চূড়ান্ত খসড়াটি ICAI -এর Council কে প্রেরণ করবে।

(৫) ICAI -র Council প্রস্তাবিত মানের চূড়ান্ত খসড়া বিবেচনা করবে এবং প্রয়োজনবোধে ASB -এর সঙ্গে পরামর্শক্রমে এর সংশোধন করবে। সর্বশেষে মানটি চূড়ান্ত হবার পরে Council – এর কর্তৃত্বে মানটি বিলি করবে।

**(ঘ) ইণ্ডিয়ান ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউনটেন্ট কর্তৃক প্রকাশিত মান (Standards Issued by the Indian Istitute of Chartered Accountants) :** ১৯৭৭ সালে ASB গঠিত হবার পর হতে বর্তমান সময়ে পর্যন্ত ICAI নিম্নলিখিত পনেরোটি মান প্রকাশ করছে :

| মান সংখ্যা | মান | প্রকাশের সময় |
|---|---|---|
| AS1 | হিসাবনিকাশ করণের নীতির প্রকাশ (Disclosure of Accounting policies) | ১৯৮৭ |
| AS2 | মজুত পণ্যের মূল্যায়ন (Valuation of Inventories) | ১৯৮১ |
| AS3 | নগদ প্রবাহ বিবরণী (Cash flow Statement) | ১৯৮১ (সংশোধিত) ১৯৯৭ |
| AS4 | উর্দ্বতপত্রের তারিখের পরে সংঘটিত অনিশ্চিত সম্ভাবনা ও ঘটনা (Contingencies and Events occuring after the Balance sheet date) | ১৯৮২ (সংশোধিত) ১৯৯৫ |
| AS5 | কালান্তিক লাভ -লোকসান, পূর্ববর্তীকাল এবং অস্বাভিবক বিষয় এবং হিসাবনিকাশকরণের নীতির পরিবর্তন (Net profit or loss for the prior period and Extraordinary Items and changes in Accounting policies) | ১৯৮২ (সংশোধিত) ১৯৯৭ |
| AS6 | অবচিতির হিসাবনিকাশকরণ (Depreciation Accounting) | ১৯৮২ |
| AS7 | নির্মাণ কার্যের চুক্তিসংক্রান্ত হিসাবনিকাশকরণ (Accounting for Construction Contracts) | ১৯৮৩ |
| AS8 | গবেষণা এবং উন্নয়নের হিসাবনিকাশকরণ (Accounting for Research and Development) | ১৯৮৫ |
| AS9 | আয়ের স্বীকৃতি (Revenue Recognition) | ১৯৮৫ |
| AS10 | স্থায়ী সম্পত্তির হিসাবনিকাশকরণ (Accounting for fixed Assets) | ১৯৮৫ |
| AS11 | বৈদেশিক মুদ্রার বিনিময়ের হারের পরিবর্তনের ফলাফল সংক্রান্ত হিসাবনিকাশকরণ (Accounting for the effects of changes in Foreign Exchange Rates) | ১৯৮৯ সংশোধিত ১৯৯৪ |

| মান সংখ্যা | মান | প্রকাশের সময় |
|---|---|---|
| AS12 | সরকারি অনুদানের হিসাবনিকাশকরণ (Accounting for Government Grants) | ১৯৯১ |
| AS13 | লগ্নির হিসাবনিকাশকরণ (Accounting for Investments) | ১৯৯৩ |
| AS14 | সংযুক্তিকরণের হিসাবনিকাশকরণ (Accounting for Amalgamation) | ১৯৯৪ |
| AS15 | নিয়োগকর্তার আর্থিক বিবরণীতে অবসরকালীন ভাতার হিসাব নিকাশকরণ (Accounting for Retirement Benefits in the Financial Statement of Employers | ১৯৯৪ |

উপরিউক্ত হিসাবরক্ষণ মানগুলির গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিম্নে সংক্ষিপ্তভাবে আলোচনা করা হল :

●**AS – 1 হিসাবনিকাশকরণের নীতির প্রকাশ :** এই মানটিতে আর্থিক বিবরণী প্রস্তুতকরণের জন্য গুরুত্বপূর্ণ হিসাবনিকাশকরণের নীতি সম্পর্কে আলোচনা করা হয়েছে।

যেহেতু আর্থিক বিবরণী প্রস্তুত করণের ক্ষেত্রে হিসাবনিকাশ সংক্রান্ত নীতিগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে, সেইজন্য ইহাদের যথাযথ অনুধাবন করার জন্য গুরুত্বপূর্ণ হিসাবনিকাশ সংক্রান্ত নীতির প্রকাশ অত্যন্ত প্রয়োজনীয়। এই মানে চলমান প্রতিষ্ঠান (Going Concern) সঙ্গতি (Consistency) এবং পাওনা ভিত্তিতে (accrual) হিসাবনিকাশকরণের গুরুত্বপূর্ণ মৌলিক নীতি হিসাবে বিবেচনা করা হয়েছে। আর্থিক বিবরণী প্রস্তুতকরণের ক্ষেত্রে এই নীতিগুলিকে যদি অনুসরণ না করা হয় সেই ক্ষেত্রে তা অবশ্যই প্রকাশ করতে হবে। হিসাবনিকাশকরণ সংক্রান্ত নীতির ক্ষেত্রে মূল বিবেচনার বিষয় হল সত্য এবং ন্যায় চিত্র প্রকাশ করা। এই উদ্দেশ্যে দূরদর্শিতা (Prudence), আইনগতছক অপেক্ষা বিষয়বস্তুর গুরুত্ব (Substance over Form) এবং আপেক্ষিক গুরুত্বকে (materiality) সত্য এবং ন্যায় চিত্র প্রকাশের সহায়ক হিসাবে বিবেচনা করতে হবে। এ ছাড়া হিসাবনিকাশকরণ সংক্রান্ত কোনও নীতির পরিবর্তন ঘটলে তা উল্লেখ করতে হবে।

●**AS – 2 মজুদ পণ্যের মূল্যায়ন :** আর্থিক বিবরণীর ক্ষেত্রে বিশেষত উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে, স্থায়ী সম্পত্তির পরেই মজুদ পণ্যের স্থান। সুতরাং প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা এবং ফলাফল অনেকাংশে মজুদ পণ্যের উপর আরোপিত মূল্যের উপর নির্ভর করে। মজুদ পণ্যের মূল্যায়নের জন্য বিভিন্ন পদ্ধতি প্রচলিত থাকায় এই মানে সম্ভাব্য পছন্দগুলিকে যথাসম্ভব হ্রাস করা হয়েছে। এই মান অনুযায়ী মজুদ পণ্যকে এদের ঐতিহাসিক মূল্য এবং নীট আদায়ীকৃত মূল্যের মধ্যে যা কম হবে সেই মূল্যে মূল্যায়ন করতে বলা হয়েছে। উক্ত মানের 29.1 – 29.4 অংশে অবশ্য কিছু ব্যতিক্রমের কথা বলা হয়েছে।

ঐতিহাসিক মূল্য বা ক্রয়মূল্য নির্ধারণের ক্ষেত্রে নিম্নলিখিত পদ্ধতিগুলির ব্যবহারকে অনুমোদন করা হয়েছে : আগে আসে আগে যায় পদ্ধতি (FIFO), পরে আসে আগে যায় পদ্ধতি (LIFO), গড় মূল্য (Average Cost), ভিত্তি মজুদ (Base Stock), নির্দিষ্ট শনাক্তকরণ (Specific Identification), আদর্শ ব্যয় (Standard Cost), মিলকৃত বিক্রয়মূল্য (Adjusted Selling price) এবং সর্বশেষ ক্রয়মূল্য (Latest purchase price) উৎপাদনকারী প্রতিষ্ঠানের মজুদ পণ্যের ক্ষেত্রে প্রত্যক্ষ ব্যয় (Direct Costing) বা

উসুলমূলব ব্যয়নির্ধারণ পদ্ধতির ক্ষেত্রে স্থায়ী খরচের বন্টনকে পণ্যের বর্তমান উৎপাদন স্তরের উপর করতে হবে। উৎপাদন সংক্রান্ত উপরিব্যয় ছাড়া অন্যান্য উপরিব্যয় পণ্যটিকে বর্তমান স্থানে বা অবস্থায় আনতে যা প্রয়োজন সেই অঙ্ক পর্যন্ত ধরা হবে। মজুদ পণ্য মূল্যায়ন সংক্রান্ত হিসাবনিকাশকরণ নীতি এবং ক্রয়মূল্য নির্ধারণ সংক্রান্ত নীতিকে অবশ্যই প্রকাশ করতে হবে। হিসাবনিকাশকরণ সংক্রান্ত নীতির কোনও পরিবর্তন ঘটলে তা উল্লেখ করতে হবে।

●**AS–3 নগদ প্রবাহ বিবরণী :** ১৯৮১ সালে আর্থিক অবস্থার পরিবর্তন নামে এই মানটি প্রকাশিত হয়। পরবর্তী সময়ে ১৯৯৭ সালে এই মানটি নগদ প্রবাহ বিবরণী নামে সংশোধিত হয়ে প্রকাশিত হয়। এই মান অনুযায়ী প্রকাশিত প্রত্যেকটি আর্থিক বিবরণীর সঙ্গে নগদ প্রবাহ বিবরণী প্রকাশ করতে হবে।

নগদ বলতে হস্তস্থ নগদ অর্থ এবং ব্যাংকস্থ নগদ জমা (demand depost) বুঝায়। নগদ সমতুল্য অর্থ বলিতে স্বল্প মেয়াদী লগ্নি যা ইচ্ছানুসারে নগদে রূপান্তর করা যায় এইরূপ লগ্নিকে বুঝায়। নগদ প্রবাহ বলতে নগদ এবং নগদের সমতুল্য অর্থের আগম এবং বহির্গমনকে বুঝায়।

এই মান অনুযায়ী নগদ প্রবাহ বিবরণী প্রত্যক্ষ পদ্ধতি বা অপ্রত্যক্ষ পদ্ধতিতে প্রস্তুত করা যায়। প্রত্যক্ষ পদ্ধতি অনুযায়ী মূল খাতে মোট নগদ প্রাপ্তি এবং প্রদানকে প্রদর্শন করতে হয়। অপ্রত্যক্ষ পদ্ধতিতে নগদে প্রদান করা হয়নি বা প্রদান করা হয়নি এইরূপ লেনদেনের জন্য নীট মুনাফা বা ক্ষতিকে মিলকরণের পরে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করতে হবে।

লগ্নি এবং নগদ বিনিয়োগের ক্ষেত্রে ঐ সূত্র থেকে প্রাপ্ত মোট নগদ বা প্রদত্ত মোট নগদ অর্থ আলাদা ভাবে প্রদর্শন করতে হবে। অন্যান্য ক্ষেত্রে নগদ প্রবাহ বিবরণী নীট প্রাপ্তি বা প্রদানের ভিত্তিতে প্রস্তুত করা যাবে। বৈদেশিক মুদ্রার ক্ষেত্রে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করণের দিনে দেশীয় মুদ্রায় রূপান্তর করতে হবে। সুদ এবং লভ্যাংশ হিসাবে প্রাপ্ত বা প্রদত্ত অঙ্ককে উক্ত বিবরণীতে আলাদাভাবে প্রদর্শন করতে হবে। আয়কর প্রদানের জন্য যে নগদ প্রবাহ তাহা আলাদা ভাবে প্রদর্শন করতে হবে।

●**AS-4 উর্দ্বতপত্রের তারিখের পরে সংগঠিত অনিশ্চিত সম্ভাবনা ও ঘটনা :** এই মানটিতে উর্দ্বত পত্রের তারিখের পরে সংগঠিত অনিশ্চিত সম্ভাবনা এবং ঘটনা সম্পর্কে আলোচনা করা হয়েছে। অনিশ্চিত সম্ভাবনা বলতে বুঝায় এমন কোনও সম্ভাবনা যার ফলাফল ভবিষ্যতে অনিশ্চিত কোনও ঘটনা ঘটবার বা না ঘটবার উপর নির্ভর করে।

উর্দ্বতপত্রের তারিখের পরে সংঘটিত ঘটনা বলতে বুঝায় উল্লেখযোগ্য কোনও অনুকূল বা প্রতিকূল ঘটনা যাহা উর্দ্বতপত্রের তারিখ ও উক্তবিবরণী কোম্পানীর পরিচালকমন্ডলী বা অন্যকোনও প্রতিষ্ঠানের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃক অনুমোদিত হবার মধ্যে সংঘটিত হয়েছে।

এই মান অনুযায়ী, কতগুলি নির্দিষ্ট শর্ত সাপেক্ষে, অনিশ্চিত লোকসানকে আয় -ব্যয়ের বিবরণীতে খরচ হিসাবে প্রদর্শন করতে হবে। এই শর্তগুলির অবর্তমানে যদি সেই লোকসানের সম্ভাবনা দূরবর্তী না হয় সেই ক্ষেত্রে সম্ভাব্য লোকসানকে আর্থিক বিবরণীতে প্রকাশ করতে হবে। এই মানে আরও বলা হয়েছে যে সম্ভাব্য লাভ কার্যে রূপান্তরিত না হওয়া পর্যন্ত আর্থিক বিবরণীতে প্রকাশ করা যাবে না। উর্দ্বতপত্রের তারিখের পরে সংঘটিত ঘটনার পরিমাপকরণের নিশ্চিত প্রমাণ থাকলে উর্দ্বতপত্রে প্রদর্শিত সম্পত্তি ও দায়ের মিলকরণ করতে হবে। উর্দ্বতপত্রের তারিখের পরে কিন্তু আর্থিক বিবরণী অনুমোদনের পূর্বে আর্থিক বিবরণীর সময়কালের জন্য কোনও লভ্যাংশ ঘোষণা বা প্রস্তাব করা হলে সংশ্লিষ্ট সময়ের বর্ণিত লভ্যাংশ মিলকরণ করতে হবে।

এই মান অনুসারে অনিশ্চিত ঘটনার প্রকাশের ক্ষেত্রে ঘটনার প্রকৃতি, ভবিষ্যতে যে সকল ঘটনা ইহার উপর প্রভাব বিস্তার করতে পারে তা উল্লেখ করতে হবে। অনুরূপভাবে উর্দ্বতপত্রের তারিখের পরে সংঘটিত ঘটনার প্রকাশের ক্ষেত্রে ঘটনার প্রকৃতি এবং আর্থিক ফলাফলের উপর প্রভাব উল্লেখ করতে হবে।

**●AS–5 কালান্তিক লাভ লোকসান, পূর্ববর্তীকাল এবং অস্বাভাবিক বিষয় এবং হিসাব নিকাশকরণের নীতির পরিবর্তন :** এই মান অনুযায়ী লাভ-লোকসানের হিসাব প্রস্তুতকরণের ক্ষেত্রে স্বাভাবিক এবং অস্বাবাবিক কার্য হইতে লাভ-লোকসান আলাদা ভাবে প্রদর্শন করতে হবে। অস্বাভাবিক কার্য থেকে উদ্ভুত লাভ-লোকসানের ক্ষেত্রে যদি ইহা প্রতিষ্ঠানের ফলাফলের বিশ্লেষণে সহায়ক হয় তা হলে সেই বিষয়গুলিকে আলাদা ভাবে প্রদর্শন করতে হবে।

পূর্ববর্তীকাল সংক্রান্ত বিষয়ের ক্ষেত্রে লাভ-লোকসানের হিসাবে বিষয়গুলিকে এমনভাবে প্রদর্শন করতে হবে যাতে সংশ্লিষ্ট বৎসরের ফলাফলের উপর এর প্রভাব অনুধাবন করা যায়।

কারবারী কার্যকলাপে অনিশ্চয়তা থাকার দরুন আর্থিক বিবরণীতে অনেকগুলি বিষয় অনুমান নির্ভর পরিমাপ করতে হয়। সুতরাং এই অনুমানের সংশোধনের ক্ষেত্রে বর্তমান সময় এবং ভবিষ্যৎ সময়ের ফলাফলের উপর এর প্রভাব প্রকাশ করতে হবে। এই মান অনুযায়ী শুধুমাত্র আইনের বিধান বলে বা যদি আর্থিক বিবরণীকে সঠিকভাবে উপস্থাপনার জন্য প্রয়োজন হয় তবেই হিসাব নিকাশ সংক্রান্ত নীতির পরিবর্তন করা উচিত। এইরূপ পরিবর্তনের ক্ষেত্রে ফলাফলের উপর গুরুত্বপূর্ণ থাকলে তা প্রকাশ করতে হবে। হিসাব নিকাশ সংক্রান্ত নীতির পরিবর্তনের ক্ষেত্রে উক্ত পরিবর্তন বর্তমান কালের উপর গুরুত্বপূর্ণ প্রভাব না ফেলে যদি ভবিষ্যৎ সময়ের উপর প্রভাব বিস্তার করে তা হলেও ইহা প্রকাশ করতে হবে।

**●AS–6 অবচিতির হিসাবনিকাশ করণ :** এই মানটি বনভূমি, বাগিচা এবং অনুরূপ পুনরুৎপাদক প্রাকৃতিক সম্পদ, উত্তোলনজনিত নি:শেষিত সম্পদ, গবেষণা ও উন্নয়নমূলক খরচ, সুনাম এবং গৃহপালিত পশু ব্যতীত সকল প্রকার স্থায়ী সম্পত্তির ক্ষেত্রে প্রযোজ্য।

এই মান অনুযায়ী সম্পত্তির ঐতিহাসিক ব্যয়, কার্যকরী আয়ুষ্কাল এবং অনুমিত ভগ্নাবশেষ মূল্যের উপর ভিত্তি করে অবচিতির পরিমাপ করতে হবে। অবচিতি ধার্য করবার জন্য সচরাচর সরল রৈখিক পদ্ধতি বা ক্রমহ্রাসমান জের পদ্ধতির ব্যবহার করা হয়। কিন্তু অনুসৃত পদ্ধতিটিকে ধারাবাহিক ভাবে ব্যবহার করতে হবে। শুধুমাত্র আইনের পরিবর্তনের ফলে বা আর্থিক বিবরণীকে যথাযথভাবে উপস্থাপন করার ক্ষেত্রে যদি প্রয়োজন হয় তবেই অনুসৃত পদ্ধতির পরিবর্তন করা যেতে পারে। পদ্ধতির পরিবর্তনের ক্ষেত্রে সম্পত্তি ক্রয়ের তারিখ থেকে নূতন পদ্ধতিতে অবচিতির পরিমাণ পুননির্ধারণ করতে হবে। এর ফলে উদ্ভুত ঘাটতি বা উদ্বৃত ঘাটতি বা উদ্বৃত্ত অবচিতিকে লাভ লোকসানের হিসাবে প্রদর্শন করতে হবে। সম্পত্তির পুনর্মূল্যায়নের ক্ষেত্রে অবচিতির পরিমাণ নতুন মূল্য এবং অবশিষ্ট কার্যকরী আয়ুষ্কালের উপর নির্ভর করে নির্ধারণ করতে হবে। পুনর্মূল্যায়নের ফলে অবচিতির পরিমাণের উপর গুরুত্বপূর্ণ প্রভাব থাকলে তা আলাদাভাবে প্রকাশ করতে হবে। সম্পত্তির বাতিলকরণ, বিক্রয় বা ধ্বংসের ফলে উদ্ভুত ঘাটতি বা উদ্বৃত্তের পরিমাণ গুরুত্বপূর্ণ হলে তা আলাদা ভাবে প্রকাশ করতে হবে। আর্থিক বিবরণীতে অবচিতি ধার্যের পদ্ধতি প্রকাশ করতে হবে। অবচিতির হার বা সম্পত্তির কার্যকরী আয়ুষ্কাল সংশ্লিষ্ট আইনে উল্লেখিত হার অপেক্ষা আলাদা হলে তাও প্রকাশ করতে হবে।

●**AS – 7 নির্মাণ কার্যের চুক্তিসংক্রান্ত হিসাব নিকাশ করণ** : এই মানে বিষয়বস্তু নির্মাণ কার্যের চুক্তির আর্থিক ফলাফল ঠিকাদারের আর্থিক বিবরণীতে প্রদর্শন করা। এই ক্ষেত্রে নির্মাণ কার্যের চুক্তি বলতে একটি প্রকল্পের অধীনে এক বা একাধিক সম্পত্তির নির্মাণ কার্যকে বুঝায়। নির্মাণ কার্যের চুক্তির অন্তর্গত সেবা প্রদানের কার্যও এই সংজ্ঞার আওতায় আসে।

এই জাতীয় কারবারের প্রধান বৈশিষ্ট্য এই যে চুক্তি গ্রহণের তারিখ এবং চুক্তি সম্পাদনের তারিখ বিভিন্ন হিসাববৎসরে হতে পারে। এই ক্ষেত্রে হিসাবনিকাশকরণের মূল উদ্দেশ্য হল অপেক্ষাকৃত দীর্ঘ সময়ের কার্যাবলীর ফলাফল স্বল্পকালীন হিসাবনিকাশকরণে প্রতিফলিত করা। এর জন্য চুক্তির ব্যাপ্তিকালের মধ্যে আয় এবং খরচকে উপযুক্তভাবে বন্টন করতে হবে। এই হিসাবরক্ষণ মানে এর জন্য দুটি বিকল্প পদ্ধতির সুপারিশ করা হয়েছে। প্রথম পদ্ধতিটি সমাপ্তিকরণের শতকরা হারের পদ্ধতি নামে পরিচিত। এই পদ্ধতি অনুসারে প্রতিটি হিসাবকালের শেষে চুক্তির কাজের সমাপ্তিকরণের পর্যায়ে আয় এবং ব্যয় নির্ধারণ করা হয়। হিসাবকালের লাভ নির্ধারণ করবার জন্য ভবিষ্যৎ ব্যয়ের জন্য সংস্থান রাখতে হয়। দ্বিতীয় পদ্ধতিটি সমাপ্তকার্য পদ্ধতি হিসাবে পরিচিত। এই পদ্ধতিতে চুক্তিটি সমাপ্ত হয়েছে বা সমাপ্তির পর্যায়ে এসেছে এরূপ পরিস্থিতিতে আয়ের স্বীকৃতি দেওয়া হয়। শেষোক্ত ক্ষেত্রে অদৃশ্য ব্যয় ও সম্ভাব্য লোকসানের মিলকরণের পরেই লাভের স্বীকৃতি দিতে হয়। এই মান অনুযায়ী আর্থিক বিবরণী উপস্থাপনার সময় অসমাপ্ত নির্মাণ কার্যের অঙ্ক, চুক্তির অসমাপ্ত অংশের মধ্যে কাজের অগ্রগতির জন্য অর্থপ্রাপ্তি, অগ্রিম অর্থপ্রাপ্তি এবং সাময়িক ভাবে কাটে রাখা টাকার অঙ্ককে প্রকাশ করতে হবে। হিসাব রক্ষণ সংক্রান্ত নীতির পরিবর্তন ঘটলে তা প্রকাশ করতে হবে।

●**AS – 8 গবেষণা এবং উন্নয়নের হিসাবনিকাশ করণ** : এই মান অনুযায়ী গবেষণা বলতে নূতন বৈজ্ঞানিক এবং কারিগরি জ্ঞান লাভ করবার জন্য মৌলিক এবং পরিকল্পিত অনুসন্ধানকে বুঝায়। এবং বাণিজ্যিক উৎপাদন শুরু করবার পূর্বে নূতন বা উন্নতধরনের বস্তু, কৌশল, উৎপাদিত সামগ্রী, পদ্ধতি, নিয়ম বা সেবা প্রদানের জন্য গবেষণালব্ধ বা অন্যান্য জ্ঞানলব্ধ বিষয়ের রূপান্তকরণকে বুঝায়।

এই মানে গবেষণা এবং উন্নয়নখাতে প্রযোজ্য খরচকে বিভিন্ন হিসাব কালের মধ্যে ভবিষ্যতে প্রত্যাশিত সুবিধার ভিত্তিতে বন্টন করতে নির্দেশ দেওয়া হয়েছে। যে ক্ষেত্রে উক্ত সুবিধা নিশ্চিতভাবে নির্ধারণ করা যাবে না সেই ক্ষেত্রে এই খরচকে গবেষণা ও উন্নয়ন খাতে খরচের বৎসরেই খরচ হিসাবে প্রদর্শন করতে হবে। শুধুমাত্র যে ক্ষেত্রে উৎপাদিত পণ্য বা পদ্ধতির ব্যয় বাণিজ্যিক ভাবে আদায় যোগ্য এবং পণ্য বাজারজাতকরণের জন্য প্রতিষ্ঠানের পর্যাপ্ত ক্ষমতা থাকে সেই ক্ষেত্রেই গবেষণা এবং উন্নয়নের খরচের স্বীকৃতিকে বিলম্বিতকরণ করা যাবে। সেই ক্ষেত্রে এই খরচগুলিকে যুক্তিসঙ্গত সময়ের ভিত্তিতে নি:শেষ করে ফেলতে হবে। গবেষণা এবং উন্নয়ন খাতে খরচের স্বীকৃতি যে ক্ষেত্রে বিলম্বিতকরণ করা হয় সেই ক্ষেত্রে প্রত্যেক বছর পুনর্বিবেচনা করা উচিত। এর ফলে যদি দেখা যায় যে খরচের বিলম্বিতকরণ আর প্রযোজ্য হবে না তখন অবশিষ্ট অঙ্ককে তৎক্ষণাৎ খরচ হিসাবে বিবেচনা করতে হবে।

গবেষণা এবং উন্নয়নজনিত খরচের নি:শেষিত অংশ সহ মোট অঙ্ককে সংশ্লিষ্ট কালের লাভ-ক্ষতির হিসাবে প্রদর্শন করতে হবে। এই খাতে বিলম্বিত খরচতে উর্দ্বতপত্রে 'বিবিধখাতে খরচ' এই শিরোনামে পৃথকভাবে প্রদর্শন করতে হবে।

●**AS – 9 আয়ের স্বীকৃতি :** এই মানে প্রতিষ্ঠানের লাভ-লোকসানের বিবরণীতে আয়ের স্বীকৃতি সম্পর্কে আলোচনা করা হয়েছে। প্রতিষ্ঠানের স্বাভাবিক কার্যকলাপ থেকে উদ্ভুত পণ্যের বিক্রয়ের জন্য, পরিষেবা বফা অন্য ব্যক্তি কর্তৃক প্রতিষ্ঠানের সম্পদ ব্যবহারের ফলে প্রাপ্ত সুদ, স্বত্ব—ভাড়া বা লভ্যাংশজনিত আয়কে এই মানের অর্ন্তভুক্ত করা হয়েছে। এই মান অনুযায়ী আয়ের স্বীকৃতি দানের ক্ষেত্রে প্রধান বিবেচ্য বিষয় হল লাভ-লোকসানের বিবরণীতে আয়ের স্বীকৃতির সময় নির্ধারণ। এই সময় নির্ধারণের ক্ষেত্রে একটি প্রধান নীতি হল পণ্য বিক্রয় সংক্রান্ত লেনদেনের ক্ষেত্রে প্রতিদানের বিনিময়ে ক্রেতাকে সম্পত্তির হস্তান্তর। অধিকাংশ ক্ষেত্রে সম্পত্তির স্বত্ব হস্তান্তরের সঙ্গে সঙ্গে ক্রেতার নিকট মালিকানা স্বত্ব সংক্রান্ত গুরুত্বপূর্ণ ঝুঁকি হস্তান্তরিত হয়। যে ক্ষেত্রে এর ব্যতিক্রম ঘটে সেই ক্ষেত্রে উক্ত ঝুঁকি এবং স্বত্ব হস্তান্তরের সময় আয়ের স্বীকৃতি দান করতে হবে। পরিষেবা প্রদানের ক্ষেত্রে আয়ের স্বীকৃতি আনুপাতিক সমাপ্তি পদ্ধতি বা সমাপ্ত সেবা পদ্ধতিতে করা যায়।

প্রথম ক্ষেত্রে, আয়ের স্বীকৃতি চুক্তির মূল্য, সংশ্লিষ্ট ব্যয়, কার্যবিলীর সংখ্যা বা অন্য উপযুক্ত ভিত্তিতে করতে হবে।

দ্বিতীয় ক্ষেত্রে, একটি মাত্র কাজের সম্পাদন নিয়ে কার্যসম্পাদন গঠিত হয়। এই ক্ষেত্রে যখন চূড়ান্ত কার্য সম্পাদন হয় এবং সেবা আদায়যোগ্য হয় তখন আয়ের স্বীকৃতি প্রদান করতে হবে।

সুদের ক্ষেত্রে বকেয়া অর্থের পরিমাণ, প্রযোজ্য সুদের হার এবং সময়ের ভিত্তিতে সুদজনিত আয়ের স্বীকৃতি প্রদান করতে হবে। স্বত্ব-ভাড়ার ক্ষেত্রে সংশিষ্ট চুক্তি অনুসারে এর স্বীকৃতি প্রদান করতে হবে। শেয়ারে লগ্নিজনিত লভ্যাংশের ক্ষেত্রে যতক্ষণ পর্যন্ত লভ্যাংশ প্রাপ্তির অধিকার জন্মায় ততক্ষণ পর্যন্ত একে স্বীকৃতি প্রদান করা যাবে না। বিদেশ থেকে প্রাপ্ত সুদ, স্বত্ব ভাড়া এবং লভ্যাংশের ক্ষেত্রে মুদ্রা বিনিময়ের অনুমতি প্রাপ্তি না ঘটলে এবং অর্থপ্রেরণের অনিশ্চয়তা দূর না হওয়া পর্যন্ত আয়ের স্বীকৃতি প্রদান বিলম্বিত করতে হবে।

প্রকাশকরণের জন্য ১নং হিসাব রক্ষণমানের প্রযোজ্য বিধি ছাড়াও যে ক্ষেত্রে আয়ের স্বীকৃতি বিলম্বিতকরণ করা হয়েছে তা প্রকাশ করতে হবে।

●**AS–10 স্থায়ী সম্পত্তির হিসাবনিকাশকরণ :** স্থায়ী সম্পত্তি প্রতিষ্ঠানের মোট সম্পত্তির একটি বৃহৎ অংশ বলে আর্থিক বিবরণী প্রস্তুতকরণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে। এই মান অনুযায়ী স্থায়ী সম্পত্তি বলতে সেই সকল সম্পত্তিকে বুঝায় যা প্রতিষ্ঠান পণ্য উৎপাদন বা পরিষেবা উৎপাদনের কাজে ব্যবহার করে। এই ধরনের সম্পত্তি পুনরায় বিক্রয়ের জন্য রক্ষিত হয় না। স্থায়ী সম্পত্তির শনাক্তকরণের জন্য এই নীতি প্রয়োগের জন্য সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজন হতে পারে। কারণ আপেক্ষিক গুরুত্ব কম হলে অনেকক্ষেত্রে স্থায়ী সম্পত্তিকে খরচ হিসাবে বিবেচনা করা যেতে পারে। এই মান অনুযায়ী স্থায়ী সম্পত্তির খরচের উপাদানের মধ্যে ক্রয়মূল্যের সঙ্গে এই সম্পত্তিকে কার্যকরী অবস্থায় আনতে প্রযোজ্য সমস্ত প্রত্যক্ষ খরচকে অন্তর্ভুক্ত করতে হবে। স্থায়ী সম্পত্তির নির্মাণ বা অধিগ্রহণের কাল পর্যন্ত উক্ত সম্পত্তির নির্মাণ বা অধিগ্রহণের জন্য বিলম্বিত ধার বা ঋণকৃত তহবিলের জন্য অর্থ সংস্থানের ব্যয় সংশ্লিষ্ট সম্পত্তির মূল্যের মধ্যে অর্ন্তভুক্ত করা যেতে পারে।

অন্য কোনও সম্পত্তির বিনিময়ে স্থায়ী সম্পত্তি অধিগ্রহণ করা হলে অধিকৃত সম্পত্তিটিকে এর ন্যায্য বাজার মূল্যে বা বিনিময়কৃত সম্পত্তির অবশিষ্ট মূল্যবাবদ প্রাপ্ত বা প্রদত্ত অর্থের মিলকরণ করবার পরে নীট মূল্যে ধরতে হবে। শেয়ার বা অন্য কোনও ঋণপত্রের বিনিময়ে কোনও স্থায়ী সম্পত্তি অধিগৃহীত হলে এই স্থায়ী সম্পত্তিকে শেয়ার বা ঋণপাত্রে ন্যায্য বাজার মূল্যে ধরতে হবে।

স্থায়ী সম্পত্তি পরিত্যাগ বা বিক্রয়ের জন্য কোনও লাভ-লোকসান উদ্ভুত হলে তা লাভ-লোকসানের হিসাবে প্রদর্শন করতে হবে। এই মানে স্থায়ী সম্পত্তির পুলর্মূল্যায়ন সংক্রান্ত পদ্ধতি আলোচনা করা হয়েছে। এর ফলে কোনও একটি শ্রেণীর সমস্ত স্থায়ী সম্পত্তিকে পুনর্মূল্যায়ন করা যেতে পারে বা সুনির্দিষ্ট ভাবে নির্বাচিত সম্পত্তিগুলিকে পুনর্মূল্যায়ন করা যেতে পারে। পুনর্মূল্যায়নের ফলে সম্পত্তির প্রদর্শিত মূল্য কখনোই এর আদায়ীকৃত মূল্যের বেশি হবে না। স্থায়ী সম্পত্তির উর্ধ্বমুখী মূল্যায়নের ক্ষেত্রে পুনর্মূল্যায়নের তারিখ পর্যন্ত পুঞ্জীভূত অবচিতির পরিমাণকে লাভ-লোকসানের হিসাবে ক্রেডিট করা যাবে না। পুনর্মূল্যায়নের ফলে সম্পত্তির মূল্য বৃদ্ধি পেলে এই অঙ্ককে পুনর্মূল্যায়নজনিত সঞ্চিতি হিসাবে প্রদর্শন করতে হবে। কিন্তু মূল্যহ্রাসের ক্ষেত্রে তাহা লাভ-লোকসানের হিসাবে খরচ হিসাবে প্রদর্শন করা যায়। কিন্তু পূর্বে এরূপ মূল্যায়নের ফলে মূল্য বৃদ্ধি হয়ে থাকলে উদ্ভুত পুনর্মূল্যায়নজনিত সঞ্চিতি থেকে এই মূল্য হ্রাসের অঙ্ককে বাদ দেওয়া যায়।

ভাড়াক্রয় পদ্ধতিতে স্থায়ী সম্পত্তি ক্রয় করা হলে উক্ত সম্পত্তিকে নগদমূল্যে প্রদর্শন করতে হবে। কিন্তু এই ক্ষেত্রে ব্যাখ্যা সহকারে উল্লেখ করতে হবে যে প্রতিষ্ঠানের হাতে উক্ত সম্পত্তির পূর্ণস্বত্ব নাই। সুনামের যে ক্ষেত্রে নগদ বা এর সমতুল্য মূল্য প্রদান করা হয়েছে শুধুমাত্র সেই ক্ষেত্রেই সুনামকে হিসাবের বইতে প্রদর্শন করা যাবে। পেটেন্ট স্বত্বের এর উন্নয়নের জন্য সমস্ত খরচকে মূলধনায়ন করতে হবে এবং এর আইনস্বীকৃত মেয়াদ বা কার্যকরী আয়ুষ্কাল, এদের মধ্যে যা কম, সেই সময়কালের মধ্যে একে নি:শেষ করতে হবে। এই মান অনুসারে আর্থিক বিবরণীতে নিম্নলিখিত বিষয়গুলি প্রকাশ করতে হবে : (ক) সংযুক্ত, বিক্রয়, অধিগ্রহণ এবং সম্পত্তির অন্যান্য পরিবর্তন সহ বৎসরের শুরুতে এবং শেষে সম্পত্তির মোট এবং নীট মূল্য। (খ) সম্পত্তির নির্মাণ বা অধিগ্রহণের ক্ষেত্রে প্রদত্ত খরচ এবং (গ) ঐতিহাসিক ব্যয়ের পরিবর্তে প্রতিস্থাপিত অঙ্ক এবং এর জন্য অনুসৃত পদ্ধতি।

●**AS–11 বৈদেশিক মুদ্রার বিনিময়ের হারের পরিবর্তনের ফলাফল সংক্রান্ত হিসাবনিকাশকরণ :** এই মান অনুযায়ী বৈদেশিক মুদ্রায় সংগঠিত লেনদেন এবং বৈদেশিক শাখার হিসাবকে আর্থিক বিবরণীতে উল্লেখ করবার জন্য স্থানীয় মুদ্রা বা প্রতিষ্ঠানের আর্থিক বিবরণী প্রকাশ করবার মুদ্রায় রূপান্তর করতে হবে। এই উদ্দেশ্যে প্রয়োজনীয় কিছু গুরুত্বপূর্ণ পদকে নিম্নলিখিত ভাবে সংজ্ঞায়িত করা হয়েছে :

(ক) বিনিময় হার : বিনিময় হার হল দুটি মুদ্রার বিনিময়ের আনুপাতিক হার যা কোনও সম্পত্তি আদায় অথবা দায় প্রদান বা পারস্পরিক লেনদেন লিপিবদ্ধ করবার জন্য ব্যবহৃত হয়।

(খ) গুড় হার : গড় হার বলতে কোনও নির্দিষ্ট সময়ের গড় বিনিময় হারকে বুঝায়।

(গ) অগ্রবতী হার : অগ্রবর্তী হার বলতে ভবিষ্যতে প্রযোজ্য চুক্তি নির্ধারিত বিনিময় হারকে বুঝায়।

(ঘ) অন্তিম হার : অন্তিম হার বলতে উর্দ্বতপত্রের তারিখের বিনিময় হারকে বুঝায়।

এই মানে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করা হয়েছে :

**(১) প্রাথমিক স্বীকৃতির সময় লেনদেন লিপিবদ্ধকরণ :** সাধারণ ক্ষেত্রে লেনদেন সংগঠিত হবার দিনে প্রযোজ্য হারে লেনদেনগুলিকে স্থানীয় মুদ্রায় রূপান্তর করতে হবে। পারস্পরিক সম্পর্কযুক্ত লেনদেনগুলির ক্ষেত্রে একই হার সমস্ত শ্রেণীর লেনদেনের জন্য ব্যবহার করতে হবে।

**(২) প্রাথমিক স্বীকৃতির পরবর্তীকালে বিনিময়ের পার্থক্য :** উর্দ্বতপত্র প্রকাশের তারিখে :

(ক) বৈদেশিক মুদ্রা, ব্যাংকস্থ নগদ, এবং অন্যান্য আর্থিক বিষয়গুলিকে অন্তিম হারে রূপান্তর করতে হবে।

(খ) স্থায়ী সম্পত্তি ছাড়া অনার্থিক বিষয়গুলি যা বৈদেশিক মুদ্রায় ঐতিহাসিক মূল্যে লিপিবন্ধ করা হয়েছে, এরূপ লেনদেনগুলিকে লেনদেনের তারিখে প্রযোজ্য হারে রূপান্তর করতে হবে। এই লেনদেনগুলি ন্যায্য মূল্যে বা আদায়ীকৃত মূল্যে বৈদেশিক মুদ্রায় লিপিবন্ধ করা হয়ে থাকলে উক্তমূল্য নির্ধারণের তারিখে প্রযোজ্য হারে রূপান্তর করতে হবে।

**(৩) বিনিময় হারের পার্থক্যের স্বীকৃতি :** বৈদেশিক মুদ্রার রূপান্তর জনিত পার্থক্যকে সংশ্লিষ্ট তারিখের আয় বা খরচ হিসাবে বিবেচনা করতে হবে। অগ্রবর্তী বিনিময় চুক্তির ক্ষেত্রে অগ্রবর্তী চুক্তির হার এবং লেনদেন সংগঠিত হবার তারিখের প্রযোজ্য হারের পার্থক্যকে লাভ বা লোকসান হিসাবে বিবেচনা করতে হবে।

**(৪) বৈদেশিক শখার আর্থিক বিবরণীর রূপান্তর :** প্রারম্ভিক পণ্য, অন্তিম পণ্য এবং অবচিতি ছাড়া অন্যান্য মুনাফাজাতীয় লেনদেনগুলিকে গড় হারে রূপান্তর করতে হবে। আর্থিক বিষয়গুলিকে অন্তম হারে রূপান্তর করতে হবে। মজুত পণ্য এবং স্থায়ী সম্পত্তি ছাড়া অন্যান্য অনার্থিক বিষয়গুলিকে সংশ্লিষ্ট তারিখের প্রযোজ্য হারে রূপান্তর করতে হবে। স্থায়ী সম্পত্তিকে সংশ্লিষ্ট তারিখের প্রযোজ্য হারে রূপান্তর করতে হবে। বৈদেশিক শাখার আর্থিক বিবরণী রূপান্তরের ফলে নীট পার্থক্যকে আয় বা ব্যয় হিসাবে বিবেচনা করতে হবে।

●**AS–12 সরকারি অনুদানের হিসাবনিকাশকরণ** : এই মানে সরকার প্রদত্ত নগদ অনুদান শুল্ক ফেরত এবং অনার্থিক অনুদানের হিসাবরক্ষণ সম্পর্কে আলোচনা করা হয়েছে।

সরকারি অনুদানের হিসাব কালে স্বীকৃতি সম্পর্কে এই মানে বলা হয়েছে যে প্রতিষ্ঠানটি নিশ্চিতভাবে অনুদান প্রাপ্তির শর্ত পূরণ করতে পারবে এবং অনুদানটি পাওয়া যাবে এরূপ ক্ষেত্রেই অনুদানকে হিসাবকালে স্বীকৃতি প্রদান করা যাবে।

কোনও নির্দিষ্ট স্থায়ী সম্পত্তির জন্য অনুদান পাওয়া গেলে তাহা উর্দ্বত পত্রে সেই সম্পত্তির মোট মূল্য থেকে বাদ দিতে হবে। স্থায়ী সম্পত্তির সমগ্রমূল্যের জন্য অনুদান পাওয়া গেলে সম্পত্তিটিকে নামিক মূল্যে উর্দ্বতপত্রে প্রদর্শন করতে হবে। বিকল্পভাবে, অবচয়যোগ্য স্থায়ী সম্পত্তির উপর প্রাপ্ত অনুদানকে বিলম্বিত আয় হিসাবে বিবেচনা করা হবে এবং সম্পত্তির কার্যকরী আয়ুষ্কালের মধ্যে লাভ লোকসানের হিসাবে আয় হিসাবে প্রদর্শন করা হবে। অনুদানটি আয় জাতীয় হলে যে সংশ্লিষ্ট বৎসরের খরচের পরিবর্তে এই অনুদান পাওয়া গেছে সেই বৎসরের লাভ লোকসানের হিসাবে আয় হিাসাবে প্রদর্শন করা হবে।

উদ্যোক্তার অংশ হিসাবে অনুদানের ক্ষেত্রে ইহাকে মূলধন সঞ্চিতি হিসাবে ক্রেডিট করা হবে এবং একে শেয়ারহোল্ডারদের তহবিল হিসাবে বিবেচনা করা হবে।

পূর্ববর্তী বৎসরের খরচ বা লোকসান পূরণের জন্য প্রাপ্ত অনুদান বা তাৎক্ষণিক আর্থিক সহায়তা প্রদানের জন্য অনুদানকে সংশ্লিষ্ট হিসাবকালের আয় হিসাবে প্রদর্শন করতে হবে। এরূপ অস্বাভাবিক বিষয়জনিত মিলকরণের জন্য হিসাব রক্ষণমান ৫-এর বিধান অনুসরণ করতে হবে। উদ্যোক্তার অংশ হিসাবে ফেরতযোগ্য অনুদানকে মূলধণী সঞ্চিতি থেকে বাদ দিতে হবে।

ফেরতযোগ্য অনুদানকে অস্বাভাবিক বিষয় হিসাবে বিবেচনা করে হিসাব রক্ষণ মান ৫-এর বিধান অনুসরণ করতে হবে।

উদ্যোক্তার অংশ হিসাবে ফেরতযোগ্য অনুদানকে মূলধনী সঞ্চিতি থেকে বাদ দিতে হবে।

এই হিসাবরক্ষন মান অনুসারে নিম্নলিখিত বিষয়গুলিকে প্রদর্শন করতে হবে :

(ক) আর্থিক বিবরণীতে উপস্থাপনার পদ্ধতিসহ অনুসৃত হিসাব রক্ষণ সংক্রান্ত নীতি।

(খ) আর্থিক বিবরণীতে সরকারি অনুদানের স্বীকৃতির পরিমাণ এবং হ্রাসপ্রাপ্ত মূল্যে বা বিনামূল্যে অনুদান প্রাপ্ত অনার্থিক সম্পত্তির পরিমাণ।

●**AS–13 লগ্নির হিসাবনিকাশকরণ** : এই মান অনুযায়ী লগ্নিবলিতে সেই সমস্ত সম্পত্তিকে বুঝানো হয়েছে যা কোনও প্রতিষ্ঠান লভ্যাংশ, সুদ, ভাড়া বা মূলধনী আয় অর্জন করবার উদ্দেশ্য বিনিয়োগ করে। প্রতিষ্ঠানের মজুত পণ্য হিসাবে রক্ষিত শেয়ার, ডিবেঞ্চার বা অন্যকোনও ঋণপত্রকে এই মানে লগ্নি হিসাবে বিবেচনা করা হয় নাই।

লগ্নির হিসাবরক্ষণের জন্য এই মানে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করা হয়েছে :

**(১) লগ্নির শ্রেণী বিভাগ** : আর্থিক বিবরণীতে লগ্নিকে চলতি এবং স্থায়ী লগ্নি এই দুই শ্রেণীতে ভাগ করতে হবে। এই শ্রেণী বিভক্তকরণের জন্য নির্দিষ্ট আইন থাকলে তা অনুসরণ করতে হবে। সুনির্দিষ্ট আইন না থাকলে আর্থিক বিবরণীতে সরকারি লগ্নি ডিবেঞ্চার, বণ্ড, অন্যসম্পত্তিতে লগ্নি আলাদা ভাবে প্রদর্শন করতে হবে।

**(২) লগ্নির খরচ** : লগ্নি ক্রয়ের জন্য প্রদত্ত দালালি, শুল্ক ইত্যাদিকে লগ্নির খরচের অন্তর্ভুক্ত করতে হবে। শেয়ার বা অন্য কোনও ঋণপত্রের বিনিময়ে কোনও লগ্নি ক্রয় করা হলে লগ্নির মূল্যকে উক্ত শেয়ার বা ঋণপত্রের ন্যায্য মূল্য হিসাবে ধরতে হবে। সম্পত্তির বিনিময়ে লগ্নি অধিগ্রহণ করা হলে লগ্নির মূল্যকে উক্ত সম্পত্তির ন্যায্য মূল্যে ধরতে হবে।

লগ্নি থেকে প্রাপ্ত লভ্যাংশ বা ভাড়াকে আয় হিসাবে বিবেচনা করা হয়। কিন্তু প্রাক্-অধিগ্রহণ কালের মুনাফা (pre-acquisition profit) থেকে প্রাপ্ত লভ্যাংশকে লগ্নির খরচ থেকে বাদ হিসাবে প্রদর্শন করতে হবে।

**(৩) লগ্নির বহনযোগ্য মূল্য (carrying amount of Investment) :** চলতি লগ্নিকে ক্রয়মূল্য বা ন্যায্যমূল্য এদের মধ্যে যা কম, সেই মূল্যে প্রদর্শন করতে হবে। এই মূল্য নির্ধারণের পদ্ধতি প্রতিটি লগ্নির জন্য বা এই শ্রেণীর সমস্ত লগ্নির ক্ষেত্রে প্রয়োগ করতে হবে। স্থায়ী লগ্নিকে ক্রয় মূল্যে প্রদর্শন করতে হবে। লগ্নির মুল্যায়নের ফলে উদ্ভূত লোকসানকে লোকসান হিসাবে লাভক্ষতির হিসাবে প্রদর্শন করতে হবে। লগ্নি বিক্রয়ের ফলে লাভ বা লোকসান হলে তাহা লাভ-লোকসানের হিসাবে প্রদর্শিত হবে।

**(৪) প্রকাশকরণ** : আর্থিক বিবরণীতে লগ্নি সংক্রান্ত নিম্নলিখিত তথ্যগুলি প্রকাশ করতে হবে :

(ক) লগ্নির মূল্য নির্ধারণ সংক্রান্ত নীতি।

(খ) লগ্নির শ্রেণীবিভক্তকরণ।

(গ) চলতি এবং স্থায়ী লগ্নি হইতে লভ্যাংশ বা সুদ হিসাবে প্রাপ্ত আয়।

(ঘ) চলতি এবং স্থায়ী সম্পত্তি বিক্রয়ের ফলে লাভ বা লোকসান।

(ঙ) শেয়ার বাজারে উল্লেখিত দরযুক্ত বা উল্লেখিত দরযুক্ত নহে এরূপ লগ্নির মোট পরিমাণ এবং এদের বাজার দর এবং

(চ) আইনানুগ অন্যান্য বিবরণ।

●**AS–14 সংযুক্তকরণের হিসাব নিকাশ করণ :** এই মানে সংযুক্তিকরণ এবং এর ফলে উদ্ভূত সুনামের হিসাবনিকাশকরণ সম্পর্কে আলোচনা করা হয়েছে। এই মানে দুই ধরনের সংযুক্তিকরণের কথা বলা হয়েছে। প্রথম ধরনের সংযুক্তিকরণের ক্ষেত্রে সংযুক্তকীরী কোম্পানী (transferor Company) সংযুক্ত কোম্পানীকে (transferee Company) এর সমস্ত সম্পত্তি এবং দায় প্রত্যর্পণ করবে এবং সংযুক্তকারী কোম্পানীর অন্ততপক্ষে 90% শেয়ারহোল্ডার সংযুক্ত কোম্পানীর শেয়ার হোল্ডার হবে। এই ধরনের সংযুক্তকরণকে একত্রীকরণ (merger) বলা হয়।

এই শর্তগুলি পূরণ না হলে এই ধরনের সংযুক্তিকরণকে ক্রয় বলা হবে।

হিসাব রক্ষণ মান 14 অনুযায়ী একত্রীকরণের ক্ষেত্রে স্বার্থের পুঞ্জীকরণ (pooling of Interests) পদ্ধতিতে হিসাব নিকাশ করতে হবে।

স্বার্থের পুঞ্জীকরণ পদ্ধতিতে সংযুক্ত কোম্পানীর আর্থিক বিবরণী প্রস্তুত করবার সময় সংযুক্তকারী কোম্পানীর লাভ লোকসানের জেরকে সংযুক্ত কোম্পানীর লাভ লোকসানের সঙ্গে যোগ করিয়া প্রদর্শন করতে হবে। বিলিকৃত শেয়ার মূলধন এবং সংযুক্ত কোম্পানীর শেয়ার মূলধনের পার্থক্যের পরিমাণকে সঞ্চিতি হিসাবে মিলকরণ করতে হবে।

দ্বিতীয় পদ্ধতি, অর্থাৎ ক্রয়ের ক্ষেত্রে ক্রয় পদ্ধতি অনুযায়ী হিসাব নিকাশ করতে হবে। এই ক্ষেত্রে সংযুক্ত কোম্পানীর আর্থিক বিবরণী প্রস্তুত করবার জন্য সংযুক্তকারী প্রতিষ্ঠানের সম্পত্তি এবং দায়গুলিকে এদের উল্লেখিত মূল্যে লিপিবদ্ধ করতে হবে। বিকল্প ভাবে, প্রদত্ত ক্রয় প্রতিদানকে চিহ্নিত সম্পত্তিগুলির সংযুক্তকরণের তারিখে ন্যায্য মূল্যের ভিত্তিতে বন্টন করা হবে। এই ক্ষেত্রে সংযুক্তকারী কোম্পানীর সঞ্চিতিতে সংযুক্তকারী কোম্পানীর আর্থিক বিবরণীতে প্রদর্শন করা হবে না।

এরূপ পদ্ধতিতে ক্রয় প্রতিদান নির্ধারণের পরে সংযুক্তকারী কোম্পানীর নীট সম্পত্তি এবং ক্রয় প্রতিদানের পার্থক্যকে সুনাম হিসাবে বিবেচনা করা হবে। ক্রয় প্রতিদানের পরিমাণ নীট সম্পত্তির মূল্য অপেক্ষা কম হলে এদের পার্থক্যকে মূলধনী সঞ্চিতি হিসাবে বিবেচনা করা হবে। সংযুক্তকরণের ফলে উদ্ভূত সুনামকে যুক্তিসঙ্গত ভাবে এর কার্যকরী আয়ুষ্কালের মধ্যে নি:শেষ করতে হবে। হিসাব রক্ষণ মান 14 অনুযায়ী পাঁচ বছর অপেক্ষা দীর্ঘ কোনও সময় কাল যুক্তিসিদ্ধ না হলে উক্ত সময়ের মধ্যে সুনামকে নি:শেষ করতে হবে।

স্বার্থের পুঞ্জীকরণ পদ্ধতিতে হিসাবনিকাশকরণের ক্ষেত্রে নিম্নলিখিত অতিরিক্ত বিষয়গুলি প্রকাশ করতে হবে :

(ক) সংযুক্তিকরণের প্রতিদানস্বরূপ প্রত্যেক কোম্পানীকে বিলিকৃত শেয়ারের অনুপাত, শেয়ারের সংখ্যা এবং বর্ণনা।

(খ) ক্রয় প্রতিদান এবং চিহ্নিত সম্পত্তির নীট মূল্যের পার্থক্য এবং ইহা হিসাবনিকাশকরণ।

ক্রয় পদ্ধতিতে আর্থিক বিবরণী প্রস্তুতের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলি প্রকাশ করতে হবে :

(i) সংযুক্তিকরণের জন্য প্রদত্ত ক্রয় প্রতিদান এবং এর বিবরণ।

(ii) ক্রয় প্রতিদান এবং চিহ্নিত নীট সম্পত্তির মূল্যের পার্থক্য এবং নি:শেষকরণের সময় সহ সুনামের হিসাবনিকাশকরণ।

●**AS–15 নিয়োগকর্তার আর্থিক বিবরণীতে অবসরকালীন ভাতার হিসাবনিকাশকরণ** : এই হিসাব নিকাশ সংক্রান্ত মানে নিম্নলিখিত বিষয়গুলিকে বিবেচনা করা হইয়াছে :

(ক) প্রভিডেণ্ড ফাণ্ড

(খ) বার্ধক্যকালীন ভাতা/পেনসন

(গ) গ্র্যাচুইটি

(ঘ) অবসর গ্রহণের সময় ছুটির পরিবর্তে লগদ প্রাপ্তি

(ঙ) অবসর গ্রহণের পরে স্বাস্থ্য এবং কল্যাণ যোজনা

(চ) অন্যান্য অবসরকালীন সুবিধা

এই মান অনুযায়ী প্রভিডেণ্ড ফাণ্ড এবং অন্যান্য নির্দিষ্ট যোজনায় নিয়োগ কর্তার চাঁদাকে লাভ — লোকসানের হিসাবে খরচ হিসাবে প্রদর্শন করতে হবে। বাৎসরিক চাঁদা ঘাটতি হলে উক্ত ঘাটতির পরিমাণকেও লাভ লোকসানের হিসাবে প্রদর্শন করতে হবে। উদ্বৃত্ত চাঁদাকে অগ্রিম প্রদান হিসাবে বিবেচনা করতে হবে।

গ্র্যাচুইটি এবং অন্যান্য যোজনার হিসাবনিকাশকরণ নিম্নলিখিত ভাবে করতে হবে :

(১) অবসরকালীন সুবিধা যদি নিয়োগকর্তার তহবিল থেকে প্রদান করা হয় সেই ক্ষেত্রে actuarial valuation পদ্ধতিতে দায়ের জন্য সংস্থানের হিসাব করতে হবে এবং লাভলোকসানের হিসাবে খরচ হিসাবে প্রদর্শন করতে হবে।

(২) ট্রাষ্টের সাহায্যে দায় পরিশোধের ক্ষেত্রে actuarial valuation – এর সাহায্যে প্রদত্ত খরচের পরিমাণ নির্ধারণ করতে হবে।

(৩) অবসরকালীন সুবিধার দায় প্রদান যদি বীমা কোম্পানীর সাহায্যে পরিচালিত হয় সেই ক্ষেত্রে প্রদত্ত চাঁদার পরিমাণ পর্যাপ্ত এই মর্মে বীমা কোম্পানীর কাছ থেকে actuarial প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। Actuarial প্রত্যয়ন পত্র অনুযায়ী চাঁদার পরিমাণে ঘাটতি থাকলে তা সংশ্লিষ্ট বৎসরের লাভ লোকসানের হিসাবে খরচ হিসাবে প্রদর্শন করতে হবে। উদ্বৃত্তের ক্ষেত্রে উক্ত চাঁদাকে অগ্রিম প্রদান হিসাবে বিবেচনা করতে হবে।

অবসরকালীন সুবিধার খরচ নির্ধারণের ক্ষেত্রে পদ্ধতিগত কোনও পরিবর্তন হলে তা হিসাবরক্ষণ মান 5 অনুযায়ী হিসাবনিকাশকরণ করতে হবে এবং লাভ লোকসানের হিসাবে প্রদর্শন করিতে হইবে। যে পদ্ধতিতে অবসরকালীন সুবিধার হিসাব করা হয়েছে তা আর্থিক বিবরণীতে প্রকাশ করতে হবে।

● **বাধ্যতামূলক হিসাব রক্ষণমান** (Mandatory Accounting Standards) : ভারতীয় ইন্স্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউনটেন্ট এ পর্যন্ত 15টি হিসাব রক্ষণ মান প্রকাশ করছে। কিন্তু ইন্স্টিটিউটের কাউন্সিলের নির্দেশ অনুযায়ী 13টি হিসাবরক্ষণ মানকে বাধ্যতামূলক করা হয়েছে। এর ফলে ইন্স্টিটিউটের সদস্যদের নিশ্চিতকরতে হবে যে আর্থিক বিবরণী প্রস্তুত করণের ক্ষেত্রে এই মানগুলি অনুসরণ করা হয়েছে। কোনও ক্ষেত্রে এর ব্যতিক্রম ঘটলে নিরীক্ষককে অবশ্যই তা প্রতিবেদনে উল্লেখ করবেন।

বাধ্যতামূলক 13টি হিসাবরক্ষণ মান নিম্নরূপ :

AS-1 হিসাবনিকাশকরণের নীতির প্রকাশ।

AS-4 উর্দ্বতপত্রের তারিখের পরে সংঘঠিত অনিশ্চিত সম্ভাবনা ও ঘটনা

AS-6 অবচিতির হিসাবনিকাশকরণ।

AS-7 নির্মাণ কার্যের চুক্তিসংক্রান্ত হিসাব নিকাশকরণ।

AS-8 গবেষণা ও উন্নয়নের হিসাব নিকাশ করণ।

AS-9 আয়ের স্বীকৃতি।

AS-10 স্থায়ী সম্পত্তির হিসাবনিকাশকরণ।

AS-11 বৈদেশিক মুদ্রার বিনিময় হারের পরিবর্তনের ফলাফল সংক্রান্ত হিসাবনিকাশকরণ।

AS-12 সরকারি অনুদানের হিসাবনিকাশকরণ।

AS-13 লগ্নির হিসাবনিকাশকরণ।

AS-14 সংযুক্তিকরণের হিসাবনিকাশকরণ।

AS-15 নিয়োগকর্তার আর্থিক বিবরণীতে অবসরকালীন ভাতার হিসাবনিকাশকরণ।

## ৯৮.৫ অনুশীলনী

**(ক) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর :**

১. হিসাবরক্ষণমান বলিতে কী বোঝেন?

২. হিসাবরক্ষণ মানের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করুন?

৩. হিসাবরক্ষণ মানের সুবিধা আলোচনা করুন?

**(খ) দীর্ঘ প্রশ্নোত্তর :**

১. ভারতীয় হিসাবরক্ষণ মান বিষয়ক পর্ষদের উদ্দেশ্য আলোচনা করুন।

২. ভারতে হিসাবরক্ষণ মান কীভাবে প্রস্তুত করা হয়?

৩. ভারতে বর্তমান হিসাবরক্ষণ মানগুলির নাম উল্লেখ করুন। ইহাদের মধ্যে কোন মানগুলি বাধ্যতামূলক।

৪. ভারতীয় হিসাবরক্ষণ মানের বিষয়বস্তুগুলি সংক্ষেপে আলোচনা করুন।

## ৯৮.৬ গ্রন্থপঞ্জী

১. ICAI (1998) Compendium of Accounting Standards. ICAI, New Delhi

২. Shirin Rathore (1996) International Accounting, Prentice Hall of India. New Delhi.

# একক ৯৯ ❑ সামাজিক হিসাবরক্ষণ

গঠন


৯৯.০ প্রস্তাবনা

৯৯.১ সামাজিক হিসাবরক্ষণের প্রকৃতি

৯৯.২ সামাজিক হিসাবরক্ষণের পরিমাপ পদ্ধতি

৯৯.৩ সামাজিক হিসাবরক্ষণের কতিপয় প্রয়োগ

৯৯.৪ উপসংহার

৯৯.৫ অনুশীলনী

৯৯.৬ গ্রন্থপঞ্জী


## ৯৯.০ প্রস্তাবনা

হিসাব রক্ষণকে কারবারের ভাষা বলা হয়। এর প্রধান উদ্দশ্য হল কারবারী প্রতিষ্ঠানের অর্থনৈতিক লেনদেনগুলি সম্পর্কে সংশ্লিষ্ট ব্যক্তিগণকে তথ্য প্রধান করা। এই তথ্যপ্রদানের প্রক্রিয়া কতগুলি পূর্বনির্ধারিত অনুমান, ধারনা, তত্ত্ব, আদিকল্প, ব্যবহারিক প্রয়োগ বিধি ইত্যাদির সাহায্যে করা হয়। সংক্ষেপে এদের হিসাবরক্ষণ সংক্রান্ত নীতি বলা হয়। হিসাবরক্ষণ সংক্রান্ত এই নীতিগুলি কতগুলি মৌলিক অনুমানের ওপর নির্ভরশীল। এ মৌলিক অনুমানগুলি হল :

**(ক) অর্থনৈতিক স্বত্বা :** কারবারী প্রতিষ্ঠানের লেনদেনগুলি দুই বা ততোধিক অর্থনৈতিক স্বত্বার মধ্যে সংঘটিত হয় বলে অনুমান করা হয়।

**(খ) পরিমাপের একক :** অর্থকে পরিমাপের একমাত্র একক হিসাবে ধরা হয়। পণ্য, সেবা, শ্রমিকের অবাদন, মূলধন, প্রাকৃতিক এবং অপ্রাকৃতিক সম্পদ ইত্যাদিকে শুধুমাত্র অর্থের এককে পরিমাপ করা হয়। এই অনুমানের ফলে অর্থের এককে পরিমাপ যোগ্য নয় এমন কোনও বিষয়কে হিসাবরক্ষণের অন্তর্ভুক্ত করা হবে না।

**(গ) বাজার মূল্য :** হিসাবরক্ষণ সংক্রান্ত তথ্যগুলি অতীত, বর্তমান বা ভবিষ্যতে বাজারে সংঘটিত লেনদেনের উপর নির্ভরশীল।

**(ঘ) বাস্তবমুখীতা :** হিসাবরক্ষণের অত্যন্ত গুরুত্বপূর্ণ এই নীতিটি প্রমাণযোগ্য লেনদেনের উপর নির্ভরশীল। অর্থাৎ বাজার লেনদেনজনিত সঠিক প্রমাণ না থাকলে কোনও ঘটনাকে হিসাবরক্ষণের জন্য গণ্য করা যাবে না।

**(ঙ) তথ্যের ব্যবহারকারী :** শেয়ারহোল্ডার, পাওনাদার এবং অন্যান্য ব্যক্তিগণ যারা প্রতিষ্ঠানকে অর্থ সরবরাহ করেন তারাই তথ্যের ব্যবহারকারী। এই ধারণার ফলে আর্থিক বিবরণী এই ব্যক্তিদের স্বার্থ রক্ষার জন্য প্রস্তুত করা হয়।

হিসাবরক্ষণের অন্যান্য ব্যবহারিক রীতি বা নীতি (যথা চলমান প্রতিষ্ঠান সংক্রান্ত রীতি, সময়কাল সংক্রান্ত রীতি, ইত্যাদি) উপরিউক্ত নীতিগুলির পরিপূরক হিসাবে বিবেচিত হয়।

এই মৌলিক অনুমানগুলি হিসাব রক্ষণের একমাত্র আদর্শ হিসাবে বিবেচিত হইবার জন্য প্রথাগত হিসাবরক্ষণের বহু সীমাবদ্ধতা লক্ষ করা যায়।

**প্রথমত :** প্রথাগত হিসাবরক্ষণে প্রতিষ্ঠানের সঙ্গে অন্য কোনও অর্থনৈতিক স্বত্বার পণ্য এবং সেবার বিনিময় স্বীকৃত হয়, কিন্তু প্রতিষ্ঠানের মানব সম্পদ সংক্রান্ত পরিবর্তনকে হিসাবরক্ষণের মধ্যে গণ্য করা হয় না।

**দ্বিতীয়ত :** কারবার সমাজের একটি অঙ্গ হওয়া সত্ত্বেও সমাজের সঙ্গে কারবারের আর্থিক লেনদেন ব্যতীত অন্যান্য লেনদেনকে অস্বীকার করা হয়।

**তৃতীয়ত :** কারবারী কার্যকলাপের ফলে সামাজিক সম্পদের যে ভোগ বা ক্ষতি হয় তাহা হিসাবরক্ষণে সম্পূর্ণরূপে উপেক্ষিত হয়।

**চতুর্থত :** বর্তমান পরিবেশ দূষণে কারবারের গুরুত্বপূর্ণ ভূমিকা থাকা সত্বেও হিসাবরক্ষণে তাহার কোনও প্রতিফলন থাকে না।

এককথায় প্রথাগত হিসাব রক্ষণে সমাজের সহিত কারবারের সম্পর্কের দিকটি সম্পূর্ণভাবে উপেক্ষিত থাকে।

প্রথাগত হিসাব রক্ষণের এই গুরুত্বপূর্ণ ত্রুটিগুলি সংশোধন করবার জন্য ১৯৬০ সালের শুরুর দিকে হিসবারক্ষণ তত্ত্বে এক ধরনের নূতন চিন্তার উন্মেষ ঘটে। ১৯৬৬ সালে যুক্তরাষ্ট্রে হিসাবরক্ষকদের সংস্থা (American Accounting Association) মতামত প্রকাশ করে যে, হিসাবরক্ষণ একটি তথ্য প্রদানকারী ব্যবস্থা। এর প্রধান কাজ হল আর্থ-সামাজিক পরিপ্রেক্ষিতে কারবারের অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ কার্যকলাপ সম্পর্কে তথ্য প্রদান করা। অনুরূপ ভাবে হিসাবরক্ষণের উদ্দেশ্য সম্পর্কে Trueblood Committee-এর প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, আর্থিক বিবরণীর একটি উদ্দেশ্য হল সমাজের উপর প্রভাব আছে কারবারের এমন কার্যকলাপ, যা বর্ণনা করা যায় বা পরিমাপ করা যায়, সেই বিষয়ে প্রতিবেদন প্রস্তুত করা (''An objective of financial Statements is to report on those activities of the enterprise affecting Society which can be determined and described or measured and which are important to the role of the enterprise in its social environment.'')।

১৯৭৬ সালে যুক্তরাজ্যে হিসাবরক্ষকদের সংস্থা ইন্স্টিটিউট অব চার্টার্ড অ্যাকাইন্টেন্টস ইন্ ইংল্যাণ্ড অ্যাণ্ড ওয়েলস Corporate Report নামে হিসাবরক্ষণের বহুমুখী উদ্দশ্য সম্পর্কে যে প্রতিবেদন প্রকাশ করে তার মধ্যেও হিসাবরক্ষণের সামাজিক গুরুত্বের কথা বলা হয়েছে। এর ফলে ১৯৭০ সালের শুরুর দিকে সামাজিক হিসাবরক্ষণ নামে হিসাব রক্ষণের একটি নূতন দিগন্তের উন্মেষ ঘটে। এর মূল উদ্দেশ্য হল সমাজের বিভিন্ন শ্রেণীর উপর কারবারী কার্যকলাপের ফলাফল বিশ্লেষণ করা এবং প্রকাশ করা।

## ৯৯.১ সামাজিক হিসাবরক্ষণের প্রকৃতি (Nature of Social Accounting) :

বিগত তিন দশক ধরে সামাজিক হিসাবরক্ষণের গুরুত্ব বহুল ভাবে আলোচিত হওয়া সত্বও হিসাবরক্ষকগণ এর সর্বজনসম্মত কোনও সংজ্ঞা প্রদান করতে পারে নি।

হিসাবরক্ষণের প্রধান কাজ পরিমাপ করা এবং সেই পরিমাপকে প্রতিবেদনের সাহায্যে সংশ্লিষ্ট ব্যক্তিদের নিকট প্রকাশ করা। প্রথাগত হিসাবরক্ষণের ক্ষেত্রে এর পূর্ব নির্ধারিত উদ্দেশ্য এবং রীতি এবং নীতি থাকার ফলে হিসাবরক্ষকগণ সহজেই উদ্দেশ্যগত ভাবে কার্যটি সম্পাদন করতে পার। সুতরাং সামাজিক হিসাবরক্ষণের ক্ষেত্রে অনিবার্যভাবে যে প্রশ্নটির সম্মুখীন হতে হয় তা হল কী পরিমাপ করতে হবে এবং এর পরিমপের মাপকাঠি কী হবে? এই প্রশ্নের সন্তোষজনক উত্তর পাওয়া গেলে তবেই সামাজিক হিসাবরক্ষণের পদ্ধতি নির্দ্ধারণ করা সম্ভব হবে। সামাজিক হিসাব রক্ষণের জনক হিসাবে স্বীকৃত David F. Linowes যে সংজ্ঞা প্রদান করেছেন তাতে সামাজিক হিসাব রক্ষণ হল সমাজ বিজ্ঞানের ক্ষেত্রে হিসাব রক্ষনের প্রয়োগ। সমাজ বিজ্ঞান, রাষ্ট্র বিজ্ঞান এবং অর্থনীতি এর অন্তর্ভুক্ত। (It is the ''application of accounting in the field of Social Sciences. These include sociology, political Science and economics.'')

সামাজিক হিসাব রক্ষণের অন্য একজন পথিকৃৎ S.C. Mobley-এর মতে সামাজিক হিসাবরক্ষণ হল সরকার এবং উদ্যোক্তাদের ব্যবহারের আর্থিক এবং সামাজিক ফলাফলের বিন্যাস পরিমাপ এবং বিশ্লেষণ (Social accounting is ''the ordering, measuring and analysis of the social and economic consequences of governmental and entrepreneural behaviour.'')।

বস্তুত উপরিউক্ত সংজ্ঞাগুলি সামাজিক হিসাব রক্ষণের সঠিক কার্যক্ষেত্র সম্পর্কে কোনও ইঙ্গিত প্রদান করো না!

যেহেতু কারবারী কার্যকলাপের সামাজিক ফলাফল বহুবিধ হতে পারে, সেইজন্য Ralph W. Estes-এর মতে সামাজিক হিসাব রক্ষণের সম্ভাব্য ক্ষেত্রগুলির মধ্যে জাতীয় আয়ের পরিমাপ, কারবারের সামাজিক কার্যকলাপের মূল্যায়ন, সামাজিক উন্নয়নে হিসাব রক্ষণের ভূমিকা এবং সামাজিক উন্নয়নের সূচককে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

KV. Ramanathan এবং অন্যান্য বিশেষজ্ঞদের মতে সামাজিক হিসাবরক্ষণের সম্ভাব্য ক্ষেত্রগুলির মধ্যে প্রতিষ্ঠানের সামাজিক অবদান, মানব সম্পদের অবদান, পণ্য এবং সেবাজনিত অবদান এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় প্রতিষ্ঠানের অবদানের মতো বিষয়কে অন্তর্ভুক্ত করা যেতে পারে। অনেক বিশেষজ্ঞের মতে কর্মক্ষেত্রে লিঙ্গগত, বর্ণগত, জাতিগত বৈষম্য এবং একই কাজের জন্য পারিশ্রমিকের বৈষম্যের মতো বিষয়কেও সামাজিক হিসাবে রক্ষণের অন্তর্ভুক্ত করা যেতে পারে।

যুক্তরাষ্ট্রের হিসাব রক্ষকদের জাতীয় সংস্থা (National Association of Accountants) সামাজিক হিসাব রক্ষণের পরিধি সম্পর্কে একটি দীর্ঘ তালিকা প্রস্তুত করেছে। এই তালিকা অনুযায়ী নিম্নলিখিত বিষয়গুলিকে সামাজিক হিসাব রক্ষণের অন্তর্ভুক্ত করা যেতে পারে :

(ক) সমাজসেবা জনিত (Community Involvement)

১. সাধারণ দান (General Philanthrophy)

২. সরকারি এবং বেসরকারি পরিবহণ (Public and Private Transportation)

৩. স্বাস্থ্য পরিষেবা (Health Services)

৪. গৃহযোজনা (Housing)

৫. ব্যক্তিগত এবং কারবারী সমস্যায় সাহায্য প্রদান (Aids in personal and business problems)

৬. স্বেচ্ছা সেবা (Voluntary activities)

৭. সামাজিক যোজনা এবং উন্নয়ন (Community Planning and Improvement)

৮. বিশেষ খাদ্য যোজনা (Specialized food progtrammes)

৯. শিক্ষা (Education)

(খ) মানব সম্পদ (Human Resources)

১. নিয়োগ সংক্রান্ত রীতি (Employment practice)

২. প্রশিক্ষণসূচী (Training Programmes)

৩. পেশায় উন্নতির নীতি (Promotion policies)

৪. নিয়োগের ধারাবাহিকতা (Continuity in Employment)

৫. পারিশ্রমিক এবং কর্মক্ষেত্রে পরিবেশ (Remuneration and working conditions)

৬. নেশা এবং মাদক দ্রব্যের ব্যবহার (Use of Drug and alcohol)

৭. কর্মের পরিবর্ধন (Job enrichment)

৮. যোগাযোগ (Communication)

(গ) প্রাকৃতিক সম্পদ এবং পরিবেশগত অবদান (Physical Resources and Environmental contributions)

(১) বাতাস (Air), (২) জল (Water), (৩) শব্দ (Sound), (৪) স্তুপীকৃত আবর্জনা (Solid waste), (৫) বিরল সম্পদের ব্যবহার (Use of Scarce Resources), (৬) নান্দনিক বিষয় (Aesthetics)

(ঘ) পণ্য বা সেবাজনিত অবদান (Product or Service Contribution)

১. সম্পূর্ণতা এবং মোড়ক এবং বাজারজাত করণে স্বচ্ছতা (Completeness and clarity of labelling packaging and marketing representation)

২. বিক্রয় সংক্রান্ত শর্ত (Warranty provisions)

৩. ক্রেতার অভিযোগে সাড়া প্রদান (Responsiveneas to consumer Complaints)

৪. ভোক্তা শিক্ষিতকরণ (Consumer education)

৫. পণ্যের গুণমান (Product quality)

৬. পণ্যের নিরাপত্তা (Product Safety)

৭. বিজ্ঞাপনের বিষয়বস্তু (Content of advertising)

৮. গঠনমূলক গবেষণা (Constructive Research)

উপরিউক্ত তালিকা থেকে এই ধারণায় উপনীত হওয়া যেতে পারে যে আর্থ-সামাজিক পরিপ্রেক্ষিতে কারবারী কার্যকলাপ জনিত যে কোনও সমস্যাই সামাজিক হিসাব রক্ষণের বিষয়বস্তু হতে পারে।

সামাজিক হিসাব রক্ষণের পরিধি এরূপ বিস্তৃত হবার জন্য এর প্রয়োগ পদ্ধতি এবং পরিমাপের মাপকাঠিও বিভিন্ন প্রকার হতে পারে। প্রথাগত হিসাব রক্ষণের ক্ষেত্রে অর্থকে পরিমাপের একমাত্র মাপকাঠি হিসাবে বিবেচনা করা হয়। কিন্তু এই ক্ষেত্রে অর্থ ভিন্ন অন্যান্য মাপকাঠির ব্যবহারও প্রয়োজন হতে পারে। S.C. Mobley-এর মতে সামাজিক হিসাবরক্ষণের প্রয়োগের জন্য প্রথাগত হিসাবরক্ষণের অনেক রীতি এবং নীতিকে ত্যাগ করা প্রয়োজন।

## ৯৯.২ সামাজিক হিসাবরক্ষণের পরিমাপ পদ্ধতি (Measurement Techniques in Social Accounting) :

হিসাবরক্ষণের ক্ষেত্রে পরিমাপ বলিতে সাধারণত: অর্থের অঙ্কে লেনদেনের পরিমাপকরণ বা চিহ্নিত করণ বুঝায়। বাণিজ্যিক লেনদেনের ক্ষেত্রে আর্থিক অঙ্ক লেনদেনের পরিমাপের একমাত্র ভিত্তি হলেও সামাজিক হিসাবরক্ষণের সংশ্লিষ্ট বিষয়গুলির ক্ষেত্রে আর্থিক পরিমাপের সীমাবদ্ধতা সুস্পষ্ট। কর্মক্ষেত্রে পরিবেশ বা প্রতিষ্ঠান কর্তৃক জল, বাতাস বা অন্যান্য প্রাকৃতিক সম্পদের ব্যবহার এবং অপব্যবহার গুরুত্বপূর্ণ বিষয় হওয়া সত্ত্বেও এদের নির্ধারিত বাজার মূল্য না থাকায় অর্থের অঙ্কে পরিমাপ করা যায় না। সুতরাং প্রথাগত হিসাব রক্ষণের সীমাবদ্ধতাকে অতিক্রম করতে হলে সামাজিক হিসাবরক্ষণের ক্ষেত্রে অবশ্যই বিকল্প পরিমাপ পদ্ধতি অনুসরণ করতে হবে।

এই বিকল্প পদ্ধতি অনুযায়ী অর্থের অঙ্কে পরিমাপ করা যায় না এরূপ কোনও সংশ্লিষ্ট ঘটনাকে একটি সংখ্যার সাহায্যে (Physical Number) প্রকাশ করা যেতে পারে বা উক্ত ঘটনাকে ভাষার সাহায্যে বর্ণনা (Descriptive Reporting) করা যেতে পারে।

হিসাবরক্ষণের প্রধান কাজ হল এর ব্যবহারকারীরা সিদ্ধান্ত নিতে পারে এরূপ তথ্য প্রদান করা। সুতরাং প্রতিষ্ঠানের অর্থনৈতিক লেনদেন ছাড়াও বৃহত্তর সমাজের সহিত অন্যান্য লেনদেনকে যদি বিকল্প পরিমাপ পদ্ধতির সাহায্যে প্রকাশ করা যায় তা হলে ইহা উক্ত উদ্দেশ্যের সহায়ক বলে ধরা যেতে পারে।

উদাহরণস্বরূপ জলে দূষণের মাত্রা নির্ধারণ করবার জন্য পরিবেশ বিজ্ঞানীরা BOD (Biological Oxygen Demand)-এর পরিমাপ করেন। BOD একটি সংখ্যায় প্রকাশ করা হয়। বৈজ্ঞানিক এই পরিভাষাটি জলে অতিরিক্ত জৈবিক পদার্থের পুঞ্জীভূত হবার জন্য জলজ প্রাণীর অতিরিক্ত অক্সিজেনের চাহিদা বুঝায়। এই সংখ্যাটি দূষণের একটি সূচক হিসাবে বিবেচিত হয়।

কোনও একটি প্রতিষ্ঠানের নিকটস্থ নদীর জলে বর্জ্য পদার্থ পরিত্যাগ করার ফলে জলের BOD-এর পরিমাণ 500 mg/1 (microgram per litre) হয়েছে। এই সংখ্যাটি হিসাব রক্ষক, প্রতিষ্ঠান বা স্থানীয় বাসিন্দাদের নিকট কোনও ইঙ্গিতপূর্ণ তথ্য বহন করে না। কিন্তু জলে BOD-এর পরিমাণ 300 mg/1 অপেক্ষা বৃদ্ধি পেলে পরিবেশের ভারসাম্য নষ্ট হয় এই তথ্যটি জানা থাকলে "প্রতিষ্ঠানের বর্জ্য পদার্থ ত্যাগের ফলে নদীর জলে BOD-এর পরিমাণ 500 mg/1" এই তথ্যটি প্রতিষ্ঠানের পরিবেশগত বা সামাজিক দায়িত্বের একটি তথ্যপূর্ণ ইঙ্গিত প্রদান করে। সুতরাং সংখ্যাটিকে সামাজিক হিসাবরক্ষণের জন্য একটি তথ্য হিসাবে বিবেচনা করা যেতে পারে। অনুরূপ ভাবে, কোনও প্রতিষ্ঠানে কর্মীদের মধ্যে উচ্চবর্ণ এবং তফসিলি কর্মীর অনুপাত 4 : 1 বা পুরুষ নারীর অনুপাত 4 : 1 এই সংখ্যাটি প্রতিষ্ঠানের বর্ণগত বা লিঙ্গগত বৈষম্যের চিত্র প্রদান করতে পারে। সুতরাং এই ঘটনাগুলি আর্থিক অঙ্কে প্রকাশ করা না গেলেও বিকল্প সংখ্যার সাহায্যে এদের পরিমাপ করে প্রতিষ্ঠানের সামাজিক দায়িত্বের একটি চিত্র প্রদান করা যেতে পারে।

অনেক বিশেষজ্ঞের মতে সংখ্যা ছাড়া শুধুমাত্র ভাষার সাহায্যেও (descriptive report) সংশ্লিষ্ট কোনও সামাজিক ঘটনাকে প্রকাশ করা যেতে পারে। উদাহরণস্বরূপ, একটি প্রতিষ্ঠান নীতি গ্রহণ করেছে যে বিকলাঙ্গদের প্রতি সহমর্মিতার নিদর্শন স্বরূপ টাইপিষ্ট পদগুলির জন্য শুধমাত্র বিকলাঙ্গদেরই নিয়োগ করা হবে। উক্ত ঘটনাটি আর্থিক অঙ্কে প্রকাশ বা অন্যকোনও সংখ্যার সাহায্যে প্রকাশযোগ্য না হলেও ঘটনাটির বর্ণনা প্রতিষ্ঠানের সামাজিক দায়িত্বের ইঙ্গিত বহন করে। এই ধরনের ঘটনাকে পাদটীকার সাহায্যে আর্থিক বিবরণীতে উল্লেখ করা যেতে পারে অথবা প্রতিষ্ঠানের সভাপতির প্রতিবেদনে আলাদা অংশ হিসাবে প্রকাশ করা যেতে পারে।

সামাজিক হিসাব রক্ষণের মূল উদ্দেশ্য হল প্রতিষ্ঠানের কার্যকলাপ হইতে উদ্ভুত ঘটনা যার সামাজিক গুরুত্ব আছে এরূপ ঘটনাকে প্রকাশ করা। সুতরাং ঘটনাগুলি যদি আর্থিক অঙ্কে পরিমাপযোগ্য না হয় তা হলে এদের প্রকাশ করনের জন্য বিকল্প পরিমাপ পদ্ধতি অবশ্যই ব্যবহার করতে হবে।

## ৯৯.৩ সামাজিক হিসাবরক্ষণের কতিপয় প্রয়োগ (Some Application of Social Accounting) :

অতীতে সামাজিক হিসাব রক্ষণের প্রয়োগ পদ্ধতির উপর অনেক গবেষণা হলেও খুব অল্প ক্ষেত্রেই সফলভাবে এর প্রয়োগ হয়েছে। এই অংশে সামাজিক হিসাব রক্ষণের কতিপয় প্রয়োগ পদ্ধতি আলোচনা করা হল :

**(ক) Linowes-এর আর্থ-সামাজিক কার্যাবলীর বিবরণী (Linowes' Socio-Economic Operating Statement) :** ১৯৭২-৭৩ সালে Linowes তাঁর গবেষণাপত্রে আর্থ-সামাজিক নিরীক্ষার

প্রস্তাব করেন। এই নিরীক্ষার ফলে জনসাধারণ, পরিবেশ এবং পণ্যের উন্নয়ন সংক্রান্ত তথ্য প্রকাশ করা যাবে। এই বিবরণীর মূল বৈশিষ্ট্যগুলি নিম্নরূপ :

(ক) কর্মীদের কল্যাণ এবং অন্যান্য বিষয়ে প্রতিষ্ঠান স্বেচ্ছায় খরচ করলে এই বিষয়ে উন্নতি প্রতিফলিত হবে।

(খ) কার্যপরিচালনার অত্যাবশ্যক খরচগুলিকে এই বিবরণীর অন্তর্ভুক্ত করা হবে না।

(গ) সামাজিক উন্নয়নে প্রতিষ্ঠানের খরচগুলিকে এই বিবরণীর অন্তর্ভুক্ত করা হবে।

(খ) Seidler -এর সামাজিক আয় বিবরণী (Siedler's Social Income Statement) : Seidler -এর সামাজিক আয় বিবরণী দুইটি ছকের সাহায্যে প্রস্তুত করা হয়েছে। প্রথম ছকটি মুনাফাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য এবং দ্বিতীয়টি অমুনাফাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য। এই পদ্ধতির প্রধান বৈশিষ্ট্যগুলি নিম্নরূপ :

(ক) প্রথম ছকটি মূল্য সংযুক্তকরণ (Value added) পদ্ধতিতে প্রস্তুত করা হয়। প্রতিষ্ঠানের মোট অর্থনৈতিক মূল্য উৎপাদন যা প্রতিষ্ঠান এবং এর কর্মীদের মধ্যে বন্টন হয় তাকে মূল্য সংযুক্তকরণ বলা হয়। প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের মূল্য থেকে এর উপাদানগুলির খরচকে বাদ দিলে মূল্য সংযুক্তকরণেরর পরিমাণ পাওয়া যায়। সামাজিক আয় বিবরণীতে মূল্য প্রদান করা হয়নি এরূপ অবাঞ্ছিত কার্যের মূল্যকে বাদ দেওয়া হয় এবং মূল্য পাওয়া যায়নি এরূপ কাঙ্ক্ষিত কার্যাবলীর মূল্যকে যোগ করা হয়। এরূপ পদ্ধতিতে যে অবশিষ্ট মূল্য পাওয়া যায় তাকে সামাজিক আয় বা ক্ষতি বলা হয় এবং ইহা প্রতিষ্ঠানের সামাজিক অবদান হিসাবে বিবেচিত হয়। Seidler -এর দ্বিতীয় ছকটি আয় এবং খরচ, এই দুই অংশে বিভক্ত। এই ছকে আর্থিক এবং অনার্থিক বিষয়গুলি উল্লেখিত হয়। অনার্থিক বিষয়গুলিকে ছায়া দামের (Shadow price) সাহায্যে মূল্যায়ন করা হয়।

**(গ) Estes -এর সার্বিক সামাজিক হিসাবরক্ষণ পদ্ধতি (Estes' Comprehensive Social Accounting Model) :** ১৯৭৬ সালে Ralph Estes প্রস্তাবিত পদ্ধতিটি সামাজিক সুবিধা এবং খরচ সংক্রান্ত একটি সার্বিক পদ্ধতি। এই পদ্ধতির প্রধান বৈশিষ্ট্যগুলি নিম্নরূপ :

(ক) প্রতিষ্ঠানের কার্যাবলীর অপ্রত্যক্ষ ফলাফলকে পাদটীকার সাহায্যে প্রকাশ করা হয়। এর ফলে অপ্রত্যক্ষ সামাজিক সুবিধা এবং ব্যয়গুলিকে চিহ্নিতকরণ এবং পরিমাপ সংক্রান্ত অসুবিধার সম্মুখীন হতে হয় না। পাদটীকা ব্যবহার করার ফলে প্রথাগত আর্থিক বিবরণীতে গুরুত্বপূর্ণ পরিবর্তনের প্রয়োজন হয় না।

(খ) প্রতিষ্ঠানের কার্যাবলীর প্রত্যক্ষ ফলাফলকে সামাজিক বিবরণীতে (Social Impact Statement) প্রদর্শন করা হয়।

(গ) সামাজিক ব্যয় এবং সুবিধার পদ্ধতিতে (Social Cost and Benefit Approch) সমাজের দৃষ্টিকোণ থেকে প্রত্যেকটি সুবিধা এবং খরচকে পরিমাপ করা হয়।

(ঘ) **Charnes, Colantoni এবং Coopper বর্ণিত বহুমুখী হিসাবরক্ষণ (Mlulti-dimensional Accounting as described by Charnes, Colantoni and Cooper) :** Charnes এবং সহযোগী লেখক বর্ণিত এই পদ্ধতিটিতে প্রথাগত হিসাবরক্ষণের সঙ্গে অর্থের অঙ্কে পরিমাপযোগ্য এবং পরিমাপ যোগ্য নয় এরূপ সামাজিক হিসাবরক্ষণ সংক্রান্ত বিষয়কে সংযুক্ত করা হয়েছে।

## ৯৯.৪ উপসংহার (Conclusion)

সামাজিক হিসাব রক্ষণ হিসাবশাস্ত্রের একটি বহুল আলোচিত বিষয় হওয়া সত্ত্বেও এর সর্বজনসম্মত কোনও নীতি এখনও প্রস্তুক করা সম্ভব হয়নি। এর ফলে বিভিন্ন প্রতিষ্ঠান বিভিন্ন ভাবে এই হিসাব প্রস্তুত করতে পারে। হিসাব প্রস্তুতকরণ ঐচ্ছিক হবার ফলে নিরীক্ষার কোনও প্রয়োজন হয় না। সেই জন্য প্রদত্ত তথ্যগুলির সম্পর্কে সন্দেহের অবকাশ থাকতে পারে।

তা ছাড়া সামাজিক হিসাবরক্ষণের সর্বাপেক্ষা বিতর্কিত বিষয় হল প্রতিষ্ঠানের কার্যকলাপের ফলে উদ্ভুত বাহ্যিক ব্যয়ের পরিমাপকরণ। এই ধরনের ব্যয়গুলি প্রতিষ্ঠানের উৎপাদন জনিত কার্যের ফল, কিন্তু বর্তমান আর্ত-সামাজিক নিয়ম অনুযায়ী উৎপাদনকারী প্রতিষ্ঠানকে এই ব্যয় বহন করতে হয় না। সমাজ এবং অন্যান্য ব্যক্তিগণ এই ব্যয় বহন করে। উদাহরণস্বরূপ, একটি ইস্পাত প্রস্তুতকারক প্রতিষ্ঠান থেকে যে ধোঁয়া নির্গত হয় তার ফলে নিকটস্থ বাড়ীঘরের ক্ষতি হয়। এই ক্ষতির দরুণ যে ব্যয় হয় তা প্রতিষ্ঠানের উৎপাদন ব্যয়ের মধ্যে ধরা হয় না, সর্বসাধারণ এই ব্যয় বহন করে। এর ফলে সামাজিক কল্যাণ ব্যাহত হয়। অধ্যাপক Pigou তাঁর Economics of welfare গ্রন্থে এই ধরনের ব্যয়কে ব্যক্তিক আয় এবং সামাজিক আয়ের বৈষম্য ("divergence between social and private net product") হিসাবে গ্রহণ করে তা হলে ব্যক্তিক আয় বা কল্যাণের সঙ্গে সামাজিক আয় বা কল্যাণের সামঞ্জস্য প্রতিষ্ঠিত হবে। সুতরাং সামাজিক হিসাবরক্ষনের প্রকৃত অগ্রগতির জন্য এই ধরনের ব্যয়কে পরিমাপ করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যয়ের মধ্যে ধরা উচিত।

## ৯৯.৫ অনুশীলনী

১. সামাজিক হিসাবরক্ষণ বলতে কী বোঝেন?

২. সামাজিক হিসাবরক্ষণের সংজ্ঞা প্রদান করুন এবং ইহার প্রকৃতি ব্যাখ্যা করুন।

৩. সামাজিক হিসাবরক্ষণের গুরুত্ব আলোচনা করুণ। ইহার অসুবিধাগুলি কী কী?

৪. পরিমাপ বলতে কী বোঝেন? সামাজিক হিসাবরক্ষণে বিকল্প পরিমাপ পদ্ধতি সম্পর্কে আলোচনা করুন।

## ৯৯.৬ গ্রন্থপঞ্জী

১. S. K. Bhattacharya and S. K. Roy (1999) Management Accounting Imcorporating Accounting Theory. S. Chand, New Delhi.

২. L. S. Porwal (1993) Accounting Theory, Tata Mc Graw Hill, New Delhi

# একক ১০০ ❑ কম্পিউটার নিয়ন্ত্রিত পরিবেশে হিসাবরক্ষণ ব্যবস্থা

গঠন

১০০.০ প্রস্তাবনা
১০০.১ কম্পিউটার এবং হিসাবরক্ষণ সংক্রান্ত তথ্য প্রদান ব্যবস্থা
১০০.২ কম্পিউটার চালিত হিসাবরক্ষণের সুবিধা
১০০.৩ কম্পিউটার চালিত হিসাবরক্ষণের সীমাবদ্ধতা
১০০.৪ কম্পিউটার বিষয়ক সাধারণ পরিচিতি
১০০.৫ অনুশীলনী
১০০.৬ গ্রন্থপঞ্জী

## ১০০.০ প্রস্তাবনা

বর্তমান যুগে আমাদের সমাজ-জীবনে কম্পিউটারের প্রভাব অপরিসীম। অত্যাশ্চর্য এই যন্ত্রটির উপর আমরা বহুলাংশে নির্ভরশীল হয়ে পড়েছি। বিজ্ঞানের এই অগ্রগতির যুগে উচ্চশিক্ষা, গবেষণা, বিমান চালনা, চিকিৎসা, মহাকাশ সংক্রান্ত গবেষণা, আবহাওয়া বিষয়ক গবেষণা, এমনকী পুস্তক প্রকাশনার ক্ষেত্রে কম্পিউটারের ব্যবহার অপরিহার্য হয়ে পড়েছে।

কম্পিউটারের এই বিশেষ ভূমিকার জন্য নোবেল পুরস্কার বিজয়ী অর্থনীতির অধ্যাপক H.A. Simon কম্পিউটারের আবিষ্কারকে পৃথিবীর ইতিহাসে মহান আবিষ্কারগুলির মধ্যে চতুর্থতম বলে অভিহিত করেছেন। অধ্যাপক Simon–এর মতে এদের প্রথমটি হল লিপির আবিষ্কার যা মানুষকে স্মৃতির সুবিধা প্রদান করেছে। দ্বিতীয় এবং তৃতীয় আবিষ্কারগুলি হল শূন্য এবং এর অবস্থানগত মূল্যসহ আরবী সংখ্যার আবিষ্কার, এবং বিশ্লেষণাত্মক জ্যামিতি এবং কলনবিদ্যার (Calculus) আবিষ্কার। এই আবিষ্কার-গুলির ফলে জটিল সমস্যাগুলির বিজ্ঞানসম্মত অনুসন্ধান এবং সমাধান সম্ভবপর হয়েছে। কম্পিউটার নামক যন্ত্রটিতে এই সকল আবিষ্কারগুলির বৈশিষ্ট্য এবং সুবিধার সমাবেশ ঘটবার ফলে ইহা বহু জটিল সমস্যার তাৎক্ষণিক সমাধান প্রদান করতে পারে। বর্তমান যুগে মূল্য হ্রাস পাবার জন্য কম্পিউটারের সহজলভ্যতা এবং ক্ষুদ্রাকৃতির জন্য বৃহদায়তন কারবারী প্রতিষ্ঠান থেকে শুরু করে বিদ্যালয়ে শিশুদের শ্রেণীকক্ষে সর্বত্র এর বহুল প্রচলন হয়েছে। এককথায় কম্পিউটার বিপ্লবের এই ঢেউকে পাশ কাটাবার কোনও সুযোগ নাই।

সমাজ জীবনে বহুক্ষেত্রে কম্পিউটারের ব্যবহার থাকলেও এর সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ব্যবহার হল তথ্য প্রদানের ক্ষেত্রে। কম্পিউটার একই সঙ্গে বহু তথ্য এর স্মৃতিভাণ্ডারে জমা রাখতে পারে এবং প্রয়োজনে অত্যন্ত দ্রুততার সঙ্গে সেই তথ্য সরবরাহ করতে পারে। সেই জন্য কম্পিউটার সিদ্ধান্ত গ্রহণের একটি অপরিহার্য অঙ্গ হিসাবে বিবেচিত হয়। জটিল সিদ্ধান্তগ্রহণের মতো কার্য কম্পিউটার দ্রুততার সঙ্গে সম্পাদন করতে পারে বলে বর্তমান যুগে কারবারের ক্ষেত্রে এর ভূমিকা অনস্বীকার্য।

## ১০০.১ কম্পিউটার এবং হিসাবরক্ষণ সংক্রান্ত তথ্য প্রদান ব্যবস্থা (Computer and Accounting Information System) :

হিসাবরক্ষণ মূলত একটি তথ্য প্রদান ব্যবস্থা। কারবারী প্রতিষ্ঠানের মালিক/শেয়ার হোল্ডার, পরিচালকবর্গ এবং সংশ্লিষ্ট ব্যক্তিগণ গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের জন্য তথ্যের উপর নির্ভরশীল। প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ ব্যবস্থা বহুলাংশে এই প্রয়োজন পূরণ করে। হিসাবরক্ষণ ব্যবস্থা কর্তৃক প্রদত্ত তথ্যের ভিত্তিতে কারবারের পরিচালকবর্গ বহু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করে বলে একে কারবার পরিচালন সংক্রান্ত তথ্য ব্যবস্থার (Management Information System or MIS) একটি অবিচ্ছেদ্য অঙ্গ হিসাবে বিবেচনা করা হয়।

হিসাবরক্ষণ সংক্রান্ত তথ্য ব্যবস্থা যে গুরুত্বপূর্ণ কার্যগুলি সম্পাদন করে তা হল :

(ক) ইহা কারবারী লেনদেন এবং অন্যান্য উপাত্তগুলিকে সংগ্রহ করে এবং হিসাবরক্ষণ ব্যবস্থার সহিত সংযুক্ত করে।

(খ) উপাত্তগুলিকে বাছাইকরণ এবং বিন্যাস করে।

(গ) উপাত্তগুলিকে ভবিষ্যৎ ব্যবহারের জন্য মজুত রাখে।

(ঘ) ব্যবহারকারীদের প্রয়োজনমতো তথ্য সরবরাহ করে এবং

(ঙ) নির্ভুল এবং নির্ভরযোগ্য তথ্য প্রদানের জন্য সমগ্র হিসাবরক্ষণ ব্যবস্থাটিকে নিয়ন্ত্রণ করে।




চিত্র ১ : হিসাবরক্ষণ সংক্রান্ত তথ্য ব্যবস্থা

কম্পিউটারবিহীন পরিবেশে উপরিউক্ত কার্যগুলি হাতে-কলমে (manual process) করা হয়। এর ফলে যে অসুবিধাগুলির সম্মুখীন হতে হয় তা হল :

(ক) বহুসংখ্যক লেনদেনের ক্ষেত্রে বাছাইকরণ এবং বিন্যাসকরণের জন্য প্রচুর বিলম্ব হয়।

(খ) নানাবিধ ভুল এবং জুয়াচুরির সম্ভাবনা থাকে এবং

(গ) লেনদেন সংক্রান্ত অতিরিক্ত তথ্য সংগ্রহ করা যায় না।

কিন্তু কম্পিউটার ব্যবহৃত হলে, লেনদেনের পরিমাণ য়তই বেশি হোক না কেন,উক্ত কার্যগুলি নির্ভল ভাবে দ্রুতগতিতে সম্পন্ন করা যায়।

উদাহরণস্বরূপ কোনও একটি বৃহাদায়তন প্রতিষ্ঠানে একটি নির্দিষ্ট সময়ে বিক্রয়ের জন্য হিসাবরক্ষণ সংক্রান্ত যে কার্যগুলি সম্পাদন করতে হবে তা নিম্নলিখিত চিত্রে প্রদর্শন করা হল :




হাতে কলমে পদ্ধতিতে ধারে বিক্রয় সংক্রান্ত প্রতিটি দাখিলাকে বিভিন্ন হিসাবের বইতে বিভিন্ন করণিক পৃথকভাবে করবে। এর ফলে সময় ছাড়াও ভুল এবং জুয়াচুরির সম্ভাবনা থাকে। কিন্তু কম্পিউটারের সাহায্যে হিসাবরক্ষণের ক্ষেত্রে উক্ত দাখিলাগুলি যুগপৎ করা যাবে এবং প্রয়োজনে যে কোনও সময় প্রত্যেকটি হিসাবের জের নির্ণয় করা যাবে। এৰ ফলে প্রয়োজন হলে যে কোনও সময়কালের জন্য রেওয়ামিল এবং চূড়ান্ত হিসাব প্রস্তুত করতে কোনও অসুবিধা হবে না। এই সুবিধা ছাড়াও কম্পিউটার অতিরিক্ত তথ্য প্রদান করতে পারে। উদাহরণস্বরূপ, দেনাদার নিয়ন্ত্রণের জন্য বকেয়া দেনার সময়কাল বিশ্লেষণ (Debtors age analysis) প্রয়োজন হয়। হাতে কলমে পদ্ধতিতে এই কাজটি অত্যন্ত জটিল এবং সময় সাপেক্ষ ব্যাপার। কিন্তু প্রতিষ্ঠানের পরিচালকবর্গ ছয়মাস বা তার বেশি সময় ধরে বকেয়া আছে এমন দেনাদারের সংখ্যা নির্ণয় করতে চাইলে উক্ত কার্যটি কম্পিউটারের সাহায্যে যে কোনও সংখ্যক দেনাদারের জন্য অতি অনায়াসে করা যেতে পারে। বস্তুত দেনাদারের জের, মজুতপণ্যের পরিমাণ এবং অবস্থান, পাওনাদারদের হিসাবের জের, কর্মচারীদের বেতন এবং বিবিধখাতে কর্তন ইত্যাদির মতো গতানুগতিক কার্যগুলি ছাড়াও কম্পিউটার লেনদেন সংক্রান্ত মূল উপাত্তগুলি থেকে পরিচালন হিসাব ব্যবস্থার সহায়ক অনেক গুরুত্বপূর্ণ তথ্য এবং প্রতিবেদন প্রস্তুত করতে পারে। নিম্নলিখিত চিত্রে কম্পিউটারের সাহায্যে পরিচালন হিসাবরক্ষণ সংক্রান্ত বিবিধ কার্যাবলী প্রদর্শন করা হল :




চিত্র ২ ঃ কম্পিউটারের সাহায্যে পরিচালন হিসাবরক্ষণ সংক্রান্ত কার্যাবলী

কম্পিউটারের প্রধান কাজ হল উপাত্তগুলিকে বাছাই এবং বিন্যাসকরণ করিয়া প্রয়োজনীয় প্রতিবেদন প্রস্তুত করা।

চিত্রে প্রদর্শিত আর্থিক এবং পরিচালন সংক্রান্ত হিসাবরক্ষণের প্রত্যেকটি কার্যই হাতে — কলমে করা সম্ভব। কিন্তু কম্পিউটার হিসাবরক্ষণ সংক্রান্ত সমস্ত কার্যাবলীকে একই সঙ্গে সমন্বয় করতে পারে বলে সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্য এবং প্রতিবেদন প্রস্তুত করতে বিলম্ব হয় না। এর ফলে গৃহীত সিদ্ধান্তের গুণগত উৎকর্ষ বৃদ্ধি পায়।

## ১০০.২ কম্পিউটার চালিত হিসাবরক্ষণের সুবিধা (Advantages of Computerised Accounting System) :

হিসাবরক্ষণের কার্যে কম্পিউটারের ব্যবহার করা হলে নিম্নলিখিত সুবিধাগুলি পাওয়া যেতে পারে :

(ক) দাখিলা এবং যোগ-বিয়োগ সংক্রান্ত কার্যগুলি নির্ভুল ভাবে করা সম্ভব। হিসাবরক্ষণ সংক্রান্ত এই গতানুগতিক কার্যগুলি অনেক সময় বিরক্তি উৎপাদন করে বলে সংশ্লিষ্ট করণিকের মনোযোগ নষ্ট হতে পারে। এর ফলে ভুল হবার সম্ভাবনা থাকে। কম্পিউটারের ক্ষেত্রে 'মনোযোগ' নষ্ট হবার সম্ভাবনা না থাকার জন্য ভুলের সম্ভাবনা থাকে না।

(খ) হিসাব সংক্রান্ত প্রতিবেদন ঘনঘন এবং দ্রুত প্রস্তুত করা যায়। কম্পিউটার পরিচালিত হিসাব ব্যবস্থায় প্রতিটি হিসাবের জের যে কোনও সময় প্রস্তুত করা যায় বলে লাভ-লোকসানের হিসাব এবং উর্দ্বতপত্র ইচ্ছা করলে দৈনিক ভিত্তিতে প্রস্তুত করা যায়। বস্তুত কম্পিউটারের নির্দিষ্ট বোতাম টিপে কিছুক্ষণ অপেক্ষা করলেই উক্ত কার্যটি সমাধা হবে।

(গ) হিসাবরক্ষণের কার্যে কম্পিউটার ব্যবহৃত হলে হাতে কলমে পদ্ধতিতে যে সমস্ত প্রতিবেদন সহজে প্রস্তুত করা যায় না তা অনায়াসেই প্রস্তুত করা যাবে। উদাহরণস্বরূপ, বকেয়া দেনার সময় বিশ্লেষণ করতে হলে করণিককে বিক্রয় খতিয়ানের প্রতিটি হিসাব পুঙ্খানুপুঙ্খ ভাবে পরীক্ষা করে সংশ্লিষ্ট দেনাদারের বকেয়ার সময় নির্ধারণ করতে হবে এবং অর্থ প্রদানের জন্য পত্র প্রেরণ করতে হবে। ইহা অত্যন্ত সময়সাপেক্ষ কাজ। কম্পিউটার এই ক্ষেত্রে যে কোনও সংখ্যক দেনাদারের সময় বিশ্লেষণ করে (যথা একমাসের অধিক বকেয়া, দুই মাসের অধিক বকেয়া ইত্যাদি) সময়মতো পত্র প্রেরণ করতে সাহায্য করতে পারে।

(ঘ) দেনাদার এবং পাওনাদারের খতিয়ানগুলির সঙ্গে হিসাবের প্রাথমিক বইগুলি সংযুক্ত থাকে বলে জুয়াচুরির সম্ভাবনা থাকে না।

(ঙ) একই উপাত্ত এবং তথ্য হইতে আর্থিক হিসাবরক্ষণ এবং পরিচালন সংক্রান্ত হিসাবরক্ষণের বিভিন্ন প্রতিবেদন প্রস্তুত করা যায়।

(চ) কম্পিউটার চালিত হিসাবরক্ষণের ফলে শ্রম সংক্ষেপ হয় বলে হিসাবরক্ষণ সংক্রান্ত ব্যয় হ্রাস পায়।

## ১০০.৩ কম্পিউটার চালিত হিসাবরক্ষণের সীমাবদ্ধতা (Limitations of Computerised Accounting System) :

কম্পিউটারের বহুল উপযোগিতার জন্য অনেকের এরূপ ধারণা হতে পারে যে এটা যে কোনও অসাধ্য সাধন করতে পারে। কিন্তু বাস্তব ক্ষেত্রে মানুষের মস্তিষ্কের যুক্ত এবং তথ্যের বাইরে কোনও কার্য কম্পিউটার করিতে পারে না। কম্পিউটার নামক যন্ত্রটি পূর্ব নির্ধারিত যুক্ত এবং প্রদত্ত নির্দেশ অনুযায়ী কার্য সম্পাদন করে। এই পূর্ব নির্ধারিত যুক্তি সম্বলিত নির্দেশকে এক কথায় software package বলা যেতে পারে। Software packagae – এ প্রয়োজনীয় নির্দেশ না থাকলে কার্যটি কম্পিউটার করতে পারবে না। কম্পিউটারের এই সাধারণ সীমাবদ্ধতা ব্যতীত হিসাবরক্ষণের ক্ষেত্রে নিম্নলিখিত অসুবিধাগুলি লক্ষ করা যায় :

(ক) কম্পিউটার একই সঙ্গে বহুসংখ্যক উপাত্ত এবং তথ্যকে বাছাই এবং বিন্যাস করতে পারে। ফলে লেনদেনের পরিমাণ অল্প হলে কম্পিউটারের বিশেষ কোনও উপযোগিতা থাকে না।

(খ) কম্পিউটার হিসাবরক্ষণে সাধারণ নীতিগুলিকে অনুসরন করে। একই নীতি অনুসৃত হবার ফলে বিভিন্ন প্রতিষ্ঠানের আর্থিক হিসাবরক্ষণ একই সাধারণ software package –এর সাহায্যে করা সম্ভব । কিন্তু পরিব্যয় এবং পরিচালন সংক্রান্ত হিসাবরক্ষণের ক্ষেত্রে বিভিন্ন প্রতিষ্ঠান বিভিন্ন পদ্ধতি ব্যবহার করতে পারে। সেই জন্য সকলশ্রেণীর ব্যবহারকারীর প্রয়োজন পূর্ণ হতে পারে এরূপ software সাধারণত: পাওয়া যায় না। প্রতিষ্ঠানকে এরূপ software package প্রস্তুত করতে হবে। ইহার জন্য ব্যয় অত্যধিক বেশি।

(গ) হাতে কলমে পদ্ধতিতে হিসাবের বইগুলি দীর্ঘকাল ধরে রক্ষিত হয়। কিন্তু কম্পিউটারের ক্ষেত্রে এর সীমিত মজুত ক্ষমতার জন্য হিসাবগুলি দীর্ঘকাল সংরক্ষণ করা যায় না।

(ঘ) হাতে-কলমে পদ্ধতিতে হিসাবরক্ষণের ক্ষেত্রে উৎস দলিল এবং হিসাবের বইগুলির মধ্যে যোগসূত্র থাকে। এর ফলে হিসাবের পরীক্ষা সংক্রান্ত কার্য সুষ্ঠুভাবে করা যায়। কম্পিউটারে হিসাবরক্ষণের ক্ষেত্রে কম্পিউটারে লিপিবদ্ধ করবার পরে অনেক ক্ষেত্রেই উৎস দলিলগুলির আর কোনও হদিস থাকে না ফলে কোনও কারণে কম্পিউটারের তথ্য নষ্ট হয়ে গেলে পুনরায় হিসাব প্রস্তুত করিতে অসুবিধা হয়।

(ঙ) কম্পিুউটারে হিসাবরক্ষণের ক্ষেত্রে হিসাব নিরীক্ষার কাজ খবই জটিল হয়। প্রথমত, হিসাব পরীক্ষক হাতে কলমে পদ্ধতির মতো সমস্ত হিসাবগুলি ইচ্ছামাত্র দেখতে পারে না। এর জন্য কম্পিউটারে হিসাবরক্ষণ সংক্রান্ত ব্যবস্থার সহিত সম্যক পরিচিতি আবশ্যক। দ্বিতীয়ত, কম্পিউটারে সীমিত সংখ্যক সময়ের জন্য হিসাব রক্ষিত হবার জন্য প্রয়োজনে যে কোনও সময়ের হিসাব পাওয়া যায় না। এর ফলে নিরীক্ষার ধারাবাহিকতা থাকে না।

(চ) কম্পিউটারে হিসাবরক্ষণের বড় অসুবিধা হল তথ্য বিকৃতি এবং 'কম্পিউটার ভাইরাস'-এর জন্য তথ্যের দূষণের সম্ভাবনা। ভাইরাস -এর জন্য কম্পিউটারের বহুবৎসরের তথ্য অল্পসময়ের মধ্যে নষ্ট হয়ে যেতে পারে। এ ছাড়া কোনও কর্মীর নাশকতামূলক উদ্দেশ্য থাকলে একটি মাত্র বোতাম টিপে সমস্ত তথ্য মুছে দিতে পাপে।

## ১০০.৪ কম্পিউটার বিষয়ক সাধারণ পরিচিতি (General Introduction About Computers) :

**(ক) বিভিন্ন প্রজন্মের কম্পিউটার** (Generations of Computer) কম্পিউটার প্রযুক্তির ক্রমোন্নতির ফলে দৈত্যাকৃতির কম্পিউটার থেকে শুরু করে অতি ক্ষুদ্রাকৃতির উচ্চ ক্ষমতাসম্পন্ন কম্পিউটারের উদ্ভব হয়েছে। বিগত পাঁচদশক ধরিয়া প্রযুক্তির উন্নতির ফলে যে বিভিন্ন ধরনের কম্পিউটার আবিষ্কৃত হয়েছে তা নিম্নলিখিত শ্রেণীতে বিভক্ত করা যায়।

(১) **প্রথম জন্মের কম্পিউটার** : ১৯৪৬—১৯৫৫ এই সময়ের মধ্যে ব্যবহৃত কম্পিউটারগুলি সাধারণত প্রথম প্রজন্মের কম্পিউটার হিসাবে পরিচিত। এই কম্পিউটারগুলির প্রধান উপাদান ছিল ভাল্ব এবং খালি টিউব। প্রথম প্রজন্মের কম্পিউটারগুলি অতি বৃহদাকৃতির এবং খুব অল্প ক্ষমতাসম্পন্ন ছিল। এই শ্রেণীর কম্পিউটারের উল্লেখযোগ্য উদাহরণ হল : Mark I, ENIAC, UNIVAC I, IBM, 650, IBM 701 ইত্যাদি।

(২) **দ্বিতীয় প্রজন্মের কম্পিউটার** : যুক্তরাষ্ট্রের বেল গবেষণাগারে ট্রাঞ্জিসটার আবিষ্কৃত হবার ফলে ১৯৫৬ — ১৯৬৫ এই সময়ের মধ্যে দ্বিতীয় প্রজন্মের কম্পিউটারের প্রচলন হয়। এই ধরনের কম্পিউটারগুলির মধ্যে উল্লেখযোগ্য হল UNIVAC II, ICT 13000, IMB P400, CDC 1604, ATLAS ইত্যাদি।

(৩) **তৃতীয় প্রজন্মের কম্পিউটার** : এই ধরনের কম্পিউটারের প্রধান উপাদান ছিল IC Chips (Integrated Circuit Chips)। প্রথম এবং দ্বিতীয় প্রজন্মের কম্পিউটার অপেক্ষা IC Chips গুলি উচ্চ ক্ষমতাসম্পন্ন। ১৯৬৬-১৯৭৫ সালের মধ্যে ব্যবহৃত এই ধরনের কম্পিউটারগুলির উল্লেখযোগ্য উদাহরণ হল : ICT 1900, IMB 360 এবং Honeywell ইত্যাদি।

(৪) **চতুর্থ প্রজন্মের কম্পিউটার** : ১৯৭৫ সালের পরবর্তী সময়ের কম্পিউটারগুলিকে সাধারণত চতুর্থ প্রজন্মের কম্পিউটার বলা হয়। এই ধরনের কম্পিউটার বহুসংখ্যক I C Chips –এর সাহায্যে প্রস্তুত এবং অতি উচ্চ ক্ষমতাসম্পন্ন। এই ধরনের কম্পিউটারে অতি ক্ষুদ্র আকৃতির বিন্যাসকরণ যন্ত্র বা miccro-

processor ব্যবহার করা হয় বলে এদের Micro Computer বলা হয়। এই ধরনের কম্পিউটার অতি উচ্চ ক্ষমতাসম্পন্ন এবং অত্যন্ত দ্রুতগতিতে কাজ করতে পারে। বর্তমানে এই ধরনের কম্পিউটারের বাজার মূল্য ২৫০০০ টাকার মতো।

(৫) **পঞ্চম প্রজন্মের কম্পিউটার :** চতুর্থ প্রজন্মের কম্পিউটারের মতো এই ধরনের কম্পিউটার এখনও বহুল প্রচলিত নহে। পঞ্চম প্রজন্মের কম্পিউটারের প্রধান বৈশিষ্ট্য এই যে মানুষেৰ মস্তিষ্কের মতো এরা স্বতন্ত্রভাবে চিন্তা করতে পারে। এই ধরনের কম্পিউটার এখনও গবেষণার স্তরে আছে।

(৬) **কম্পিউটারের ব্যবহার ভিত্তিক শ্রেণীবিভাগ** (Classification of Computers according to use) : আকৃতি এবং ব্যবহার অনুযায়ী কম্পিউটারকে নিম্নলিখিত শ্রেণীতে বিভক্ত করা যেতে পারে :

(১) **সুপার কম্পিউটার (Super Computer)** এই ধরনের কম্পিউটার অত্যন্ত শক্তিশালী এবং মূল্যবান। তথ্য জমা এবং বিন্যাস করণের ক্ষমতা বিচার করলে একটি সুপার কম্পিউটার অন্যান্য কম্পিউটারের তুলনায় দশগুণ শক্তিশালী। এই ধরনের কম্পিউটার প্রতি সেকেণ্ডে অন্তত পক্ষে চল্লিশকোটি সংখ্যা হিসাব করতে পারে। সামরিক এবং বৈজ্ঞানিক কাজে এই ধরনের কম্পিউটার সাধারণত ব্যবহৃত হয়।

(২) **মেইনফ্রেম কম্পিউটার (Mainframe Computaer) :** বৃহদাকৃতির বাণিজ্যিক প্রতিষ্ঠান, সরকারি বিভাগ, ইত্যাদির ক্ষেত্রে এই কম্পিউটার ব্যবহৃত হয়। এই কম্পিউটারে অনেকগুলি একক একই সঙ্গে যুক্ত থাকে বলে এটা একসঙ্গে শতাধিক বিভিন্ন ধরনের গণনার কাজ করাত পারে। ক্ষমতা অনুযায়ী এই ধরনের কম্পিউটার প্রতি সেকেণ্ডে দশ লক্ষের বেশি তথ্য (bytes) বিন্যাস করতে পারে। সুপার কম্পিউটারের মতো এই ধরনের কম্পিউটার অত্যন্ত জটিল বলে এদের পরিচালনার জন্য বিশেষজ্ঞের প্রয়োজন হয়।

(৩) **মিনি কম্পিউটার (Mimi Computer) :** সুপার কম্পিউটার এবং মেইনফ্রেম কম্পিউটার অপেক্ষা ক্ষুদ্র কিন্তু মাইক্রো কম্পিউটার অপেক্ষা বড় — এই ধরনের কম্পিউটার কতগুলি আলাদা এককের (unit) সাহায্যে গঠিত। মিনিকম্পিউটার পরিচালনার জন্য বিশেষজ্ঞের প্রয়োজন হয় না। সাধারণ পরিবেশে বাণিজ্যিক এবং সরকারি প্রতিষ্ঠানে এই ধরনের কম্পিউটার ব্যবহার করা যেতে পারে।

(৪) মাইক্রো কম্পিউটার (Micro Computer) : এই ধরনের কম্পিউটার আকৃতিতে একটি ক্যালকুলেটার থেকে শুরু করিয়া ছোট আকৃতির টেলিভিসনের সমান হতে পারে। সাধারণ বাণিজ্যিক প্রতিষ্ঠান থেকে শুরু করে ঘরে ব্যক্তিগত প্রয়োজনে ব্যবহার করা যায় বলে এই ধরমের কম্পিউটারকে ব্যক্তিগত কম্পিউটার (Personal Computer > PC) বলা হয়। মাইক্রো কম্পিউটার বর্তমান কম্পিউটার বিপ্লবের পথিকৃত।

বাণিজ্যিক প্রতিষ্ঠানে অন্যান্য উদ্দেশ্য ছাড়াও হিসাবরক্ষণের কাজে এই ধরনের কম্পিউটার বহুল ভাবে ব্যবহৃত হয়।

নিম্নলিখিত অংশে মাইক্রোকম্পিউটার যন্ত্রের গঠন এবং কার্যপ্রণালী সংক্ষেপে আলোচনা করা হল।

(গ) কম্পিউটারে গঠন প্রণালী (Hardware of a Computer) : কম্পিউটারের শারীরিক অংশ (Physical unit) যা তথ্য বাছাই এবং বিন্যাসকরণের কাজ করে তাকে Hardware বলা হয়। এটি একটি কেন্দ্রীয় বিন্যাসকরণ একক (Central processing unit > CPU), এবং perepherals নামক অন্যান্য যন্ত্রাংশ (Input, Output, Storage and Tele Communication devices) দ্বারা গঠিত। এককথায় কম্পিউটারের যান্ত্রিক অংশকে Hardware বলা হয়। কম্পিউটার মানুষের মস্তিষ্কের মতো তথ্য সংগ্রহ করে, তথগুলিকে স্মৃতিতে জমা করে, এবং বিন্যাসকরণ এবং বাছাইকরণের পরে ফল প্রদর্শন করে।

কম্পিউটারের স্মৃতি সীমিত হবার জন্য এটি গুরুত্বপূর্ণ তথ্যগুলিকে প্রধান স্মৃতিতে (main memory) জমা রাখে, এবং অন্যান্য তথ্যগুলিকে সহায়ক স্মৃতিতে (secondary memory) রক্ষা করে। কম্পিউটারের প্রধান স্মৃতিটি কেন্দ্রীয় বিন্যাসকরণ এককের মধ্যে থাকে। কেন্দ্রীয় বিন্যাসকরণ এককের অপর দুটি গুরুত্বপূর্ণ অংশ হল গাণিতিক যুক্তির এখক (Arithmatic Logic unit > AlU) এবং নিয়ন্ত্রণ একক (Control unit) কেন্দ্রীয় বিন্যাসকরণ একক ব্যতীত কম্পিউটার Hardware -এর অন্যান্য গুরুত্বপূর্ণ অংশ হল Inupt এবং Output devices। Input এবং Output device গুলি কম্পিউটারের Hardware –এর সঙ্গে যুক্ত থাকে এবং কম্পিউটার এবং ব্যবহারকারীদের মধ্যে সংযোগ ঘটায়। বাজারে বিভিন্ন ধরনের Input-output device পাওয়া যায়। বাজারে প্রাপ্ত বিভিন্ন ধরনের Input-Output device এবং কেন্দ্রীয় বিন্যাসকরণ এককের গঠন প্রণালী নিম্নলিখিত চিত্রের সাহায্যে প্রদর্শন করা হল :




চিত্র ৩ : Computer Hardware

(গ) সফট্ওয়্যার (Software) সফট্ওয়ার কম্পিউটারের কোনও যান্ত্রিক অংশ নয়। এটি কতগুলি নির্দেশ যা কম্পিউটার হার্ডওয়্যারকে নিয়ন্ত্রণ করে। এরূপ একগুচ্ছ নির্দেশ যা কম্পিউটারকে যে কার্য সম্পাদন করবার নির্দেশ দেয় তাকে কম্পিউটার প্রোগ্রাম বলা হয়। কম্পিউটার প্রোগ্রাম নির্দিষ্ট ভাষায় লিখতে হয়।

কম্পিউটার সফট্ওয়্যারকে দুই ভাগে ভাগ করা যায় : পদ্ধতিগত সফট্ওয়্যার (System Software) এবং প্রয়োগ গত সফট্ওয়্যার (Application Software)। প্রয়োগগত সফট্ওয়্যার ব্যবহারকারীর নির্দেশমতো প্রয়োজনীয় কার্যটি সম্পাদন করে এবং পদ্ধতিগত সফট্ওয়্যার প্রয়োগগত সফট্ওয়্যারটিকে হার্ডওয়্যারের কাছে ব্যাখ্যা করে কার্যটি সম্পাদন করে। সুতরাং কম্পিউটারের প্রয়োগগত সফট্ওয়্যার, পদ্ধতিগত সফট্ওয়্যার

এবং হার্ডওয়্যারের মধ্যে অবিচ্ছেদ্য ভাবে যুক্ত। নিম্নলিখিত চিত্রে এদের মধ্যে পারস্পরিক সম্পর্ক প্রদর্শন করা হল :




চিত্র ৪ : কম্পিউটার এবং ব্যবহারকারীদের মধ্যে যোগাযোগ।

উল্লেখ করা যেতে পারে যে পদ্ধতিগত সফট্ওয়্যার ব্যবহারকারীদের আলাদাভাবে সংগ্রহ করতে হয় না। আজকাল যে কোনও কম্পিউটারের সঙ্গেই এই ধরনের সফট্ওয়্যার পাওয়া যায়। কিন্তু প্রয়োগগত সফট্ওয়্যার ব্যবহারকারীদের প্রয়োজনমতো প্রস্তুত করা হয় বলে এটি আলাদাভাবে সংগ্রহ করতে হয়। প্রয়োগগত সফট্ওয়্যার বিভিন্ন ধরনের হতে পারে। ইহাদের মধ্যে কারবারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিম্নলিখিত সফট্ওয়্যারগুলি বহুল প্রচলিত :

- Data Base Management Software
- Spreadsheet Software
- Word processing Software
- Graphic Software
- Data Communication Software

কম্পিউটার পরিচালনার জন্য ব্যবহারকারীদের এই সফট্ওয়্যারগুলির সম্পর্কে সম্যক ধারণা থাকা প্রয়োজন।

## ১০০.৫ অনুশীলনা

**(ক) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর :**

১. বিভিন্ন প্রজন্মের কম্পিউটার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

২. টীকা লিখুন : (ক) সুপার কম্পিউটার, (খ) মেইনফ্রেম কম্পিউটার, (গ) মিনি কম্পিউটার, (ঘ) মাইক্রো কম্পিউটার।

৩ কম্পিউটারের হার্ডওয়্যার বলতে কী বোঝেন?

৪. কম্পিউটারের সফট্ওয়্যার বলতে কী বোঝেন?

**(ক) দীর্ঘ প্রশ্নোত্তর :**

১. কম্পিউটারের হার্ডওয়্যারের গঠন প্রণালী ব্যাখ্যা করুন।

২. সফটওয়্যার এবং হার্ডওয়্যারের মধ্যে পারস্পরিক সম্পর্ক ব্যাখ্যা করুন।

৩. হিসাবরক্ষণ সংক্রান্ত তথ্য প্রদান ব্যবস্থা বলতে কী বোঝেন? এই বিষয়ে কম্পিউটারের ভূমিকা আলোচনা করুন।

৪. হিসাবরক্ষণের ক্ষেত্রে কম্পিউটারের সুবিধা আলোচনা করুন।

৫. কম্পিউটার ভিত্তিক হিসাবরক্ষণ সীমাবদ্ধতা আলোচনা করুন।

## ১০০.৬ গ্রন্থপঞ্জী


১. Agarwal and Roychowdhury (1995) Elementary Computer Science, Future, Liluah, Howrah.

২. P. H. Bassett (1996) Computerised Accounting, Blackwell, Cambridge (MA).

৩. K. N. Bhaskar and R. J.Housden (1994), Information Technology Management CIMA, London.

ই. সি. ও. - ৪

বাণিজ্য বিষয়ের

ঐচ্ছিক পাঠ্যক্রম

পর্যায়

২৩

# একক ১০১ ❑ নতুন অংশীদার গ্রহণ এবং অংশীদারদের অবসর গ্রহণ

গঠন


১০১.০ উদ্দেশ্য

১০১.১ নতুন অংশীদার গ্রহণ

১০১.২ সম্পত্তি ও দায়ের পুনর্মূল্যায়ন সম্বন্ধে আলোচনা

১০১.৩ অংশীদারদের অবসরগ্রহণ

১০১.৪ নতুন অংশীদার গ্রহণ এবং অংশীদারদের অবসরগ্রহণ।

১০১.৫ উদাহরণ

১০১.৬ সারাংশ


## ১০১.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ করলে আপনি নিম্নলিখিত বিষয়গুলির ব্যাখ্যা করতে পারবেন :

(ক) নতুন অংশীদার গ্রহণ করলে পুরাতন অংশীদারের সঙ্গে যে চুক্তি হয়।

(খ) নতুন অংশীদার গ্রহণ করলে সম্পত্তি ও দায়ের পুনর্মূল্যায়ন করতে হয়।

(গ) কোন অংশীদার অবসরগ্রহণ করলে তার প্রাপ্য কী ভাবে স্থির করা হয়।

(ঘ) নতুন অংশীদার গ্রহণ এবং অংশীদারের অবসরগ্রহণ যুগপৎ ঘটলে কী হবে।

## ১০১.১ নতুন অংশীদার গ্রহণ (Admission of Partner)

কোনও অংশীদারী কারবার মূলধন বাড়াবার প্রয়োজন বোধ করলে কিম্বা কারবারের ব্যবস্থাপনায় উন্নতির জন্য কারবার পরিচালনায় দক্ষ ব্যক্তিকে নূতন অংশীদার হিসাবে গ্রহণ করতে পারে। নূতন অংশীদারের সঙ্গে পুরাতন অংশীদারগণের একটি নূতন চুক্তি সম্পাদন করা হয়। ঐ চুক্তি দ্বারা উভয়পক্ষেরই স্বার্থ রক্ষা করার জন্য পুরনো শর্তাবলী পরিবর্তন করা হতে পারে। পুরাতন শর্তাবলী পরিবর্তন করার প্রয়োজন এই জন্য যে নূতন অংশীদার গ্রহণের ফলে পুরাতন অংশীদারদের কিছু স্বার্থ ত্যাগ করতে হয়। তাই যে সকল বিষয়ের ওপর দৃষ্টি রেখে নূতন চুক্তি সম্পাদিত হয় তার মধ্যে বিশেষভাবে উল্লেখ করা প্রয়োজন।—(i) অংশীদারগণের মধ্যে মুনাফার বণ্টন কীভাবে হবে, (ii) নূতন অংশীদারকে কত মূলধন যোগাতে হবে। এতদ্ব্যতীত অন্য যে বিষয়সমূহ বিবেচনা করা হয়—(i) নূতন অংশীদার কারবারে যোগদান করতে কারবারের প্রতিষ্ঠিত সুনামের অংশ হিসাবে কোনও মূল্য দিতে হবে কিনা, সুনামের অংশের অন্য মূল্য দিতে হলে সেই মূল্য নিরূপণের পদ্ধতি স্থির করা ; (ii) কারবারের সম্পত্তি এবং দায়ের পুনর্মূল্যায়ন করা হবে কিনা ; (iii) কারবারের অবণ্টিত মুনাফা বণ্টন ; (iv) কারবারের অংশীদারদের জীবনবীমা করা হলে তাতে নূতন অংশীদারের অংশ নীরুপণ কীভাবে করা হবে। এই বিষয়সমূহের মধ্যে কারবারের সুনাম সংক্রান্ত বিষয়টির ওপর পাঠকদের দৃষ্টি

আকর্ষণ করা প্রয়োজন। কারবারের সুনাম একটি অস্পর্শনীয় স্থায়ী সম্পদ (Intangible Fixed Asset) কিন্তু তা কাল্পনিক সম্পদ নয়। কারবারের সুনামের জন্য পুরাতন খরিদ্দারগণ কারবারের সঙ্গো সম্পর্ক বজায় রাখে এবং পুরাতন খরিদ্দারগণের মাধ্যমে নূতন খরিদ্দারদের আকর্ষণ করা হয়। এর ফলে কারবারের মুনাফা অর্জনের ক্ষমতা বৃদ্ধি পায়। নতুন অংশীদার বিনা প্রচেষ্টায় এই সুবিধা ভোগ করবার সুযোগ পায় বলেই তাকে সুনামের মূল্য দিতে হয়।

## ১০১.২ সম্পত্তি ও দায়ের পুনর্মূল্যায়ন সম্বন্ধে আলোচনা

নূতন অংশীদার আগমনের পূর্ব পর্যন্ত যে সম্পদ ও দায় থাকে তার মূল্য চলতি বাজার মূল্যের সঙ্গো সমান হয় না। সুতরাং বর্তমান বাজার মূল্যের সঙ্গো দায় এবং সম্পদের সামঞ্জস্য বজায় রাখার জন্য সম্পদ ও দায়ের পুনর্মূল্যায়ন করা যেতে পারে। পুনর্মূল্যায়নের ফলে কারবারে লাভ অথবা লোকসান হতে পারে। পুনর্মূল্যায়ন জনিত লাভ-লোকসানের অংশ নূতন অংশীদার পেতে পারে না। সম্পদ পুনর্মূল্যায়নের ফলে সম্পদের মূল্য বাড়লে লাভ এবং সম্পদের মূল্য কমলে লোকসান। আর দায়ের মূল্য বাড়লে লোকসান এবং দায়ের মূল্য কমলে লাভ। পুনর্মূল্যায়ন লাভ বা লোকসান পুরাতন অংশীদারগণের লাভক্ষতি বণ্টনের পুরাতন অনুপাতে ভোগ করে তাদের মূলধনের হিসাবে দেখানো হয়।

## ১০১.৩ অংশীদারদের অবসরগ্রহণ

কোনও অংশীদার কারবার থেকে অবসরগ্রহণ করতে পারে অর্থাৎ কারবারের অংশীদার হিসাবে কারবারের সঙ্গো সম্পর্ক ছেদ করতে পারে। কোনও অংশীদার অবসরগ্রহণ করলে যে বিষয়ের ওপর দৃষ্টি রাখতে হয় তার মধ্যে দুটি বিষয় উল্লেখ করা বিশেষ প্রয়োজন—(i) যে দিনে কোনও অংশীদার অবসরগ্রহণ করতে ইচ্ছুক সেইদিনে তার মোট প্রাপ্য স্থির করা ; (ii) অবসর গ্রহণেচ্ছু অংশীদারের প্রাপ্য কীভাবে শোধ করা হবে অথবা তা শোধ না হওয়া পর্যন্ত অবসরগ্রহণকারী অংশীদারের নিকট থেকে দেনা হিসাবে রেখে দেওয়া হবে কিনা এবং ঐ দেনা কিস্তিবন্দি অথবা এককালীন থোক হিসাবে নেওয়া হবে তা সেই অংশীদারের সঙ্গো চুক্তি করতে হবে।

নূতন অংশীদার গ্রহণের মতোই অংশীদারের অবসরগ্রহণের সময় অবসর গ্রহণেচ্ছু অংশীদারকে সুনাম বাবদ কোন মূল্য দিতে হবে কিনা, দিতে হলে কী পদ্ধতিতে সুনাম মুল্যায়ন করা হবে, তাও উভয়পক্ষের মধ্যে স্থির করতে হবে। এক্ষেত্রে অংশীদারের অবসরগ্রহণের ফলে পুরনো অংশীদারগণের ভবিষ্যৎ মুনাফার অংশ বেড়ে যায়। আবার অংশীদার অবসরগ্রহণ করার সময় (নূতন অংশীদার গ্রহণের মতোই) সম্পদ ও দায়ের পুনর্মূল্যায়নের প্রয়োজন হতে পারে। সম্পদ ও দায় পুনর্মূল্যায়নের ফলে লাভ অথবা লোকসান সকল অংশীদারের মধ্যে লাভক্ষতি বণ্টনের অনুপাতে বণ্টিত হয় এবং মূলধনের হিসাবে দেখাতে হয়। অবসর গ্রহণেচ্ছু অংশীদার মুনাফার অংশের পরিমাণ মতো পুনর্মূল্যায়নের লাভ অথবা লোকসান স্বীকার করবে।

## ১০১.৪ নতুন অংশীদার গ্রহণ এবং অংশীদারের অবসরগ্রহণ (Admission of a new partner and retirement of a partner)

অনেক সময় দেখা যায় যে কোনও অংশীদারী কারবারে নূতন অংশীদার গ্রহণ এবং অংশীদারের অবসর গ্রহণ একই সময় (যুগপৎ) ঘটে থাকে। কোনও অংশীদার অবসরগ্রহণ করলে তার প্রাপ্য অর্থের সংকুলান

করার জন্য অথবা তার অবর্তমানে অন্য দক্ষ ব্যবস্থাপকের সংযুক্তির জন্য নূতন অংশীদার গ্রহণ করতে হয়। এই ক্ষেত্রে নূতন অংশীদার গ্রহণ করা এবং অংশীদারের অবসর সম্পর্কিত হিসাব-নিকাশের জন্য নীতিগত এবং পদ্ধতিগত যে বিষয়সমূহ ওপরে লেখা হয়েছে তার কোনও পরিবর্তনের প্রয়োজন নেই। উভয় ক্ষেত্রে, সুনাম ও দায়-সম্পদের পুনর্মূল্যায়ন সম্পর্কিত নীতি ও পদ্ধতি অনুসারে হিসাব করতে হয়। তবে প্রথমে অংশীদারের অবসরগ্রহণ সম্পর্কিত হিসাব করতে হয়। তারপর নূতন অংশীদার গ্রহণ সম্পর্কিত হিসাব করতে হয়।

## ১০১.৫ উদাহরণ

2. Ram and Co. is a partnership firm with the partners Mr. A. Mr. B and Mr. C, sharing profits and losses in the ratio of 5 : 3 : 2. The Balance Sheet of the firm as on 30th June, 1999 is as under :

| Liabilities | Rs. | Assets | Rs. |
|---|---|---|---|
| Capital Accounts | | Land & Building | 2,10,000 |
| Mr. A | 80,000 | Plant & Machinery | 1,30,000 |
| Mr. B | 20,000 | Furniture & Fittings | 40,000 |
| Mr. C | 30,000 | Investments | 12,000 |
| Unappropriated Profit | | Stock | 1,26,000 |
| (Reserve) | 20,000 | Debtors | 1,39,000 |
| Long-term Loan | 3,00,000 | | |
| Bank Overdraft | 44,000 | | |
| Trade Creditors | 1,63,000 | | |
| | 6,57,000 | | 6,57,000 |

It was mutually agreed that Mr. B will retire from partnership and in his place Mr. D will be admitted as a partner with effect from 1st July, 1999. For this purpose, the following adjustments are to be made

(i) Goodwill is to be valued at Rs. 1,00,000 but the same will not appear as an asset in the books of the reconstituted firm.

(ii) Land & Building and Plant & Machinery are to be depreciated by 10% and 5% respectively. Investments are to be taken over by the retiring partner at Rs. 15,000. Provision of 20% is to be made on debtors to cover doubtful debts.

(iii) In the reconstituted firm, the total capital will be Rs. 2,00,000 which will be contributed by Mr. A, Mr. C and Mr. D in their new profit sharing ratio which is 2 : 2 : 1.

(iv) The surplus funds, if any, will be used for repaying the Bank overdraft.

(v) The amount due to the retiring partner shall be transferred to his loan account.

You are required to prepare—(1) Revaluation Account, (2) Partners' Capital Accounts, (3) Bank Account and (4) Balance Sheet of the reconstituted firm as on 1st July, 1999.

**সমাধান :**

**Dr.** **Revaluation Account** **Cr.**

| Particulars | Rs. | Particulars | Rs. |
|---|---|---|---|
| To Land & Building A/c | 21,000 | By Investments A/c | 3,000 |
| To Plant & Machinery A/c | 6,500 | By Partners' Capital A/c | |
| To Provision for Doubtful Debts A/c | 27,800 | Mr. A Rs. 26,150 | |
| | | Mr. B Rs. 15,690 | |
| | | Mr. C. Rs. 10,460 | 52,300 |
| | 55,300 | | 55,300 |

**Dr.** **Capital Account** **Cr.**

| Particulars | A | B | C | D | Particulars | A | B | C | D |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Rs. | Rs. | Rs. | Rs. | | Rs. | Rs. | Rs. | Rs. |
| To Revaluation Account | 26,150 | 15,690 | 10,460 | — | By Balance b/d | 80,000 | 20,000 | 30,000 | — |
| " Goodwill Account | 40,000 | — | 40,000 | 20,000 | " Unappropriated Profit A/c | 10,000 | 6,000 | 4,000 | — |
| " Investments A/c | — | 15,000 | — | — | " Goodwill A/c | 50,000 | 30,000 | 20,000 | — |
| " Transfer to B's Loan A/c | — | 25,310 | — | — | " Bank A/c (Balancing figure) | 6,150 | — | 76,460 | — |
| " Balance c/d | 80,000 | — | 80,000 | 40,000 | " Bank A/c (Balancing figure) | — | — | — | 60,000 |
| | 1,46,150 | 56,000 | 1,30,460 | 60,000 | | 1,46,150 | 56,000 | 1,30,460 | 60,000 |

**Dr.** **Bank Account** **Cr.**

| Particulars | Rs. | Particulars | Rs. |
|---|---|---|---|
| To A's Capital Account | 6,150 | By Balance b/d (overdraft) | 44,000 |
| " B's Capital Account | 76,460 | By Balance c/d | 98,610 |
| " D's Capital Account | 60,000 | | |
| | 1,42,610 | | 1,42,610 |

**Balance Sheet of Ram and Co. as on 1st July, 1999**

| Liabilities | Rs. | Rs. | Assets | Rs. | Rs. |
|---|---|---|---|---|---|
| Capital Account A | 80,000 | | Land & Building | 2,10,000 | |
| B | 80,000 | | Less-Depreciation | 21,000 | 1,89,000 |
| D | 40,000 | | Plant & Machinery | 1,30,000 | |
| | | 2,00,000 | Less-Depreciation | 6,500 | 1,23,500 |
| Long term Loan | | 3,00,000 | Furniture & Fittings | | 40,000 |
| Trade Creditors | | 1,63,000 | Stock-in-Trade | | 1,26,000 |
| B's Loan Account | | 25,310 | Debtors | 1,39,000 | |
| | | | Less-Provision for Doubtful Debts | 27,800 | 1,11,200 |
| | | | Cash at Bank | | 98.610 |
| | | 6,88,310 | | | 6,88,310 |

## ১০১.৬ সারাংশ

- আমরা আশাকরি এই একক পাঠ করে আপনি শিখতে পেরেছেন যে—
- কারবারী সংস্থায় কেমন করে নতুন অংশীদার নেওয়া হয় এবং নতুন অংশীদারের সঙ্গে পুরাতন অংশীদারদের কী কী বিষয়ে চুক্তি হয়।
- নতুন অংশীদার গ্রহণের সময় কেন অংশীদারী সংস্থার সম্পত্তি ও দায়ের পুনর্মূল্যায়ন করা হয় এবং পুনর্মূল্যায়ন-জনিত লাভ বা লোকসান কীভাবে দেখান হয়।
- কোনও অংশীদার অবসরগ্রহণ করলে তার প্রাপ্য কীভাবে স্থির করা হয় এবং সেই প্রাপ্য টাকা কীভাবে শোধ করা হয়।
- নতুন অংশীদার গ্রহণ এবং কোনও অংশীদারের অবসরগ্রহণ যুগপৎ ঘটলে তারে হিসাবরক্ষণ কীভাবে হবে।
- নতুন অংশীদার গ্রহণ এবং কোনও অংশীদারের অবসরগ্রহণ যুগপৎ ঘটলে যেভাবে হিসাব রাখা হয় তা একটি উদাহরণের সাহায্যে দেখান হয়েছে। তার সাহায্যে আপনি অনুশীলনীর প্রশ্ন সমাদান করতে পারবেন।

# একক ১০২ ❑ অংশীদারী সংস্থার বিলোপ


গঠন

১০২.০ উদ্দেশ্য

১০২.১ অংশীদারী সংস্থার বিলোপ

১০২.২ কোন অবস্থায় অংশীদারী কারবারের বিলোপ ঘটে

১০২.৩ কারবারের বিলোপসাধনের ফলে হিসাব চূড়ান্ত করার পদ্ধতি

১০২.৪ অংশীদারী কারবার বিলোপনে কারবারের হিসাবসমূহ বন্ধ করতে প্রয়োজনীয় দাখিলাসমূহ

১০২.৫ উদাহরণ

১০২.৬ কোনও অংশীদারের দেউলিয়া অবস্থা এবং Garner Vs. Murray মোকদ্দমার রায়ের প্রয়োগ

১০২.৭ Garner Vs Murray মোকদ্দমার নীতি ভারতবর্ষে প্রযোজ্যতা।

১০২.৮ উদাহরণ

১০২.৯ সারাংশ


## ১০২.০ উদ্দেশ্য

এই এককটির পাঠ সমাপ্ত করে আপনি নিম্নলিখিত বিষয়গুলির ব্যাখ্যা করতে পারবেন :

- কোন্ অবস্থায় অংশীদারী কারবারের বিলোপসাধন হয়।
- কারবারের বিলোপসাধন হলে কীভাবে হিসাব চূড়ান্ত করতে হয়।
- কারবারের বিলোপসাধন হলে কী কী দাখিলার প্রয়োজন।
- কোন অংশীদার যদি দেউলিয়া বলে ঘোষিত হয় তবে Garner Vs Murray মোকদ্দমার রায়ের প্রয়োগ কীভাবে করা হয়।
- ভারতবর্ষে Garner Vs Murray মোকদ্দমার নীতির প্রযোজ্যতা।

## ১০২.১ অংশীদারী সংস্থার বিলোপ (Dissolution of Partnership)

**অংশীদারী কারবারের প্রকারভেদ :**

অংশীদারী কারবার দুই প্রকারের হতে পারে :—(i) নির্দিষ্ট অংশীদারী কারবার (Particular Partnership)—অংশীদারী কারবার কোনও নির্দিষ্ট উদ্দেশ্য সাধন করার জন্য অথবা কোনও নির্দিষ্ট সময়ের জন্য গঠিত হলে তাকে নির্দিষ্ট অংশীদারী কারবার বলে। (ii) ঐচ্ছিক অংশীদারী কারবার (Partnership at will)—অংশীদারী কারবার কোনও নির্দিষ্ট উদ্দেশ্য সাধনের জন্য অথবা কোনও নির্দিষ্ট সময়ের জন্য গঠিত না হলে তাকে ঐচ্ছিক অংশীদারী কারবার বলে। এইরূপ কারবার বিলোপ না হওয়া পর্যন্ত চলতে পারে।

অংশীদারী কারবারের চুক্তিপত্রে নির্দিষ্ট অথবা ঐচ্ছিক—একথার উল্লেখ থাকে।

## ১০২.২ কোন্ অবস্থায় অংশীদারী কারবারের বিলোপ ঘটে

যে যে অবস্থায় অংশীদারী কারবার সংস্থার বিলোপ ঘটতে পারে তা নিচে দেওয়া হল।

1. চুক্তিপত্রে উল্লিখিত অবস্থা (অর্থাৎ নির্দিষ্ট অংশীদারী কারবারের ক্ষেত্রে নির্দিষ্ট উদ্দেশ্য সাধন হলে অথবা নির্দিষ্ট সময় উত্তীর্ণ হলে, আর যদি চুক্তিপত্রে বিলোপের উল্লেখ থাকে তাহলে অংশীদারগণ নিজেদের মধ্যে বিলোপ সম্বন্ধে একমত হলে কারবারের বিলোপসাধন হতে পারে।

2. অংশীদারী কারবারটি ঐচ্ছিক অংশীদারী কারবার, (Partnership at will) হলে কোনও একজন অংশীদার অন্যান্য অংশীদারগণকে লিখিতভাবে কারবার বিলোপসাধনের ইচ্ছা প্রকাশ করলে অংশীদারী কারবারটির বিলোপ সাধন হতে পারে।

3. চুক্তিপত্রে নিম্নলিখিত বিষয়ের পরিপন্থী কোনও শর্ত না থাকলে নিম্নলিখিত অবস্থার উদ্ভব হলে, অংশীদারী কারবারের বিলোপ সাধন হতে পারে :

(i) যদি অংশীদারী কারবারটি কোনও নির্দিষ্ট সময়ের জন্য গঠিত হয় তাহলে ঐ সময় উত্তীর্ণ হলে, ঐ উদ্যোগ অথবা উদ্দেশ্য পূরণ হলে কারবারের বিলোপ সাধন করা যায়।

(ii) কারবারটি কোনও নির্দিষ্ট উদ্যোগ (Venture) অথবা কোনও নির্দিষ্ট উদ্দেশ্যে গঠিত হলে, ঐ উদ্যোগ অথবা উদ্দেশ্য পূরণ হলে কারবারের বিলোপ সাধন হতে পারে।

(iii) কোনও অংশীদারের মৃত্যু ঘটলে কারবারের বিলোপ হয়।

(iv) যদি কোনও অংশীদার আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হয়, তাহলে কারবারের বিলোপ ঘটে।

4. বাধ্যতামূলক বিলোপ (Compulsory Dissolution) : নিম্নলিখিত অবস্থার উদ্ভব হলে অংশীদারী কারবারের বাধ্যতামূলক বিলোপ (Compulsory Dissolution) ঘটতে পারে।

(i) যদি অংশীদারী কারবারের একজন অংশীদার ব্যতীত অন্য সকল অংশীদার আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হয় তাহলে বাধ্যতামূলক বিলোপ হয়।

(ii) কারবারের কোনও কার্য কারবারের পক্ষে বেআইনী বলে প্রমাণিত হলে কারবারের বিলোপ বাধ্যতামূলক।

5. কোনও অংশীদার কর্তৃক আদালতের (Court) সম্মুখে নিম্নলিখিত বিষয়ে কোনও মামলা (Suit) আনলে আদালত ঐ বিষয়ের শুনানীর পর কারবারটির বাধ্যতামূলক বিলোপের আদেশ দিতে পারেন :

(i) কোনও অশীদারের মস্তিষ্ক বিকৃতি ঘটেছে, এটি প্রমাণিত হলে আদালত বাধ্যতামূলক বিলোপের নির্দেশ দিতে পারেন।

(ii) কোনও অংশীদার বরাবরের জন্য কোনও কার্য করতে অপারগ হলে আদালত বাধ্যতামূলক বিলোপের নির্দেশ দিতে পারেন।

(iii) কারবারের পক্ষে ক্ষতিকর (Prejudicial to interest) এরূপ কোনও কাজের জন্য কোনও অংশীদারের বিরুদ্ধে অভিযোগ করলে আদালত অভিযোগের শুনানীর পর বাধ্যতামূলক বিলোপের নির্দেশ দিতে পারেন।

(iv) যদি কোনও অংশীদার ইচ্ছাকৃতভাবে এবং প্রতি নিয়ত অংশীদারী চুক্তির কোনও শর্ত ভঙ্গ করলেও আদালত বাধ্যতামূলক বিলোপের নির্দেশ দিতে পারেন।

(v) কোনও অংশীদার কারবারে তার অংশ কোন তৃতীয় ব্যক্তিকে হস্তান্তর করলেও আদালত বাধ্যতামূলক বিলোপের নির্দেশ দিতে পারেন।

(vi) যদি কারবারটি লোকসান ব্যতীত চলতে না পারে, তাহলেও আদালত বাধ্যতামূলক বিলোপের নির্দেশ দিতে পারেন।

(vii) যদি আদালতের মতে কারবারের বিলোপসাধন ন্যায়সঙ্গত হয় এবং কারবারের সঙ্গে সংশ্লিষ্ট সকলের স্বার্থ রক্ষা করার জন্য প্রয়োজন হয়, তাহলে বাধ্যতামূলক বিলোপের নির্দেশ দিতে পারেন।

## ১০২.৩ কারবারের বিলোপসাধনের ফলে হিসাব চূড়ান্ত করার পদ্ধতি

অংশীদারী কারবার বিলোপসাধন হলে কারবারের হিসাবসমূহ চূড়ান্ত করতে ভারতীয় অংশীদারী আইনের ৪৮ ধারা এবং অংশীদারী চুক্তিপত্রে উল্লিখিত শর্তাবলী অনুসরণ করে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করতে হয়।

1. কারবারের হিসাবে কোনও লোকসান থাকলে অথবা কোনও মূলধন হিসাবে ঘাটতি (Debit balance) থাকলে তা কারবারের মুনাফা থেকেই শোধ করতে হয়। যদি কারবারের মুনাফা থেকে ঐ লোকসান অথবা মূলধন হিসাবে ঘাটতি মেটান না যায় তাহলে যে পরিমাণ ঘাটতি মেটাতে পারা গেল না তা অংশীদারগণকে লাভ লোকসানের অংশ অনুসারে বহন করতে হয়। অর্থাৎ তাদের মূলধন হিসাবে বাকি লোকসানের অংশ দেনা হিসাবে (Debit) দাখিলা দিতে হয়।

2. সম্পদ বিষয়ক (As regards assets) : কারবারের সম্পদ এবং অংশীদারগণের কেউ মূলধন হিসাবে ঘাটতি পূরণ করতে নগদ অর্থ জমা দিলে তা নিম্নলিখিত প্রকারে এবং পর্যায়ে প্রয়োগ করতে হয়।

(i) তৃতীয় পক্ষের নিকট দায় পরিশোধ করা (প্রথম পর্যায়)।

(ii) অংশীদারগণের কেউ কারবারে ঋণ দিয়ে থাকলে তা পরিশোধ করা দ্বিতীয় পর্যায়। যদি একাধিক অংশীদার ঋণ দিয়ে থাকে তাহলে অংশীদারগণের (ঋণের) পরিমাণের আনুপাতিক হারে শোধ করতে হয়।

(iii) তৃতীয় পর্যায়ে অংশীদারগণের মূলধন হিসাবে পাওনা পরিমাণের আনুপাতিক হারে বণ্টন করতে হয়।

(iv) এর পরও যদি কিছু সম্পদ থাকে তা অংশীদারগণের মধ্যে লাভ-লোকসানের অংশের আনুপাতিক হারে বণ্টন করতে হয়।

## ১০২.৪ অংশীদারী কারবার বিলোপনে কারবারের হিসাবসমূহ বন্ধ করতে প্রয়োজনীয় দাখিলাসমূহ (Entries required to close the books of Accounts)

1. প্রথমে একটি Realisation Account খুলতে হয়। ঐ হিসাবে নগদান তহবিল এবং ব্যাঙ্কে তহবিল বাদ দিয়ে বাকি সম্পদ-হিসাবগুলি স্থানান্তর করতে হয়। এরূপ স্থানান্তরকরণের জন্য Realisation Account-কে Debit এবং সম্পদের হিসাবগুলিকে Credit করতে হয়।

2. কারবারের দায়ের (Liabilities) হিসাবসমূহের মধ্যে মূলধন হিসাব এবং লাভ-লোকসানের বকেয়া বাদে অন্যান্য দায়ের হিসাবগুলি Realisation Account-এ স্থানান্তর করতে হয়। তার জন্য দায়ের হিসাবে Debit করতে হয় এবং Realisation Account-কে Credit করতে হয়। (প্রশ্নে অন্য কোনও প্রকার নির্দেশ না থাকলে এই পদ্ধতি নিতে হয়। এ ক্ষেত্রে এটিও স্মরণ রাখতে হবে যে যদি কোনও সম্পদের ওপর কোনও সঞ্চিতি (Provision) থাকে তাহলে ঐ সঞ্চিতি (Provision) Realisation Account-এ পৃথকভাবে স্থানান্তর করতে হবে। এবং সেক্ষেত্রে যে সম্পদের ওপর সঞ্চিতির ব্যবস্থা করা হয়েছে সেই সম্পদের মোট (Gross) অঙ্কই Realisation Account-এর ক্রেডিট দিকে দেখাতে হবে। যেমন—অধমর্ণগণের ওপর কুঋণ সঞ্চিতি পৃথকভাবে Realisation Account-এর ক্রেডিট দিকে এবং অধমর্ণের হিসাবের মোট মূল্য ডেবিট দিকে দেখাতে হয়।

3. কোনও সম্পদ বিক্রি করা হলে বিক্রয়লব্ধ অর্থ ব্যাঙ্ক হিসাবে জমার (Debit) দিকে এবং Realisation Account-এর Credit দিকে দেখাতে হয়।

4. যদি কোনও সম্পদ কোনও অংশীদার গ্রহণ করে তাহলে সম্পদের নির্ধারিত মূল্য অংশীদারের মূলধন হিসাবে ডেবিট এবং Realisation Account-এ ক্রেডিট করতে হয়।

5. যদি কোনও সম্পদ বাবদ নগদের পরিবর্তে অন্য কোনও সম্পদ পাওয়া যায় তাহলে ব্যাঙ্ক হিসাবে জমা (Debit) না দেখিয়ে যে সম্পদ পাওয়া যায় সেই সম্পদ হিসাবে জমা দেখাতে হয় এবং Realisation Account-এর ক্রেডিট দিকে দেখাতে হয়।

অবস্থা অনুসারে কোনও সম্পদ Realisation Account-এ স্থানান্তর নাও করা যেতে পারে। সেক্ষেত্রে (4) এবং (5)-এ উল্লিখিত মূল্য Realisation Account-এ না দেখিয়ে তা সম্পদ হিসাবের ক্রেডিট দিকে দেখাতে হয় কিন্তু ঐ হস্তান্তরের ফলে লাভ বা লোকসান হলে তা Realisation Account-এ দেখাতে হয়। লাভ হলে Realisation Account-এর ক্রেডিট দিকে দেখাতে হয় এবং লোকসান হলে ডেবিট দিকে দেখাতে হয়।

6. (i) যখন কোনও দায় (Liability) শোধ করা হয় তখন Realisation Account-কে ডেবিট এবং ব্যাঙ্ক হিসাবকে ক্রেডিট করতে হয়।

(ii) যদি কোনও দায় কোনও অংশীদার গ্রহণ করে থাকে তাহলে (Realisation Account-কে ডেবিট এবং অংশীদারের মূলধন হিসাবে ক্রেডিট করতে হয়।

এক্ষেত্রেও প্রয়োজন অনুসারে কোনও দায় হিসাব (Liability A/c) দেনা-পাওনা হিসাবে স্থানান্তর নাও করা যেতে পারে। সেক্ষেত্রে দায় হিসাবে (Liability A/c) ডেবিট এবং ব্যাঙ্ক হিসাবে অথবা অংশীদারের মূলধন হিসাবে ক্রেডিট করতে হয়। তবে যদি দায় পরিশোধ করার ফলে কোনও বাট্টা (discount) পাওয়া যায় তা Realisation Account-এ স্থানান্তর করতে হয়।

7. কারবারের বিলোপ-সাধন সংক্রান্ত কোনও খরচ হলে (Dissolution Expenses) তা Realisation Account-এর ডেবিট দিকে এবং ব্যাঙ্কের হিসাবের ক্রেডিট দিকে দেখাতে হয়। কিন্তু এই খরচ পরিশোধের দায়িত্ব কোনও অংশীদার গ্রহণ করলে তার জন্য Realisation Account-কে ডেবিট এবং সংশ্লিষ্ট অংশীদারের মূলধন হিসাবে Credit করতে হয়। কিন্তু অংশীদারের দায়িত্ব নেওয়ার পর যদি ঐ দায় কারবারের তহবিল থেকে শোধ করা হয় তাহলে অংশীদারের মূলধন হিসাবে ডেবিট এবং ব্যাঙ্ক হিসাবে ক্রেডিট করতে হয়।

8. Realisation Account-র লাভ অথবা লোকসান মূনাফার বণ্টনের আনুপাতিক হারে অংশীদারদের মূলধন হিসাবে স্থানান্তর করা হয়। লোকসান হলে অংশীদারের মূলধন হিসাবে ডেবিট ও Realisation

Account-এ ক্রেডিট এবং লাভ হলে Realisation Account-এ ডেবিট এবং মূলধন হিসাবে ক্রেডিট করতে হয়।

9. অংশীদারদের কাছ থেকে প্রাপ্ত ঋণ (Loan from Partners) শোধ করতে হলে অংশীদারের ঋণ হিসাবকে ডেবিট এবং ব্যাঙ্ক হিসাবে ক্রেডিট করতে হয়।

10. কারবার বিলোপনের সময় উদ্বর্তপত্রে উল্লিখিত 'সঞ্চয় তহবিল' লাভ-লোকসান হিসাবে উদ্বৃত্ত (Surplus) অংশীদারগণের মূলধন হিসাবে লাভ-লোকসান বণ্টনের আনুপাতিক হারে বণ্টন করতে হয়। তার জন্য সঞ্চয় তহবিলের হিসাব এবং লাভ-লোকসান হিসাবে ডেবিট এবং অংশীদারগণের মূলধনের হিসাবে ক্রেডিট করিতে হয়। অপরদিকে পুঞ্জীভূত বা সঞ্চিত লোকসান স্থানান্তর করতে মূলধন হিসাবে ডেবিট এবং লাভ-লোকসান হিসাবে ক্রেডিট করতে হয়।

11. অংশীদারগণের চলতি হিসাব (Partners' Current Account) এবং উত্তোলন হিসাব (Drawings Account) তাদের মূলধন হিসাবে স্থানান্তর করতে হয়।

12. শেষ পর্যায়ে দেখা যাবে যে ওপরে লিখিত 1 ও 11 নং দাখিলা দেওয়ার পর অংশীদারগণের মূলধন হিসাবে মোট পাওনার পরিমাণ ব্যাঙ্ক হিসাবে জমার সমান হবে। সুতরাং অংশীদারগণের মূলধন হিসাবে পরিশোধ (Debit) দেখাতে হয় এবং ব্যাঙ্ক হিসাবে খরচ (Credit) হিসাবে দেখাতে হয়। ফলে হিসাবখাত দুটিতে আর কোনও জের থাকবে না।

## ১০২.৫ উদাহরণ

2. Sekhar and Bijon are partners in a firm. They share profits and losses in the ratio of 4 : 1. They decided to dissolve the firm on 31.3.99 on which date the Balance Sheet of the same stood as follows :

| Liabilities | Rs. | Assets | | Rs. |
|---|---|---|---|---|
| Capital Account | | | | |
| Sekhar | 15,000 | Trade Marks | | 1,000 |
| Bijon | 5,000 | Machinery | | 10,000 |
| Bank Loan | 2,000 | Furniture | | 500 |
| Creditors for Goods | 7,500 | Stock-in-Trade | | 5,000 |
| Bill Payable | 1,500 | Debtors | 8,500 | |
| | | Less : Provision for | | |
| | | Bad Debts | 500 | 8,000 |
| | | Cash in Hand | | 6,500 |
| | 31,000 | | | 31,000 |

The realisation shows the following results :

(i) Debtors were realised at book value less 10%

(ii) Goodwill was sold for Rs. 1,500/-

(iii) Trade Marks realised Rs. 750/-

(iv) Machinery and Stock-in-Trade were taken over by Sekhar respectively for Rs. 8,500/- and Rs. 4,000/-

(v) An unrecorded asset estimated at Rs. 700/- was sold for Rs. 300/-.

(vi) Creditors for goods were settled at a discount of Rs. 200/-

(vii) The expenses of realisation were Rs. 500/-

Prepare Realisation Account, Cash Book and Capital Accounts of the partners.

**<u>Realisation Account</u>**

| Date | Particulars | | Date | Date | Particulars | | Rs. |
|---|---|---|---|---|---|---|---|
| 31.3.99 | To Trade Marks | | 1,000 | 31.3.99 | By Bank Loan | | 2,000 |
| ” | ” Machinery | | 10,000 | ” | ” Creditors | | |
| ” | ” Furniture | | 500 | | for Goods | | 7,500 |
| ” | ” Stock-in | | | ” | ” Bills | | |
| | Trade | | 5,000 | | ” Payable | | 1,500 |
| ” | ” Debtors | | 8,500 | ” | ” Provision | | |
| ” | ” Cash Account | | | | for Bad | | |
| „ | (Liabilities paid) | | | | Debts | | 500 |
| | —Bank Loan | 2,000 | | ” | ” Cash | | |
| | —Creditors | | | | Account | | |
| | for Goods | 7,300 | | | (Assets | | |
| | —Bills Payable | 1,500 | 10,800 | | realised) | | |
| ” | ” Cash Account | | | | Debtors | 7,650 | |
| | Expenses | | 500 | | —Goodwill | 1,500 | |
| | | | | | —Trade Marks | 750 | |
| | | | | | —Unrecorded | | |
| | | | | | Asset | 300 | 10,200 |
| | | | | ” | ” Sekhar’s | | |
| | | | | | Capital | | |
| | | | | | Account | | |
| | | | | | —Assets | | |
| | | | | | taken over | | |
| | | | | | Machinery | 8,500 | |
| | | | | | Stock-in- | | |
| | | | | | Trade | 4,000 | |
| | | | | | | | 12,500 |
| | | | | ” | ” Partners’ | | |
| | | | | | Capital | | |
| | | | | | Account | | |
| | | | | | —Loss on | | |
| | | | | | Realisation : | | |
| | | | | | Salion | | |
| | | | | | Sekhar-4/5 | 1,680 | |
| | | | | | Bijon-1/5 | 420 | |
| | | | | | | | 2,100 |
| | | | 36,300 | | | | 36,300 |

| Dr. | | | Cash Account | | Cr. |
|---|---|---|---|---|---|
| **Date** | **Particulars** | **Rs.** | **Date** | **Particulars** | **Rs.** |
| 31.3.99 | To Balance b/f | 6,500 | 31.3.99 | By Realisation Account | |
| | To Realisation Account | | | Liabilities paid | 10,800 |
| | Assets realised | 10,200 | | " Realisation | |
| | | | | Account Expenses | 500 |
| | | | | " Sekhar's Capital | |
| | | | | Account | 820 |
| | | | | " Bijon's Capital | |
| | | | | Account | 4,580 |
| | | 16,700 | | | 16,700 |

Dr. **Partners' Capital Accounts** Cr.

| Date | Particulars | Sekhar | Bijon | Date | Particulars | Sekhar | Bijon |
|---|---|---|---|---|---|---|---|
| | | Rs. | Rs. | | | | Rs. |
| 31.3.99 | To Realisation Account –Loss on Realisation | 1,680 | 420 | 31.3.99 | By Balance b/f | 15,000 | 5,000 |
| " | " Realisation Account —Assets taken over | 12,500 | — | | | | |
| | " Cash Account | 820 | 4,580 | | | | |
| | | 15,000 | 5,000 | | | 15,000 | 5,000 |

**উদাহরণ : 3.** Ashok, Dwijen and Dulal commenced business on 1st January, 1998 with capitals of Rs. 1,20,000/-, Rs. 1,00,000/- and Rs. 80,000 respectively. Profits and losses were shared in the ratio of 4 : 3 : 3. Capitals carried interest at 5% per annum. During 1998 and 1999 they made profits of Rs. 50,000/- and 60,000/- (before allowing interest on capitals). Drawings of each partner were Rs. 15,000/- per year.

On 31st December, 1999 the firm was dissolved. Creditors on, that date were Rs. 25,000/-. The assets realised Rs. 3,00,000/- net.

Give the necessary accounts to close the books of the firm.

**Partness Capital Accounts**

Dr. | Cr.

| Date | Particulars | Ashok | Dwijen | Dulal | Date | Particulars | Ashok | Dwijen | Dulal |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Rs. | Rs. | Rs. | | | Rs. | Rs. | Rs. |
| 31.12.99 | To Drawings | 15,000 | 15,000 | 15,000 | 1.1.98 | By Balance b/f | 1,20,000 | 1,00,000 | 80,000 |
| " | " Balance c/d | 1,25,000 | 1,00,500 | 79,500 | 31.12.98 | " Interest on Capital | 6,000 | 5,000 | 4,000 |
| | | | | | | " Profit and Loss Appropriation Account (Share of Profit) | 1,40,000 | 10,500 | 10,500 |
| " | | 1,40,000 | 1,15,500 | 94,500 | | | 1,40,000 | 1,15,500 | 94,500 |
| " | To Drawings | 15,000 | 15,000 | 15,000 | 1.1.99 | By Balance b/d | 1,25,000 | 1,00,500 | 79,500 |
| " | " Balance c/d | 1,34,150 | 1,03,950 | 81,900 | 31.12.99 | " Interest on Capital | 6,250 | 5,025 | 3,975 |
| | | | | | | " Profit and Loss Appropriation Account (Share of Profit) | 17,900 | 13,425 | 13,425 |
| | | 1,49,150 | 1,18,950 | 96,900 | | | 1,49,150 | 1,18,950 | 96,900 |
| 31.12.99 | To Realisation Account (Loss on Realisation) | 18,000 | 13,500 | 13,500 | 31.12.99 | By Balance b/d | 1,34,150 | 1,03,950 | 81,900 |
| " | " Bank Account | 11,6,150 | 90,450 | 68,400 | | | | | |
| | | 1,34,150 | 1,03,950 | 81,900 | | | 1,34,150 | 1,03,950 | 81,900 |

**Balance Sheet as at 31.12.99 (Before Dissolution)**

| Liabilities | Rs. | Assets | Rs. |
|---|---|---|---|
| Sundry Creditors | 25,000 | Sundry Assets | |
| Capital Accounts | | (Balancing figure) | 3,45,000 |
| Ashok | 1,34,150 | | |
| Dwijen | 1,03,950 | | |
| Dulal | 81,900 | | |
| | 3,45,000 | | 3,45,000 |

**Dr.** **Realisation Account** **Cr.**

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| 31.12.99 | To Sundry Assets (Transfer) | 3,45,000 | 31.12.99 | By Sundry Creditors (Transfer) | 25,000 |
| ” | ” Bank Account | 25,000 | ” | ” Bank Account | 3,00,000 |
| | | | ” | ” Partners’ Capital Account —(Loss on Realisation) | |
| | | | | Ashok | 18,000 |
| | | | | Dwijen | 13,500 |
| | | | | Dulal | 13,500 |
| | | 3,70,000 | | | 3,70,000 |

**Dr.** **Bank Account** **Cr.**

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| 31.12.99 | To Realisation Account | 3,00,000 | 31.12.99 | By Realisation Account | 25,000 |
| | | | ” | ” Ashok’s Capital Account | 1,16,150 |
| | | | ” | ” Dwijen’s Capital Account | 90,450 |
| | | | ” | ” Dulal’s Capital Account | 68,400 |
| | | 3,00,000 | | | 3,00,000 |

উদাহরণ : 4. **Deficiency of Capital of a Partner who is solvent**

A, B and C are partners sharing profits and losses in the proportion of 5 : 3 : 2. They decide to dissolve the partnership firm on 1.1.99 when the Balance Sheet is as noted below :

| Liabilities | Rs. | Assets | Rs. |
|---|---|---|---|
| Sundry Creditors | 1,82,000 | Cash Balance | 18,000 |
| Capital Accounts | | Sundry Debtors | 1,52,000 |
| A | 3,30,000 | Stock-in-Trade | 60,000 |
| B | 1,30,000 | Furniture | 10,000 |
| | | Plant and Machinery | 2,90,000 |
| | | Land & Building | 80,000 |
| | | Capital Account C | 32,000 |
| | 6,42,000 | | 6,42,000 |

The assets realise : Land & Building Rs. 1,00,000. Plant and Machinery Rs. 2,50,000, Sundry Debtors Rs. 1,21,000, Stock Rs. 47,000, Furniture Rs. 9,200, Expenses of dissolution Rs. 3,600.

Close the books of the firm.

**A, B and C**

**Dr.** **Realisation Account** **Cr.**

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| 1.1.99 | To Sundry Debtors | 1,52,000 | 1.1.99 | By Cash Account | |
| | " Stock-in-Trade | 60,000 | | Land & Building | 1,00,000 |
| | " Furniture | 10,000 | | " Plant & Machinery | 2,50,000 |
| | " Plant & Machinery | 2,90,000 | | " Sundry Debtors | 1,21,000 |
| | " Land & Buildings | 80,000 | | " Stock | 47,000 |
| | " Cash Account | | | " Furniture | 9,200 |
| | (Expenses of dissolution) | 3,600 | | " Loss on Realisation | |
| | | | | A 34,200 | |
| | | | | B 20,520 | |
| | | | | C 13,680 | 68,400 |
| | | 5,95,600 | | | 5,95,600 |

Dr. **Sundry Creditors Accounts** Cr.

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| 1.1.99 | To Cash Account | 1,82,000 | 1.1.99 | By Balance b/f | 1,82,000 |
| | | 1,82,000 | | | 1,82,000 |

Dr. **Cash Account** Cr.

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| 1.1.99 | To Balance b/f | 18,000 | 1.1.99 | By Realisation | |
| ” | ” Realisation Account | 5,27,200 | ” | Account (Expenses) | 3,600 |
| ” | ” C's Capital Account | 45,680 | ” | ” Sundry Creditors | |
| | | | | Account | 1,82,000 |
| | | | ” | ” A's Capital | |
| | | | | Account | 2,95,800 |
| | | | ” | ” B's Capital | |
| | | | | Account | 1,09,480 |
| | | 5,90,880 | | | 5,90,880 |

Dr. **Capital Accounts** Cr.

| Date | Particulars | A | B | C | Date | Particulars | A | B | C |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Rs. | Rs. | Rs. | | | Rs. | Rs. | Rs. |
| 1.1.99 | To Balance b/f | — | — | 32,000 | 1.1.99 | By Balance b/f | 3,30,000 | 1,30,000 | — |
| ” | ” Realisation Accont —Loss | 34,200 | 20,520 | 13,680 | ” | Cash Account | — | — | 45,680 |
| ” | Cash Account | 2,95,800 | 1,09,480 | — | | | | | |
| | | 3,30,000 | 1,30,000 | 45,680 | | | 3,30,000 | 1,30,000 | 45,680 |

## ১০২.৬ কোনও অংশীদারের দেউলিয়া অবস্থা এবং Garner Vs Murray মোকদ্দমার রায়ের প্রয়োগ

যদি কোনও অংশীদার দেউলিয়া হয় এবং তার মূলধন হিসাবে ঘাটতি থাকে এবং সেই অংশীদার যদি ঐ ঘাটতির পরিমাণ অর্থ জানতে না পারে অথবা আংশিক আনতে পারে তাহলে তার মূলধন হিসাবের ঘাটতি আর্থিক-সমর্থ (Solvent) অংশীদারগণকে বহন করতে হয়। এ বিষয় বিবেচ্য যে সমর্থ অংশীদারগণ কী হারে ঐ দেনা

বহন করবে। ইংলণ্ডে Garner Vs Murray মোকদ্দমায় রায় বের হওয়ার পূর্বে ঐ দেনা লাভ-লোকসানের আনুপাতিক হারে অংশীদারগণ বহন করত। কিন্তু Garner Vs Murray মোকদ্দমার রায় অনুসারে নিম্নলিখিত পদ্ধতিতে দেউলিয়া অংশীদারের দেনা আর্থিক-সমর্থ (Solvent) অংশীদারগণকে বহন করতে হয়।

1. আর্থিক-সমর্থ অংশীদারগণকে (Solvent Partners) Realisation Account-এ দর্শিত লোকসান প্রত্যেকের অংশ অনুসারে নগদ আনতে হয় কিন্তু দেউলিয়া অংশীদারকে লোকসানের অর্থ নগদ আনতে হয় না।

2. দেউলিয়া অংশীদারের মূলধন হিসাবের ঘাটতি আর্থিক-সমর্থ (Solvent) অংশীদারগণকে মূলধন হিসাবের জেরের আনুপাতিক হারে বহন করতে হয়। মূলধন-হিসাব স্থির মূলধন (Fixed Capital) হলে বিলোপসাধনের বৎসরের প্রারম্ভিক মূলধনের অনুপাতে বহন করতে হয়। আর মূলধন-হিসাব যদি পরিবর্তনশীল (fluctuating) হয় তাহলে মূলধন হিসাবের সঙ্গে উদ্বর্তপত্রে লিখিত সঞ্চিত মুনাফা (Reserve), লাভ-লোকসান হিসাবের জের ইত্যাদি মিলকরণ করবার পর যে মূলধন দাঁড়াবে তার আনুপাতিক হারে বহন করবে। তবে Realisation Account-এর লাভ বা লোকসান মূলধন হিসাবে স্থানান্তরের পূর্বে যে জের (Balance) থাকবে তারই আনুপাতিক হারে বহন করবে। কোনও অংশীদারের মূলধন হিসাবে কারবার বিলোপনের পূর্বে ডেবিট জের থাকলে সেই অংশীদারকে দেউলিয়া অংশীদারের মূলধন হিসাবে দেনার অংশ বহন করতে হয় না।

Garner বনাম Murray মোকদ্দমার রায়ের বিরুদ্ধে যে সমালোচনা বিশেষ গুরুত্ব সহকারে বিবেচনা করা হয় তা হল—

1. যতক্ষণ পর্যন্ত আর্থিক-সমর্থ অংশীদারগণের ব্যক্তিগত মূলধন হিসাবে পর্যাপ্ত পাওনা (Credit Balance) থাকবে যাতে দেনা-পাওনা হিসাবের লোকসান এবং দেউলিয়া অংশীদারের মূলধন হিসাবের ঘাটতি বহন করার পরও উদ্বৃত্ত থাকে সেক্ষেত্রে আর্থিক-সমর্থ অংশীদারকে (Solvent partners) Realisation Account-এর লোকসান নগদ অর্থে আনয়ন যুক্তিসঙ্গত হতে পারে না। কারণ তার ফলে শেষ অবধি আর্থিক-সমর্থ অংশীদার যে নগদ অর্থ মূলধন-হিসাবে জমা দেয় তাই আবার হিসাব-নিকাশ চূড়ান্ত হলে সে ফেরত পেয়ে থাকে। সুতরাং এটি কাল্পনিক জমা (Notional Credit) বলা যায়।

2. দ্বিতীয়ত পরিবর্তনশীল মূলধন হিসাবের ক্ষেত্রে যদি কোনও আর্থিক-সমর্থ অংশীদার কারবার বিলোপনের অব্যবহিত পূর্বে মূলধন হিসাব থেকে অর্থ উত্তোলন করে যার ফলে তার মূলধন হিসাবের জের শূন্য হয় সেক্ষেত্রে দেউলিয়া অংশীদারের মূলধন হিসাবের ঘাটতি (Debit balance) অন্যান্য অংশীদারগণকে তাদের মূলধন হিসাবের জেরের আনুপাতিক হারে বহন করতে হবে। এরূপ পরিস্থিতি ন্যায়সঙ্গত নয়।

## ১০২.৭ Garner Vs Murray মোকদ্দমার নীতি ভারতবর্ষে প্রযোজ্যতা

ভারতীয় অংশীদারী আইনের 48 (খ) ধারার (2) নং উপধারা অনুসারে অংশীদারী কারবারে কোনও অংশীদার যদি দেউলিয়া হয় অথবা অন্য অবস্থায় তার মূলধন হিসাবে ঘাটতি বাবদ যদি কোনও অর্থ না আনিতে পারে,

তাহলে আর্থিক-সমর্থ অংশীদারগণ Realisation Account-এর লোকসান পূরণ বাবদ নগদ আনয়ন করে। প্রত্যেক আর্থিক-সমর্থ অংশীদার কেবলমাত্র তার নিজস্ব লোকসানের অংশের সমপরিমাণ নগদ অর্থ আনয়ন করে। কারবারের বহির্দায় (Outside liabilities) এবং অংশীদারগণের কাছ থেকে প্রাপ্ত অগ্রিম (Advance from partners) পরিশোধ করার পর অবশিষ্টাংশ আর্থিক-সমর্থ অংশীদারগণের মধ্যে মূলধন হিসাবের আনুপাতিক হারে বণ্টন করতে হয়।

সুতরাং দেখা যাচ্ছে যে আর্থিক-সমর্থ অংশীদারদের Realisation Account-এ দর্শিত লোকসানের অংশ নগদ আনতে হয়। আর্থিক-সমর্থ অংশীদারগণ দেনা-পাওনা হিসাবের লোকসান নগদ অর্থে পূরণ করার পর ব্যাঙ্কে বা নগদান তহবিলে যে পরিমাণ অর্থ থাকবে তা আর্থিক সমর্থ অংশীদারগণের মূলধন হিসাবে পাওনার সমান হবে। এর ফরে দেউলিয়া অংশীদারের মূলধন হিসাবে দেনা আর্থিক-সমর্থ অংশীদারগণ মূলধনের হিসাবের জেরের আনুপাতিক হারে বহন করে।

এই দিক থেকে দেখলে দেখা যায় যে ভারতীয় অংশীদারী আইন Garner বনাম Murray মোকদ্দমার রায়েরই অনুরূপ।

বিশেষভাবে লক্ষ্যণীয় যে যদি অংশীদারী চুক্তিপত্রে দেউলিয়া অংশীদারের দেনা কীভাবে আর্থিক-সমর্থ অংশীদারগণ বহন করবে তার উল্লেখ থাকে তাহলে চুক্তিপত্র অনুসারেই দেউলিয়া অংশীদারের দেনা আর্থিক-সমর্থ অংশীদারগণ বহন করবে। কারণ চুক্তিপত্রে উল্লিখিত থাকলে চুক্তিপত্রই প্রযোজ্য। ভারতীয় অংশীদারী আইনের নির্দেশ কেবলমাত্র কোনও নির্দিষ্ট চুক্তি না থাকলেই প্রযোজ্য হয়।

## ১০২.৮ উদাহরণ

**Re : Sharing of deficiency of insolvent partner according to agreement**

A, B and C, who share profits and losses in the ratio of 5 : 3 : *2 decide to dissolve their partnership as at 31st March, 1999.

Their Balance Sheet on that date was as follows :

| Liabilities | Rs. | Assets | Rs. |
|---|---|---|---|
| Capital Accounts : | | Buildings | 25,000 |
| A | 28,000 | Tools & Fixtures | 14,000 |
| B | 18,000 | Debtors | 12,000 |
| Sundry Creditors | 16,500 | Cash at Bank | 1,500 |
| | | Capital Account | |
| | | C | 10,000 |
| | 62,500 | | 62,500 |

The debtors realised Rs. 10,500, the buildings Rs. 17,000 and the Tools and Fixtures Rs. 14,500. The expenses of dissolution were Rs. 400 and discounts totalling Rs. 500 were received from creditors.

C is declared insolvent, a dividend of 25 paise in the rupee being received from his estate. The partnership agreement provides that, the deficiency of an insolvent partner will be borne by other partners in their profit sharing ratio.

Show how the above transactions would be dealt with in the Realisation, Bank and Capital Accounts of the partners.

**Dr.** **Books of A, B and C Realisation Account** **Cr.**

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| 31.3.99 | To Buildings | 25,000 | 13.3.99 | By Sundry Creditors (Transfer) | 16,500 |
| | ” Tools & Fixture | 14,000 | | | |
| | ” Debtors | 12,000 | ” | ” Bank Account | |
| ,, | ,, Bank Account | | | Buildings | 17,000 |
| | (Payment to Creditors) | 16,000 | | Tools & Fixture | 14,500 |
| | ,, Bank Account | | | Debtors | 10,500 |
| | Expenses | 400 | | ,, Partner's Capital Account (Loss on Realisation) | |
| | | | | A 4,450 | |
| | | | | B 2,670 | |
| | | | | C 1,780 | 8,900 |
| | | 67,400 | | | 67,400 |

**Dr.** **Bank Account** **Cr.**

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| 31.3.99 | To Balance b/f | 1,500 | 13.3.99 | By Realisation Account (Payment to Creditors) | 16,000 |
| ,, | ,, Realisation Account (Assets realised) | 42,000 | ,, | ,, Realisation Account Expenses | 400 |
| | ,, C's Capital Account | 2,945 | ,, | ,, A's Capital Account | 18,028 |
| | | | ,, | ,, B's Capital Account | 10,017 |
| | | 46,445 | | | 46,445 |

| Dr. | | | Capital Accounts | | | | | | Cr. |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **Date** | **Particulars** | **A** | **B** | **C** | **Date** | **Particulars** | **A** | **B** | **C** |
| | | **Rs.** | **Rs.** | **Rs.** | | | **Rs.** | **Rs.** | **Rs.** |
| 31.3.99 | To Balance b/f | — | — | 10,000 | 31.3.99 | By Balance b/f | 28,000 | 18,000 | – |
| „ | „ Realisation Account Loss | 4,450 | 2,670 | 1,780 | „ | „ Bank Account (25% of Rs. 11,780) | – | – | 2,945 |
| „ | „ Capital of C (Deficiency) in the Profit Sharing ratio 5:3 | 5,522 | 3,313 | – | „ | „ A and B (Deficiency) | – | – | 8,835 |
| „ | „ Bank Account | 18,028 | 12,017 | – | | | | | |
| | | 28,000 | 18,000 | 11,780 | | | 28,000 | 18,000 | 11,780 |

**উদাহরণ : 6 :** The Balance Sheet of A, B and C showed as under, when they resolved to dissolve their business.

| **Liabilities** | **Rs.** | **Assets** | **Rs.** |
|---|---|---|---|
| Creditors | 9,000 | Cash at Bank | 1,500 |
| Capital Accounts | | Debtors | 12,000 |
| A | 25,000 | Stock | 35,000 |
| B | 25,000 | Machinery | 18,500 |
| C | 8,000 | | |
| | 67,000 | | 67,000 |

Debtors, Stock and Machinery realised 60% of the book value and expenses of realisation came to Rs. 200. C is insolvent and is unable to bring in anything in respect of this debit to the firm.

Show the final adjustment of accounts applying the decision in Garner Vs Murray

সমাধান :

## A, B And C
## Realisation Account

Dr. Cr.

| Particulars | Rs. | Particulars | Rs. |
|---|---|---|---|
| To Buildings | 12,000 | By Sundry Creditors Account | 9.000 |
| ” Stock | 35,000 | ,, Bank Accout | |
| ,, Machinery | 18,500 | Debtors | 7,200 |
| ,, Bank Account | | Stock | 21,100 |
| Expenses | 200 | Machinery | 11,100 |
| ,, Bank Account | 9,000 | ,, Partners Capital Account | |
| | | (Loss on Ralisation) | |
| | | A–(1/3) 8,800 | |
| | | B–(1/3) 8,800 | |
| | | C–(1/3) 8,800 | |
| | | | 26,400 |
| | 74,700 | | 74,700 |

## Bank Account

Dr. Cr.

| Particulars | Rs. | Particulars | Rs. |
|---|---|---|---|
| To Balance b/f | 1,500 | By Realisation | |
| ,, Realisation Account | 39,300 | Account Exp. | 200 |
| ,, A’s Capital Account | 8,800 | ,, Realisation | |
| ,, B’s Capital Account | 8,800 | Account | 9,000 |
| | | ,, A’s Capital Account | 24,600 |
| | | ,, B’s Capital Account | 24,600 |
| | 58,400 | | 58,400 |

## Capital Accounts

Dr. Cr.

| Particulars | A | B | C | Particulars | A | B | C |
|---|---|---|---|---|---|---|---|
| To Realisation Account Loss | 8,800 | 8,800 | 8,800 | By Balance b/f | 25,000 | 25,000 | 8,000 |
| ,, Capital of C (deficiency on capital ratio i.e., 25 : 25) | 400 | 400 | – | ,, Bank Account (For Loss on Realisation) | 8,800 | 8,800 | |
| ,, Bank Account | 24,600 | 24,600 | – | ,, Capital of A and B (Deficiency) | – | – | 800 |
| | 33,800 | 33,800 | 8,800 | | 33,800 | 33,800 | 8,800 |

## ১০২.৯ সারাংশ

আমরা আশাকরি এই একক পাঠ করে আপনি বুঝতে পেরেছেন যে

- অংশীদারী কারবারের বিলোপসাধন কী কী কারণে হয়।
- কোন অংশীদার দেউলিয়া হলে Garner Vs Murray মোকদ্দমায় রায় কীভাবে প্রয়োগ করা হয়।
- কারবারের বিলোপসাধনের পর কীভাবে দাখিলা করতে হয়।
- কারবারের বিলোপসাধনের পর কীভাবে হিসাব চূড়ান্ত করতে হয়।
- ভারতবর্ষে Garner Vs Murray এর মোকদ্দমার নীতি কতটা প্রযোজ্য।
- উদাহরণের সাহায্যে এই এককের সমস্ত বিষয় বোঝানো হয়েছে। ঐ উদাহরণগুলির সাহায্যে আপনি অনুশীলনীর প্রশ্ন সমাধান করতে পারবেন।

# একক ১০৩ ❑ ক্রয় আদায় এবং ক্রম বণ্টন

গঠন

১০৩.০ উদ্দেশ্য
১০৩.১ ক্রম আদায় এবং ক্রম বণ্টন কাকে বলে
১০৩.২ পর্যায়ক্রমে অর্থ-প্রদান করার প্রণালী
১০৩.৩ মূলধন পরিশোধ করার প্রণালী
১০৩.৪ অতিরিক্ত মূলধন পদ্ধতি
১০৩.৫ সর্বাধিক লোকসান পদ্ধতি
১০৩.৬ উদাহরণ
১০৩.৭ সারাংশ

## ১০৩.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ করে আপনি নিম্নলিখিত বিষয়গুলি ব্যাখ্যা করতে পারবেন :

(ক) ক্রম আদায় এবংক্রম বণ্টন কাকে বলে।

(খ) পর্যায়ক্রমে কীভাবে অর্থ প্রদান করা হয়।

(গ) মূলধন পরিশোধ কোন কোন পদ্ধতিতে করা হয়।

(ঘ) অতিরিক্ত মূলধন পদ্ধতিতে কীভাবে মূলধন পরিশোধ করা হয়।

(ঙ) সর্বাধিক লোকসান পদ্ধতিতে কীভাবে মূলধন পরিশোধ করা হয়।

## ১০৩.১ ক্রম আদায় এবং ক্রম বণ্টন কাকে বলে

অংশীদারী কারবার বিলোপসাধনের সময় প্রায়শই দেখা যায় যে কারবারের সম্পদ থেকে প্রাপ্য অর্থ এককালীন আদায় হয় না। তা ক্রমে ক্রমে আদায় হয়। এইরূপ ক্ষেত্রে যেমন যেমন আদায় হয় সেই অনুসারেই বিভিন্ন প্রকার পাওনাদারদের পাওনাও একটি নির্দিষ্ট পদ্ধতি অনুসারে ক্রমে ক্রমে বণ্টন করা হয়। এতে সম্পদ থেকে প্রাপ্য অর্থের অর্থের চূড়ান্ত আদায় পর্যন্ত অপেক্ষা করতে হয় না। এইভাবে আদায় এবং বণ্টন প্রণালীকে ক্রম-আদায় এবং ক্রম-বণ্টন বলা হয়।

## ১০৩.২ পর্যায়ক্রমে অর্থ-প্রদান করার প্রণালী

যে পর্যায়ক্রমে অর্থ প্রদান করা হবে তা নিম্নে উল্লিখিত হল :

1. সর্ব প্রথমে তৃতীয় পক্ষ পাওনাদারদের (Third Party Creditors) পাওনার পরিমাণের আনুপাতিক হার বণ্টন করতে হয়।

2. তৃতীয় পক্ষ পাওনাদারদের অর্থবণ্টন করার পূর্বে দেখতে হবে যে কোনও পাওনাদারের পাওনা বাবদ কোনও সম্পদ দায়বন্ধ (Secured) আছে কিনা। পাওনা সম্পদ দায়বন্ধ হলে যে সম্পদ দায়বন্ধ তা সর্ব প্রথম দায়বন্ধ পাওনাদারকে (Secoured Creditors) শোধ করতে হয়। যদি দায়বন্ধ সম্পদ বিক্রয় করে দায়ের সম্পূর্ণ অর্থ শোধ না হয় তাহলে এইরূপ পাওনাদারদের নিকট বাকি দায় অন্যান্য আদায়বন্ধ পাওনাদারদের (Unsecured Creditors) সঙ্গে পাওনার আনুপাতিক হারে বণ্টন করতে হয়।

3. তৃতীয় পক্ষ পাওনাদারদের দেনা পরিশোধ করার পর যে অর্থ থাকে তা দ্বারা অংশীদারগণের কাছ থেকে প্রাপ্ত ঋণ থাকলে তা ঋণের পরিমাণের আনুপাতিক হারে বণ্টন করতে হয়।

## ১০৩.৩ মূলধন পরিশোধ করার প্রণালী

4. উপরিলিখিথ দায় শোধ হলে অংশীদারগণের মূলধন ফেরত দিতে হয়। মূলধন পরিশোধ করার ক্রম দুই প্রকার হতে পারে—(i) অতিরিক্ত মূলধন পদ্ধতি, (ii) সর্বাধিক লোকসান পদ্ধতি।

## ১০৩.৪ অতিরিক্ত মূলধন পদ্ধতি

এই পদ্ধতিতে অংশীদারগণের মূলধন-হিসাবের জের, লাভ-লোকসানের আনুপাতিক হারের সঙ্গে তুলনা করে দেখতে হয়। যদি কোনও অংশীদারের মূলধন-হিসাবে অন্যান্য অংশীদারের তুলনায় লাভ-লোকসানের আনুপাতিক হারের অধিক মূলধন থাকে তাহলে সেই অংশীদারের অধিক মূলধন প্রথমে শোধ করতে হবে। এইভাবে অতিরিক্ত মূলধন ফেরত দেওয়ার পর যখন অংশীদারগণের মূলধন-হিসাবে পাওনা, লাভ-লোকসানের আনুপাতিক হারের সমান হবে, তখন অংশীদারগণের মূলধন লাভ-লোকসানের আনুপাতিক হারে বণ্টন করা হবে। সমস্ত সম্পদ বণ্টন করার পর যা মূলধন-হিসাবে পাওনা থাকে এবং যা পরিশোধ করার উপায় থাকে না তা অংশীদারগণের হিসাবে লোকসান দেখাতে হয়। একটি উদাহরণ দ্বারা এই পদ্ধতিটির প্রয়োগ দেখান যেতে পারে। মনে করা যাক একটি অংশীদারী কারবারে A, B এবং C তিনজন অংশীদার আছে এবং তাদের মূলধন হিসাবে যথাক্রমে 30,000 টাকা, 20,000 টাকা এবং 17,000 টাকা পাওনা আছে। তাদের মধ্যে মুনাফা বণ্টনের নীতি 2: 2: 1 প্রত্যেক অংশীদারের মূলধন হিসাবে তার প্রাপ্য মুনাফার অনুপাত দিয়ে ভাগ করতে হয়। তাতে দেখা যায় যে এদের মধ্যে B-এর মূলধন হিসাবে মুনাফার আনুপাতিক হারে সর্বাপেক্ষা কম টাকা দেওয়া হয়েছে। কারণ B 2/5 অংশ মুনাফার জন্য 20,000 দিয়েছে। সুতরাং 1/5 অংশ মুনাফার জন্য C-এর মূলধন হওয়া উচিত ছিল 10,000 টাকা। কিন্তু সেই অনুপাতে C 7,000 টাকা বেশি দিয়েছে। একইভাবে A-এর মূলধন হিসাবে B-এর মূলধন হিসাবের তুলনায় 10,000 টাকা বেশি দেওয়া হয়েছে। এবারে দেখাযাচ্ছে যে A -এর মূলধন হিসাবে 1/5 মুনাফার জন্য অর্থাৎ C-এর মুনাফার সমান অংশের অনুপাতে অতিরিক্ত দেওয়া হয়েছে 5,000 টাকা কিন্তু C-এর মূলধন হিসাবে অতিরিক্ত দেওয়া হয়েছে 7,000 টাকা। সুতরাং আদায়ীকৃত অর্থ হয়েছে প্রথম C-কে 2,000 টাকা এবং তারপর A এবং C -কে যথাক্রমে 10,000 টাকা এবং 5,000 টাকার শোধ করতে হবে। এর পর A, B, C তিনজনের মূলধন হিসাবে পাওনা তাদের মুনাফার অংশের অনুপাতে সমান হবে। C এবং A-কে অতিরিক্ত মূলধন পরিশোধ করার পর যে সম্পদ আদায় হবে অথবা হাতে থাকবে তা A, B, C-এর মধ্যে মুনাফার অংশের অনুপাতে বণ্টন করা হবে। ণ্টনের পর যদি দেখা যায় যে A, B, C-এর কিছু পাওনা থাকে যা আর শোধ করা যাবে না তা তাদের

আনুপাতিক লোকসান। আর যদি যে অর্থ হাতে থাকবে তা যদি A, B, C-এর মূলধনের পাওনা তা বেশি হয় তাহলে তা A, B, C-এর লাভ হিসাবে লাভ-লোকসানের আনুপাতিক হারে বণ্টন করতে হয়।

## ১০৩.৫ সর্বাধিক লোকসান পদ্ধতি

মূলধন পরিশোধে দ্বিতীয় পদ্ধতি হল **সর্বাধিক লোকসান পদ্ধতি** (Maximum Loss basis) : এই পদ্ধতিতে সম্পদ থেকে আদায়ীকৃত অর্থ থেকে তৃতীয় পক্ষ পাওনাদাদের দেনা শোধ করার পর এবং অংশীদারগণের ঋণ পরিশোধ করার পর যে অর্থ থাকবে বা আদায় হবে তা অংশীদারগণের মূলধন ফেরত বাবদ বণ্টন করতে হয়। এই অবস্থায় দেখতে হয় যে মূলধন ফেরত বাবদ অংশীদারগণ মোট কত টাকা পাবে। তা থেকে আদায়ীকৃত অর্থ (যা বণ্টনযোগ্য) বাদ দিলে যা থাকবে তাই সর্বাধিক লোকসান। ঐ লোকসান অংশীদারগণের মূলধন থেকে লাভ-লোকসান বণ্টন অংশ অনুসারে বাদ দিতে হয়। এখন মূলধন হিসাবে যা পাওনা থাকে তা আদায়ীকৃত অর্থের সমান। এইভাবে প্রত্যেক পরবর্তী আদায়ের সময় সর্বাধিক লোকসান বের করতে হয় এবং অংশীদারগণের মূলধন হিসাবে পাওনা থেকে ঐ লোকসান লাভ-লোকসানের আনুপাতিক অংশহারে বাদ দিতে হয় এবং যে অর্থ আদায় হয়েছে তা অংশীদারগণকে বণ্টন করতে হয়। এই প্রকারে সর্বশেষ আদায়িকৃত অর্থ বণ্টনের সময় দেখা যাবে যে অংশীদারগণের মূলধন হিসাবে পাওনা অর্থ আদীয়কৃত অর্থের সমান এবং সর্বশেষ যে লোকসান অংশীদারের মূলধন হিসাব থেকে বাদ দেওয়া হয়েছে তা Realisation Account-এর লোকসানের সমান।

## ১০৩.৬ উদাহরণ

**Piecemeal Distribution**

**Balance Sheet as at 31.12. 1998**

| Liabilities | Rs. | Assets | Rs. |
|---|---|---|---|
| Partners' capital Accounts | | Sundry Assets | 29,5000 |
| Ajoy | 65,000 | | |
| Bijoy | 50,000 | | |
| Sujoy | 40,000 | | |
| Partners' Advances | | | |
| Ajoy | 20,000 | | |
| Bijoy | 20,000 | | |
| Sundry Creditors | 1,00,000 | | |
| | 29,5,000 | | 29,5,000 |

The partners shared profits and losses in proportions 2 : 2 : 1. Show the distribution of assets amongst the partners as and when realised applying the "Surplus Capital" method and close the books of accounts.

The proceeds of realisation were :

| | | |
|---|---|---|
| 31.1.99 | Rs. | 70,000 |
| 28.2.99 | Rs. | 1,00,000 |
| 31.3.99 | Rs. | 1,10,000 |

**Solution : <u>Statement of showing surplus capital on the basis of profit sharing ratio</u>**

| | Ajoy (2) | Bijoy (2) | Sujoy (1) |
|---|---|---|---|
| Capitals as per Balance Sheet | 65,000 | 50,000 | 40,000 |
| Less : Capitals in Profit sharing ratio taking Bijoy's contribution as basis i.e., Rs. 25,000 per share | 50,000 | 50,000 | 25,000 |
| | 15,000 | – | 15,000 |
| Less : Capitals in profit sharing ratio taking Ajoy's surplus as basis i.e., Rs. 7,500 per share. | 15,000 | – | 7,500 |
| | – | – | 7,500 |

**<u>Statement showing priority of distribution.</u>**

Frist Rs. 1,00,000 to Sundry Creditors.

Next Rs. 40,000 to Ajoy and Bijoy for advances as 2 : 2

Next Rs. 7,500 to Sujoy for absolute surplus of Capital.

Next Rs. 22,500 (15,000 + 7,500) to Ajoy and Sujoy for surplus of capitals in the ratio of 2 : 1.

Balance to Ajoy, Bijoy and Sujoy in the Profit sharing ratio.

**Statement Showing Distribution of Cash**

| Particulars | | Partner's Advance | | | Partners' Capital | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | Sundry Creditors | Ajoy | Bijoy | Ajoy | Bijoy | Sujoy |
| Balance b/f 31.1.99 | | 1,00,000 | 20,000 | 20,000 | 65,000 | 50,00 | 40,000 |
| Realisation | 70,000 | | | | | | |
| Paid to Creditors | 70,000 | 70,000 | | | | | |
| Balance due 28.2.99 | | 30,000 | 20,000 | 20,000 | 65,000 | 50,000 | 40,000 |
| Realisation | 1,00,000 | | | | | | |
| Paid to Creditors | 30,000 | 30,000 | | | | | |
| | 70,000 | — | | | | | |
| Paid to Ajoy and Bijoy for advances | 40,000 | | 20,000 | 20,000 | | | |
| | 30,000 | | – | – | | | |
| Paid to Sujoy for absolute surplus of Capital | 7,500 | | | | | | 7,500 |
| | 22,500 | | | | | | 32,500 |
| Paid to Ajoy and Sujoy for surplus of Capital (2 : 1) | 22,500 | | | | 15,000 | | 7,500 |
| Balance due 31.3.99 | | | | | 50,000 | 50,000 | 25,000 |
| Realisation | 1,10,000 | | | | | | |
| Paid to Ajoy, Bijoy and Sujoy (2 : 2 : 1) | 1,10,000 | | | | 44,000 | 44,000 | 22,000 |
| Loss on Realisation | | | | | 6,000 | 6,000 | 3,000 |

**Dr.** **Realisation Account** **Cr.**

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| 1.1.99 | To Sundry Assets – Transfer | 2,95,000 | 31.3.99 | By Bank Account | 70,000 |
| | | | 28.2.99 | ,, Bank Account | 1,00,000 |
| | | | 31.3.99 | ,, Bank Account | 1,10,000 |
| | | | ,, | ,, Partners Capital A/c (Loss on Realisation) | |
| | | | | Ajoy (2/5) | 6,000 |
| | | | | Bijoy (2/5) | 6,000 |
| | | | | Sujoy (2/5) | 3,000 |
| | | 2,95,000 | | | 2,95,000 |

**Dr.** **Sundry Creditors Account** **Cr.**

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| 1.1.99 | To Bank Account | 70,000 | 1.1.99 | By Balance b/f | 1,00,000 |
| 28.2.99 | ,, Bank Account | 30,000 | | | |
| | | 1,00,000 | | | 1,00,000 |

**Dr.** **Partners' Advances Account** **Cr.**

| Date | Particulars | Ajoy | Bijoy | Date | Particulars | Rs. | Rs. |
|---|---|---|---|---|---|---|---|
| 28.2.99 | To Bank Account | 20,000 | 20,000 | 1.1.99 | By Balance b/f | 20,000 | 20,000 |
| | | 20,000 | 20,000 | | | 20,000 | 20,000 |

**Dr.** **Bank Account** **Cr.**

| Date | Particulars | Rs. | Date | Particulars | Rs. |
|---|---|---|---|---|---|
| 1.1.99 | To Realisation Account | 70,000 | 31.1.99 | By Sundry Creditors | 70,000 |
| 28.2.99 | ,, Realisation Account | 1,00,000 | 28.2.99 | By Sundry Creditors | 30,000 |
| | | | | ,, Advances Ajoy | 20,000 |
| | | | | ,, Bijoy | 20,000 |
| | | | | Capitals Ajoy | 15,000 |
| | | | | Sujoy | 15,000 |
| | | 1,00,000 | | | 1,00,000 |

| Dr. | Partners' Capitals Account | Cr. |
|---|---|---|

| Date | Particulars | Ajoy | Bijoy | Sujoy | Date | Particulars | Ajoy | Bijoy | Sujoy |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 28.2.99 | To Bank Account | 15,000 | – | 15,000 | 1.1.99 | By Balance b/f | 65,000 | 50,000 | 40,000 |
| 31.3.99 | „ Bank Account | 44,000 | 44,000 | 22,000 | | | | | |
| „ | „ Realisation Account Loss on Realisation | 6,000 | 6,000 | 3,000 | | | | | |
| | | 65,000 | 50,000 | 40,000 | | | 50,000 | 65,000 | 40,000 |

উদাহরণ : 4. A. B and C were in partnership sharing profits and losses in the proportion of 1/2, 1/3 and 1/6 respectively. The partnership firm was dissolved on 30.9.98 when the posieion was as given below :

| Liabilities | Rs. | Assets | Rs. |
|---|---|---|---|
| Sundry Creditors | 3,00,000 | Cash in hand and at Bank | 40,000 |
| Capital Accounts | | Stock-in-Trade | 1,60,000 |
| A | 2,00,000 | Sundry Debtors | 4,20,000 |
| B | 1,00,000 | | |
| C | 20,000 | | |
| | 6,20,000 | | 6,20,000 |

The partners desired that the net realisations should be distributed according to rules at the end of each month. The realisation and expenses were as under :

| | Expenses (Rs.) | Stock and Debtors |
|---|---|---|
| 31.10.98 | 8,000 | 1,20,000 |
| 30.11.98 | 7,000 | 1,80,000 |
| 31.12.98 | 7,500 | 1,00,000 |
| 31.01.99 | 5,000 | 1,10,000 |
| 28.02.99 | 5,000 | 50,000 |

The stock was disposed of and Debtors were all realised.

Set out the Cash and Capital Accounts showing monthly distribution of cash realised applying the "Maximum Loss" basis.

**সমাধান :**

**Solution :** **Statement Showing Distribution of Cash**

| Particulars | | Sundry Creditors | Capital A Rs. | Capital B Rs. | Capital C Rs. |
|---|---|---|---|---|---|
| Balance b/f | | 3,00,000 | 2,00,000 | 1,00,000 | 20,000 |
| 30.9.98 Cash in hand and at Bank | 40,000 | | | | |
| Paid to Creditors | 40,000 | 40,000 | | | |
| Balance Due | | 2,60,000 | 2,00,000 | 1,00,000 | 20,000 |
| 31.10.98 Net Realisation | | | | | |
| (Rs. 1,20,000 – 8000) | 1,12,000 | | | | |
| Paid to Creditors | 1,12,000 | 1,12,000 | | | |
| | | 1,48,000 | 2,00,000 | 1,00,000 | 20,000 |
| 30.11.98 Net Realisation | | | | | |
| (Rs. 1,80,000 – 7,000) | 1,73,000 | | | | |
| Paid to Creditors | 1,48,000 | 1,48,000 | | | |
| Available Surplus | 25,000 | | | | |
| Maximum possible loss allocated in the profit ratio of 3 : 2 : 1– | | | | | |
| Capital Claim | 3,20,000 | | | | |
| Less : Available Surplus | 25,000 | | 1,47,500 | 98,333 | 49,167 |
| | 2,95,000 | | 52,500 | 1,667 | (29,167) |
| C's possible deficiency allocated in the capital ratio 2 : 1 | | | (19,445) | (9,722) | 29,167 |
| | | | 33,055 | (8,055) | — |
| B's possible deficiency transferred to A | | | (8,055) | (8,055) | — |
| Distribution of Rs. 25,000 | | | 25,000 | | |
| Balance Due | | | 1,75,000 | 1,00,000 | 20,000 |
| 31.12.98 Maximum possible loss allocated in the profit ratio of 3 : 2 : 1 | | | | | |

| Particulars | | Sundry Creditors | Capital A Rs. | B Rs. | C Rs. |
|---|---|---|---|---|---|
| Capital Calim | 2,95,000 | | | | |
| Less : Net Realisation | | | | | |
| (Rs. 1,00,000 – 7,500) | 92,500 | | | | |
| | 2,02,500 | | 1,01,250 | 67,500 | 33,750 |
| C's possible deficiency allocated | | | 73,750 | 32,500 | (13,750) |
| in the Capital ratio of 2 : 1 | | | | | |
| Distribution of Rs. 92,500 | | | (9,167) | (4,589) | (13,750) |
| Balance Due | | | 64,583 | 27,917 | |
| 31.1.99 Maximum possible loss | | | 1,10,417 | 72,083 | 20,000 |
| allocated in the porfit ratio of 3 : 2 : 1 | | | | | |
| Capital Claim | 2,02,500 | | | | |
| Less : Net Realisation | | | | | |
| (Rs. 1,20,000 – 5,000) | 1,05,000 | | 48,750 | 32,500 | 16,250 |
| Distribution of Rs. 1.05,000 | 97,500 | | 61,667 | 39,583 | 3,750 |
| Balance Due | | | 48,750 | 32,500 | 16,250 |
| 28.2.99 Maximum possible loss | | | | | |
| allocated in the profit ratio of 3 : 2 : 1 | | | | | |
| Capital Claim | 97,500 | | | | |
| Less : New Realisation | | | | | |
| (Rs. 50,000 – 5,000) | 45,000 | | 26,250 | 17,500 | 8,750 |
| | 52,500 | | | | |
| Distribution of Rs. 45,000 | | | 22,500 | 15,000 | 7,5000 |
| Loss on Realisation | | | 26,250 | 17,500 | 8,750 |

## ১০৩.৭ সারাংশ

আমরা আশাকরি এই একক পাঠ করে আপনি বুঝতে পেরেছেন যে—

- ক্রম আদায় এবং ক্রম বণ্টন পদ্ধতি কী।
- ক্রম আদায় এবংক্রম বণ্টন পদ্ধতিতে কীভাবে পর্যায়ক্রমে পাওনাদারদের অর্থ প্রদান করা হয়।
- এই পদ্ধতিতে কীভাবে মূলধন পরিশোধ করা হয়।
- মূলধন পরিশোধ করার জন্য কয়টি পদ্ধতি আছে।
- অতিরিক্ত মূলধন পদ্ধতি কাকে বলে এবং এই পদ্ধতিতে কীভাবে পর্যায়ক্রমে মূলধন পরিশোধ করা হয়।
- সর্বাধিক লোকসান পদ্ধতি কাকে বলে এবং এই পদ্ধতিতে কীভাবে পর্যায়ক্রমে মূলধন পরিশোধ করা হয়।
- উদাহরণের সাহায্যে এই এককের সব বিষয় বোঝান হয়েছে। এই উদাহরণগুলির সাহায্যে আপনি অনুশীলনীর প্রশ্ন সমাধান করতে পারবেন।

# একক ১০৪ ❑ অংশীদারী কারবারের একত্রীকরণ


গঠন

১০৪.০ উদ্দেশ্য

১০৪.১ কারবারের একত্রীকরণের সংজ্ঞা

১০৪.২ কারবারের একত্রীকরণের উদ্দেশ্য

১০৪.৩ কারবারের একত্রীকরণের শর্তসমূহ

১০৪.৪ বিলোপিত কারবারের হিসাবসমূহ বন্ধ করবার প্রয়োজনীয় দাখিলাসমূহ

১০৪.৫ একত্রীকৃত কারবারের হিসাব অন্তর্ভুক্তিকরণ

১০৪.৬ উদাহরণ

১০৪.৭ সারাংশ


## ১০৪.০ উদ্দেশ্য

এই এককটি পড়ে আপনি নিম্নলিখিত বিষয়গুলির ব্যাখ্যা করতে পারবেন :

(ক) কারবারের একত্রীকরণ কাকে বলে।

(খ) কারবারের একত্রীকরণ কেন করা হয়?

(গ) কী শর্তে কারবারের একত্রীকরণ হতে পারে।

(ঘ) কারবার একত্রীকরণের ফলে বিলোপিত কারবারে হিসাবসমূহ কীভাবে বন্ধ করা হয়।

(ঙ) একত্রীকৃত কারবারের হিসাব কীভাবে অন্তর্ভুক্ত করা হয়।

## ১০৪.১ কারবারের একত্রীকরণের সংজ্ঞা

অনেক সময় দেখা যায় যে একাধিক অংশীদারী কারবার নিজেদের অস্তিত্ব বিলোপ করে একটি নতুন কারবার গঠন করে। একে অংশীদারী কারবারের একত্রীকরণ বলা হয়। অনেক ক্ষেত্রে একাধিক এক মালিকানা কারবারী প্রতিষ্ঠানও নিজেদের পৃথক অস্তিত্ব বিলোপ করে একটি অংশরীদারী কারবার গঠন করে। একেও কারবারের একত্রীকরণ বলা হয়।

## ১০৪.২ কারবারের একত্রীকরণের উদ্দেশ্য

কারবার একত্রীকরণের উদ্দেশ্য প্রধানত কারবারের নিজেদের মধ্যে প্রতিযোগিতা বন্ধ করা, কারবারের পরিধি বিস্তার করা, অধিকতর মূলধনের সংস্থান করা।

## ১০৪.৩ কারবারের একত্রীকরণের শর্তসমূহ

একাধিক কারবার একত্রীকরণ হলে কী শর্তে একত্রীকরণ হবে তা পারস্পরিক আলোচনা করে স্থির করা হয়। প্রত্যেক কারবারের সম্পদ এবং দায়ের পুনর্মূল্যায়ন কীভাবে করা হবে, নতুন কারবার সংস্থাটিতে অংশীদারগণের লাভ-লোকসানের অংশ কী হবে, অংশীদারগণকে নতুন কারবারে কত টাকা মূলধন দিতে হবে—এই সকল বিষয় সহমত হয়ে যা স্থির হয় তাই একত্রীকরণের শর্ত।

## ১০৪.৪ বিলোপিত কারবারের হিসাবসমূহ বন্ধ করতে প্রয়োজনীয় দাখিলাসমূহ

যখন অংশীদারী কারবার বিলোপ হয় তখন সম্পদ ও দায় পুনর্মূল্যায়নের প্রয়োজন হয়। সম্পদ ও দায় পুনর্মূল্যায়নের ফলে লাভ হতে পারে আবার লোকসানও হতে পারে। যেহেতু কারবারটির বিলোপ সাধন করা হল সেইহেতু পুনর্মূল্যায়ন-জনিত লাভ বা লোকসান কারবারের বর্তমান অংশীদারগণই পাবে। ঐ লাভ বা লোকসান অংশীদারগণের মূলধন হিসাবে দেখাতে হয়। এর জন্য একটি পুনর্মূল্যায়ন হিসাব (Revaluation) অথবা লাভক্ষতি মিলকরণের হিসাব (Profit & Loss Adustment Account) খুলতে হয়। এই হিসাবকে একটি নামিক (Nominal) হিসাবে গণ্য করতে হয়। সুতরাং পুনর্মূল্যায়ন জনিত লাভ বা লোকসান Revaluation Account হতে অংশীদারদের Capital Account-এ স্থানান্তরিত করা হয়। সম্পদের মূল উদ্বর্তপত্রে দর্শিত মূল্য থেকে চুক্তিকৃত মূল্যের কম হলে লোকসান এবং বেশি হলে লাভ। আর উদ্বর্তপত্রে দর্শিত দায় থেকে চুক্তিকৃত দায় বেশি হলে লোকসান এবং কম হলে লাভ। উল্লেখ করা যেতে পারে চুক্তিকৃত অধমর্ণের ওপর কুঋণ সঞ্চিতি অথবা অধমর্ণের ওপর কুঋণের ভবিষ্যৎ ব্যবস্থা (Provision for Bad Debt) উদ্বর্তপত্রে দর্শিত পরিমাণ থেকে বেশি হলে লোকসান, কম হলে লাভ।

এই প্রসঙ্গে আরও একটি বিষয়ের ওপর দৃষ্টি আকর্ষণ করা প্রয়োজন—একত্রীকরণের সুবাদে কারবারের সুনাম (Goodwill) পুনর্মূল্যায়ন করার প্রয়োজন আছে কিনা। সুনামের পুনর্মূল্যায়নের ফল (Result) বর্তমান অংশীদারগণের মুলধন হিসাবে দেখানোই প্রশস্ত, অন্যথায় তা পুনর্মূল্যায়ন (Revaluation) অথবা Profit & Loss Adjustment A/c-এ দেখান যেতে পারে। পূর্বেই বলা হয়েছে যে পুনর্মূল্যায়নজনিত লাভ বা লোকসান অংশীদারগণের মূলধন হিসাবে লাভ-লোকসান বণ্টনের অনুপাতে স্থানান্তর করতে হয়।

সুনাম বিষয়ে একটি বিশেষ দিকের ওপর দৃষ্টি আকর্ষণ করা প্রয়োজন। একত্রীকরণের শর্ত অনুসারে ব্যবসায়ের সুনামের মূল্যায়ন হবে কিন্তু নতুন একত্রীকৃত কারবারের হিসাবে পরবর্তীকালে তা দেখানো হবে না। এক্ষেত্রে একত্রীকরণের যা কারবারের হিসাবে সুনাম তা দেনা (Debit) হিসাবে এবং মূলধন হিসাবে পাওনা (Credit) দাখিলা দিতে হয়। পরে একত্রীকৃত (Amalgamated) কারবারের ঐ সুনাম বিলোপ করতে হয় তার জন্য একত্রীকৃত কারবারের অংশীদারগণের মূলধন হিসাবে নতুন-লাভ-লোকসানের অংশ অনুসারে দেনা (Debit) এবং সুনাম হিসাবে (Goodwill A/c-এ) পাওনা (Credit) দিকে দাখিলা দিতে হয়।

## ১০৪.৫ একত্রীকৃত কারবারের হিসাব অন্তর্ভুক্তিকরণ

একত্রীকৃত কারবারে সম্পদ এবং দায় যা একত্রীকরণের শর্ত অনুসারে স্থির হয়েছে তা হিসাবে অন্তর্ভুক্ত করতে হয়। তার জন্য সম্পদের হিসাবসমূহ (Debit) দেনা দেখিয়ে এবং দায়সমূহ (মূলধন হিসাব সমেত)

হিসাবে পাওনা দেখিয়ে দাখিলা দিতে হয়। প্রাথমিক বইতে Journal-এ এইরূপ দাখিলা দেখাতে হয় আর একত্রীকৃত কারবারের প্রাথমিক উদ্বর্তপত্র তৈরি করলে উদ্বর্তপত্রের দায় দিকে দায় হিসাবসমূহ এবং সম্পদ দিকে সম্পদ হিসাবসমূহ দেখাতে হয়। উভয়ই চুক্তিকৃত পুনর্মূল্যায়নের মূল্য অনুসারেই দেখাতে হয়।

## ১০৪.৬ উদাহরণ

The Balance Sheets of M/s. White & Red and M/s. Black & Blue as on 31st March, 1999 were as follows :

**Balance Sheet as at 30.03.1999**

| Liabilities | White & Red | Black & Blue | Assets | White & Red | Black & Blue |
|---|---|---|---|---|---|
| Capitals | | | Land & Building | 16,000 | 15,000 |
| White | 15,000 | | Machinery | 10,000 | 12,000 |
| Red | 15,000 | | Furniture | 6,000 | 8,000 |
| Black | | 15,000 | Sundry Debtors | 7,000 | 10,000 |
| Blue | | 15,000 | Stock | 12,000 | 15,000 |
| Creditors | 20,000 | 15,000 | Cash and Bank | 4,000 | 5,000 |
| Loan | | 12,000 | | | |
| Outstanding Exp. | 5,000 | 8,000 | | | |
| | 55,000 | 65,000 | | 55,000 | 65,000 |

The two firms decided to amalgamate and form into M/s. Green & Co. with effect from April 1, 1999. Partners would share Profits and Losses equally between themselves as they were doing prior to amalgamation and they agreed to the following revaluation to assets and liabilities :

| Assets and Liabilities | White & Red Rs. | Black & Blue Rs. |
|---|---|---|
| Land & building | 18,000 | 20,000 |
| Machinery | 10,000 | 12,000 |
| Furniture | 5,000 | 7,000 |
| Sundry Debtors | 6,000 | 9,000 |
| Stock | 10,000 | 12,000 |
| Outstanding Expenses | 5,000 | 9,000 |

In addition to the above it was decided :

1) That the new firm would not take over the loan of M/s. Black & Blue.

2) That the Goodwills of M/s. White & Red and M/s. Black & Blue were valued at Rs. 20,000 and Rs. 10,000 respectively in the first instant but for the purpose of the Balance Sheet of the new firm, the combined Goodwill would be valued at Rs. 26,000.

3) That the reconstructed capitals of partners should be Rs. 25,000 each, partners introducing cash, if necessary.

You are required to Show :

i) The Revaluation Accounts of M/s. White & Red and M/s. Black & Blue and their reconstructed Capital Accounts prior to and after amalgamation.

ii) The opening Balance Sheet of the new firm assuming that all arrangements have been duly carried out.

Solution :

**Books of M/s. White & Red**

**Dr.** **Revaluation Account** **Cr.**

| Particulars | Rs. | Particulars | Rs. |
|---|---|---|---|
| To Furniture A/c | 1,000 | By Land & Building A/c | 2,000 |
| ,, Provision for Doubtful Debts A/c | 1,000 | ,, Capital A/c (Loss on Realisation transferred) | |
| ,, Stock A/c | 2,000 | White 1,000 | |
| | | Red 1,000 | 2,000 |
| | 4,000 | | 4,000 |

**Dr.** **Capital Accounts** **Cr.**

| Particulars | White | Red | Particulars | White | Red |
|---|---|---|---|---|---|
| To Revaluation A/c (Loss of realisation) | 1,000 | 1,000 | By Balance b/d | 15,000 | 15,000 |
| ,, M/s. Gree & Co. (Balance transferred to the new firm) | 24,000 | 24,000 | ,, Goodwill A/c | 10,000 | 10,000 |
| | 25,000 | 25,000 | | 25,000 | 25,000 |

**Books of M/s. Black & Blue**

Dr. **Revaluation Account** Cr.

| Particulars | Rs. | Particulars | Rs. |
|---|---|---|---|
| To Furniture A/c | 1,000 | By Land & Building A/c | 5,000 |
| ,, Provision for Doubtful Debts A/c | 1,000 | ,, Capital A/c (Loss on Realisation transferred) | |
| ,, Stock A/c | 3,000 | Black 500 | |
| ,, Outstanding Exp. A/c | 1,000 | Blue 500 | 1,000 |
| | 6,000 | | 6,000 |

Dr. **Capital Accounts** Cr.

| Particulars | Black | Blue | Particulars | Black | Blue |
|---|---|---|---|---|---|
| To Revaluation A/c (Loss of realisation) | 500 | 500 | By Balance b/d | 15,000 | 15,000 |
| ,, M/s. Gree & Co. (Balance transferred to the new firm) | 25,500 | 25,500 | ,, Goodwill A/c | 5,000 | 5,000 |
| | | | ,, Loan A/c | 6,000 | 6,000 |
| | 26,000 | 26,000 | | 26,000 | 26,000 |

Dr. **Books of M/s. Green & Co.** Cr.

**Capital Accounts**

| Particulars | White | Red | Black | Blue | Particulars | White | Red | Black | Blue |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| To Goodwill A/c (Brought down to new value) | 1,000 | 1,000 | 1,000 | 1,000 | By Sundry Net Assets A/c | 24,000 | 24,000 | 25,500 | 25,500<br>25,500 |
| To Balance c/d (Closing balance as required) | 25,000 | 25,000 | 25,000 | 25,000 | By Cash A/c (Blancing figure) | 2,000 | 2,000 | 500 | 500 |
| | 26,000 | 26,000 | 26,000 | 26,000 | | 26,000 | 26,000 | 26,000 | 26,000 |

**M/s. Green & Co.**

**Balance Sheet as at 1.1.1999**

| Liabilities | Rs. | Assets | | Rs. |
|---|---|---|---|---|
| Capital : | | Goodwill | | 26,000 |
| White | 25,000 | Land & Building | | 38,000 |
| Red | 25,000 | Machinery | | 22,000 |
| Black | 25,000 | Furniture | | 12,000 |
| Blue | 25,000 | Stock | | 22,000 |
| Creditors | 35,000 | Sundry Debtors | 17,000 | |
| Outstanding Exp. | 14,000 | Less Prov. for | | |
| | | Bad Debts | 2,000 | 15,000 |
| | | Cash & Bank Balance | | 14,000 |
| | 1,49,000 | | | 1,49,000 |

## ১০৪.৭ সারাংশ

আমরা আশাকরি এই একক পাঠ করে আপনি শিখতে পেরেছেন যে—

- কারবারের একত্রীকরণ কী।
- কারবারের একত্রীকরণ করার প্রয়োজন হয় কেন।
- কারবারের একত্রীকরণের শর্তসমূহ কী হতে পারে।
- কারবারের একত্রীকরণের ফলে বিলোপিত কারবারের হিসাবসমূহ কীভাবে বন্ধ করা হয়।
- একত্রীকৃত কারবারের হিসাব কীভাবে অন্তর্ভুক্ত করা হয়।
- উদাহরণের সাহায্যে এই এককের সব বিষয় বোঝান হয়েছে। এই উদাহরণের সাহায্যে আপনি অনুশীলনীর প্রশ্ন সমাধান করতে পারবেন।

# একক ১০৫ ❑ অংশীদারী কারবারের কেম্পানীতে রূপান্তরকরণ

গঠন

১০৫.০ উদ্দেশ্য

১০৫.১ অংশীদারী কারবার কোম্পানীতে রূপান্তরকরণ কাকে বলে

১০৫.২ ক্রয়মূল্য নির্ধারণ

১০৫.৩ কোম্পানী দ্বারা ক্রয়মূল্য প্রদান

১০৫.৪ ক্রেতা কোম্পানীীর হিসাব দাখিলাকরণ

১০৫.৫ বিক্রেতা কারবারের হিসাব বইতে দাখিলাকরণ

১০৫.৬ উদাহরণ

১০৫.৭ সারাংশ

১০৫.৮ অনুশীলনী

১০৫.৯ গ্রন্থপঞ্জী

## ১০৫.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ করে আপনি নিম্নলিখিত বিষয়গুলির ব্যাখ্যা করতে পারবেন :

(ক) অংশীদারী কারবার কেম্পানীতে রূপান্তকরণ কাকে বলে।

(খ) অংশীদারী কারবার কোম্পানীতে রূপান্তরিত হবার ফলে কীভাবে ক্রয়মূল্য নির্ধারিত হয়।

(গ) কোম্পানী কীভাবে ক্রমমূল্য প্রদান করে।

(ঘ) ক্রেতাকোম্পানীর বইতে কীভাবে হিসাব দাখিলা করা হয়।

(ঙ) বিক্রেতা কারবারের হিসাব বইতে কীভাবে দাখিলা করা হয়।

## ১০৫.১ অংশীদারী কারবার কোম্পানীতে রূপান্তরকরণ কাকে বলে

